OBS translationNotes

সংস্করণ 4.1

[bn]

কপিরাইট এবং লাইসেন্সিং

OBS translationNotes
তারিখ.: 2017-11-21
সংস্করণ: 4.1
দ্বারা প্রকাশিত: BCS

Open Bible Stories
তারিখ.: 2018-01-10
সংস্করণ: 4.3
দ্বারা প্রকাশিত: Door43

translationAcademy
তারিখ.: 2021-07-21
সংস্করণ: 10.2
দ্বারা প্রকাশিত: BCS

translationWords
তারিখ.: 2019-01-02
সংস্করণ: 8.4
দ্বারা প্রকাশিত: Door43

License

Creative Commons Attribution-ShareAlike 4.0 International (CC BY-SA 4.0)

This is a human-readable summary of (and not a substitute for) the license.

You are free to:

- **Share** — copy and redistribute the material in any medium or format
- **Adapt** — remix, transform, and build upon the material

for any purpose, even commercially.

The licensor cannot revoke these freedoms as long as you follow the license terms.

Under the following conditions:

- **Attribution** — You must attribute the work as follows: "Original work available at https://door43.org/." Attribution statements in derivative works should not in any way suggest that we endorse you or your use of this work.
- **ShareAlike** — If you remix, transform, or build upon the material, you must distribute your contributions under the same license as the original.

No additional restrictions — You may not apply legal terms or technological measures that legally restrict others from doing anything the license permits.

Notices:

You do not have to comply with the license for elements of the material in the public domain or where your use is permitted by an applicable exception or limitation.

No warranties are given. The license may not give you all of the permissions necessary for your intended use. For example, other rights such as publicity, privacy, or moral rights may limit how you use the material.

সুচিপত্র

OBS translationNotes 9

সৃষ্টি 9
পৃথিবীতে পাপের প্রবেশ 36
বন্যা 51
অব্রাহামের সাথে ঈশ্বরের নিয়ম 69
প্রতিজ্ঞার পুত্র 81
ঈশ্বর ইসহাককে সরবরাহ করেন 94
ঈশ্বর যাকোবকে আর্শিবাদ করলেন 102
ঈশ্বর যোষেফ ও তার পরিবারকে রক্ষা করেন 114
ঈশ্বর মোশিকে আহ্বান করেন 132
দশ আঘাত 150
নিস্তারপর্ব্ব 164
ইস্রায়লীয়দের যাত্রা 172
ইস্রায়েলের সাথে ঈশ্বরের নিয়ম 188
মরুভূমিতে ঘুরে বেড়ানো 207
প্রতিজ্ঞার দেশ 225
উদ্ধারকর্তাগন 241
দায়ূদের সাথে ঈশ্বরের নিয়ম 264
বিভাজিত রাজ্য 279
ভাববাদিগণ 293
নির্বাসন আর ফিরে আসা 314
ঈশ্বর খ্রীষ্ট বিষয়ক প্রতিজ্ঞা করেন 330
যোহনের জন্ম 352
প্রভু যীশুর জন্ম 362
যোহন প্রভু যীশুকে বাপ্তিস্ম দেন 376
শয়তান প্রভু যীশুকে প্রলোভিত করে 388
যীশু তার সেবাকার্য আরম্ভ করেন 397
ভালো শমরীয়ের কাহিনী 410
ধনী-শাসক যুবক 425
নির্দয় চাকরের কাহিনী 438
যীশু পাঁচ হাজার লোকেদের খাওয়ান 448
যীশু জলের উপরে হাঁটেন 457
যীশু এক ভূতগ্রস্ত পুরুষকে আর একটি অসুস্থ মহিলাকে আরোগ্য দেন 466
এক কৃষকের কাহিনী 484
যীশু অন্য কাহিনীসমূহ দ্বারা শেখান 494
করুণাময় পিতার কাহিনী 505
যীশুর উজ্জ্বল রূপ ধারণ 519
যীশু লাসারকে মৃত্যু থেকে জীবিত করেন 526
যীশুর সাথে বিশ্বাসঘাতকতা করা হয় 539
যীশুকে যাঁচাই করা হয় 560
যীশুকে ক্রুশে চড়ানো হয় 576
ঈশ্বর যীশুকে মৃত্যু থেকে জীবিত করেন 587
যীশু স্বর্গে আরোহন করেন 596
চার্চের আরম্ভ 609
পিতর আর যোহন একটি ভিখারীকে সুস্থ করেন 624
ফিলিপ আর ইথিয়পীয় উচ্চপদস্থ অধিকারী 636
পৌল খ্রীষ্টান হন 651
ফিলিপীয়তে পৌল আর সীল 665

যীশুই হলেন প্রতিজ্ঞার খ্রীষ্ট বা মশীহ 679
ঈশ্বরের নতুন নিয়ম 697
যীশুর পুনরাগমন 718

translationWords 740

অত্যাচার, নিপীড়ন হওয়া, নিপীড়ন করা, নিপীড়ন, নিপীড়ন, অত্যাচারী, ... 741
অনন্তকাল, অনন্ত, চিরস্থায়ী, চিরকাল 742
অনুতাপ,অনুশোচনা, অনুতপ্ত,খেদ 744
অপরাধ, দোষী 745
অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি 746
অবাধ্য, অমান্য, অবাধ্য, অবাধ্যতা, অমান্যকারী 747
অভিশাপ, অভিশপ্ত, অভিশাপগুলি, অভিশাপ দেওয়া 748
অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ 750
অলৌকিক ঘটনা, অলৌকিক ঘটনাগুলো, আশ্চর্য, আশ্চর্যের, চিহ্ন, চিহ্নের 752
অশূর, অশূরীয়, অশূরীয়গণ, অশূরীয় সম্রাজ্য 754
আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য ... 755
আত্মা, প্রফুল্লতা, আধ্যাত্মিক 756
আদম 758
আনন্দ, আনন্দদায়ক, আনন্দ, আনন্দ পাওয়া, আনন্দ করা, আনন্দ করে যাওয়া, ... 759
আব্রাহাম, আব্রাম 761
আরাধনা 762
আহাব 763
ইমোরীয়, ইমোরীয়গণ 764
ইশ্বরের পুত্র, পুত্র 765
ইসমাইল, ইসমাঈলী, ইসমাঈলী 767
ইসরায়েল, ইস্রায়েলীয়রা 768
ইসাহাক 769
ইস্রায়েল সাম্রাজ্য 770
ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব 771
ঈশ্বর 772
ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের ... 774
ঈস্করিয়োতীয় যিহুদা 776
উত্তারিধিকারী, উত্তারাধিকার, ঐতিহ্য, বংশ 777
উপবাস, উপবাস করা,অনাহারে থাকা,নিরাহার,ক্ষধার্ত থাকা 779
উপহাস, উপহাসের, উপহসিত, বিদ্রূপ করা, ব্যঙ্গকারী, ব্যঙ্গকারীরা, ... 780
উরিয় 781
উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ 782
এলিয় 784
এষৌ 785
ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য 786
কনান, কনানীয়, কনানীয়রা 788
কবর, কবর খোদাইকারী, কবর, সমাধি, সমাধি, কবরস্থান 789
কর, কর, করদাতাদের, কর আদায়, করদাতা, করদাতা, কর সংগ্রাহক, কর ... 790
কষ্ট, কষ্টভোগ, সহ্য, ক্লেশিত, পীড়া 792
কালেব 794
কুমারী, কুমারী, কুমারীত্ব 795
ক্রুশ 796
ক্রুশবিদ্ধ, ক্রুশবিদ্ধ করা 797
ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা 798
খ্রীষ্ট, অভিষিক্ত 800
খ্রীষ্টান 802
গর্বিত, গর্বিতভাবে, অহংকার, গর্ব করে 803
গালীল, গালিলীয়, গালিলীয়রা 804

গিদিয়োন 805
গিবিয়োন, গিবিয়োনীয়, । গিবিয়োনীয়রা 806
গ্রহন করা,লওয়া, গৃহীত, গ্রহণকাররী 807
চুক্তি, চুক্তি, নতুন চুক্তি 809
ছেলে, পুত্র 811
জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত 813
জ্ঞানী, বুদ্ধি 815
ত্বকছেদ করা, ত্বকছেদ, খৎনা, অচ্ছিন্নত্বক, অত্বকছেদ 816
দশ আজ্ঞা 818
দাউদ 819
দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, ... 821
দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, ... 823
দৈত্য, মন্দ আত্মা, অশুচি আত্মা 825
দয়া, দয়াশীল 826
ধার্মিক, ধার্মিকতা, অধার্মিক, অধার্মিকতা, ন্যায়পরায়ণতা, ... 828
নবুখদনিৎসর 830
নম্র, অবনমিত হওয়া, হতমান, নম্রতা 831
নরক, আগুনের হ্রদ 832
নলবনের সাগর , লাল সাগর 833
নাথন 834
নামান 835
নাসরৎ, নাসরতীয় 836
নিরাময়, নিরাময় হওয়া, সুস্থ হওয়া, সুস্থকরা, সুস্থ, সুস্থ করা, সুস্থ ... 837
নির্দোষ 838
নীলনদ, মিশরের নদী, নীলনদ 840
নোহ 841
ন্যায়, বিচারক, অন্যায়, অযথা, অবিচার, ন্যায্যভাবে, ন্যায়সঙ্গত, ... 842
পবিত্র আত্মা, ঈশ্বরের আত্মা, প্রভুর আত্মা, আত্মা 844
পবিত্র, পবিত্রতা, অপবিত্র, শুদ্ধ 846
পরিপূর্ণ, পরিপূর্ণ করা 848
পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা 849
পালক, মেষপালক, পালক, পালকৃত্ত করা 851
পিতর, শিমোন পিতর, কৈফা 853
পিতা ঈশ্বর, সর্গস্থ পিতা, পিতা 854
পিলাত 856
পুনরুত্থান 857
পৌল,শৌল 858
প্রচার, প্রচার করা, প্রচার করা, প্রচারক, ঘোষণা করা, প্রচারিত করা, ... 859
প্রতিজ্ঞার দেশ/ভূমি 861
প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি 862
প্রদান করা, প্রদান কারী, নিষ্কৃত, মুক্ত করা, ত্রাণকর্তা, উদ্ধার 863
প্রলোভন, প্রলোভন 864
প্রশংসা, প্রশংসা, প্রশংসিত, প্রশংসা, প্রশংসনীয় 865
প্রার্থনা করা, ভিক্ষা, ভিক্ষা করা, ভিক্ষারী 866
প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত 867
প্রেরিত, প্রেরিতরা, প্রেরিতত্ব 869
ফিলিপী, ফিলিপীয় 870
ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা 871
বাপ্তিষ্ম দেওয়া, বাপ্তাইজিত, বাপ্তিস্ম 872
বার্ণবা 874
বাল 875
বিচারক, বিচারকগণ, দন্ড, দন্ড 876

বিদ্রোহী, বিরোধিতা করা, বিদ্রোহ, বিদ্রোহ, বিরুদ্ধাচরণ, বিদ্রোহী, ... 878
বিশ্বস্ত, বিশ্বস্ততা, অবিশ্বস্ত, অবিশ্বস্ততা 879
বিশ্বাস 881
বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, ... 882
বিশ্বাস, নিষ্ঠা, বিশ্বস্ত, নির্ভরযোগ্য, বিশ্বস্ততা 884
বিশ্বাসঘাতকতা করা, বিশ্বাসঘাতকতা , বিশ্বাসঘাতকতা, বিশ্বাসঘাতকতা করা , ... 885
বিশ্রাম দিন 886
বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা 887
বেদী, যজ্ঞবেদী 889
বৈৎলেহম, ইফ্রাথা 890
ব্যবস্থা, মোশির ব্যবস্থা, ঈশ্বরের ব্যবস্থা, সদাপ্রভুর ব্যবস্থা 891
ব্যবিলন, ব্যবিলনীয়, ব্যবিলনীয়ান লোক,ব্যবিলনিয়ান বাসী 893
ব্যভিচার, ব্যভিচারী, ব্যভিচারী পুরুষ, ব্যভিচারিনী, ব্যভিচারী ... 894
বৎশেবা 895
ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী 896
ভাল খবর, সুসমাচার 898
ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা 899
ভালো, সততা 901
ভেড়ি, ভেড়িপাল, মেষ, মেষ, ভেড়া, ভেড়ার খোঁয়াড়, ভেড়ার খোঁয়াড়, ভেড়ার ... 903
মন্ডলী, মন্ডলীগুলি, মন্ডলী 904
মন্দ, দুষ্ট, দুষ্টতা 906
মন্দআত্মা গ্রস্থ 908
মন্দির 909
মরিয়ম, যীশুর মা 911
মহা যাজক 912
মহিমা, মহিমান্বিত, মহিমা দেওয়া, মহিমান্বিত করা 914
মানুষ গোষ্ঠী, মানুষগণ, মানুষ, একটি মানুষ 916
মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের 918
মিদিয়ন, মিদিয়নীয়, মিদিয়নীয়রা 920
মিলন তাম্বু 921
মিশর, মিশরীয়, মিশরীয় 922
মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, ... 923
মেষশাবক, ঈশ্বরের মেষশাবক 925
মোশি 927
যর্দ্দন নদী, যর্দ্দন 928
যাজক, যাজকগণ, যাজকবর্গ 929
যারবিয়াম 931
যিরমিয় 932
যিরিহ 933
যিরূশালেম 934
যিশাইয় 935
যিহুদা, যিহুদা সাম্রাজ্য 936
যিহুদিদের রাজা, যিহুদিদের রাজা 937
যিহুদিরে বাত্সরিক পর্ব বিশেষ (নিস্তার পর্ব) 938
যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয় 939
যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা 940
যিহোশুয় 941
যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু 942
যোসেফ (নতুন নিয়ম) 944
যোসেফ (পুরাতন নিয়ম) 945
যোহন 946
যোহন (প্রেরিত) 947

রক্ত 948
রথ, যুদ্ধ রথ, রথ চালক 950
রহবিয়াম 951
রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয় 952
রাজ্য, রাজ্যবর্গ 953
রাহব 955
রেবেকা 956
রোম ,রোমের লোক 957
লাসার 958
শক্তি,শক্তিগুলি 959
শমরীয়, শমরীয়া 961
শয়তান, অপদেবতা,খারাপ এক 962
শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা 964
শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি 965
শিক্ষক, শিক্ষকরা, শিক্ষক 966
শিষ্য, শিষ্যরা 967
শৌল (পুরাতন নিয়ম) 969
সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ 970
সখরিয় (নুতন নিয়ম) 972
সত্য, সত্য, সত্যগুলি 973
সদাপ্রভু 975
সলোমন 977
সাক্ষ্য, সাক্ষী, সাক্ষী, সাক্ষী, প্রত্যক্ষদর্শী, প্রত্যক্ষদর্শী 978
সারা, সারী 980
সীনয়, সীনয় পর্বত 981
সীল, সীল 982
স্বপ্ন 983
স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয় 984
স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত 986
হবা 988
হাগার 989
হারণ 990

অবদানকারী 991

OBS translationNotes অবদানকারী 991
Open Bible Stories অবদানকারী 991
translationAcademy অবদানকারী 991
translationWords অবদানকারী 991

OBS translationNotes

সৃষ্টি

01:01



এই ভাবে সকল কিছুর **আরম্ভ** হয়েছিল।ঈশ্বর মহাবিশ্ব আর তার মধ্যেকার সকল কিছু ছয়দিনে **সৃষ্টি** করেছিলেন।ঈশ্বর পৃথিবী সৃষ্টি করার পর তা **অন্ধকার** ও শূন্য ছিল, আর তাতে কিছুই তৈরী হয়নি।কিন্তু **ঈশ্বরের আত্মা** জলের উপর ছিল।

আরম্ভ

সেটি হল, ঈশ্বর ছাড়া কোনো কিছুর অস্তিত্বের পূর্বে, “সকল কিছুর শুরু হওয়া।”

সৃষ্টি

কোনো কিছু থেকে নয় অর্থাৎ শূন্য থেকে সৃষ্টি করার কথা বলা হয়েছে।

ব্রহ্মাণ্ড

এইটি পৃথিবীতে ও আকাশে ঈশ্বরের রচিত সকল কিছুকে অন্তর্নিহিত করে, দৃশ্য ও অদৃশ্য দুটোই।

অন্ধকার

এটি সম্পূর্ণরূপে অন্ধকার ছিল। কোনও আলো সেখানে ছিল না, যেহেতু ঈশ্বর তখনও কোনো আলোর সৃষ্টি করেন নি।

শূন্যতা

শূন্য পৃথিবী জলরাশির দ্বারা আচ্ছাদিত ছিল, এছাড়া ঈশ্বর অন্য কোনো কিছুরই রচনা তখনও করেন নি।

কিছুরই আকার দেওয়া হয়নি

কেবল সকল কিছু জলরাশি দ্বারা আচ্ছাদিত ছিল, তাছাড়া পার্থক্যযোগ্য কোনো বৈশিষ্ট্য সেখানে ছিল না।

ঈশ্বরের আত্মা

ঈশ্বরের আত্মা, যাকে কখনো কখনো পবিত্র আত্মাও বলা হয়, আরম্ভে উপস্থিত ছিলেন, তার পরিকল্পিত সকল কিছু সৃষ্টি করার জন্য স্বাধীনভাবে পৃথিবীর উপর তিনি গমনা গমন করছিলেন।

translationWords

- ঈশ্বর
- পবিত্র আত্মা, ঈশ্বরের আত্মা, প্রভুর আত্মা, আত্মা

01:02



তখন **ঈশ্বর বললেন**, "**আলো হোক**!"আর "আলো" হল।ঈশ্বর দেখলেন যে আলো উত্তম আর তিনি সেটির নাম "দিন" রাখলেন।তিনি এটিকে অন্ধকার থেকে পৃথক করলেন, যেটিকে তিনি নাম দিলেন "রাত।"**সৃষ্টি**র প্রথম দিনে ঈশ্বর আলোর সৃষ্টি করেছিলেন।

ঈশ্বর বললেন

ঈশ্বর আলোর সৃষ্টি করেছিলেন কেবল একটি সাধারণ মৌখিক আদেশের দ্বারা।

আলো হোক

এটি হল একটি আদেশ যা তক্ষনাৎ ঘটেছিল কেননা তা ঈশ্বরের দ্বারা বলা হয়েছিল। এটাকে আরো স্পষ্ট ভাবে অনুবাদ করা যেতে পারে যে এটা ছিল নিশ্চয়তার বাক্য যা নিশ্চই ঘটবে। উদাহরণ স্বরূপ, আপনি এটিকে এভাবেও অনুবাদ করতে পারেন, "ঈশ্বর বললেন, 'আলো হবে।"'

আলো

এটি ছিল একটি বিশেষ আলো যা ঈশ্বর সৃষ্টি করেছিলেন কেননা তখনও সূর্যের সৃষ্টি হয়নি।

উত্তম ছিল

এই বাক্যাংশটি সৃষ্টির কাহিনীটিতে বার বার প্রয়োগ করা হয়েছে, আর জোর দেওয়া হয়েছে যে সৃষ্টির প্রতিটি ধাপ ঈশ্বরকে সন্তুষ্ট করেছিল আর তার যোজনা ও উদ্দেশ্যটিকে পূর্ণ করেছিল।

সৃষ্টি

এই শব্দটি এখানে ছয় দিনের সময়কালকে উল্লেখ করার জন্য ব্যবহার করা হয়েছে, যখন ঈশ্বর অস্তিত্বমান সকল কিছুর রচনা করেছিলেন।

translationWords

- ঈশ্বর
- ভালো, সততা

01:03



সৃষ্টির **দ্বিতীয় দিন**ে, **ঈশ্বর বললেন**, আর পৃথিবীর উপর **আকাশ**ের সৃষ্টি হোল।তিনি নিচের জলরাশি থেকে উপরের জলরাশিকে পৃথক করে আকাশ তৈরী করেছিলেন।

দ্বিতীয় দিন

ঈশ্বরের সৃষ্টির কার্য সুশৃঙ্খল, উদ্দেশ্যপূর্ণ আর ক্রমানুসার ছিল। যা কিছু তিনি প্রত্যেক দিন সৃষ্টি করেছিলেন তা গঠিত হয়েছিল ও নির্ভরশীল ছিল গত দিনগুলির কার্যগুলোর উপর।

ঈশ্বর বললেন

ঈশ্বর আকাশের সৃষ্টি একটি আদেশ বলার মাধ্যমে করেছিলেন।

সৃষ্টি করেছিলেন

ঈশ্বর আকাশকে কিছুনা (শূন্য) থেকে সৃষ্টি করেছিলেন।

আকাশ

এই শব্দটি পৃথিবীর উপরের সকল স্থানকেই উল্লেখ করে, বাতাস যা আমরা নিঃশ্বাসে নিই আর স্বর্গসমূহও এতে অন্তর্ভুক্ত।

translationWords

- ঈশ্বর

01:04



তৃতীয় দিনে, **ঈশ্বর বললেন** আর শুকনো **ভূমি** থেকে জলরাশিকে আলাদা করলেন। তিনি শুকনো ভূমিকে “পৃথিবী” বললেন, আর জলরাশিকে “সমুদ্র” বললেন। ঈশ্বর দেখলেন যে তিনি যা সৃষ্টি করেছেন তা উত্তম।

তৃতীয় দিন

সুশৃঙ্খল দিনগুলোর ক্রমানুসারে আগামী দিনে যেখানে ঈশ্বর ভূমিকে জীবনের জন্য প্রস্তুত করলেন।

ঈশ্বর বললেন

ঈশ্বর শুকনো ভূমির সৃষ্টি একটি আদেশ বলার দ্বারা করেছিলেন।

ভূমি

এই শব্দটি এখানে ধুলা বা মাটি উল্লেখ করার জন্য ব্যবহার করা হয়েছে, যার দ্বারা শুকনো ভূমি গঠিত হয়। 01-01-তে “ভূমি” শব্দটি সম্পূর্ণ বিশ্বকে উল্লেখ করে যার উপর মানুষ বসবাস করে।

সৃষ্টি হয়েছিল

এই শব্দটি এখানে প্রয়োগ করা হয়েছে এই অর্থে যে কিছু

translationWords

- ঈশ্বর
- ভালো, সততা

01:05



তারপর **ঈশ্বর বললেন**, “পৃথিবী সকল ধরনের উদ্ভিদ ও গাছপালার উৎপন্ন করুক৷”আর ঠিক তাই হয়েছিল৷ঈশ্বর দেখলেন যে তিনি যা সৃষ্টি করেছেন তা উত্তম ।

ঈশ্বর বললেন

ঈশ্বর সকল উদ্ভিদজগতের সৃষ্টি একটি আদেশ বলার দ্বারা করেছিলেন।

ভূমি উৎপন্ন করুক

এটি একটি আদেশ যা তক্ষনাৎ ঘটল কেননা তা ঈশ্বর বলেছিলেন।

সকল প্রকারের

বহু প্রকারের প্রজাতি, বা ধরনের উদ্ভিদ ও গাছপালা।

সৃষ্টি হয়েছিল

এই শব্দটি এই অর্থে এখানে প্রয়োগ হয়েছে যে কিছু

উত্তম ছিল

এই বাক্যাংশটি সৃষ্টির কাহিনীটিতে বার বার প্রয়োগ করা হয়েছে, আর জোর দেওয়া হয়েছে যে সৃষ্টির প্রতিটি ধাপ ঈশ্বরকে সন্তুষ্ট করেছিল আর তার যোজনা ও উদ্দেশ্যটিকে পূর্ণ করেছিল।

translationWords

- ঈশ্বর

- ভালো, সততা

01:06

সৃষ্টির চতুর্থদিনে, **ঈশ্বর বললেন**, আর সূর্য, চন্দ্র এবং নক্ষত্রগনের রচনা হোল ।ঈশ্বর তাদের পৃথিবীতে **আলো** দিতে আর দিন ও রাতকে, ঋতুসমূহকে আর বছর সমূহকে চিহ্নিত করতে সৃষ্টি করেছিলেন।ঈশ্বর দেখলেন যে তিনি যা সৃষ্টি করেছেন তা উত্তম ।

চতুর্থ দিন

সুশৃঙ্খল দিনগুলোর ক্রমানুসারে আগামী দিনে যেখানে ঈশ্বর সৃষ্টি করলেন।

ঈশ্বর বললেন

ঈশ্বর সূর্য, চন্দ্র, আর তারাদের একটি আদেশ বলার দ্বারা সৃষ্টি করলেন।

আলো

আকাশের উজ্জ্বল বস্তুগুলো এখন পৃথিবীর জন্য আলো প্রদান করে।

দিন আর রাত, ঋতু আর বছরসমূহ

ঈশ্বর একটি ভিন্ন আলোর সৃষ্টি করলেন সময়ের প্রত্যেক ছোট থেকে বড় ক্ষণকে চিহ্নিত করার জন্য আর তাদের অন্তিম সময় পর্যন্ত অবিরত পুনরাবৃত্তির জন্য নির্ধারিত করলেন।

সৃষ্টি হয়েছিল

এই শব্দটি এই অর্থে এখানে প্রয়োগ হয়েছে যে কিছু

translationWords

- ঈশ্বর

- ভালো, সততা

01:07

পঞ্চম দিনে, **ঈশ্বর বললেন** আর সমস্ত কিছু যা জলে সাঁতার কাটে ও সকল প্রকার পাখিদের সৃষ্টি করলেন।ঈশ্বর দেখলেন যে এই সবই উত্তম হয়েছে আর তিনি তাদের আর্শিবাদ করলেন।

পঞ্চম দিন

গত চারদিনের সময়ে তিনি যা আরাম্ভ করেছিলেন তা ঈশ্বর তাঁর সৃষ্টির সুশৃঙ্খল অগ্রগতিতে বহাল রাখলেন।

ঈশ্বর বললেন

ঈশ্বর পাখিদের আর জলস্থ প্রাণীবর্গের সৃষ্টি একটি আদেশ দ্বারা করলেন।

সকল কিছু যা সাঁতার কাটে

ঈশ্বর কেবল মাছদেরই সৃষ্টি করেন নি, বরং সকল ধরনের জীবদের যারা জলে বসবাস করে তাদের সৃষ্টি করেছেন। সকলকিছুর অস্তিত্ব রয়েছে কেননা ঈশ্বর তেমনটাই সৃষ্টি করতে চেয়েছিলেন।

সকল পাখিগণ

ঈশ্বর কেবল এক ধরনেরই পাখির সৃষ্টি করেন নি, বরং সকল ধরনের অদ্ভুত আকারের, প্রকারের, রঙের পাখিদের সৃষ্টি করেছেন।

এটি উত্তম ছিল

এই বাক্যাংশটি সৃষ্টির কাহিনীতে পুনরাবৃত্ত করা হয়েছে এটি দেখাবার জন্য যে প্রত্যেক ধাপটি সঠিক হয়েছিল যেমনটি ঈশ্বরের বিজ্ঞ যোজনা আর উদ্দেশ্যটি ছিল।

তাদের আর্শিবাদ করেছিলেন

ঈশ্বর তাঁর ইচ্ছা বলেছিলেন যেন সেগুলো উন্নতি লাভ করে আর পৃথিবীতে যেখানে তিনি তাদের রেখেছিলেন সকল কিছু যেন তাদের সাথে ভালো হয়।

translationWords

- ঈশ্বর
- ভালো, সততা
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ

01:08

সৃষ্টির ষষ্টদিনে, **ঈশ্বর বললেন**, “ভূমিতে সকল প্রকারের ভূচর প্রাণী হোক!” আর ঠিক তেমনটাই হল যেমনটি ঈশ্বর বলেছিলেন।কিছুছিল গবাদি পশু, কিছু ভূমিতে বুকে হেঁটে চালিত পশু, আর কিছু **বন্য** পশু।আর ঈশ্বর দেখলেন যে এসবই উত্তম।

ষষ্ট দিন

দিনগুলোর আর সৃজনশীল কার্যগুলোর একটি অবিরত, সুশৃঙ্খল অগ্রগতিতে আগামী ঘটনা।

ঈশ্বর বললেন

ঈশ্বরের বলা বাক্যটি হল মাধ্যম যার দ্বারা প্রাণীরা সৃষ্টি হয়েছিল।

সকল ধরনের

এটি ইঙ্গিত করে একটি বিশাল বৈচিত্র্য আর শৃঙ্খলাকে।

ভুচর প্রাণী

প্রত্যেক ধরনের প্রাণী যা ভূমিতে বসবাস করে, পাখিদের বা সমুদ্রে থাকে এমন প্রানীদের বিপরীতে।

গবাদিপশু

এটি হল ভুচর প্রানীদের এক প্রকার সমূহ যা সাধারণত লোকেদের সাথে শান্তিতে বসবাস করে পালিত বা গৃহস্থ পশুরূপে।

বুকে ভর দিয়ে চলে এমন প্রাণী

এটি সম্ভবত সরীসৃপ আর সম্ভবতঃ কীটপতঙ্গদের অন্তর্ভুক্ত করে।

বন্য

এটি হল সেই ধরনের প্রাণী যারা সাধারনত লোকেদের সাথে শান্তির সাথে বসবাস করে না, সাধারণত কারন তারা মানুষদের ভয় পায় বা তাদের জন্য বিপদজ্জনক।

এটি উত্তম ছিল

এই বাক্যাংশটি সৃষ্টির কাহিনীতে পুনরাবৃত্ত করা হয়েছে এটি দেখাবার জন্য যে প্রত্যেক ধাপটি সঠিক হয়েছিল যেমনটি ঈশ্বরের বিজ্ঞ যোজনা আর উদ্দেশ্যটি ছিল।

translationWords

- ঈশ্বর
- ভালো, সততা

01:09



তারপর ঈশ্বর বললেন, “এস **আমরা** মানুষকে আমাদের আপন প্রতিমূর্তিতে সৃষ্টি করি। সমগ্র পৃথিবীর প্রানীদের উপর তাদের অধিকার থাকবে।

এসো আমরা

মানুষকে একটি বিশেষ উদ্দ্যেশের জন্য একটি বিশেষ পদ্ধতিতে রচনার ক্ষেত্রে ঈশ্বরের ইচ্ছাকৃত, আকাঙ্ক্ষাপূর্ণ নির্ণয়টিকে এটি ইঙ্গিত করে। আপনি এটিকে এভাবে অনুবাদ করতে পারেন, “আমরা তৈরী করব।”

আমরা

বাইবেল আমাদের শেখায় যে কেবল একজনই ঈশ্বর আছেন, কিন্তু পুরনো নিয়মে “ঈশ্বরের” জন্য একটি বহুবচন শব্দ ব্যবহার করা হয়েছে, আর তাই ঈশ্বর নিজ বিষয়ে বলার সময় বহুবচন সর্বনামটির প্রয়োগ করেন।

কেউ কেউ এটিকে একটি বিশেষ ধরনের বলার ভঙ্গিমা বলে মনে করে যা ঈশ্বরের রাজকীয়

গরিমাকে প্রকাশ করে আর অন্যরা এটিকে মনে করেন যে পিতা ঈশ্বর পুত্র ও আত্মা, যারাও ঈশ্বর, তাদের সাথে কথা বলছেন।

আমাদের প্রতিরূপে

একটি স্বরূপ বা প্রতিরূপ হল করোও বা কিছুর দৈহিক প্রতিনিধি। মনুষ্যদের এমনভাবে বানানো হয়েছে যে আমরা ঈশ্বরের চারিত্রিক বৈশিষ্ট্যগুলো অথবা বৈশিষ্ট্যমূলক গুনগুলোকে প্রদর্শন করি বা প্রতিনিধিত্ব করি।

আমাদের স্বরূপে

মনুষ্যরা ঈশ্বরের কিছু চারিত্রিক বৈশিষ্ট্যগুলোর ভাগী কিন্তু তার সকল গুনগুলোর ভাগীদার নয়। এই বাক্যাংশটির এমন শব্দের সাথে অনুবাদ হওয়া উচিত যা দেখাব যে মনুষ্য ঈশ্বরের তুল্য, কিন্তু তার সমান নয় বা তার মতন নয়।

কর্তৃত্ব

মনুষ্য পৃথিবী আর পশুদের কিভাবে ব্যবহার করবে তা পরিচালনা, নির্দেশন আর নিয়ন্ত্রণ করার অধিকার ও শক্তি ঈশ্বর তাদের দিয়েছেন।

translationWords

- ঈশ্বর

01:10

তাই ঈশ্বর কিছু মাটি নিলেন, তা দিয়ে তিনি **একটি পুরুষ**ের আকার দিলেন, আর তার মধ্যে **জীবন**ের শ্বাস দিলেন। এই পুরুষটির নাম ছিল আদম।ঈশ্বর একটি **উদ্যান**ের স্থাপনা করলেন যেখানে **আদম** বসবাস করতে পারেন, আর উদ্যানটির যত্ন নেওয়ার জন্য তাকে সেখানে রাখা হল।

কিছু ধুলো নিলেন

ঈশ্বর পুরুষকে মাটি থেকে বা শুকনো মাটি থেকে বানিয়ে ছিলেন। এই শব্দটি পৃথিবী বা ভূমির জন্য ব্যবহারিত সাধারণ শব্দটির থেকে সম্ভবত ভিন্ন হবে।

সেটিকে আকার দিলেন

এই শব্দটি প্রদর্শন করছে যে ঈশ্বর ব্যক্তিগত ভাবে পুরুষকে সৃষ্টি করেছিলেন, তুলনামূলকভাবে একটি ব্যক্তি তাঁর হাতের দ্বারা কিভাবে সৃষ্টি হয়েছে।

ধ্যান দিন যে “সৃষ্টি হওয়া”

র জন্য একটি ভিন্ন শব্দের প্রয়োগ করা হয়েছে। লক্ষ্য করুন যে এটি খুবিই ভিন্ন সেসকল থেকে যা তিনি আদেশ দেওয়ার মাধ্যমে সৃষ্টি করেছিলেন।

একটি পুরুষ

এই সময়ে কেবল সেই পুরুষটিরই সৃষ্টি হয়েছিল; স্ত্রীর সৃষ্টি পরে একটি ভিন্ন পদ্ধতিতে হয়েছিল।

জীবনের শ্বাস দেওয়া

এই বাক্যাংশটি ঈশ্বরের খুবিই ব্যক্তিগত, অন্তরঙ্গ কার্যকে ব্যক্ত করে যখন তিনি তাঁর থেকে আদমের শরীরে জীবন প্রেরণ করেন, কিভাবে একটি মানুষ বাতাসে শ্বাস নেই তার তুলনা এর দ্বারা হয়।

জীবন

এই ঘটনায়, ঈশ্বর দৈহিক ও আত্মিক দুধরনের জীবনই পুরুষের মধ্যে প্রেরণ করেন।

আদম

আদমের নামটি পুরনো নিয়মের "পুরুষের" জন্য ব্যবহারিত শব্দটির সমান, আর ধুলার জন্য ব্যবহারিত শব্দটিরও সমান যা থেকে তাকে সৃষ্টি করা হয়েছিল।

উদ্যান

একটি উদ্ভিদ ও গাছপালা রোপিত এলাকা সাধারনত খাদ্য উৎপাদন ও সুন্দরতা প্রদানের উদ্দ্যেশ্যে রচিত।

তার যত্ন নেওয়ার জন্য

উদ্যানটির তত্তাবোধন, আগাছামুক্ত, জল দেওয়া, ফসল কাটা ও রোপনের কার্যকে করা।

translationWords

- ঈশ্বর
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত
- আদম

01:11

উদ্যানের **মাঝখানে**, ঈশ্বর দুটি বিশেষ বৃক্ষ-জীবনবৃক্ষ আর সৎ অসৎ **জ্ঞান** প্রদানকারী বৃক্ষের রোপণ করলেন। ঈশ্বর আদমকে বলেছিলেন যে তিনি সৎ অসৎ জ্ঞান প্রদানকারী বৃক্ষ ছারা উদ্যানের যে কোনও গাছের ফল খেতে পারেন। যদি সে এই বৃক্ষের ফল খায় তবে সে মারা যাবে।

মাঝখানে

কেন্দ্রীয় স্থানটি দুটি বৃক্ষের গুরুত্বপূর্ণতাটিকে ব্যক্ত করে।

উদ্যান

একটি উদ্ভিদ ও গাছপালা রোপিত এলাকা সাধারনত খাদ্য উৎপাদন ও সুন্দরতা প্রদানের উদ্দ্যেশ্যে রচিত।

জীবন বৃক্ষ

যেকেউ এই বৃক্ষ থেকে ফল খেয়েছে সে কখনো মরবে না।

সৎ ও অসৎ জ্ঞান প্রদানকারী বৃক্ষ

এই গাছের ফল এক ব্যক্তিকে ভালো ও মন্দ জানার ক্ষমতা প্রদান করে।

জ্ঞান

ব্যক্তিগত অভিজ্ঞতার দ্বারা জানা বা বোঝা।

সৎ ও অসৎ

মন্দ হল ভালোর বিপরীত। যেমন “ভালো” ইঙ্গিত করে যা ঈশ্বরকে সন্তুষ্ট করে, “মন্দ” ইঙ্গিত করে যা ঈশ্বরকে সন্তুষ্ট করে না।

মরবে

এই পরিপেক্ষিতে, সে দৈহিক ও আত্মিক দুটিতেই মারা যাবে।

translationWords

- ঈশ্বর
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত
- ভালো, সততা
- মন্দ, দুষ্ট, দুষ্টতা
- আদম
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর

01:12

তারপর ঈশ্বর বললেন, “পুরুষের একা থাকা **ভালো নয়**।”কিন্তু কোনও জন্তু আদমের সাহায্যকারী হতে পারে না।

ভালো নয়

এটি প্রথম বার ছিল যে সৃষ্টির কিছু ভলো নয়। এর অর্থ ছিল, “এখনো ভলো নয়” কেননা ঈশ্বর তাঁর সৃষ্টি করা সমাপ্ত করেন নি।

একাকী

আদমই কেবল একাই মনুষ্য ছিল, অন্য মানুষের সাথে সম্পর্ক করার কোনো সম্ভাবনাই ছিল না আর প্রজনন করতে আর বংশ বৃদ্ধি করতে অক্ষম ছিল।

আদমের সহযোগী

সেখানে আদমের সমান কেউ ছিল না যেন তার সাথে যুক্ত হয়ে ঈশ্বরের কার্য পূর্ণ করে যা ঈশ্বর তাকে দিয়েছিলেন। কোনো পশু তা করতে পারে না।

translationWords

- ঈশ্বর
- ভালো, সততা
- আদম

01:13

তাই ঈশ্বর আদমকে গভীর ঘুমে আচ্ছন্ন করলেন। তারপর ঈশ্বর আদমের পাঁজরের একটি হাড় নিলেন আর সেটিকে **একটি নারী**তে পরিনত করলেন আর তাকে তার কাছে নিয়ে এলেন।

গভীর নিদ্রা

এটি সাধারণ নিদ্রার চেয়ে গভীর।

আদমের একটি পাঁজরের হাঁড় নিলেন আর বানালেন

আদম থকে পাঁজরের হাঁড় নেওয়া আর সেটিকে নারীতে পরিনত করার ক্রিয়া শব্দটি ইঙ্গিত করে ঈশ্বরের খুবিই ব্যক্তিগত কার্যটিকে।

একটি নারী

তিনি ছিলেন প্রথম নারী, মনুষ্য জাতির স্ত্রী রূপ যা এখন পর্যন্ত নিরুদ্দেশ ছিল।

তার কাছে তাকে আনলেন

ঈশ্বর ব্যক্তিগতভাবে তাদের পরিচয় করালেন। তিনি নারীকে আদমের কাছে প্রস্তুত করলেন, প্রায় একটি বিশেষ উপহার স্বরূপ।

translationWords

- ঈশ্বর
- আদম

01:14

যখন আদম তাকে দেখলেন, তিনি বললেন, “**অন্তিমে!** এই **আমার মত**ন!তাকে ‘**নারী**,’ বলা হোক কেননা তিনি পুরুষ থেকে রচিত।”এই জন্যে একজন পুরুষ তার মাতা আর পিতাকে ছেড়ে তার স্ত্রীর সাথে সন্মিলিত হন।

অন্তিমে!

আদমের বিস্ময় ইঙ্গিত করে যে তিনি নারীর মত কারো জন্যে অপেক্ষায় ছিলেন।

আমার মত

এই নারীটি আদমেরই মতন একই ধরনের ছিলেন, যদিও তাদের মধ্যে গুরুত্বপূর্ণ পার্থক্য ছিল।

নারী

এই শব্দটি হল নর শব্দের স্ত্রীলিঙ্গ শব্দ।

পুরুষ থেকে সৃষ্টি

নারী আদমের নিজ শরীর থেকে প্রতক্ষ্য ভাবে রচিত।

একটি পুরুষ বিরত হয়ে

এটি বর্তমান কালে ব্যক্ত করা হয়েছে এটি ইঙ্গিত করতে যে ভবিষ্যতে সাধারনত পরিস্থিতি কি হবে। আদমের কোনো পিতা বা মাতা ছিল না, কিন্তু অন্য সকল পুরুষদের হবে।

এক হয়

স্বামী ও স্ত্রী একতার একটি অন্তরঙ্গ বন্ধনে আর একে অপরের প্রতি একটি সমর্পনে অংশীদার হয় যা তাদের অন্যদের সাথেকার সম্পর্কটিকে ছাড়িয়ে যায়।

translationWords

- আদম

01:15

ঈশ্বর নারী ও পুরুষকে তাঁর আপন প্রতিমূর্তিতে **সৃষ্টি** করেছিলেন।তিনি তাদের আর্শিবাদ করলেন আর তাদের বললেন, “প্রচুর সন্তান-সন্ততি ও নাতি-নাতনি হোক, তারা পৃথিবী পরিপূর্ণ করুক |” আর ঈশ্বর দেখলেন যে তিনি যা কিছুর সৃষ্টি করেছেন তা উত্তম হয়েছে, আর এসবে তিনি ভীষণভাবে সন্তুষ্ট হয়েছিলেন।এসবই সৃষ্টির ষষ্ঠ দিনে ঘটেছিল।

ঈশ্বর বানিয়েছিলেন

ঈশ্বর স্ত্রী ও পুরুষকে খুবিই ব্যক্তিগত ভাবে বানিয়েছিলেন।

তার নিজ স্বরূপে

একটি স্বরূপ বা প্রতিরূপ হল করোও বা কিছুর দৈহিক প্রতিনিধি। ঈশ্বর মানুষকে সৃষ্টি করেছিলেন তার কিছু বৈশিষ্ট্য আর চরিত্র প্রদর্শন বা প্রতিনিধিত্ব করার জন্য, কিন্তু তাঁর সমান করার জন্য নয়।

অতি উত্তম

“এটি উত্তম ছিল” বিগত দিনগুলোর থেকে নিশ্চই আরো ভালো। “খুব ভালো” সকল সৃষ্টির জন্য বলা হয়েছে, কেবল পুরুষ ও স্ত্রীর জন্য নয়। সকল কিছু ঠিক তেমনই হয়েছিল যেমনটি ঈশ্বর চেয়েছিলেন।

সৃষ্টি

অস্তিত্বমান সকল কিছু যা ঈশ্বর ছয় দিয়ে সৃষ্টি করেছিলেন।

translationWords

- ঈশ্বর
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- ভালো, সততা

01:16

যখন **সপ্তম দিন** উপস্থিত হোল, ঈশ্বর তার কাজ শেষ করলেন ।আর ঈশ্বর, সমস্ত কিছু যা তিনি করছিলেন তার থেকে বিশ্রাম নিলেন ।তিনি **সপ্তম দিনটিকে আর্শিবাদ করলেন** আর সেটিকে পবিত্র করলেন, কারণ সে দিনে তিনি তাঁর কাজ থেকে বিশ্রাম নিয়েছিলেন।এইভাবে ঈশ্বর বিশ্বব্রহ্মান্ড আর তার মধ্যের সকল কিছুর সৃষ্টি করেছিলেন।

সপ্তম দিন

ষষ্ট দিনের সৃষ্টি সম্পূর্ণ হওয়ার পরের দিন।

তাঁর কার্য সমাপ্ত করলেন

বিশেষত, ঈশ্বর সৃষ্টির কার্য সমাপ্ত করলেন। তিনি যদিও অন্যান্য কার্য করে থাকেন।

ঈশ্বর বিশ্রাম নিয়েছিলেন

ঈশ্বর “বিশ্রাম নিলেন” এই অর্থে যে তিনি কার্য করা সমাপ্ত করেছিলেন কেননা সৃষ্টি সম্পূর্ণ হয়েছিল। ঈশ্বর ক্লান্ত হয়েছিলেন বা কার্য জারি রাখতে অক্ষম ছিলেন এমনটা নয়।

সপ্তম দিনটিকে আর্শিবাদ করলেন

ঈশ্বরের কাছে সপ্তম দিনটির আর আগামী সকল সপ্তম দিনগুলোর জন্য বিশেষ ও ইতিবাচক যোজনা ছিল।

এটিকে পবিত্র করলেন

যার অর্থ হল যে ঈশ্বর দিনটিকে একটি বিশেষ দিনের মত “নির্ধারিত করলেন।” সপ্তাহের অন্য দিনগুলোর মত একই ভাবে ব্যবহারের জন্য এটি ছিল না।

ব্রহ্মাণ্ড

এইটি পৃথিবীতে ও আকাশে ঈশ্বরের রচিত সকল কিছুকে অন্তর্নিহিত করে, দৃশ্যমান ও অদৃশ্যমান দুটোই।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে- আদিপুস্তক ১-২

translationWords

- ঈশ্বর
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- পবিত্র, পবিত্রতা, অপবিত্র, শুদ্ধ

পৃথিবীতে পাপের প্রবেশ

02:01

আদম ও তার স্ত্রী, তাদের জন্য ঈশ্বরের তৈরি অপূর্ব **উদ্যান**ে খুবই আনন্দে ছিলেন। তারা কেউই পোশাক পরতেন না, কিন্তু তাতে তাদের কোনো দিন **লজ্জা**বোধ হয়নি, কারণ তখন পৃথিবীতে পাপ ছিল না।তারা প্রায়ই উদ্যানে ঘোরা ফেরা করতেন আর ঈশ্বরের সাথে কথা বলতেন ।

উদ্যান

একটি বিশেষ গাছপালার আর উদ্ভিদের সংগ্রহ যা আদম ও হবার উপভোগের জন্য আর সেখান থেকে খাওয়ার জন্য ঈশ্বর প্রস্তুত করেছিলেন। এটি সেই একই শব্দ হওয়া উচিত যা 01-11-তে ব্যবহারিত হয়েছে। দেখুন আপনি কিভাবে সেটি সেখানে অনুবাদ করেছেন।

ঈশ্বরের সাথে কথাবার্তা করতেন

“কথা বলার” জন্য শব্দটি একটি মানুষের সাথে কথোপকথন করার সমতুল্য হিসেবে ব্যবহার করা যেতে পারে। হয়ত ঈশ্বর পুরুষ ও স্ত্রীটির সাথে কথা বলার জন্য কোনোরকম শারীরিক আকার ধারণ করতেন যেহেতু বাক্য ইঙ্গিত করে যে তারা তাঁর সাথে মুখোমুখি ভাবে কথা বলতেন।

লজ্জা

অনুভব যা জ্ঞানের সাথে উৎপন্ন হয় যে আমরা পাপ করেছি অথবা আমরা কোনো ভাবে বিপথে গিয়েছি। পাপ জগতে আসার পূর্বে, নগ্ন হওয়ার বিষয়ে কোনো লজ্জার জ্ঞান ছিল না।

translationWords

- আদম
- ঈশ্বর
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

02:02

কিন্তু সেই বাগানে একটি চতুর সাপ ছিল।সে স্ত্রীকে প্রশ্ন করলো, “ঈশ্বর কি সত্যিই তোমাকে বলেছে এই বাগানের কোনও গাছ থেকে ফল না খেতে?”

প্রবঞ্চক

চালক আর ধূর্ত, প্রবঞ্চনার অভিপ্রায়ের সাথে।

সর্প

একটি সম্প্রসারিত, পা হীন ভুচর যা এখন বুকে হেঁটে চলে। যদিও কাহিনীর পরের ভাগে এটি প্রকাশিত করা হয় যে সেই সর্পটি সয়ং শয়তান ছিল, সেটি কাহিনীর এই অংশে বলা উচিত হবে না।

সত্যিই কি ঈশ্বর তোমাদেরকে বলেছেন

সাপটি স্ত্রীকে জিজ্ঞেসা করেছিল যে ঈশ্বর কি আসলে উদ্যানের কোনও বৃক্ষ থেকে ফল খেতে বারণ করেছেন? কিন্তু আসলে সে কেবল না জানার ভান করছিল যে ঈশ্বর তাদের কি বলেছিলেন কারণ সে স্ত্রীর মনে সন্দেহ উৎপন্ন করতে চাইছিল। সে চাইছিল সে (হবা) ঈশ্বরের সদগুণের উপর প্রশ্ন তুলুক।

কোনও বৃক্ষের ফল

সকল বিভিন্ন প্রভৃতির গাছপালার নানান ধরনের ফলসমূহ।

translationWords

- ঈশ্বর

02:03

স্ত্রীটি উত্তর দিলেন, “ঈশ্বর আমাদের বলেছেন আমরা সৎ অসৎ জ্ঞান প্রদানকারী বৃক্ষ ছারা উদ্যানের যে কোনও গাছের **ফল** খেতে পারি।ঈশ্বর আমাদের বলেছেন, ‘যদি তুমি ওই ফল খাও অথবা তা স্পর্শ কর, তুমি মরে যাবে।’”

ফল

আমরা জানি না যে সেটি কি ধরনের ফল ছিল। আমরা কেবল জানি যে এটি সেই বৃক্ষে ফলত। যদি সম্ভব হয় তবে এটা ভালো হবে যদি আমরা সেটিকে বলার জন্য ফল শব্দটি সাধারণ অর্থে ব্যবহার করি আথবা এটি একটি বিশেষ ধরনের ফল এমন শব্দ ব্যবহার করতে পারি।

সৎ ও অসৎ জ্ঞান প্রদানকারী বৃক্ষ

স্ত্রীটি সঠিক বুঝেছিল যে এই একটি বৃক্ষ থেকে ফল খাওয়ার তাদের অনুমতি নেই যা তাদের মন্দ একইভাবে ভালো বিষয় বুঝবার ক্ষমতা প্রদান করবে।

তোমরা মরবে

মৃত্যুর জন্য আপনি সাধারণ শব্দের প্রয়োগ করুন, একজনের ভৌতিক জীবনের সমাপ্তি। আপনি শব্দটিকে এড়িয়ে যাবেন না যেহেতু মৃত্যু সম্বন্ধে ভাবনাটি খুবিই জটিল।

translationWords

- ঈশ্বর
- ভালো, সততা
- মন্দ, দুষ্ট, দুষ্টতা
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর

02:04

সাপ স্ত্রীটিকে প্রতিউত্তর করেন, “এটা সত্য নয়!তুমি মরবে না।ঈশ্বর জানেন যে যখনই তুমি সেই ফল খাবে, তুমি **ঈশ্বরের সমান** হয়ে পরবে আর যেমন তিনি বোঝেন তেমনই তোমরা সৎ আর অসৎ বুঝবে।”

ঈশ্বরের সমান

পুরুষ ও স্ত্রীটি প্রথম থেকেই ঈশ্বরের স্বরূপে সৃষ্টি করা হয়েছিল। সাপটি স্ত্রীটিকে পরামর্শ দিয়েছিল যে স্ত্রীটি ঈশ্বরের স্বরূপ হতে পারে যদি সে অসৎকে আরো ভালো করে বোঝে। যাইহোক, ঈশ্বর কখনো চাই নি যে তার এই জ্ঞান হোক।

সৎ আর অসৎ জানা

ব্যক্তিগত অভিজ্ঞতার থেকে কি ভালো আর কি মন্দ তা জানা, বা জানার ক্ষমতা রাখা কোনকিছু ভালো কি খারাপ।

translationWords

- সত্য, সত্য, সত্যগুলি
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- ঈশ্বর
- ভালো, সততা
- মন্দ, দুষ্ট, দুষ্টতা

02:05

স্ত্রীটি দেখলেন যে ফলটি সুন্দর আর দেখতে আকর্ষনীয়।তিনি বুদ্ধিমতিও হতে চাইতেন, তাই তিনি ফল ছিঁড়লেন আর তা খেলেন।তারপর তিনি সেই ফল তার স্বামীকে দিলেন, যিনি তার সাথে ছিলেন, আর তিনিও তা খেলেন।

জ্ঞান

স্ত্রীটি চেয়েছিলেন জ্ঞানদৃষ্টি পেতে আর বুঝতে যেমনটি দেখাচ্ছিল যেন তা সাপটির কাছে আছে, আর যেমনটি ঈশ্বরের কাছে আছে।

যিনি তার সাথেই ছিলেন

এটি একটি গুরুত্বপূর্ণ তথ্য কারণ এটি দেখায় যে পুরুষটি সেখানে উপস্থিত ছিলেন যখন স্ত্রীটি ফল খাওয়ার নির্ণয় নিচ্ছিলেন।

translationWords

- জ্ঞানী, বুদ্ধি

02:06

হঠাৎই, **তাদের চোখ খুলে গেল**, আর তারা দেখলেন যে তারা উলঙ্গ।তারা তাদের দেহকে পাতা দিয়ে সেলাই করে ঢাকার চেষ্টা করলেন।

তাদের চোখ খুলে গেল

এটি এরূপ অনুবাদ করা যেতে পারে, “তারা ভিন্নভাবে জিনিসগুলো দেখলেন। এই অভিব্যক্তির অর্থ হল যে তারা এখন কিছু একটা বুঝতে পেরেছেন। আপনার ভাষাতে, এমন একটি অভিব্যক্তি হতে পারে একই রকম অর্থের সাথে যা আপনি এটিকে অনুবাদ করতে ব্যবহার করতে পারেন।

উপলব্ধি করলেন যে তারা নগ্ন

পুরুষ ও স্ত্রীটি ঈশ্বরের অবাধ্য হওয়ার পর, তারা লজ্জিত হলেন যে তারা নগ্ন ছিলেন। এরই জন্য তারা পাতার দ্বারা চেষ্টা করছিলেন তাদের নগ্ন দেহকে ঢাকার।

তাদের শরীর ঢাকলেন

পুরুষ ও স্ত্রীটি পাতাদের প্রয়োগ করার মাধ্যমে ঈশ্বরের কাছ থেকে লুকাবার প্রয়াস করেছিলেন।

02:07

এরপর পুরুষ ও তার স্ত্রী বাগানে ঈশ্বরের চলার শব্দ শুনতে পেলেন।তারা দুজনেই ঈশ্বরের কাছ থেকে লুকোলেন।তখন ঈশ্বর পুরুষটিকে ডাকলেন, “**তুমি কোথায়?**”আদম উত্তর দিলেন, “আমি শুনতে পেলাম যে আপনি বাগানে হাঁটছেন আর আমি ভয় পেয়েছি, কেননা আমি যে উলঙ্গ।তাই আমি আড়াল হয়েছি।”

ঈশ্বর চলাফেরা করছিলেন

এমনটি দেখাচ্ছে যে ঈশ্বর প্রতিনিয়ত উদ্যানে চলাফেরা করতেন আর পুরুষ আর স্ত্রীটির সাথে কথা বলতেন। আমরা জানি না যে এটি কেমন করে হত। যদি এমনটি সম্ভব, তাহলে একজন ব্যক্তির সাথে কথোপকথনের তুল্য শব্দটি ব্যবহার করাটা উত্তম হবে।

তুমি কোথায়?

ঈশ্বর প্রথম থেকেই জানতেন এই প্রশ্নের উত্তরটি। প্রশ্নটি করার উদ্দেশ্যটি ছিল পুরুষ ও স্ত্রীটির উপর চাপ দেওয়ার জন্য যেন তারা বর্ণনা দেয় যে কেন তারা লুকিয়েছে?

translationWords

- ঈশ্বর
- আদম

02:08

তখন ঈশ্বর জিজ্ঞেস করলেন, “কে তোমায় বলেছে যে তুমি উলঙ্গ? তুমি কি সেই ফল খেয়েছ যা তোমায় আমি খেতে বারণ করেছিলাম?”পুরুষটি উত্তর করলেন, “আপনি আমায় এই স্ত্রী দিয়েছেন, আর সে আমায় ফলটি দিয়েছিল।”এরপর ঈশ্বর স্ত্রীটিকে প্রশ্ন করলেন, “এ তুমি কি করেছ?”স্ত্রীটি উত্তরে বললেন, “সাপ আমার সাথে ছল করেছে।”

তোমাকে কে বলেছে যে তুমি নগ্ন?

অথবা, “তুমি কি ভাবে জানলে যে তুমি নগ্ন?” ঈশ্বর তার সকল প্রশ্নের উত্তর প্রথম থেকেই জানেন। এই প্রশ্নটি ও আগামী প্রশ্নটি করার দ্বারা, তিনি আদমকে সুযোগ দিচ্ছিলেন তার অবাধ্যতার পাপ স্বীকার করার। নগ্ন হওয়াটা পাপ ছিল না। ঈশ্বর তাদের তেমনই সৃষ্টি করেছিলেন। তাদের নগ্ন হওয়ার জ্ঞানটিই সমস্যা ছিল। তাদের লজ্জা প্রমান করছিল যে তারা পাপ করেছে।

সে আমাকে ফল দিয়েছে

নিজের অবাধ্যতা স্বীকার না করে আর ঈশ্বরের অবাধ্য হওয়ার দায়িত্ব না নিয়ে পুরুষটি স্ত্রীটিকে দোষ দিলেন।

তুমি এ কি করেছ?

বা, “তুমি কেন এমনটা করলে?” ঈশ্বর আগে থেকেই এই প্রশ্নের উত্তরটি জানেন। এই প্রশ্নটি করার দ্বারা ঈশ্বর নারীটিকে সুযোগ দিচ্ছিলেন যেন সে তার দোষ স্বীকার করেন। তিনি [ঈশ্বর] আরো ইঙ্গিত করছিলেন যে তার [হবা] এমনটা করা উচিত হয়নি যা তিনি করে ফেলেছেন।

সাপ আমায় প্রবঞ্চিত করেছেন

সর্পটি তাকে প্রতারণা বা বিভ্রান্ত করেছে। সে তাকে মিথ্যে বলেছিল। আপনি এমন শব্দের ব্যবহার করবেন না যে তিনি তার উপর একটি মন্ত্র নিক্ষেপ করেছিল বা তাকে সন্মোহিত করেছিল। নিজের অবাধ্যতা স্বীকার না করে আর ঈশ্বরের প্রতি অবাধ্য হওয়ার দায়িত্ব স্বীকার না করে, স্ত্রীটি সাপকে দোষ দিলেন।

translationWords

- ঈশ্বর

02:09

ঈশ্বর সাপটিকে বললেন, “তুমি শাপগ্রস্ত!তুমি বুকে ভর দিয়ে গমন করবে আর ধুলো খাবে। তুমি ও স্ত্রী তোমরা **একেঅপরকে দ্বেষ** করবে, আর তোমার সন্তান আর তার সন্তানরাও একেঅপরকে বিদ্বেষ করবে। **স্ত্রীর সন্তান** তোমার মাথা থেঁতলে দেবে, আর তুমি তার গোড়ালিতে ক্ষত করবে।”

তুমি অভিশপ্ত

এটি এরূপও অনুবাদ করা যেতে পারে, “আমি তোমায় অভিশাপ করি” বা, “ভারী ক্ষতি তোমার উপর আসবে।” এমন শব্দের প্রয়োগ করবেন না যা জাদুর ইঙ্গিত করে।

একেঅপরকে দ্বেষ

স্ত্রীটি সাপটিকে ঘৃণা করবে আর সাপ স্ত্রীটিকে। স্ত্রীর সন্তানেরাও সাপের সন্তানদের ঘৃণা করবে আর সাপের সন্তানেরাও তাদের ঘৃণা করবে।

স্ত্রীর সন্তান

বিশেষত তার সন্তানদের একজনকে বিশেষের উল্লেখ করা হয়েছে।

তোমার মাথা চূর্ণ করবে

স্ত্রীর সন্তানটি সাপের সন্তানটিকে ধ্বংস করবে।

তার গোড়ালি ক্ষত করবে

সাপের সন্তানটি স্ত্রীর সন্তানটিকে আঘাত করবে।

translationWords

- ঈশ্বর
- অভিশাপ, অভিশপ্ত, অভিশাপগুলি, অভিশাপ দেওয়া
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি

02:10

ঈশ্বর তারপর স্ত্রীটিকে বললেন, “আমি তোমার জন্য প্রসবকাল খুব যন্ত্রনাময় করব। তুমি তোমার স্বামীর বাসনা করবে, আর সে তোমার উপর কৃতিত্ব করবে।”

প্রসব খুবিই বেদনাময় হওয়া

এই ক্রিয়া শব্দটিকে ব্যক্ত করার জন্য কিছু ভাষার প্রয়োজন হতে পারে। আপনি বলতে পারেন, “তুমি যখন সন্তানদের প্রসূতি করবে তখন আমি ভীষণ বেদনা উৎপন্ন করে তোমায় অভিশপ্ত করব।”

translationWords

- ঈশ্বর

02:11

ঈশ্বর পুরুষটিকে বললেন, “তুমি তোমার স্ত্রীর কথা শুনেছ আর আমায় অমান্য করেছ।এখন দেখো ভূমি শাপগ্রস্ত হল, আর এখন তোমাকে খাদ্য উৎপাদন করতে কঠিন পরিশ্রম করতে হবে।তারপর তুমি মারা যাবে, আর তোমার শরীর মাটিতে মিশে যাবে।”পুরুষটি তার স্ত্রীর নাম রাখলেন হবা, যার মানে হল “জীবন-দাত্রী,” কেননা তিনি হলেন সকল লোকের মাতা। আর ঈশ্বর আদম ও হবাকে পশুর চামড়া দিয়ে আচ্ছাদিত করলেন।

ভূমি অভিশাপগ্রস্ত হল

আদমের অবাধ্যতার শাস্তি স্বরূপ, পৃথিবী আর কখনো ফলবন্ত থাকবে না। আদমকে যথেষ্ট খাদ্য খাওয়ার জন্য খুবিই কঠিন প্ররিশ্রম করতে হবে।

তুমি মরবে

তাদের অবাধ্যতার চূড়ান্ত শাস্তি হল মৃত্যু। আত্মিক মৃত্যুটি হল ঈশ্বরের থেকে আমাদের পৃথক হওয়া। শারীরিক মৃত্যুটি হল আমাদের শরীর থেকে আমাদের পৃথক হওয়া।

ধুলাতে ফিরে যাবে

ঈশ্বর আদমকে ধুলো বা মাটি থেকে বানিয়েছিলেন আর তাকে জীবন দিয়েছিলেন। পাপের পরিনাম স্বরূপ, তার জীবন তার থেকে নিয়ে নেওয়া হবে আর তার শরীর পচবে আর পুনরায় ধুলোয় পরিনত হবে।

হবা, যার অর্থ হল ‘জীবন

দাত্রী’

সকল মানুষের মাতা

এর অর্থ হল যে তিনি সকল মানুষের মহিলা প্রাচীনা হবেন। কিছু ভাষা বলে যে “তিনি সকলের মাতামহী হবে।”

translationWords

- ঈশ্বর
- অবাধ্য, অমান্য, অবাধ্য, অবাধ্যতা, অমান্যকারী
- অভিশাপ, অভিশপ্ত, অভিশাপগুলি, অভিশাপ দেওয়া
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- হবা
- আদম

02:12

তারপর ঈশ্বর বললেন, “যেহেতু মনুষ্য সৎ ও অসৎ জানার জন্য আমাদের মত হয়েছে, তাদের **জীবন বৃক্ষ** থেকে **ফল** খেতে আর চিরকাল বেঁচে থাকতে অনুমতি দেওয়া যাবে না।”অতএব ঈশ্বর আদম ও হবাকে সুন্দর উদ্যান থেকে বের করে দিলেন।ঈশ্বর উদ্যানের প্রবেশ দ্বারে শক্তিশালী স্বর্গদূতদের নিযুক্ত করলেন যেন কেউ জীবন বৃক্ষ থেকে ফল না খেতে পারে।

সৎ ও অসৎ জানার দ্বারা আমাদের মত

এখানে, এই বাক্যাংশটি ইঙ্গিত করে একটি নতুন পথের যে আদম আর হবা ঈশ্বরের মত হবে। কারণ তারা পাপ করেছিলেন, তারা মন্দের বিষয়ে অবগত ছিলেন আর তা অভিজ্ঞতা করেছিলেন। আপনি বলতে পারেন, “কেননা তারা এখন দুজনেই ভালো ও খারাপ জানত।”

ফল

বিশেষ ধরনের ফল এখানে প্রকাশিত করা হয়নি, তাই ফলটির জন্য একটি সাধারণ শব্দের প্রয়োগের দ্বারা এটা অনুবাদ করাটা ভালো হবে।

জীবন বৃক্ষ

এটি একটি সত্যিকারের ফলের গাছ ছিল। দেখুন 01-11। যদি কোনো ব্যক্তি এই ফলটি খায় সে নিরন্তর বাঁচবে আর কখনো মরবে না।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে -আদিপুস্তক ৩

translationWords

- ঈশ্বর
- ভালো, সততা
- মন্দ, দুষ্ট, দুষ্টতা
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত

- আদম
- হবা
- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত

বন্যা

03:01

বহুকাল পরে, অনেক লোক তখন এই পৃথিবীতে বসবাস করছিলেন।তারা খুব দুষ্ট আর হিংস্র হয়ে পরেছিল।এটা এতই খারাপ আকার নিয়েছিল যে ঈশ্বর নির্ণয় নিলেন সম্পূর্ণ পৃথিবীকে বন্যার দ্বারা শেষ করবেন।

বহুকাল পর

এই কাহিনীটি সৃষ্টি হয়ে যাবার বহু প্রজন্মের (হাজার হাজার বছর) পর ঘটেছিল।

ভীষণ দুষ্ট আর হিংস্রক

আরো সহজ ভাবে বললে, “দুষ্ট হয়ে উঠেছিল আর হিংস্রক কর্ম করেছিল।”

এটা এতটাই খারাপ হয়ে উঠেছিল

এটা বললে স্পষ্ট হবে যে, “মানুষেরা আঘাতকারী ও ক্ষতিকারক ভাবে ব্যবহার করছিল।”

ঈশ্বর নির্ণয় নিলেন ধ্বংস করার

এর মানে এ নয় যে পৃথিবী সম্পূর্ণভাবে শেষ হয়ে যাবে৷ বরং ঈশ্বর সকল লোকেদের যারা তাঁর বিরুদ্ধে বিদ্রোহ করেছিল আর যারা সেই দুষ্টতার আর হিংসার কারণ ছিল তাদের শেষ করার যোজনা করেছিলেন। এই বন্যাটি ভুচর আর পাখিদেরও শেষ করবে৷

বিপুল বন্যা

খুব গভীর জলরাশি যা পৃথিবীকে আচ্ছাদন করবে এমনকি সেসব জায়গাও যেখানকার মাটি সাধারনত শুকনো আর এমনকি সবচাইতে উচুঁ পর্বতদের শৃঙ্গও ডুবিয়ে দেবে৷

translationWords

- ঈশ্বর

03:02



কিন্তু নোহ ঈশ্বরের নজরে **অনুগ্রহ পেলেন**।তিনি একজন ধার্মিক ব্যক্তি ছিলেন, দুষ্ট লোকেদের মাঝে বাস করছিলেন।ঈশ্বর নোহকে সেই বন্যার বিষয়ে যা তিনি পাঠাবেন বললেন। তিনি নোহকে একটি বিরাট জাহাজ নির্মান করতে বললেন।

অনুগ্রহ পেলেন

ঈশ্বর নোহের প্রতি সন্তুষ্ট ছিলেন কেননা তিনি ঈশ্বরে ভয় করতেন ও তাঁর আজ্ঞা মানতেন। যদিও নোহ পাপহীন ছিলেন না, তবুও ঈশ্বর তার প্রতি দয়া দেখিয়েছিলেন আর একটি যোজনা করেছিলেন তার পরিবারকে বিধ্বংসী বন্যা থেকে উদ্ধার করার। ধ্যান দেবেন যে এমন যেন না শোনায় যে নোহ ভাগ্যবান ছিলেন বা সে কোনমতে রক্ষা পেয়েছিল। বরং, এটি ছিল ঈশ্বরের নির্বাচন। বন্যা- দেখুন যে আপনি এটিকে 03-01-এ কিভাবে অনুবাদ করেছেন।

পাঠাবার যোজনা

ঈশ্বর পরিকল্পনা করেছিলেন প্রচুর বৃষ্টি পাঠানোর দ্বারা গভীর জলরাশি দিয়ে পৃথিবী আচ্ছাদিত করার। তিনি প্রচুর বৃষ্টি ঘটিয়ে এই বন্যাটির পরিকল্পনা করেছিলেন।

translationWords

- নোহ
- ঈশ্বর
- ধার্মিক, ধার্মিকতা, অধার্মিক, অধার্মিকতা, ন্যায়পরায়ণতা, ন্যায়পরায়ণতা

03:03

ঈশ্বর নোহকে বললেন জাহাজটিকে প্রায় ১৪০ মিটার লম্বা, ২৩ মিটার চওড়া, আর ১৩.৫ মিটার উচু বানাতে৷ নোহ এটাকে কাঠ দিয়ে বানালেন আর তিনটি স্থর, অনেকগুলো ঘর, একটি ছাদ, আর একটি জানালা বানালেন৷জাহাজটি নোহকে, তার পরিবারকে, আর সকল ধরনের ভুচর প্রানীদের বন্যার সময় সুরক্ষিত রাখতে পারবে৷

জাহাজ

জাহাজটি আট জন লোক, সকল ধরনের পশুদের দুটি করে পশু, আর এক বছরের জন্য তাদের খাবারের সঞ্চিত রাখার জন্য যথেষ্ট বড় ছিল৷

translationWords

- ঈশ্বর
- নোহ

03:04

নোহ ঈশ্বরের আজ্ঞাকারী হলেন।তিনি ও তার তিনটি পুত্র ঠিক তেমন ভাবেই জাহাজটির নির্মান করলেন যেমনটি ঈশ্বর তাদের বলেছিলেন।জাহাজটিকে বানাতে বহুবছর লেগে গেল, কেননা এটি বিরাট বড় ছিল।নোহ লোকেদের সতর্ক করেছিলেন সেই বন্যার বিষয়ে যা আসছে আর বলেছিলেন যেন তারা ঈশ্বরের কাছে ফিরে, কিন্তু তারা তাকে বিশ্বাস করে নি।

নোহ সতর্ক করেছিলেন

নোহ প্রত্যেককে বলেছিলেন যে ঈশ্বর পাপের কারণে পৃথিবীকে ধ্বংস করার যোজনা করেছেন।

ঈশ্বরের কাছে ফেরা

তার মানে হল যে তাদের পাপ করা বন্ধ করতে হবে আর ঈশ্বরের আজ্ঞা পালন করতে হবে।

translationWords

- নোহ
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- ঈশ্বর

03:05

ঈশ্বর নোহকে আর তার পরিবারকে আজ্ঞাও দিয়েছিলেন যেন তারা নিজেদের ও পশুদের জন্য পর্যাপ্ত আহার সংগ্রহ করে নেন। যখন সবকিছু প্রস্তুত হল, ঈশ্বর নোহকে বললেন এই সময় হল তার জন্য, তার স্ত্রীর, তার তিন সন্তানদের আর তাদের স্ত্রীদের জন্য-সবমিলিয়ে আট ব্যক্তি, যেন তারা জাহাজে প্রবেশ করে।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- ঈশ্বর
- নোহ

03:06



ঈশ্বর প্রত্যেক জন্তু আর পাখিদের একটি নর আর একটি নারী নোহর কাছে পাঠিয়ে দিলেন যেন তারা জাহাজে প্রবেশ করে আর বন্যার সময়ে সুরক্ষিত থাকে। ঈশ্বর প্রত্যেক প্রাণীর সাতটি নর আর সাতটি নারী দিলেন যেন সেগুলো উৎসর্গ করতে পারেন। যখন তারা সকলে জাহাজের ভিতর ছিলেন, ঈশ্বর নিজেই জাহাজের দ্বার বন্ধ করেদেন।

ঈশ্বর পাঠিয়ে দিলেন

নোহকে পশুদের খুঁজতে যেতে হয়নি। ঈশ্বর তাদেরকে তার কাছে পাঠিয়ে দিয়েছিলেন।

উৎসর্গতে ব্যবহার

কিছু ভাষাতে এটি এভাবে বললে ভালো হবে, "ঈশ্বরের প্রতি বলি দেওয়ার জন্য গ্রহণযোগ্য পশুসমূহ।" ঈশ্বর নির্ণয় নিয়েছিলেন যে লোকেদের তাঁর প্রতি বলি উৎসর্গ করা উচিত, কিন্তু কিছু নিশ্চিত ধরনের পশুদের বলি দেওয়াটিকে তিনিই কেবল অনুমতি দেন।

ঈশ্বর সয়ং দ্বার বন্ধ করে দিয়েছিলেন

এটি জোর দেয় যে ঈশ্বর ছিলেন যিনি নিজেই দ্বার বন্ধ করে দিয়েছিলেন।

translationWords

- ঈশ্বর
- নোহ
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ

03:07

তখন বৃষ্টি হওয়া আরম্ভ হয়, কেবল বৃষ্টি আর বৃষ্টি। চল্লিশ দিন আর চল্লিশ রাত অবিরাম বৃষ্টি হল!জলরাশ মাটির ভিতর থেকেও বেরিয়ে এলো।সম্পূর্ণ পৃথিবীতে যাকিছু ছিল সবই **জলমগ্ন** হল, এমনকি উচ্চ পর্বতশৃঙ্গ সমূহও।

বৃষ্টি আর বৃষ্টি, কেবলই বৃষ্টি

এটি জোর দেয় যে তখন একটি অসাধারণ, চরম পরিমানের বৃষ্টি হয়েছিল। অন্যান্য ভাষাগুলো হয়ত একটি ভিন্ন পদ্ধতিতে এটিকে জোর দিয়ে প্রকাশ করবে।

জলমগ্ন

এটি ইঙ্গিত করে যে একটি বিশাল পরিমানের জল ফুঁটে এসেছিল।

সম্পূর্ণ পৃথিবী ডুবে গেল

এটি উল্লেখ করে যে পৃথিবীর সকল কিছু বন্যার জলে আচ্ছন্ন হয়ে গিয়েছিল।

03:08

সকল কিছু যা ভূমিতে বাস করত মারা গেল, কেবল জাহাজের লোকেরা আর প্রাণীরা বেঁচে থাকলো৷ জাহাজটি জলে ভাসতে থাকলো আর এর ভিতরের সবকিছু জলে ডোবার থেকে সুরক্ষিত থাকলো৷

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই৷)

translationWords

- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর

03:09



বৃষ্টি থামার পর, জাহাজটি জলে পাঁচ মাস পর্যন্ত ভাসলো, আর এই সময়ে জল নিচে নামা শুরু করলো।তারপর একদিন জাহাজ একটি পর্বতের গায়ে গিয়ে ঠেকলো, কিন্তু পৃথিবী এখনও জলমগ্ন ছিল।আরও তিন মাস পর, পর্বতের চূড়া দৃশ্যমান হল।

বৃষ্টি পরা থামলো

এটি এভাবে অনুবাদ করা যেতে পারে, “বৃষ্টি থেমে গেল।”

জাহাজটি ঠেকলো

বৃষ্টির দরুন এতটাই বেশি জল হয়েছিল যে তা পর্বতমালাদের ঢেকে দিয়েছিল। জাহাজটি পর্বত গুলোর উপর দিয়ে ভাসছিল, আর যখন জল নিচের দিকে নামতে শুরু করল, তখন জাহাজটি জলের সাথে সাথে নিচে নামতে থাকলো আর একটি পর্বতে গিয়ে থেমে গেল।

আরো তিন মাস

আগামী তিন মাসের সময়ে, জল অবিরত নিচের দিকে নামতে থাকলো।

পর্বতগুলো দেখা গেল

অন্যভাবে অনুবাদ করলে এটি হবে, “প্রতীয়মান হল” বা, “দৃশ্যমান হল” বা, “দেখা যেতে লাগলো।” এটা আরো স্পষ্ট হবে বলাটা, “তিন মাস পর, জল যথেষ্ট নিচে নেমে গেল যে নোহ আর তার পরিবার পর্বতগুলোর চূড়া স্পষ্টভাবে দেখতে পেলেন।

03:10

আরও চল্লিশ দিন পর, নোহ একটি পাখিকে যাকে দাঁড়কাকও বলা হয় জল শুকিয়েছে কিনা দেখতে পাঠালেন। দাঁড়কাকটি এদিক ওদিক উঁড়ে বেড়াল শুকনো ভূমির খোঁজে, কিন্তু পেল না।

দাঁড়কাক

একটি কালো পাখি যা উড়ে আর বিভিন্ন গাছ আর প্রানীদের খাদ্য হিসেবে খায়, এমনকি পশুদের পচা মাংসও খায়।

translationWords

- নোহ

03:11



তারপর নোহ একটি পাখি যাকে **কপোত** বলা হয় পাঠালেন।কিন্তু সেও কোনো শুকনো ভূমি পেল না, তাই সেও নোহর কাছে ফিরে এলো।এক সপ্তাহ পর কপোতটিকে পুনরায় আবার পাঠালেন, আর সেটি একটি **জলপাই গাছের ডাল** তার চঞ্চুতে করে নিয়ে ফিরে এলো।জল নিচে নামছিল, আর গাছপালা আবার বৃদ্ধি পাচ্ছিল।

কপোত

একটি ছোট, সাদা বা ধূসর উড়ন্ত পাখি যা বীজ বা ফল খায়।

জলপাই গাছের ডাল

একটি জলপাই গাছের ফল তেল ধারণ করে যা লোকেরা রান্নার জন্য ব্যবহার করে বা তাদের ত্বকে লাগায়।

যদি আপনার ভাষাটিতে “জলপাই গাছের ডাল” শব্দটির জন্য কোনো শব্দ না থেকে থাকে, তাহলে আপনি এটাকে এভাবে অনুবাদ করতে পারেন, “একটি গাছের ডাল যাকে “অলিভ” বলা হয়” বা, “তৈল

গাছের একটি ডাল।”

জল নিচে নামছিল

এটি হতে পারে আরো সরল আপনার ভাষায় যে, “জল দুরে সরে যাচ্ছিল” বা, “জলের স্তর কমছিল।”

translationWords

- নোহ

03:12



নোহ আরও এক সপ্তাহ অপেক্ষা করলেন আর কপোতটিকে তৃতীয়বার পাঠালেন। এইবার, সেটি আরাম করার জায়গা পেল আর ফিরে এলো না।জল শুকিয়ে গেল।

আরো এক সপ্তাহ অপেক্ষা

আপনি বলতে পারেন, “সাত দিন আরো অপেক্ষা করলেন।” “অপেক্ষা” শব্দটি দেখায় যে নোহ কপোতটিকে পুনর্বার বাইরে পাঠাবার পূর্বে বন্যার জলকে চলে যাওয়া পর্যন্ত অনুমতি দিচ্ছিলেন।

translationWords

- নোহ

03:13

দুমাস পর ঈশ্বর নোহকে বললেন, “তুমি ও তোমার পরিবার আর সকল প্রানীগন এখন জাহাজ থেকে বেরিয়ে আসতে পার।প্রজবন্ত ও বহুবংশীয় হও আর **পৃথিবী পরিপূর্ণ কর**। অতএব নোহ আর তার পরিবার জাহাজ থেকে বেরিয়ে আসলেন।

দু সপ্তাহ পর

এর অর্থ হল নোহ জাহাজটি থেকে কপোতটিকে ছাড়ার দু সপ্তাহ পর। এটা সুনির্দিষ্ট ভাবে বলা জরুরী হবে যদি এটা স্পষ্ট না হয়ে থাকে।

প্রচুর সন্তানবর্তী হও

এটা স্পষ্ট নিশ্চিত হওয়ার জন্য যে এটি ছিল ঈশ্বরের আজ্ঞা আর ইচ্ছে, আপনি বলতে পারেন, “তোমাদের প্রচুর সন্তান থাকতে হবে।” বা, “আমি চাই তোমাদের প্রচুর সন্তান হোক।”

পৃথিবী পরিপূর্ণ কর

যদি এটি স্পষ্ট না হয়, এটা বলা জরুরী যে, “এবং পৃথিবীকে মানুষের দ্বারা পরিপূর্ণ কর” বা, “যেন পৃথিবীতে প্রচুর পরিমানে মানুষ জন্মায়।”

translationWords

- ঈশ্বর
- নোহ

03:14

নোহের জাহাজ থেকে বেরিয়ে আসার পর, তিনি একটি বেদী বানালেন আর তাতে কিছু পশু যা উৎসর্গ করা যেতে পারে তা বলি দিলেন।ঈশ্বর বলিদানে আনন্দিত হলেন আর নোহকে ও তার পরিবারকে আর্শিবাদ করলেন।

পশু যা বলির জন্য ব্যবহারিত হত

অন্যভাবে এটিকে বলা যাবে, “তার প্রতি লোকেরা বলি দেওয়ার জন্য ব্যবহার করত।”

ঈশ্বর আনন্দিত হলেন

ঈশ্বর এই পশুগুলোর বলিদানের জন্য নোহের প্রতি আনন্দিত হলেন।

translationWords

- নোহ
- বেদী, যজ্ঞবেদী
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- ঈশ্বর
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ

03:15



ঈশ্বর বললেন, “আমি প্রতিজ্ঞা করছি আমি পুনরায় কখনও ভূমিকে শাপগ্রস্থ করব না লোকেদের দুষ্ট কার্যের জন্য, আর বন্যার দ্বারা **পৃথিবী**কেও নষ্ট করব না, যদিও লোকেরা তাদের শিশুকাল থেকেই পাপী।”

আর কখনো নয়

এর অর্থ হল, “আবার কখনো নয়” বা, “আর কোনো সময়ে নয়” বা, “সত্যি সত্যি পুনরায় নয়।” উদাহরণস্বরূপ: “আমি আর কখনো ভূমিকে অভিশপ্ত করব না” বা, “আমি কোনো সময়েও ভূমিকে পুনরায় অভিশপ্ত করব না” বা, “আমি সত্যি সত্যি আবার ভূমিকে অভিশপ্ত করব না।”

ভূমিকে অভিশপ্ত করা

মানুষের পাপের জন্য পৃথিবী আর অন্যান্য সৃষ্ট প্রাণীরা ভুগেছিল।

পৃথিবী

এটি উল্লেখ করে পৃথিবী ও সকল জীবিত প্রানীরা যারা এর উপর বসবাস করে।

মনুষ্য জাতি শৈশবকাল থেকেই পাপময়

এটি অন্যভাবে বললে এটি হবে, “মনুষ্যেরা তাদের সম্পূর্ণ জীবনই পাপময় কার্য করে।”

translationWords

- ঈশ্বর
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- অভিশাপ, অভিশপ্ত, অভিশাপগুলি, অভিশাপ দেওয়া
- মন্দ, দুষ্ট, দুষ্টতা
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

03:16



ঈশ্বর তখন তার প্রতিজ্ঞার চিহ্নস্বরূপ প্রথম রংধনু তৈরী করলেন।প্রত্যেক সময় যখন আকাশে রংধনু ওঠে, ঈশ্বর তার প্রতিজ্ঞা এবং তার লোকেদের কথা মনে করেন।

রামধণু

এটি হল অর্ধাকৃত বিভিন্ন রঙের ছটা যা বৃষ্টির পর আকাশে দেখা যায়।

একটি চিহ্ন

একটি চিহ্ন হল কিছু (একটি বস্তু বা ঘটনা) যা একটি নিশ্চিত অর্থ প্রকাশ করে বা যা কিছুর দিকে ইঙ্গিত করে যা সত্য বা ঘটতে চলেছে।

তাঁর প্রতিজ্ঞার একটি চিহ্নস্বরূপ

কিছু ভাষায় এটি আরো ভালো ভাবে বলা যেতে পারে, “তিনি যে প্রতিজ্ঞা করেছিলেন তা দেখাতে।”

প্রতিবার

এটি নিশ্চিত করুন যে এর অর্থ হল সেই সময় থেকে প্রতিবার যখন রামধণু এটি অন্তর্ভুক্ত করা প্রয়োজন, “তখন থেকে, প্রতিবার।”

যে তিনি প্রতিজ্ঞা করেছেন

এটি পূর্ববর্তী কাঠামোকে উল্লেখ করে যেখানে ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন পৃথিবীকে বন্যার দ্বারা আর কখনো বিনাশ করবেন না।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-আদিপুস্তক ৬-৮

translationWords

- ঈশ্বর
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি

অব্রাহামের সাথে ঈশ্বরের নিয়ম

04:01

বন্যার বহুবছর পর, পৃথিবীতে আবার বহু লোক হলেন, আর তারা একটিই ভাষা বলতেন।যেমন ঈশ্বর বলেছিলেন যে পৃথিবী পরিপূর্ণ কর তা করার চেয়ে, তারা একত্র হলেন ও **একটি নগর** স্থাপন করলেন।

বন্যার বহু বছর পর

বন্যার শেষ হওয়ার পর বহু প্রজন্ম পার হয়ে গিয়েছিল।

পুনরায় বহু লোক

নোহের পরিবার বহু পরিবারে বৃদ্ধি পেয়েছিল নগরটিকে পরিপূর্ণ করার জন্য।

এক ভাষা

এর অর্থ হল কেবল একটি ভাষা, যেন তারা একেঅপরকে বুঝতে পারে।

একটি নগর

এটি ভালো হবে “নগরের” জন্য একটি সাধারণ শব্দের ব্যবহার করা যেহেতু বাক্য আমাদের কোনো নির্দিষ্ট নাম দেয় নি।

translationWords

- ঈশ্বর

04:02



তারা খুব গর্বিত ছিলেন, আর তারা পরোয়া করলেন না যে ঈশ্বর তাদের কি আদেশ দিয়েছিলেন।এমনকি তারা একটি মিনারের নির্মান করা শুরু করলেন যা **স্বর্গ** পর্যন্ত পৌঁছায়।ঈশ্বর দেখলেন যে তারা পাপ কার্য করতে যদি একত্র কার্য করতে থাকে, তাহলে তারা আরও পাপপূর্ণ কার্য করবে।

স্বর্গস্পর্শী মিনার

এই পরিকাঠামোটি এতটাই উচ্চ ছিল যে এর চূড়া আকাশে পৌঁছাত।

স্বর্গ

এটিকে, “আকাশ” হিসেবে অনুবাদ করতে হবে।

translationWords

- গর্বিত, গর্বিতভাবে, অহংকার, গর্ব করে
- ঈশ্বর
- স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয়
- মন্দ, দুষ্ট, দুষ্টতা
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

04:03



তাই ঈশ্বর তাদের ভাষা **বিভিন্ন ভাষা**তে পরিবর্তন করলেন তাদের পৃথিবীর বিভিন্ন প্রান্তে ছড়িয়ে দিলেন। যে নগর তারা বানিয়েছিলেন তার নাম ছিল **বাবিল**, যার মানে হল, “বিভ্রান্তকর।”

তাদের ভাষা বদলালেন

তক্ষনাৎ, ঈশ্বর চমৎকার ভাবে তাদের কথা বলার জন্য বিভিন্ন ভাষা দিয়েছিলেন যেন হঠাৎকরে তারা আর একে অপরকে বুঝতে না পারে ।

বিভিন্ন ভাষা

একটি বিশাল লোকের দল একটিই ভাষা বলার চেয়ে, এখন সেখানে বহু ছোট ছোট লোকের দল হল আর প্রত্যেক দল তাদের নিজের ভাষায় কথা বললেন।

লোকেদের ছড়িয়ে দিলেন

যখন ঈশ্বর তাদের ভাষা বদলে দিলেন, তখন তিনি এই লোকেদের দলগুলোকে পৃথিবীতে ছড়িয়ে দিলেন আর প্রত্যেক দল তাদের নিজের এলাকায় চলে গল।

বাবিল

আমরা এই নগরের সঠিক অবস্থানটি জানি না, এটি প্রাচীন মধ্য

বিভ্রান্তি

এটি উল্লেখ করে যে ঈশ্বরের ভাষা বদলাবার পর কিভাবে লোকেরা বিভ্রান্তে বা, “গোলমালে” পরে গিয়েছিল যখন তারা আর একেঅপরের কথা বুঝতে পারল না।

translationWords

- ঈশ্বর

04:04

একশ বছর পর, ঈশ্বর এক ব্যক্তির সাথে কথা বললেন যার নাম ছিল অব্রাম।ঈশ্বর তাকে বললেন, “তুমি তোমার দেশ ও পরিজনদের ছেড়ে সেই ভূমিতে যাও যা আমি তোমাকে দেখাবো।আমি তোমায় আর্শিবাদ করব ও তোমায় এক বৃহৎ জাতি বানাবো।আমি **তোমার নাম মহান করব**।আমি তাকে আর্শিবাদ করব যে তোমায় আর্শিবাদ করবে আর তাকে শাপ দেব যে তোমায় শাপ দেব। পৃথিবীর সকল পরিবার তোমার কারনে আর্শিবাদ পাবে।

শত শত বছর পর

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “বাবিলে লোকেদের ভিন্ন ভাষায় আলাদা হওয়ার বহু প্রজন্মের পরে।”

তোমার দেশ ত্যাগ কর

এটি উল্লেখ করে যে এলাকায় অব্রাম জন্মে ছিলেন আর বড় হয়েছিলেন (সেন্ট্রাল এশিয়ার একটি এলাকা যাকে “উর” বলা হত)। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “একটি অঞ্চল” বা, “মাতৃভূমি” বা তেমনই কিছু একটা।

আর পরিজনদের ত্যাগ কর

ঈশ্বর অব্রামকে তার বেশিরভাগ পরিজনদের ছেড়ে চলে আসার আহ্বান দিয়েছিলেন। যাইহোক, ঈশ্বর অব্রামকে তার সেই পরিজনদের পরিত্যাগ করতে বলেন নি যাদের দায়িত্ব তার উপর রয়েছে যেমন তার স্ত্রী।

তোমাকে একটি মহান জাতি করব

ঈশ্বর অব্রামকে প্রচুর সন্তান দেবেন, আর তারা একটি বিরাট আর গুরুত্বপূর্ণ জাতি বা দেশে পরিণত হবে।

তোমার নাম মহান করব

এর অর্থ হল অব্রামের নাম আর পরিবার পৃথিবীতে সুপরিচিত হবেন আর লোকেরা তাদের সুনাম করবে।

পৃথিবীর সকল জাতি

ঈশ্বরকে অনুস্মরণ করার অব্রামের নির্ণয়টি কেবল তার পরিবারকেই নয় বরং পৃথিবীর সকল গোষ্ঠির লোকেদেরই প্রভাবিত করবে।

translationWords

- ঈশ্বর
- আব্রাহাম, আব্রাম
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- অভিশাপ, অভিশপ্ত, অভিশাপগুলি, অভিশাপ দেওয়া

04:05



তাই অব্রাম ঈশ্বরের আজ্ঞাকারী হলেন।তিনি তার স্ত্রী, সারাইকে সাথে নিলেন, সাথে তার সকল চাকর ও যা কিছু তার কাছেছিল নিলেন আর সেই ভূমিতে গেলেন যা ঈশ্বর তাকে দেখিয়েছিলেন, যেটি ছিল **কনান দেশ**।

তিনি সঙ্গে নিলেন

কিছু কিছু ভাষা এখানে বলে, “তিনি সঙ্গে আনলেন।” অন্যরা এখানে দুটি ক্রিয়া শব্দের প্রয়োগ করে, যেমন, “তিনি তার স্ত্রীকে তার সাথে আসতে বাধ্য করলেন” আর, “তিনি তার সাথে তার চাকরদের আর সম্পত্তি নিজের সাথে আনলেন।”

ঈশ্বর তাকে দেখিয়ে ছিলেন

কোনোভাবে হয়ত ঈশ্বর এটি অব্রামকে স্পষ্ট করেছিলেন যে কোথায় তিনি চলেছেন। বাক্য আমাদের বলে না যে কিভাবে ঈশ্বর তাকে তা দেখিয়েছিলেন।

কনান দেশ

এই ভূমিটির নাম ছিল “কনান”। এটি এভাবে অনুবাদ করা যাবে, “ভূমি যাকে কনান বলা হত।”

translationWords

- আব্রাহাম, আব্রাম
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- ঈশ্বর
- সারা, সারী
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- কনান, কনানীয়, কনানীয়রা

04:06

যখন অব্রাম কনান দেশে পৌঁছালেন, ঈশ্বর তাকে বললেন, “তোমার চারিদিকে দেখ।এই ভূমি যা তুমি দেখছ তা আমি তোমাকে ও তোমার বংশকে উত্তরাধিকাররূপে দেব। তারপর অব্রাম সেই ভূমিতে অবস্থান করলেন।

এই সকল ভূমি যা তুমি দেখতে পারছ

যদি অব্রাম একটি পর্বতে দাঁড়িয়ে থাকেন তাহলে তিনি খুব বড় এলাকা দেখে থাকবেন। কতিপয় ঘটনায় ঈশ্বর অব্রাম ও তার উত্তরাধিকারদের কাননের সম্পূর্ণ ভূমিটিকে দেওয়ার প্রতিজ্ঞা করেছিলেন।

উত্তরাধিকার স্বরূপ

ঈশ্বর আব্রাম ও তার উত্তরাধিকারদের ভূমি দিয়েছিলেন যেমন একজন পিতা তার ভূমি ও সম্পত্তি তার সন্তানেদের দেন।

অব্রাম সেই ভূমিতে বসবাস করলেন

অব্রাম সেখানে বসবাস করলেন তাদের সাথে যারা তার সাথে সেখানে গিয়েছিলেন।

translationWords

- আব্রাহাম, আব্রাম
- কনান, কনানীয়, কনানীয়রা
- ঈশ্বর
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- উত্তারিধিকারী, উত্তারাধিকার, ঐতিহ্য, বংশ

04:07



একদিন, অব্রাম মল্কীযেদক **সর্বশক্তিমান ঈশ্বর**ের যাজকের সাথে সাক্ষাৎকার করেন। মল্কীযেদক অব্রামকে আর্শিবাদ করলেন আর বললেন, “আকাশ ও পৃথিবীর সর্বশক্তিমান ঈশ্বর তোমায় আর্শিবাদকরেন।তারপর অব্রাম মল্কিযেদককে তার সকল সম্পত্তির দশ ভাগ দিলেন।

মল্কীষেদক

মল্কীষেদক কননের একজন ধর্মীয় ব্যক্তি ছিলেন যিনি ঈশ্বরের জন্য উপহার গ্রহণ ও প্রস্তুত করতেন।

সর্বশক্তিমান ঈশ্বর

কনানের লোকেরা বহু মিথ্যে দেবদেবীর আরাধনা করত। এই নামটি, “সর্বশক্তিমান ঈশ্বর” বর্ণনা দেয় যে ঈশ্বরকে মল্কীষেদক আরাধনা করতেন তিনি সেই সকল দেবদেবীর তুলনায় অনেক মহান ছিলেন আর সেই একই ঈশ্বর ছিলেন যার আরাধনা অব্রাম করতেন।

translationWords

- আব্রাহাম, আব্রাম
- যাজক, যাজকগণ, যাজকবর্গ
- ঈশ্বর
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয়

04:08

অনেক বছর পেরিয়ে গেল, কিন্তু অব্রাম ও সারাইয়ের কোনো সন্তান হল না।ঈশ্বর পুনরায় অব্রামের সাথে কথা বললেন আর প্রতিজ্ঞা করলেন যে তার একটি পুত্র হবে আর আকাশের নক্ষত্রগনের ন্যায় তার বংশ হবে। অব্রাম ঈশ্বরের প্রতিজ্ঞায় বিশ্বাস করলেন।ঈশ্বর ঘোষণা করলেন যে অব্রাম ধার্মিক কেননা তিনি তার প্রতিজ্ঞায় বিশ্বাস করলেন।

বহু বছর

ঈশ্বরের প্রথমবার প্রতিজ্ঞা করার বহু বছর পর যে অব্রামের একটি পুত্র হবে।

আকাশের নক্ষত্রদের ন্যায়

এই রূপকটির অর্থ হল যে আব্রাহামের প্রচুর সন্তান সন্ততি হবে যে তাদের কেউই গণনা করতে পারবে না।

translationWords

- আব্রাহাম, আব্রাম
- সারা, সারী
- ছেলে, পুত্র
- ঈশ্বর
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- ধার্মিক, ধার্মিকতা, অধার্মিক, অধার্মিকতা, ন্যায়পরায়ণতা, ন্যায়পরায়ণতা

04:09



তারপর ঈশ্বর অব্রামের সাথে একটি নিয়ম স্থির করলেন।একটি নিয়ম হল দু দলের মধ্যেকার চুক্তি।ঈশ্বর বললেন, "আমি তোমার দেহ থেকেই একটি পুত্র দেব।আমি তার বংশকে কননের ভূমি দেব।কিন্তু অব্রামের তখনও কোনো সন্তান ছিল না।

দুটি দলসমূহ

দল সমূহ বলতে দুজনও হতে পারে, দুটি সম্প্রদায় হতে পারে, বা একটি ব্যক্তি ও একটি গোষ্ঠীও হতে পারে। এই ক্ষেত্রে ঈশ্বর ও অব্রামের মধ্যে সম্মতি বোঝায়।

তোমার নিজ দেহ থেকে

তার নিজ শরীর দ্বারা অব্রাম তার স্ত্রীকে গর্ভবতী করবেন, যেন দুজনের দ্বারা তাদের প্রাকৃতিক পুত্র সন্তান হয়। এটি একটি অদ্ভুত প্রতিজ্ঞা ছিল, যেহেতু তখন অব্রাম ও সারী খুবই বৃদ্ধ ছিলেন।

পুত্র ছিল না

অব্রামের তখনও কোনো সন্তান ছিল না যে সেই দেশটিতে রাজত্ব করে।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-আদিপুস্তক ১১-১৫

translationWords

- ঈশ্বর
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- আব্রাহাম, আব্রাম
- ছেলে, পুত্র

- কনান, কনানীয়, কনানীয়রা
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি

প্রতিজ্ঞার পুত্র

05:01

কনানে পৌঁছনোর দশ বছর পর, তখনও তাদের কোনো সন্তান ছিল না।অতএব অব্রামের স্ত্রী সারাই, তাকে বললেন, “যেহেতু ঈশ্বর আমাকে সন্তান জন্মাবার অনুমতি দিচ্ছেন না আর আমি এখন খুবই বৃদ্ধা সন্তান উৎপন্ন করার জন্য, আমার চাকরানী হাগারকে গ্রহণ করুন। তাকে বিবাহও করুন যেন তিনি আমার জন্য সন্তান উৎপন্ন করেন।”

তখনও সন্তান ছিল না

সন্তানহীন, অব্রামের কোনো উত্তরাধিকারী ছিল না একটি মহান জাতি হওয়ার জন্য।

তাকেও বিবাহ করুন

অব্রাম হাগারকে দ্বিতীয় স্ত্রী রূপে বিবাহ করতে পারেন কিন্তু হাগার সারীর ন্যায় সম্পূর্ণ মর্যাদা পাবেন না। সে তথাপি সারীর সেবিকাই থাকবেন।

আমার জন্য একটি সন্তান জন্মাবে

যেহেতু হাগার সারীর সেবিকা ছিলেন, তাই সারী হাগারের দ্বারা উৎপন্ন কোনও সন্তানের মাতা হবেন।

translationWords

- আব্রাহাম, আব্রাম
- সারা, সারী
- কনান, কনানীয়, কনানীয়রা
- ঈশ্বর
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- হাগার

05:02

অতএব অব্রাম তাকে **বিবাহ করলেন**।হাগারের একটি পুত্র সন্তান হল, আর অব্রাম তার নাম রাখলেন ইসমাইল।কিন্তু হাগারের প্রতি সারাই-এর হিংসে হল।যখন ইসমাইলের বয়স তেরো বছর হল, ঈশ্বর অব্রামের সাথে আবার কথা বললেন।

বিবাহ করলেন

হাগার অব্রামের উপপত্নী বা নিচু মর্যাদার “দ্বিতীয় স্ত্রী” হয়েছিলেন। হাগার তখনও সারীর সেবিকাই ছিলেন।

হাগারের প্রতি ঈর্ষা হল

সারী হাগারের প্রতি ঈর্ষান্বিত হয়েছিলেন কারন হাগার সন্তানবর্তী ছিলেন কিন্তু সারী ছিলেন না।

translationWords

- আব্রাহাম, আব্রাম
- হাগার
- ইসমাইল, ইসমাঈলী, ইসমাঈলী
- সারা, সারী
- ঈশ্বর

05:03

ঈশ্বর বললেন, “আমি হলাম সর্বশক্তিমান ঈশ্বর।আমি তোমার সাথে নিয়ম স্থির করব।” তখন অব্রাম ভূমিষ্ট হয়ে প্রনাম করলেন।ঈশ্বর অব্রামকে আরও বললেন, “তুমি অনেক জাতির পিতা হবে।আমি তোমাকে ও তোমার বংশগনকে তাদের সম্পত্তি রূপে কনানভূমি দান করব আর আমি চিরকালের জন্য তাদের ঈশ্বর হব।তুমি নিশ্চয়ই তোমার পরিবারের সকল পুরুষের ত্বকছেদ করবে।”

বহু জাতির পিতা

অব্রামের প্রচুর সন্তান হবে আর তাদের নিজস্ব ভূমি আর রাজত্ব হবে। তারা ও অন্যেরা স্মরণ করবে যে অব্রাম তাদের পূর্বপুরুষ ছিলেন আর তার সন্মান করবে।

আমি তাদের ঈশ্বর হব

অন্যভাবে এটাকে বললে, “আমি হব ঈশ্বর যাকে তারা আরাধনা করবে।”

পরিবারের প্রত্যকটি পুরুষ

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “প্রত্যেক ছেলে ও পুরুষ তোমার পরিবারের।” এটি অব্রামের সেবক ও আর বংশধরদের অন্তর্ভুক্ত করে।

translationWords

- ঈশ্বর
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- আব্রাহাম, আব্রাম
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- কনান, কনানীয়, কনানীয়রা
- ত্বকছেদ করা, ত্বকছেদ, খৎনা, অচ্ছিন্নত্বক, অত্বকছেদ

05:04

“তোমার স্ত্রী, সারাই-এর, একটি পুত্র সন্তান হবে –সে নিয়মের সন্তান হবে।তার নাম ইসহাক রেখো।আমি তার সাথে আমার নিয়ম স্থির করব, আর সে একটি মহান জাতি হবে।আমি ইসমাইলকেও একটি বৃহৎ জাতি করব, কিন্তু আমার নিয়ম থাকবে ইসহাকের সাথে।”তখন ঈশ্বর অব্রামের নাম অব্রাহাম রাখলেন, যার মানে হল “বহুলোকের পিতা।”ঈশ্বরও সারাই-এর নাম সারা করলেন, যার মানে হল “**রাজকুমারী**।”

(ঈশ্বর অব্রামের সাথে কথা নিয়ত বলতেন।)

প্রতিজ্ঞার পুত্র

ইসহাক হলেন সেই পুত্র যার বিষয়ে ঈশ্বর অব্রাম ও সারীকে প্রতিজ্ঞা করেছিলেন। সে সেই পুত্র হবে যাকে ঈশ্বর অব্রামকে প্রচুর বংশধর দেওয়ার জন্য ব্যবহার করবেন।

আমি আমার নিয়ম তার সাথে স্থির করব

এটি এই একই নিয়ম যা ঈশ্বর অব্রামের সাথে স্থাপন করেছিলেন।

বহুজনের পিতা

যেমনটি ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে অব্রাহাম বহু লোকের পূর্বপুরুষ হবেন ও যিনি বহু জাতির পিতাও হবেন।

রাজকুমারী

রাজকুমারী হল রাজার কন্যা। সারী ও সারা দুটি নামেরই অর্থ হল “রাজকন্যা।” কিন্তু ঈশ্বর তার নাম বদলালেন এটি নিরুপণ করতে যে তিনি বহু জাতির মাতা হবেন আর তার কিছু উত্তরাধিকারীরা রাজা হবেন।

translationWords

- সারা, সারী
- ছেলে, পুত্র
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি

- ইসাহাক
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- ইসমাইল, ইসমাঈলী, ইসমাঈলী
- ঈশ্বর
- আব্রাহাম, আব্রাম
- সারা, সারী

05:05



সেই দিন অব্রাহাম তার পরিবারের সকল পুরুষের ত্বকছেদ করেন।প্রায় এক বছর পর, যখন অব্রাহাম ১০০ বছরের বয়স ও সারা ৯০ বছরের ছিলেন, সারা আব্রাহামের সন্তানের জন্ম দেন।তারা তার নাম ইসহাক রাখলেন যেমনটি ঈশ্বর তাদের করার জন্য বলেছিলেন।

তার গৃহের সকল পুরুষের

এর অর্থ হল পুরুষ ও ছেলেদের যাদের দায়িত্ব অব্রাহামের উপর ছিল, তার যুবক ও বৃদ্ধ সেবকজন।

translationWords

- আব্রাহাম, আব্রাম
- ত্বকছেদ করা, ত্বকছেদ, খৎনা, অচ্ছিন্নত্বক, অত্বকছেদ
- সারা, সারী
- ছেলে, পুত্র
- ইসাহাক
- ঈশ্বর

05:06

যখন ইসহাক একজন বালক ছিলেন, ঈশ্বর অব্রাহামের বিশ্বাসকে পরীক্ষা করার জন্য বললেন, “ইসহাককে সাথে নেও, তোমার একমাত্র সন্তানকে, আর তাকে আমার জন্য বলি রূপে উৎসর্গ কর।” পুনরায় অব্রাহাম ঈশ্বরের আজ্ঞাকারী হলেন আর তার পুত্রের বলির জন্য প্রস্তুতি নিলেন।

ঈশ্বর অব্রাহামের বিশ্বাসের পরীক্ষা নেন

ঈশ্বর চেয়েছিলেন যেন অব্রাহাম তাঁকে দেখায় যে তিনি সম্পূর্ণরূপে ঈশ্বরের অধীন, যেন যাকিছু ঈশ্বর তাকে বলে করতে তিনি তা পালন করেন।

হত্যা কর

ঈশ্বর মনুষ্য বলি চাইতেন না। ঈশ্বর দেখতে চয়েছিলেন যে অব্রাহাম ঈশ্বরকে তার পুত্রকে ভালবাসার চেয়েও বেশি ভালোবাসেন আর ঈশ্বরের আজ্ঞাকারী হবেন তখনও যখন ঈশ্বর তাকে বলবেন ঈশ্বরকে তার পুত্র ফিরিয়ে দিতে।

বলি দিতে প্রস্তুতি

অব্রাহাম তার পুত্রকে বলি দিতে তৈরী হলেন। ঈশ্বর তাকে তার পুত্রকে মারার আগেই থামান।

translationWords

- ইসাহাক
- ঈশ্বর
- আব্রাহাম, আব্রাম
- বিশ্বাস
- ছেলে, পুত্র
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী

05:07

যখন অব্রাহাম ও ইসহাক বলির স্থানের দিকে যাচ্ছিলেন, ইসহাক জিজ্ঞাসা করলেন, “পিতা, আমাদের কাছে **বলির জন্য কাঠ** আছে, কিন্তু ভেড়া কোথায় ?” অব্রাহাম বললেন, “হে বৎস, ঈশ্বর বলির জন্য ভেড়া প্রদান করবেন।”

বলির স্থানে যাচ্ছিলেন

ঈশ্বর অব্রাহামকে বলির জন্য একটি নির্দিষ্ট উচুঁ পাহাড়ের বিষয়ে বলেছিলেন যা তাদের বসবাস স্থান থেকে পায়ে হেঁটে তিন দিনের পথ ছিল।

বলির জন্য কাঠ

বলির জন্য

মেষ

ছোট বয়সের ভেড়া বা ছাগল সাধারনত বলি দেওয়া হত।

সরবরাহ করবেন

অব্রাহামের হয়ত বিশ্বাস ছিল যে ইসহাক “সেই মেষ” ছিল যা ঈশ্বর প্রদান করেছেন, যদিও ঈশ্বর অব্রাহামের কথা রেখেছিলেন ইসহাকের জায়গায় বলি দেওয়ার জন্য মেষ সরবরাহ করে।

translationWords

- আব্রাহাম, আব্রাম
- ইসাহাক
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- মেষশাবক, ঈশ্বরের মেষশাবক
- ঈশ্বর

05:08



যখন তারা বলির স্থানে পৌঁছালেন, অব্রাহাম ইসহাককে বাঁধলেন আর বেদির উপর তাকে রাখলেন। তিনি তার পুত্রকে মারতে চলেছিলেন তখনি ঈশ্বর বললেন, “থাম!বালকটিকে আঘাত কর না !এখন আমি জানতে পারলাম যে তুমি আমাকে বেশি ভয় কর কেননা তুমি **তোমার একমাত্র পুত্র**কেও রাখতে চাওনি।

তার পুত্রকে মারা

ঈশ্বর মনুষ্য বলি চেয়েছিলেন না। ঈশ্বর চেয়েছিলেন দেখতে যে অব্রাহাম ঈশ্বরকে তার পুত্রকে ভালবাসার চেয়েও বেশি ভালোবাসেন কি না ,আর ঈশ্বরের আজ্ঞাকারী হবেন তখনও যখন ঈশ্বর তাকে বলবেন ঈশ্বরকে তার পুত্র ফিরিয়ে দিতে। থামো!

ছেলেটিকে আঘাত কর না!

ঈশ্বর ইসহাককে রক্ষা করেন আর অব্রাহামকে তাকে মারার থেকে থামান।

তুমি আমার ভয় রাখো

অব্রাহাম ঈশ্বরকে ভয় করতেন যা ঈশ্বরের প্রতি সন্মান ও আদরকে অন্তর্ভুক্ত করে। এই কারণেই তিনি ঈশ্বরের আজ্ঞাকারী হয়েছিলেন।

তোমার একমাত্র পুত্র

ইশ্মায়েলও অব্রাহামের পুত্র ছিলেন কিন্তু ইসহাকই কেবল অব্রাহাম ও সারার পুত্র ছিলেন। ঈশ্বরের নিয়ম ইসহাকের সাথে ছিল আর ইসহাকের দ্বারা ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা পূর্ণ করবেন।

translationWords

- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- আব্রাহাম, আব্রাম
- ছেলে, পুত্র
- ইসাহাক

- বেদী, যজ্ঞবেদী
- ঈশ্বর

05:09

নিকটে অব্রাহাম একটি ভেড়াকে একটি ঝোপের আড়ালে বাঁধা দেখলেন।ঈশ্বর ইসহাকের বিনিময়ে উৎসর্গ করার জন্য একটি ভেড়া প্রদান করলেন।অব্রাহাম উল্লাসের সাথে সেই ভেড়াটিকে একটি বলিরূপে উৎসর্গ করলেন।

একটি মেষ

মেষ হল একটি ভেড়া। ঈশ্বরকে বলি চড়ানো যোগ্য পশুদের মধ্যে মেষও একটি পশু ছিল।

ঈশ্বর মেষটিকে সরবরাহ করেন

ঠিক সঠিক সময়ে, ঈশ্বর মেষটিকে একটি ঝোঁপে আটকিয়ে দিয়েছিলেন।

translationWords

- আব্রাহাম, আব্রাম
- ঈশ্বর
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- ইসাহাক

05:10



তারপর ঈশ্বর অব্রাহামকে বললেন, “কেননা তুমি আমাকে সবকিছু দিতে ইচ্ছুক, এমনকি **তোমার একমাত্র পুত্র**কেও, আমি প্রতিজ্ঞা করছি তোমাকে আর্শিবাদ করব।তোমার উত্তরাধিকারীরা আকাশের নক্ষত্রগনের থেকেও অধিক হবে।কেননা তুনি আমার আজ্ঞাকারী হয়েছ, তোমার পরিবারের দ্বারা **পৃথিবীর সকল পরিবার** আর্শিবাদ প্রাপ্ত হবে।

তোমার একমাত্র পুত্র

05-08-এর বর্ণনাটি দেখুন। আকাশের নক্ষত্রদের- 04-05-এর বর্ণনাটি দেখুন।

পৃথিবীর সকল পরিবার

এখানে “পরিবার” উল্লেখ করে পৃথিবীর উপর বিভিন্ন জাতি বা গোষ্ঠীদের, একটি পিতামাতা ও সন্তানদের মিলিয়ে পরিবারকে নয়।

তোমার পরিবারের মাধ্যমে আর্শিবাদিত

এখানে, “পরিবার” বলতে অব্রাহামের প্রচুর বংশধরদের বোঝাচ্ছে। পৃথিবীর ভবিষ্যতের প্রজন্মসকল অব্রাহামের বংশধরদের কারণে অশির্বাদিত হবে।

সবচাইতে বড় আর্শিবাদ আসবে বহু প্রজন্মের পর ঈশ্বরের নির্বাচিত দাস

এর মাধ্যমে যিনি হলেন খ্রীষ্ট বা মসীহ।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-আদিপুস্তক ১৬-২২

translationWords

- ঈশ্বর
- আব্রাহাম, আব্রাম
- ছেলে, পুত্র
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী

ঈশ্বর ইসহাককে সরবরাহ করেন

06:01

যখন অব্রাহাম অনেক বৃদ্ধ হয়ে পরেন, তার পুত্র, ইসহাক, একজন প্রাপ্ত বয়স্ক পুরুষে পরিণত হন।তাই অব্রাহাম তার পরিচারককে তার আত্মীয়রা যে ভূমিতে থাকতেন সেখানে পাঠালেন যেন তার পুত্রের জন্য বধু নিয়ে আসেন।

তার চাকরদের একজনকে পাঠালেন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "তার একজন চাকরকে ফিরে যাও বললেন।" "ফিরে যাও" শব্দটির অর্থ হল যে বহু বছর আগে কনানে আসার পূর্বে অব্রাহাম যে স্থানে বসবাস করতেন সেই স্থানে চাকরটিকে যেতে বললেন। নিশ্চিত হন যে এই অংশটির অনুবাদ সেই ভাবটিকে স্পষ্ট করে।

সেই ভূমিতে

অব্রাহামের বর্তমান স্থানের পূর্বে এই স্থানটি ছিল।

ইসহাক, তার পুত্রের জন্য একটি স্ত্রী নিয়ে আসতে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "একটি কুমারী কন্যা ইসহাকের সাথে বিবাহের জন্য নিয়ে এসো।

translationWords

- আব্রাহাম, আব্রাম
- ছেলে, পুত্র
- ইসাহাক
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা

06:02

সেই এলাকায় যেখানে অব্রাহামের আত্মীয়রা বসবাস করতেন সেখানে একটি দীর্ঘ যাত্রা করার পর, ঈশ্বর সেই পরিচারককে রিবিকার কাছে নিয়ে আসেন।তিনি **অব্রাহামের ভাইয়ের নাতনী** ছিলেন।

অব্রাহামের ভাইয়ের নাতনী

নির্দিষ্টভাবে, তিনি অব্রাহামের ভাইয়ের ছেলের মেয়ে ছিলেন। তার পিতামহ অব্রাহামের ভাই ছিলেন।

translationWords

- আব্রাহাম, আব্রাম
- ঈশ্বর
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- রেবেকা

06:03

রিবিকা তার পরিজনদের ছাড়তে আর পরিচারকের সাথে ইসহাককের গৃহে যেতে রাজি হলেন।তার পৌঁছানোর পরেই ইসহাক তাকে বিবাহ করলেন।

রিবিকা রাজি হন

যদিও রিবিকার পিতামাতা তার বিয়ের আয়োজন করছিলেন, তবুও তারা তাকে ইসহাককে বিবাহ করার জন্য জোর করেন নি।

translationWords

- রেবেকা
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- ইসাহাক

06:04

অনেককাল পর, অব্রাহাম মারা গেলেন আর নিয়মের সেই সব প্রতিজ্ঞা যা ঈশ্বর তার প্রতি করেছিলেন তা ইসহাককে দেওয়া হল। ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে অব্রাহামের অগণিত বংশ হবে, কিন্তু ইসহাককের স্ত্রী, রিবিকার কোনো সন্তান হল না।

প্রতিজ্ঞাগুলো ইসহাকের কাছে চলে গেল

নিয়মের প্রতিজ্ঞাগুলো যা ঈশ্বর অব্রাহামের সাথে করেছিলেন তা কেবল তার জন্যেই ছিল না, বরং তার উত্তরাধিকারীদের জন্যেও ছিল।

অসংখ্য

এটিকে এমনভাবেও অনুবাদ করা যেতে পারে, “অনেক অনেক।”

“অসংখ্য” শব্দটির অর্থ হল এতটাই সন্তান

সন্ততি হবে যে লোকেরা তাদের গণনা করতে পারবে না।

translationWords

- আব্রাহাম, আব্রাম
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- ঈশ্বর
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- ইসাহাক
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- রেবেকা

06:05

ইসহাক রিবিকার জন্য প্রার্থনা করলেন, আর ঈশ্বর তাকে যমজ শিশুর দ্বারা গর্ভবতী হতে অনুমতি দিলেন।শিশু দুটি একেঅপরের সাথে সংঘর্ষ করেছিলেন যখন তারা **রিবিকার গর্ভে**ই ছিলেন, তাই রিবিকা ঈশ্বরকে জিজ্ঞাসা করলেন যে এটা কি হচ্ছে।

রিবিকার গর্ভে

তা হল, “তার ভিতরে।”

translationWords

- ইসাহাক
- রেবেকা
- ঈশ্বর

06:06

ঈশ্বর রিবিকাকে বললেন, “তোমার ভেতরের দুটি সন্তান থেকে দুটো জাতি উৎপন্ন হবে।তারা একেঅপরের সাথে সংঘর্ষ করবে আর জ্যেষ্ঠজন কনিষ্টজনের সেবা করবে।”

দুটি পুত্র থেকে

তা হল, “দুটি পুত্রের সন্তানদের থেকে।”

তারা একেঅপরের সাথে সংঘর্ষ করবে

পুত্র দুটি ও তাদের দ্বারা আগত সন্তানরা একেঅপরের সাথে অবিরাম লড়াই করবে। 06-05-এর সাথে তুলনা করুন।

জ্যেষ্ঠ পুত্র

যদিও সেই সন্তান দুটি যমজ ছিল, তবুও প্রথম শিশুটিকে জ্যেষ্ঠ বলে গন্য করা হয়।

কনিষ্ঠজনের সেবা করবে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “জ্যেষ্ঠজনকে সেই সব আজ্ঞা পালন করতে হবে যা কনিষ্ঠজন তাকে করার আদেশ দেবে।”

translationWords

- ঈশ্বর
- রেবেকা
- ছেলে, পুত্র

06:07



যখন রিবিকার শিশুগুলো জন্ম নিলেন, জ্যেষ্ঠজন রক্তবর্ণ ও **লোমযুক্ত** বেরিয়ে এলেন, আর তারা তার নাম এষৌ রাখলেন। তারপর কনিষ্টজন জ্যেষ্ঠজনের গোড়ালি ধরে বেরিয়ে এল, আর তারা তার নাম যাকোব রাখলেন।

রিবিকার সন্তানদের জন্ম হল

অন্য ভাষাগুলোতে এটিকে আরও একটু ঘুরিয়ে বলা হয়েছে, "যখন রিবিকা দেখলেন আর তাদের নিলেন" বা, "যখন রিবিকা তাদের আলোতে আনলেন।

জ্যেষ্ঠ পুত্র \ কনিষ্ঠ পুত্র

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "প্রথমে বেরিয়ে আসা পুত্রটি\ পরে বেরিয়ে আসা পুত্রটি।" নিশ্চিত হন যে "জ্যেষ্ঠ" আর "কনিষ্ঠ" শব্দটির অনুবাদ ভালোভাবে যেন এটি প্রকাশ করে যে শিশু দুটি যমজ ছিল।

লাল

এর অর্থ হতে পারে যে তার ত্বক খুব রক্তাক্ত বর্ণের ছিল বা তার শরীরের অতিরিক্ত লোমগুলোর রং লাল ছিল।

লোমযুক্ত

এষৌর শরীরে প্রচুর লোম ছিল। আপনি বলতে পারেন, "জ্যেষ্ঠজনের শরীর লালবর্ণের ছিল, প্রচুর লোমের সাথে।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে আদিপুস্তক ২৪:১-২৫:২৬

translationWords

- রেবেকা
- ছেলে, পুত্র
- এষৌ
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব

ঈশ্বর যাকোবকে আর্শিবাদ করলেন

07:01

যেমন বালকগুলো বেড়ে উঠছিল, যাকোব বাড়িতে থাকতে পছন্দ করতেন, কিন্তু এষৌ শিকার করা পছন্দ করতেন।রিবিকা যাকোবকে স্নেহ করতেন, কিন্তু ইসহাক এষৌকে স্নেহ করতেন।

গৃহে থাকতে পছন্দ করতেন / শিকার করতে পছন্দ করতেন

কিছু ভাষা এখানে “পছন্দ” শব্দটির জন্য কিছু ভিন্ন শব্দ প্রয়োগ করবে “রিবিকা যাকোব কে ভালবাসতেন” সেই শব্দটি থেকে আলাদা। উদাহরণস্বরূপ, এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “গৃহে থাকতে পছন্দ করতেন \ শিকার করতে পছন্দ করতেন” বা “গৃহে থাকাটা শ্রেয় মনে করতেন \ শিকার করাটা শ্রেয় মনে করতেন।”

গৃহে

এই অভিব্যক্তিটি উল্লেখ করে গৃহের চারধারের এলাকা। যাকোব তাম্বু যেখানে তারা বসবাস করতেন সেখানে কাছাকাছি থাকতে পছন্দ করতেন। কিছু ভাষায় একটি বিশেষ অভিব্যক্তি রয়েছে “গৃহ” শব্দটির জন্য।

রিবিকা যাকোবকে স্নেহ করতেন, কিন্তু ইসহাক এষৌকে স্নেহ করতেন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “যাকোবের প্রতি রিবিকা বেশি অনুরাগী ছিলেন আর ইসহাক এষৌর প্রতি বেশি অনুরাগী ছিলেন। এর অর্থ এমন নয় যে রিবিকা ও ইসহাক অন্য সন্তানটিকে ভালবাসতেন না, কিন্তু তাদের পছন্দের প্রিয় ব্যক্তি ছিল।

translationWords

- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব
- এষৌ
- রেবেকা
- ইসাহাক

07:02

একদিন, যখন এষৌ শিকার থেকে ফিরে এলেন, তিনি ভীষণভাবে ক্ষুদার্ত ছিলেন।এষৌ যাকোবকে বললেন, "তোমার রান্না করা খাবার অনুগ্রহ করে আমাকে খেতে দেও।"যাকোব উত্তর দিলেন, "প্রথমে, তোমার জ্যেষ্ঠপুত্র হওয়ার অধিকার আমাকে দেও।"অতএব, এষৌ তার জ্যেষ্ঠপুত্র হওয়ার অধিকার তাকে দিয়ে দিলেন।তারপর যাকোব এষৌকে কিছু খাবার দিলেন।

তোমার তৈরী খাবার আমাকে দেও \ তোমার অধিকার আমাকে দাও

কিছু ভাষা "দেও" শব্দটির জন্য ভিন্ন শব্দের প্রয়োগ করে। শেষের দুটি বাক্যেও এটি "এষৌ দিয়ে দিলেন আর যাকোব দিয়ে দিলেন" প্রযোজ্য।

জ্যেষ্ঠ পুত্র হওয়ার অধিকার

তাদের প্রথা অনুযায়ী, যেহেতু এষৌ বড় ছিলেন, তাই তিনি তাদের পিতার সম্পতির দুই গুন সম্পত্তি তাদের পিতার মৃত্যুর পর পাবে। যাকোব চেয়েছিলেন এষৌর কাছ থেকে তার সেই অধিকার নিয়ে নিতে।

translationWords

- এষৌ
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব

07:03

ইসহাক এষৌকে তার আর্শিবাদ দিতে চাইলেন।কিন্তু তার আর্শিবাদ দেওয়ার আগেই, যাকোব এষৌ হওয়ার **ভান** করার দ্বারা রিবিকা আর যাকোব তার সাথে ছলনা করলেন। ইসহাক বৃদ্ধ হয়েছিলেন আর চোখে দেখতেন না। তাই যাকোব এষৌর পোশাক পরিধান করলেন আর তার গলায় আর হাতে ছাগলের লোম লাগলেন।

তার আর্শিবাদ দিতে

এটা পরম্পরা ছিল যে পিতারা আনুষ্ঠানিকভাবে তাদের সন্তানদের উপর ঘটে এমন ভালো ইচ্ছাগুলো প্রকাশ করে। সাধারনত জ্যেষ্ঠপুত্রটি সবচাইতে উত্তম প্রতিজ্ঞাটি পেয়ে থাকে। ইসহাক চেয়েছিলেন যে এই অতিরিক্ত উন্নতিটি এষৌ পায়।

ছল করেন

"ছল" শব্দটির অর্থ হল জেনেবুঝে কাউকে প্রতারণা করা। রিবিকা ইসহাককে ছলনা করার একটি যোজনার সাথে এলেন যেন এষৌর জায়গায় যাকোবকে বিশেষ আর্শিবাদ পাইয়ে দেন।

ভান

"ভান" শব্দটি দেখায় যে কিভাবে যাকোব তার পিতাকে প্রতারণা করেন (যার বৃদ্ধ বয়সে চক্ষুর দৃষ্টি খুবিই ক্ষীণ ছিল)।

ছাগলের লোমযুক্ত চামড়া

ছাগলের লোমযুক্ত চামড়া যাকোব এষৌর মত অনুভব দিতে পারবে।

translationWords

- ইসাহাক
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- এষৌ
- রেবেকা

- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব

07:04

যাকোব ইসহাকের কাছে এলেন আর বললেন, "আমি এষৌ।আমি এসেছি যেন আপনি আমাকে আর্শিবাদ করেন।"যখন ইসহাক ছাগলের লোম অনুভব করলেন আর পোশাকের ঘ্রাণ শুঁকলেন, তিনি মনে করলেন যে সে এষৌ আর তাকে আর্শিবাদ করলেন।

যাকোব ইসহাকের কাছে এলেন

কিছু ভাষাতে এটিকে আরো ভালো ভাবে বলা যায়, "যাকোব ইসহাকের কাছে গিয়েছিলেন।"

তিনি ভাবলেন যে এ এষৌ

তিনি ভেবেছিলেন যে যেই ব্যক্তিকে তিনি স্পর্শ করছেন আর শুঁকেছেন তিনি এষৌ।

translationWords

- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব
- ইসাহাক
- এষৌ
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ

07:05

এষৌ যাকোবকে ঘৃণা করলেন কেননা তিনি তার জ্যেষ্ঠপুত্র হওয়ার অধিকার চুরি করেছিলেন আর এমনকি তার প্রাপ্ত আর্শিবাদও চুরি করেছিলেন।তাই তিনি যাকোবকে তাদের পিতার মৃত্যুর পর হত্যা করার ষড়যন্ত্র করলেন।

জ্যেষ্ঠ পুত্র হওয়ার অধিকার

যাকোব তাদের পিতার সম্পত্তির বেশি অংশ পাওয়ার একটি উপায় পেয়েছিলেন যা এষৌ, জ্যেষ্ঠ পুত্র হওয়ার জন্য তার কাছে চলে যাবে। 07-02-র টীকাটিকেও দেখুন।

তার আর্শিবাদ

যাকোব তাদের পিতাকে প্রতারণা করেছিলেন তার অতিরিক্ত উন্নতির প্রতিজ্ঞা নিয়ে নেওয়ার মাধ্যমে যা ইসহাক এষৌকে দিতে চেয়েছিলেন। 07-03-র টীকাটিকেও দেখুন।

translationWords

- এষৌ
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ

07:06

কিন্তু রিবিকা এষৌর যোজনা সম্বন্ধে জানতে পারলেন।তাই তিনি ও ইসহাক যাকোবকে তাদের আত্মীয়দের কাছে দুরে পাঠিয়ে দিলেন।

এষৌর ষড়যন্ত্র

এষৌর পরিকল্পনাটি ছিল তার পিতা মারা যাওয়ার পর যাকোবকে হত্যা করার।

রিবিকা ও ইসহাক যাকোবকে পাঠিয়ে দিলেন

রিবিকা এষৌ থেকে যাকোবকে বাঁচাতে চেয়েছিলেন তাই তিনি ইসহাকের সাথে কথা বললেন যাকোবকে দূরে পাঠিয়ে দেওয়ার জন্য।

দূরে তার আত্মীয়দের সাথে বসবাস

এটি সেই জায়গা ছিল যেখানে রিবিকা বসবাস করতেন, যেখানে অব্রাহামের চাকর তাকে ইসহাকের স্ত্রী হওয়ার জন্য নিতে এসেছিলেন। এটিকে স্পষ্ট করতে, আপনি জুড়ে দিতে পারেন, "আত্মীয়রা সেই স্থানের যেখানে তিনি এক কালে বসবাস করতেন। পূর্বের সেই ভূমি যা কিছু শত মাইল দূরে ছিল।

তার আত্মীয়রা

এটিকে এমনভাবেও অনুবাদ করা যেতে পারে, "তাদের আত্মীয়রা।" যেহেতু অব্রাহামের ভাই রিবিকার পিতামহ ছিলেন, তার আত্মীয়রা ইসহাকেরও আত্মীয় ছিলেন।

translationWords

- রেবেকা
- এষৌ
- ইসাহাক
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব

07:07



যাকোব রিবিকার পরিজনদের সাথে বহু বছর থাকলেন।সেই সময় তিনি বিবাহ করলেন আর তার বারোজন পুত্র আর একটি কন্যা হল। ঈশ্বর তাকে অনেক ধনী করলেন।

সম্পন্নতা

এটি ইঙ্গিত করে অর্থের দিক দিয়ে, প্রচুর গবাদি পশু ও সমৃদ্ধতার দিক দিয়ে।

translationWords

- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব
- রেবেকা
- ঈশ্বর

07:08



কনানে তার নিজ গৃহ থেকে বিশ বছর দুরে থাকার পর, যাকোব তার নিজ পরিবারে ফিরে এলেন তার পরিবার, পরিচারকগনদের, আর তার সকল গবাদিপশুদের সাথে নিয়ে এলেন।

কুড়ি বছর পর

যাকোব তার মাতার স্থানে কুড়ি বছর বসবাস করেন। যদি সেটি স্পষ্ট না হয়ে থাকে তাহলে আপনি বলতে পারেন, "যেখানে তার আত্মীয়রা ছিল সেখানে কুড়ি বছর কাটাবার পর।"

translationWords

- কনান, কনানীয়, কনানীয়রা
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা

07:09

যাকোব খুবিই ভয়ভীত ছিলেন কেননা এষৌ এখনও তাকে হত্যা করতে চাইতেন।অতএব তিনি অনেক গবাদিপশু উপহার রূপে এষৌর কাছে পাঠিয়ে দিলেন।পরিচারকগণ যারা গবাদিপশুদের নিয়ে এনেছিলেন এষৌকে বললেন, "**আপনার দাস, যাকোব** আপনাকে এই গবাদিপশুদের দিয়েছেন।তিনি শীঘ্রই আসছেন।"

আপনার দাস, যাকোব

যাকোব আসলে এষৌর দাস ছিলেন না।

কিন্তু যাকোব তার চাকরদের এমনটি বলেছিলেন কারণ তিনি এষৌকে দেখাতে চেয়েছিলেন যে তিনি নম্রভাবে ও স্ব

সম্মানে আসছেন, যেন এষৌ আর তার প্রতি ক্রোধিত না থাকেন।

translationWords

- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব
- এষৌ
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা

07:10



কিন্তু এষৌ যাকোবকে আগেই ক্ষমা করে দিয়েছিলেন, আর তারা একেঅপরের সাথে সাক্ষাৎকার করতে আনন্দিত ছিলেন। এরপর থেকে যাকোব কনান দেশে শান্তিপূর্ণ ভাবে বসবাস করলেন। এরপর ইসহাক মারা গেলেন, আর যাকোব আর এষৌ তাকে **কবর দিলেন**।নিয়মের প্রতিজ্ঞা যা ঈশ্বর অব্রাহামকে দিয়েছিলেন এখন তা ইসহাক থেকে যাকোবের কাছে পৌঁছালো।

শান্তিপূর্ণভাবে বসবাস

এটি উল্লেখ করে যে এষৌ আর যাকোব একেঅপরের সাথে আর ক্রোধিত ছিলেন না আর লড়াইও করলেন না।

কবর দিলেন

এর অর্থ হতে পারে যে তারা মাটিতে একটি গর্ত খুঁড়লেন, সেখানে ইসহাকের দেহটি রেখেছিলেন আর সেই গর্তটি মাটি বা পাথর দিয়ে ঢেকে দিয়েছিলেন। অথবা এর অর্থ হতে পারে যে তারা ইসহাকের দেহটি একটি গুহায় রাখলেন আর গুহার দরজাটি ঢেকে দিয়েছিলেন।

নিয়মের প্রতিজ্ঞাগুলো

এগুলো ছিল সেই প্রতিজ্ঞাগুলো যা ঈশ্বর তার সেবক অব্রাহামের সাথে করেছিলেন।

ইসহাক থেকে যাকোবের উপর চলে এসেছিল

প্রতিজ্ঞাগুলো অব্রাহাম থেকে তার পুত্র ইসহাকের উপর চলে এসেছিল আর এখন ইসহাক থেকে যাকোবের উপর চলে এসেছিল। এষৌ কোনো প্রতিজ্ঞা পাননি। 06-04-ও দেখুন।

একটি বাইবেলের কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে: আদিপুস্তক ২৫:২৭-৩৩:২০

translationWords

- এষৌ
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব
- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা
- কনান, কনানীয়, কনানীয়রা
- ইসাহাক
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- ঈশ্বর
- আব্রাহাম, আব্রাম

ঈশ্বর যোষেফ ও তার পরিবারকে রক্ষা করেন

08:01

বহু বছর পর, যখন যাকোব বৃদ্ধ হয়ে পরেছিলেন, তিনি তার **প্রিয় পুত্র**, যোষেফকে তার **ভাইদের** কাছে যারা গবাদিপশুদের দেখাশুনা করছিলেন তাদের কাছে পাঠালেন।

পাঠালেন

এই শব্দটির অর্থ হল যে যাকোব যোষেফকে বললেন যাও আর যোষেফ গেলেন।

প্রিয় পুত্র

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "যে ছেলেটিকে তার অন্যান্য ছেলেদের তুলনায় তিনি বেশি স্নেহ করতেন।

দেখতে

এর অর্থ হল যে যোষেফকে যেতে হবে আর দেখতে হবে যে সবকিছু তার ভাইদের সাথে ঠিক আছে কি না। কিছু ভাষা এমন বলতে পারে, "তার ভাইদের কুশলতা দেখতে।"

ভাইদের

এরা হলেন যোষেফের বড় ভাইয়েরা।

গবাদিপশুদের চড়াছিলেন

যেহেতু এখন কিছু দিনের যাত্রা হয়েগিয়েছে, এটা বলা দরকার যে, "দূরে কারা কারা পশুদের দেখাশোনা করছে।"

translationWords

- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব
- যোসেফ (পুরাতন নিয়ম)

08:02



যোষেফের ভাইরা তাকে ঘৃণা করতেন কেননা তাদের পিতা তাকে সবচাইতে বেশি স্নেহ করতেন আর যোষেফ তাদের বিষয়ে স্বপ্ন দেখেছিলেন যে তিনি তাদের উপর রাজত্ব করবেন।যখন যোষেফ তার ভাইদের কাছে আসলেন, তারা তাকে **অপহরণ** করলেন আর তাকে কিছু **ক্রীতদাস ব্যবসায়ীদের** কাছে বিক্রয় করলেন।

তার ভাইদের কাছে এলেন

অন্যভাবে এটিকে অনুবাদ করলে তা হবে, “সেই স্থানে পৌঁছালেন যেখানে তার ভাইরা ছিল।”

অপহরণ

তারা তাকে তার ইচ্ছার বিরুদ্ধে নিয়ে গেলেন। এমনটা করার তাদের কোনো অধিকার ছিল না।

ক্রীতদাস ব্যবসায়ীদের

এরা সেই লোক ছিল যারা লোকেদের এক মালিক থেকে ক্রয় করত আর সেই লোকদের অন্য মালিকদের বিক্রয় করত।

translationWords

- যোসেফ (পুরাতন নিয়ম)
- স্বপ্ন
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা

08:03



যোষেফের ভাইরা গৃহে ফেরার আগে, তারা যোষেফের পোশাক ছিঁড়লেন আর সেটা **ছাগলের রক্ত**ে ডুবিয়ে নিলেন। এরপর তারা সেই কাপড়টিকে তাদের পিতাকে দেখালেন যেন তিনি মনে করেন যে কোনো বন্য পশু যোষেফকে খুন করেছে।যাকোব খুবই শোকার্ত হলেন।

ছাগলের রক্ত

ভাইয়েরা চেয়েছিল যেন যাকোব ভাবেন যে পোশাকের উপরের রক্ত যোষেফের রক্ত ছিল।

translationWords

- যোসেফ (পুরাতন নিয়ম)
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব

08:04

ক্রীতদাস ব্যবসায়ীরা যোষেফকে মিশরে নিয়ে এলেন।মিশরদেশ নীল নদের উপর অবস্থিত একটি বিশাল, শক্তিশালী দেশ ছিল।ক্রীতদাস ব্যবসায়ীরা যোষেফকে একটি দাস রূপে একজন ধনী সরকারী কর্মকর্তার কাছে বিক্রয় করলেন। যোষেফ তার মালিকের খুব ভালো সেবা করেছিলেন, আর ঈশ্বর যোষেফকে আর্শিবাদ করেছিলেন।

সরকারী অফিসার

ইনি মিশর সরকারের একজন ব্যক্তি ছিলেন। অন্যভাবে বললে এটি হবে, “মিশর সকারের একজন আধিকারী।”

translationWords

- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- যোসেফ (পুরাতন নিয়ম)
- মিশর, মিশরীয়, মিশরীয়
- নীলনদ, মিশরের নদী, নীলনদ
- ঈশ্বর
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ

08:05



তার মালিকের স্ত্রী যোষেফের সাথে কুকর্ম করার চেষ্টা করলেন, কিন্তু যোষেফ এই প্রকারে **ঈশ্বরের বিরুদ্ধে পাপ** করতে চাইলেন না।তিনি ক্রুদ্ধ হলেন আর যোষেফের উপর মিথ্যে দোষারোপ করলেন তাই তাকে গ্রেফতার করা হল আর জেলে পাঠানো হল। এমনকি জেলেও, যোষেফ **ঈশ্বরের প্রতি বিশ্বাসযোগ্য রইলেন**, আর ঈশ্বর তাকে আর্শিবাদ করলেন।

যোষেফের সাথে শয্যাসঙ্গিনী হওয়ার চেষ্টা করলেন

এটিকে অন্য ভাবে বললে এটি হবে, “যোষেফকে কুকর্ম করতে প্রলোভিত করার চেষ্টা।” “শয্যা সঙ্গিনী” এমনভাবে ব্যক্ত করতে হবে যে তা ত্রুটিপূর্ণ বা অশোভনীয় না হয়।

ঈশ্বরের বিরুদ্ধে পাপ

সহবাস করা যদি তারা একেঅপরকে বিবাহ না করে থাকেন তবে লোকেদের জন্য সেটা ঈশ্বরের ব্যবস্থা বা নিয়মের বিরুদ্ধে ছিল । যোষেফ ঈশ্বরের নিয়ম ব্যবস্থার অনাজ্ঞাকারী হয়ে পাপ করতে চাইলেন না।

ঈশ্বরের প্রতি বিশ্বাসযোগ্য রইলেন

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “ঈশ্বরের আজ্ঞাকারীতায় টিকে রইলেন।

translationWords

- যোসেফ (পুরাতন নিয়ম)
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- ঈশ্বর
- বিশ্বস্ত, বিশ্বস্ততা, অবিশ্বস্ত, অবিশ্বস্ততা
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ

08:06



দু বছর পর, যোষেফ জেলেই ছিলেন, যদিও তিনি নির্দোষ ছিলেন।এক রাতে, ফরৌণ, যা মিশরবাসীরা তাদের রাজাকে বলতেন, তার দেখা দুটি স্বপ্ন ছিল যা তাকে ভিশনভাবে উদ্বিগ্ন করছিল। তার কোনোও মন্ত্রীগন তাকে তার স্বপ্নের অর্থবলতে পারছিলেন না।

প্রচুর পরিমানে বিচলিত করেছিল

এর অর্থ হল যে রাজা খুব ভয়ভীত হয়েছিলেন আর বিভ্রান্ত হয়েছিলেন (যা তিনি স্বপ্নে দেখেছিলেন তার জন্য)।

তার মন্ত্রবেত্তাগন

এই লোকগুলো বিশেষ শক্তিযুক্ত আর জ্ঞানবান ছিল যারা কোনো কোনো সময়ে স্বপ্নের অর্থ বলে দিতে পারতেন। কিছু অনুবাদকেরা তাদের “জ্ঞানী ব্যক্তি” আখ্যা দিয়েছেন।

স্বপ্নগুলোর অর্থ

মিশরের লোকেরা বিশ্বাস করতেন যে স্বপ্ন হল দেবদেবীর কাছ থেকে আগত ভবিষ্যতে কি ঘটবে সে বিষয়ে সংবাদ। ঈশ্বর ভবিষ্যতে কি ঘটবেন তাকে তা বলার জন্য ফরৌনের স্বপ্নগুলোকে ব্যবহার করেছিলেন।

translationWords

- যোসেফ (পুরাতন নিয়ম)
- নির্দোষ
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- মিশর, মিশরীয়, মিশরীয়
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- স্বপ্ন

08:07

ঈশ্বর যোষেফকে স্বপ্নের অর্থ বলার ক্ষমতা দিয়েছিলেন, তাই ঘটনা ক্রমে যোষেফকে জেল থেকে ফরৌনের কাছে নিয়ে আসা হল৷ যোষেফ তার জন্য স্বপ্নের অর্থ প্রকাশ করলেন আর বললেন, “ঈশ্বর সাত বছর প্রচুর ফসল প্রদান করতে চলেছেন, তার পর সাত বছর **দুর্ভিক্ষ**ের হবে৷”

স্বপ্নগুলোর ব্যাখ্যা

“ব্যাখ্যা” হল কোনো কিছুর অর্থ বলা৷ তাই যোষেফ সক্ষম ছিলেন লোকেদের বলতে যে তাদের স্বপ্নের অর্থ কি৷

যোষেফকে তার কাছে ডেকে পাঠালেন

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “তার চাকরদের আদেশ দিলেন তার কাছে যোষেফকে আনার জন্য৷”

ঈশ্বর পাঠাবেন

ঈশ্বর সাত বছর ফসলের বেশি ফলন দেবেন, আর তারপর তিনি স্বাভাবিকের তুলনায় কম ফসল ফলাবেন যেন লোক ও পশুরা যথেষ্ট খাবার না পায়৷

দুর্ভিক্ষ

যখন বাগিচা ও কৃষি ক্ষেত্র খুবিই কম উৎপাদন করে আর লোকেদের ও পশুদের যথেষ্ট খাবার হয় না৷

translationWords

- ঈশ্বর
- যোসেফ (পুরাতন নিয়ম)
- স্বপ্ন
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা

08:08

ফরৌণ যোষেফের দ্বারা এত খুশি হলেন যে তিনি তাকে মিশর দেশের দ্বিতীয় সবচাইতে ক্ষমতাবান পুরুষ করলেন।

মুগ্ধ হন

ফরৌণ যোষেফের জ্ঞানে মুগ্ধ হন আর তার প্রতি সম্মানিত বোধ করেন; তিনি যোষেফকে জ্ঞানবান নির্ণয় করলেন , এবং বিশ্বাস করলেন যে সে লোকেদের মঙ্গল করবে। এটা বললে স্পষ্ট হবে, “যোষেফের জ্ঞানে মুগ্ধ হয়েছিলেন।”

দ্বিতীয় শক্তিশালী ব্যক্তি

ফরৌণ যোষেফকে মিশরের সকল প্রজার উপরে একজন খুব শক্তিশালী ও গুরুত্বপূর্ণ ব্যক্তি বানিয়ে দিলেন। কেবল ফরৌণই যোষেফের থেকে বেশি শক্তিশালী ও গুরুত্বপূর্ণ ব্যক্তি ছিলেন।

translationWords

- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- যোসেফ (পুরাতন নিয়ম)
- মিশর, মিশরীয়, মিশরীয়

08:09

যোষেফ মিশরবাসীদের প্রচুর ফসলের সাত বছরে প্রচুর পরিমানে ফসল সঞ্চয় করে রাখতে নির্দেশ দিলেন। তারপর যোষেফ সেই ফসল লোকেদের বিক্রয় করলেন যখন সাত বছরের দুর্ভিক্ষ হল যেন তাদের কাছে পর্যাপ্ত খাবার হয়।

প্রচুর পরিমানে খাদ্য

তারা অঢেল ফলন থেকে ফসল নগরে নগরে নিয়ে গেলেন আর তা সঞ্চিত করে রাখলেন। সেই খাদ্যসকল ফরৌনের ছিল। দুর্ভিক্ষ- 08-07-তে দেখুন আপনি কিভাবে অনুবাদ করেছেন।

translationWords

- যোসেফ (পুরাতন নিয়ম)

08:10

মিশরেই কেবল খারাপ দুর্ভিক্ষ ছিল না বরং কনানেও ছিল যেখানে যাকোব আর তার পরিবার থাকতেন।

কেবল মিশরেই নয় কনানেও ছিল

কিছু ভাষাতে এটি স্পষ্ট হতে পারে বা আরো পরিষ্কার হতে পারে, “মিশর দেশই নয় বরং কনানের দেশও।”

দুর্ভিক্ষটি ভয়ানক ছিল

দুর্ভিক্ষটি অতিরিক্তভাবে দুর্ভাগ্যজনক ছিল। খুব কম খাদ্য ছিল আর মিশরের বাইরের লোকেরা অনাহারে ছিল।

translationWords

- মিশর, মিশরীয়, মিশরীয়
- কনান, কনানীয়, কনানীয়রা
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব

08:11

তাই যাকোব তার জ্যেষ্ঠপুত্রকে মিশরে খাদ্য কিনতে পাঠালেন।ভাইরা যোষেফকে চিনতে পারলেন না যখন তারা খাবার কেনার জন্য তার সামনে দাঁড়ালেন। কিন্তু যোষেফ তাদের চিনতে পারলেন।

তার বড় ছেলেদের

তারা হল যোষেফের ভাই যারা তাকে দাসত্বে বিক্রয় করেছিল।

যোষেফকে চিতে পারল না

তারা জানত না যে সেই ব্যক্তিটি যোষেফ, কেননা তাকে শেষবার দেখার পর যোষেফ এখন যথেষ্ট বড় হয়েছেন, আর একজন মিশরীয় পোশাক পরিধান করেছিলেন।

translationWords

- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব
- মিশর, মিশরীয়, মিশরীয়
- যোসেফ (পুরাতন নিয়ম)

08:12



তার ভাইদের পরীক্ষা করার পর এটা দেখতে যে তারা বদলেছেন কিনা, যোষেফ তাদের বললেন, “আমি তোমাদের ভাই, যোষেফ!**ভয় পেও না**।তোমরা আমাকে একটি দাস রূপে বিক্রি করে দুষ্টতার কাজ করেছিলে, কিন্তু ঈশ্বর সেই দুষ্টতাকে কল্যাণকর করেছেন! এসো আর মিশরে নিবাস কর যেন আমি তোমাদের ও তোমাদের পরিবারদের যোগান দিতে পারি।”

ভাইদের যাচাই

যোষেফ তার জ্যেষ্ঠ ভাইদেরকে মুশকিল পরিস্থিতিতে ফেলেছিলেন এটা দেখতে যে তারা কি তাদের সবচেয়ে ছোট ভাইটিকে রক্ষা করে কিনা, বা তার সাথেও সেই খারাপ ব্যবহার করে যেমনটি তারা যোষেফের সাথে করেছিল। যখন তারা তাদের সবচেয়ে ছোট ভাইটিকে রক্ষা করেছিল, তখন যোষেফ বুঝতে পেরেছিলেন যে তারা বদলে গিয়েছে।

তারা বদলেছে কি না

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “তারা যেমনটি ছিল হয়ত এখন অন্যরকম হয়েছে।” কিছু বছর পূর্বে যোষেফের ভাইরা তাকে দাসত্বে বিক্রয় করেছিল। যোষেফ দেখতে চেয়েছিলেন তারা এখন যা ভালো তা করবে কি না।

ভয় পেও না

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “তোমাদের আমার তরফ থেকে কোনো শাস্তি পাওয়ার বিষয়ে কোনো ভয় করার প্রয়োজন নেই।” যোষেফের ভাইয়েরা ভয় পেয়েছিল কেননা তারা যোষেফের সাথে অত্যন্ত মন্দ করেছিল আর এখন সে একজন মহান শাসক হয়েছে আর তার ক্ষমতা হয়েছে তাদের দন্ড দেওয়ার। যোষেফ হয়ত তাদের কাছে খাদ্য বিক্রয় করতে অসম্মত হতে পারতেন বা তাদের জেলে বন্দী করে দিতে পারতেন।

মন্দ ভালোতে

যোষেফের ভাইরা মন্দ করেছিল যখন তারা যোষেফকে একটি দাস রূপে বিক্রয় করেছিল আর তাকে মিশরে নিয়ে আসা হয়েছিল। কিন্তু ঈশ্বর এমনটা হতে অনুমতি দিয়েছিলেন যেন যোষেফ হাজার হাজার লোককে দুর্ভিক্ষে অনাহার থেকে বাঁচাতে পারেন, আর তার নিজ পরবারকেও। এটি একটি খুব ভালো বিষয় ছিল।

translationWords

- যোসেফ (পুরাতন নিয়ম)
- মন্দ, দুষ্ট, দুষ্টতা
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- ঈশ্বর
- ভালো, সততা
- মিশর, মিশরীয়, মিশরীয়

08:13

যখন যোষেফের ভাইরা বাড়িতে ফিরলেন আর তাদের পিতা, যাকোবকে বললেন, যে যোষেফ জীবিত আছে, তিনি প্রচন্ড আনন্দিত হলেন।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- যোসেফ (পুরাতন নিয়ম)
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব

08:14



যদিও যাকোব একজন বৃদ্ধ মানুষ ছিলেন, তবুও তিনি মিশরে তার সকল পরিবারের সাথে গেলেন আর তারা সকলে সেখানে বসবাস করলেন। যাকোবের মৃত্যুর আগে, তিনি তার প্রত্যেক পুত্রকে আর্শিবাদ করলেন।

যদিও যাকোব একজন বৃদ্ধ ছিলেন, তবুও তিনি মিশরে গেলেন

কানান থেকে মিশরের দূরত্ব অনেক ছিল আর একজন বৃদ্ধের জন্য হেঁটে বা এক্কা গাড়িতে চেপে এতটা দূরে যাওয়াটা খুবিই কষ্টকর ছিল।

যাকোবের মৃত্যুর পূর্বে

যাকোব মিশরে মারা গিয়েছিলেন। তিনি কনানে ফিরে আসতে পারেন নি, সেই ভূমি যাকে ঈশ্বর তাকে ও তার বংশধরদের দেওয়ার প্রতিজ্ঞা করেছিলেন।

translationWords

- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব
- মিশর, মিশরীয়, মিশরীয়
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ

08:15



নিয়মের প্রতিজ্ঞা যা ঈশ্বর অব্রাহামকে করেছিলেন তা ইসহাকের উপর, তারপর যাকোবের উপর **এসেছিল**, আর তা এখন যাকোবের বারোজন পুত্রদের আর তাদের পরিবারের উপর হল।বারোজনদের উত্তরাধিকারীরা হলেন ইস্রায়েলের বারটি গোত্র।

নিয়মের প্রতিজ্ঞাসমূহ

বহু কাল পূর্বে ঈশ্বর অব্রাহামের সাথে একটি চুক্তি করেছিলে আর প্রতিজ্ঞা করেছিলেন যে তিনি তাকে বহু সন্তান ঈশ্বর আরও প্রতিজ্ঞা করেছিলেন যে সকল লোকেরা অব্রাহামের বংশধারা থেকে আর্শিবাদিত হবে। -07-10-কেও দেখুন।

এসেছিল

এটিকে অন্যভাবে বললে এটি হবে, "আগত হয়েছিল" বা, "দেওয়া হয়েছিল" বা, "প্রযোজ্য হয়েছিল।" ঈশ্বরের আব্রাহামের প্রতি করা প্রতিজ্ঞাটি আব্রাহামের সন্তানদের, উত্তরাধিকারীদের আর তার সকল বংশের জন্য ছিল। 06-04-কেও দেখুন।

ইস্রায়েলের বারোটি গোত্র

ঈশ্বর অব্রাহাম, ইসহাক আর যাকোবকে প্রতিজ্ঞা করেছিলেন যে তাদের উত্তরাধিকারীরা একটি মহান জাতি হবে। ঈশ্বর পরে যাকোবের নাম ইস্রায়েল রাখেন। যাকোবের 12টি পুত্রের সন্তানসমূহেরা 12টি মহান গোত্র হয়েছিল। এই 12টি গোত্র প্রাচীন জাতির গঠন করেছিল যাকে ইস্রায়েল বলা হয়, যা যাকোবের নতুন নামের উপর হয়েছিল।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-আদিপুস্তক ৩৭-৫০

translationWords

- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি

- ঈশ্বর
- আব্রাহাম, আব্রাম
- ইসাহাক
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

ঈশ্বর মোশিকে আহ্বান করেন

09:01



যোষেফের মৃত্যুর পর, তার সকল পরিজনেরা মিশরে থেকে গেলেন।তারা ও তাদের সন্তানেরা নিরন্তর সেখানে বহু বছর বাস করলেন আর তাদের অনেক সন্তান হল।তাদের ইস্রায়েলীয় বলা হত।

ইস্রায়েলীয় বলা হয়

যাকোবের সন্তানদের “ইস্রায়েল” বলা হত, যে নাম ঈশ্বর যাকোবকে দিয়েছিলেন। সেই সন্তানদের বা লোকেদের “ইস্রায়েলীয়” বলা হত।

translationWords

- যোসেফ (পুরাতন নিয়ম)
- মিশর, মিশরীয়, মিশরীয়
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

09:02



একশ বছর পর, ইস্রায়লীয়দের সংখ্যা অনেক হল।মিশরীয়রা আর যোষেফের কথা মনে রাখলেন না আর সে সকল কিছু যা তিনি তাদের রক্ষার্থে করেছিলেন।তারা ইস্রায়লীয়দের থেকে ভয় পেলেন কেননা তারা সংখ্যায় অনেক ছিলেন।তাই সেই সময়ের **ফরৌণ** যিনি মিশরে রাজ্য করছিলেন ইস্রায়লীয়দের মিশরীয়দের দাসে পরিণত করলেন।

ফরৌণ

“ফরৌণ” হল একটি মিশরীয় শব্দ যা তাদের রাজার প্রতি বলা হত। এই ফরৌণটি হয়ত এর আগের ফরৌনের পুত্র ছিলেন যিনি মারা গিয়েছিলেন, তিনি হয়্ত যোষেফের কালের ফরৌনের উত্তরাধিকারী ছিলেন।

ইস্রায়েলীয়দের দাস করলেন

তা হল “ইস্রায়েলীয়দের জোর করে তাদের ইচ্ছের বিরুদ্ধে কঠিন পরিশ্রম করানো আর তাদের সাথে কঠোর ব্যবহার করা।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- মিশর, মিশরীয়, মিশরীয়
- যোসেফ (পুরাতন নিয়ম)
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা

09:03

মিশরীয়রা ইস্রায়লীয়দের নানান অট্টালিকা আর এমনকি সম্পূর্ণ নগর তৈরী করতে বাধ্য করলেন।কঠিন প্ররিশ্রম তাদের জীবনকে দুর্বিষহ করে তুলল, কিন্তু ঈশ্বর তাদের আর্শিবাদ করলেন, তাদের আরও সন্তান হল।

দুর্বিসহ

এর অর্থ হল যে তারা প্রচুর কষ্টে ভুগছিলেন, কারন তাদের কতই না কষ্ট দেওয়া হয়েছিল আর কঠিন কার্য করানো হয়েছিল আর কার্য করতে বাধ্য করা হয়েছিল। তারাও খুব মানসিক রূপে ভেঙ্গে পড়েছিলেন।

ঈশ্বর তাদের আর্শিবাদ দিলেন

ঈশ্বর তাদের যত্ন নিলেন, কঠিন যাতনা সহ্য করতে তাদের সাহায্য করেছিলেন আর তাদের প্রচুর সন্তান দিয়ে সংখ্যায় তাদের বৃদ্ধি করেছিলেন।

translationWords

- মিশর, মিশরীয়, মিশরীয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ

09:04



ফরৌণ **দেখলেন** যে ইস্রায়লীয়দের আরও সন্তান হচ্ছে, তাই তিনি তার লোকেদের ইস্রায়লীয়দের পুত্র সন্তানদের নীল নদে ফেলে দেওয়ার আজ্ঞা দিলেন।

দেখলেন

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “উপলব্ধি করলেন” বা “জেনে নিলেন।”

translationWords

- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- নীলনদ, মিশরের নদী, নীলনদ

09:05

কোনো এক ইস্রায়লীয় স্ত্রী একটি পুত্র সন্তানের জন্ম দিলেন। তিনি ও তার স্বামী যত দূর সম্ভব তাকে লুকিয়ে রাখলেন।

যতটা দূর সম্ভব

তারা মিশরীয়দের থেকে শিশুটিকে লুকিয়ে রাখল যতক্ষণ তাকে তাদের গৃহে লুকিয়ে রাখা কঠিন না হয়ে পড়ল।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

09:06

যখন সেই বালকটির মাতা-পিতা আর তাকে লুকাতে পারলেন না, তখন তারা একটি ভাসমান ঝুড়িতে নিল নদের তীরে নলখাগড়ার মাঝে তাকে বাঁচাবার জন্য ভাসিয়ে দিলেন।তার বড় দিদি লক্ষ্য করছিল এটা দেখতে যে তার সাথে কি হয়।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- নীলনদ, মিশরের নদী, নীলনদ

09:07

ফরৌনের একটি কন্যা ঝুড়িটি দেখলেন আর তার ভিতরে তাকালেন।যখন তিনি সেই বাচ্চাটি দেখলেন, তিনি তাকে তার পুত্র হিসাবে গ্রহণ করলেন।তিনি একটি ইস্রায়লীয় মহিলা ভাড়া করলেন তাকে দেখাশুনার জন্য এটা না জেনে যে সেই মহিলাটিই বাচ্চাটির মা।যখন বাচ্চাটি যথেষ্ট বড় হল যে তার আর মায়ের দুধের প্রয়োজন হল না, তিনি তাকে ফরৌনের কন্যার কাছে ফিরিয়ে দিলেন, যিনি তার নাম রেখেছিলেন মোশী।

তাকে নিজের পুত্র করে নিলেন

তিনি একজন রাজ কন্যা ছিলেন। যখন থেকে তিনি তাকে তার পুত্র করলেন, তখন থেকে তিনি মিশরের একজন রাজকুমার হলেন।

তার দেখাশোনার জন্য

এটিকে অন্যভাবে বললে এটি হবে, "তাকে স্তনপান করানোর জন্য।"

translationWords

- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- ছেলে, পুত্র
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- মোশি

09:08

একদিন, যখন মোশী বড় হলেন, তিনি একজন মিশরীয়কে একটি ইস্রায়লীয় দাসকে আঘাত করতে দেখলেন। মোশী তার **সহ** ইস্রায়লীয়কে রক্ষা করার চেষ্টা করলেন।

প্রাপ্তবয়স্ক হয়ে উঠেছিলেন

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “একটি পুরুষ হয়ে উঠেছিলেন।”

সহ

ইস্রায়েলীয় “সহ” শব্দটি এখানে ইঙ্গিত করছে যে মোশী একজন ইস্রায়েলীয় ছিলেন। যদিও মোশীকে ফরৌনের কন্যা লালনপালন করেছিলেন, তবুও মোশী স্মরণ রেখেছিলেন যে তিনি আসলে একজন ইস্রায়েলীয়।

translationWords

- মোশি
- মিশর, মিশরীয়, মিশরীয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ

09:09

যখন মোশী ভাবলেন যে কেউ তাকে দেখছেন না, তিনি মিশরীয় লোকটিকে হত্যা করেন আর তার শরীরকে কবর দিলেন।কিন্তু কেউ একজন দেখেছিলেন যে মোশী কি করেছেন।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- মোশি
- মিশর, মিশরীয়, মিশরীয়

09:10

যখন ফরৌন মোশীর কার্য সম্বন্ধে জানলেন, তিনি আদেশ দিলেন তাকেও হত্যা করা হোক।মোশী মিশর ছেড়ে জনহীন প্রান্তরে পালালেন যেখানে তিনি ফরৌনের সেনার হাত থেকে রক্ষা পেতে পারেন।

নির্জন

প্রদেশ সেই অঞ্চলটি খাদ্য উৎপাদনের জন্য ভালো ছিল না আর খুব কম লোক সেখানে বসবাস করত।

translationWords

- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- মোশি
- মিশর, মিশরীয়, মিশরীয়

09:11

মোশী মিশর থেকে দুরে জনহীন প্রান্তরে একজন মেষপালক হলেন। সেই স্থান থেকে তিনি এক স্ত্রীকে বিবাহ করলেন আর তার দুটি পুত্র হল।

নির্জন-প্রদেশ

09-10-তে দেখুন কিভাবে আপনি এটাকে অনুবাদ করেছেন।

translationWords

- মোশি
- পালক, মেষপালক, পালক, পালকৃত্ত করা
- মিশর, মিশরীয়, মিশরীয়

09:12

একদিন যখন মোশী তার মেষদের দেখাশুনা করছিলেন, তিনি দেখতে পেলেন যে একটি ঝোপে আগুন লেগেছে।কিন্তু সেই ঝোপটি পুড়ছে না। মোশী ঝোপটির কাছে গেলেন স্পষ্টভাবে সেটিকে দেখতে। যখন তিনি সেটার দিকে এগোচ্ছিলেন, ঈশ্বরের বাণী হল, “মোশী, তোমার জুতো খুলে ফেল।তুমি **পবিত্র ভূমি**র উপর দাঁড়িয়েছ।”

মেষদের দেখাশোনা করছিলেন

এর অর্থ হল তিনি মেষপালকের কাজ করছিলেন মেষদের ঘাস ও জলের দিকে নির্দেশন দিচ্ছিলেন আর তাদের সুরক্ষা করছিলেন। এটাকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “মেষদের তত্ত্বাবধান করছিলেন।"

ঝোপটি পুড়ছিল না

ঈশ্বর ঝোপটিকে আগুনে পরিপূর্ণ করেছিলেন, কিন্তু আগুন ঝোপটিকে পোড়াছিল না।

ঈশ্বরের বাণী বলল

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বর স্বজোরে বলে উঠলেন।” মোশী ঈশ্বরকে বলতে শুনলেন, কিন্তু ঈশ্বরকে দেখতে পাননি।

তোমার জুতো খোলো

ঈশ্বর চাইতেন সে যেন তার জুতো খোলে ঈশ্বরকে মহানভাবে সন্মান দেখায়। এই কারণটিকে স্পষ্ট করতে, আপনি বলতে পারেন যে, “তোমার জুতো খোলো, কেননা তুমি পবিত্র ভূমিতে আছো।”

পবিত্র ভূমি

এটি এই অর্থে পবিত্র যে ঈশ্বর সাধারণ ভূমি থেকে এটিকে আলাদা করেছিলেন আর এটিকে একটি বিশেষ স্থান করেছিলেন যেখানে তিনি নিজেকে প্রকাশ করতে পারেন।

translationWords

- মোশি
- ভেড়ি, ভেড়িপাল, মেষ, মেষ, ভেড়া, ভেড়ার খোঁয়াড়, ভেড়ার খোঁয়াড়, ভেড়ার লোম, ভেড়ার চামড়া
- ঈশ্বর
- পবিত্র, পবিত্রতা, অপবিত্র, শুদ্ধ

09:13

ঈশ্বর বললেন, “আমি আমার প্রজার কষ্ট দেখেছি। আমি তোমাকে ফরৌনের কাছে পাঠাব যেন তুমি ইস্রায়লীয়দের তাদের দাসত্ব থেকে বের করে আন।আমি তাদের কানান দেশ দিব, যে ভূমির বিষয়ে আব্রাহাম, ইসহাক, আর যাকোবকে আমি প্রতিজ্ঞা করেছিলাম।”

translationWords

- ঈশ্বর
- কষ্ট, কষ্টভোগ, সহ্য, ক্লেশিত, পীড়া
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- মিশর, মিশরীয়, মিশরীয়
- কনান, কনানীয়, কনানীয়রা
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- আব্রাহাম, আব্রাম
- ইসাহাক
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব

09:14

মোশী জিজ্ঞাসা করলেন, “যদি **লোকেরা** জানতে চায় যে কে আমাকে পাঠিয়েছে, তাহলে **আমি** কি বলব?”ঈশ্বর বললেন, “আমি যে আছি সেই আছি।” তাদের বল, ‘আমি আছি তোমাদের কাছে আমাকে পাঠিয়েছেন।’তাদের আরও বল, ‘আমি যিহোবা [সদাপ্রভু], তোমাদের পূর্বপুরুষ আব্রাহাম, ইসহাক, আর যাকোবের ঈশ্বর।’এটাই সর্বকালের জন্য **আমার নাম**।”

লোকেরা

09-13-তে “আমার লোক” দেখুন।

আমি আছি সেই আছি

এই বর্ণনাটি ব্যক্ত করছে যে ঈশ্বরই কেবল স্বয়ংয়ের ব্যাখ্যা দিতে পারেন, অন্য কিছু না যা আমরা জানতে পারি আর অন্য কিছুর সাথে তার তুলনা হয় না।

আমি

এই নামটি জোর দেয় যে ঈশ্বর হলেন কেবল একজন যিনি চিরকাল আছেন আর চিরিকাল থাকবেন।

আমার নাম

নাম যা ঈশ্বর মোশীকে আর সকল ইস্রায়েলকে তার জন্য প্রয়োগ করতে বলেছিলেন তা হল “যিহোবা,” যা “আমি”

translationWords

- মোশি
- ঈশ্বর
- সদাপ্রভু
- আব্রাহাম, আব্রাম
- ইসাহাক

- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব

09:15

মোশী ভয়ভীত হলেন আর ফরৌনের কাছে যেতে চাইলেন না কেননা তিনি ভেবেছিলেন যে তিনি ভালো করে কথা বলতে পারবেন না, তার ঈশ্বর **মোশীর ভাই, হারোণ**কে তাকে সাহায্য করতে পাঠালেন।ঈশ্বর মোশীকে ও হারোণকে সাবধান করলেন যে ফরৌণ কিন্তু জেদি হবেন।

ভয়ভীত ছিলেন আর যেতে চাননি

মোশী জানতেন যে ফরৌণ তাকে হত্যা করতে চান, আর তিনি বিশ্বাস করেন নি যে ঈশ্বর তাকে যা করাতে চেয়েছিলেন তা তিনি করতে পারবেন।

মোশীর ভাই, হারোণ

হারোণ ছিলেন মোশীর আপন ভাই তার ইস্রায়েলীয় মাতা আর পিতার তরফ থেকে। হারোণ কমপক্ষে মোশীর থেকে কিছু বছরের বড় হয়ে থাকবেন।

হৃদয় কঠিন

এর অর্থ হল ফরৌণ ঈশ্বরের আজ্ঞা মানতে অস্বীকার করবেন। আপনি হয়ত যোগ করতে চাইবেন, “হৃদয় কঠিন করবেন আর শুনতে (বা মানতে) চাইবেন না।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে:যাত্রাপুস্তক ১-৪

translationWords

- মোশি
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- ঈশ্বর

- হারণ

দশ আঘাত

10:01



মোশি ও হারোণ ফরৌনের কাছে গেলেন। তারা বললেন, "ইসরাইলের ঈশ্বর এই বলেন, 'আমার প্রজাদের যেতে দেও!'" কিন্তু ফরৌণ তাতে কান দিলেন না।ইস্রায়লীয়দের মুক্ত করার চেয়ে, তিনি তাদের আরও কঠিন কাজ করতে বাধ্য করলেন।

ফরৌণের কাছে

এটা বললে স্পষ্ট হতে পারে, "ফরৌনের প্রাসাদে তার সাথে কথা বলতে।"

ইস্রায়েলের ঈশ্বর

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ঈশ্বর, যিনি ইস্রায়েলীয়দের তার নিজ প্রজা হওয়ার জন্য নির্বাচন করেছিলেন" অথবা, "ঈশ্বর, যিনি ইস্রায়েলীয়দের উপর প্রভুত্ব করেন" অথবা, "সেই ঈশ্বর যাকে ইস্রায়েলীয়রা আরাধনা করত।"

আমার লোকেদের যেতে দাও

অন্যভাবে এটাকে বললে তা হবে, "আমার লোকেদের/প্রজাদের যেতে স্বতন্ত্র কর" বা, "আমার লোকেদের/প্রজাদের মিশর ছেড়ে যেতে স্বতন্ত্র কর।"

translationWords

- মোশি
- হারণ
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

10:02

ফরৌণ লোকেদের যেতে দিতে নিজ মনকে কঠোর করে চললেন, তাই ঈশ্বর মিশরে দশটি আঘাত করলেন।এই আঘাতগুলোর দ্বারা, ঈশ্বর ফরৌণকে দেখালেন যে তিনি ফরৌণ থেকে আর মিশরের সকল দেবতা থেকে বেশি শক্তিশালী।

লোক বা প্রজা

এটি ইস্রায়েলের লোকেদেরকে বোঝাচ্ছে, যাদের "ইস্রায়েলীয়" বলা হত।

দশটি ভয়ানক মহামারী

একটি আঘাত বা মহামারী হল খুবিই ভয়ানক বা খারাপ যা কারো বা কোনো জিনিসের উপর হয়। একটি মহামারী বহু লোকেদের প্রভাবিত করে বা একটি বিশাল ভৌগলিক এলাকায় ঘটে।

"মহামারী"

র অন্য শব্দটি হল "বিপর্যয়।"

মিশরের সকল দেবদেবীগনের চেয়ে

এটা আরো স্পষ্ট হবে বলাটা, "সেই সকল দেবদেবীদের যাদের মিশরবাসীরা আরাধনা করত। মিশরের লোকেরা বিভিন্ন দেবদেবীর পুজো করত।

এই মিথ্যে

ঈশ্বরগুলো সেই আত্মাগুলো যা ইস্রায়েলের ঈশ্বর সৃষ্টি করেছিলেন, বা তারা বাস্তবে নেই।

translationWords

- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- ঈশ্বর
- মিশর, মিশরীয়, মিশরীয়
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা

10:03

ঈশ্বর নীল নদকে রক্তে পরিনত করলেন, কিন্তু তবুও ফরৌণ ইস্রায়লীয়দের যেতে দিলেন না।

রক্তে পরিনত হল

বাক্যটিকে ব্যক্ত করার জন্য কিছু কিছু ভাষার প্রয়োজন হতে পারে, “নীল নদের জল রক্তে পরিনত করলেন।” নদটিতে জলের জায়গায় রক্ত প্রভাবিত হচ্ছিল, তাই মাছ সকল মারা গিয়েছিল আর লোকেদের কাছে পানীয় জল ছিল না।

translationWords

- ঈশ্বর
- নীলনদ, মিশরের নদী, নীলনদ
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

10:04

ঈশ্বর সম্পূর্ণ মিশরে ব্যাঙ পাঠালেন।ফরৌণ মোশিকে মিনতি করলেন যেন ব্যাঙদের সরিয়ে নেওয়া হয়।কিন্তু সকল ব্যাঙদের মৃত্যুর পর ফরৌণ তার হৃদয় কঠোর করলেন আর ইস্রায়লীয়দের মিশর থেকে যেতে দিলেন না।

translationWords

- ঈশ্বর
- মিশর, মিশরীয়, মিশরীয়
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- প্রার্থনা করা, ভিক্ষা, ভিক্ষা করা, ভিক্ষারী
- মোশি
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

10:05

তাই ঈশ্বর **পিশু**র একটি আঘাত পাঠালেন। তারপর **মাছি**র একটি আঘাত পাঠালেন।ফরৌণ মোশিকে ও হারোণকে ডাকলেন আর বললেন যে যদি তারা এই আঘাত থামিয়ে দেন তাহলে ইস্রায়লীয়রা মিশর থেকে যেতে পারে। তখন মোশি নিবেদন করলেন, ঈশ্বর মিশর থেকে সকল মাছিদের সরিয়ে নিলেন।কিন্তু ফরৌণ তার হৃদয় কঠোর করলেন আর লোকেদের মুক্ত করলেন না।

ঈশ্বর একটি আঘাত পাঠালেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ঈশ্বর সেখানে মহামারী বা আঘাত হওয়ার অনুমতি দিলেন" বা, "ঈশ্বর একটি মহামারীকে (পিশুর দ্বারা) মিশরের ভূমিতে হতে দিলেন।"

পিশু

এগুলো হল ক্ষুদ্র ক্ষুদ্র আকারের পোকা যা কামড়ায় আর বিশালাকারে ঝাঁকে ঝাঁকে থাকে, যা মিশরের সকল মানুষ ও প্রানীদের বিরক্ত করে তুলেছিল।

মাছি

এগুলো ছিল বড় বড় বিরক্তিকর ও বিনাশকারী মাছি। এগুলো এত পরিমানে সেখানে ছিল যে তারা সকল কিছুকে ঢেকে দিয়েছিল, এমনকি মিশরীয়দের ঘরগুলোতেও ভরে গিয়েছিল।

translationWords

- ঈশ্বর
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- মোশি
- হারণ
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- মিশর, মিশরীয়, মিশরীয়

10:06

তারপর, ঈশ্বর সকল **গবাদিপশু**দের যারা মিশরবাসীদের ছিল তাদের অসুস্থতার আর মৃত্যুর কারণ ঘটালেন।কিন্তু ফরৌনের হৃদয় কঠোর ছিল, আর তিনি ইস্রায়লীয়দের যেতে দিলেন না।

গবাদিপশু

এটি ইঙ্গিত করে সেই বড় বড় পশুদের যা মিশরীয়রা তাদের কার্যে ব্যবহার করত, যেমন ঘোড়া, গাধা, উট, গরু, মেষ আর ছাগল।

translationWords

- ঈশ্বর
- মিশর, মিশরীয়, মিশরীয়
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

10:07

তারপর ঈশ্বর মোশিকে ফরৌনের সামনে বাতাসে ছাই ফেলতে বললেন।যখন তিনি তা করলেন, তখন মিশরবাসীদের ত্বকে বেদনাময় ফোঁড়া দেখা দিল, কিন্তু ইস্রায়লীয়দের কিছু হল না। **ঈশ্বর ফরৌনের হৃদয় কঠোর করেছিলেন**, আর ফরৌণ ইস্রায়লীয়দের যেতে দিলেন না।

ঈশ্বর ফরৌনের হৃদয় কঠোর করেছিলেন

ঈশ্বর ফরৌনের হৃদয়কে কঠিন করা বজায় রাখলেন।

translationWords

- ঈশ্বর
- মোশি
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- মিশর, মিশরীয়, মিশরীয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

10:08

এর পর, **ঈশ্বর** **শিলাবৃষ্টি** **পাঠালেন** যা মিশরের বেশিরভাগ ফসলকে নষ্ট করল আর যে কেউ বাইরে গেল সেই মারা পড়ল।ফরৌণ মোশিকে ও হারোণকে ডেকে পাঠালেন আর বললেন, “আমি পাপ করেছি।তোমরা যেতে পার।”তাই মোশি প্রার্থনা করলেন, আর আকাশ থেকে শিলাবৃষ্টি হওয়া বন্ধ হল।

এরপর

এর অর্থ হল, ঈশ্বর মিশরীয়দের ত্বকে বেদনাময় স্ফোটক উৎপন্ন করার পর।

ঈশ্বর শিলাবৃষ্টি পাঠালেন

ঈশ্বর শিলাবৃষ্টি আকাশ থেকে পাঠালেন।

শিলাবৃষ্টি

শিলাবৃষ্টি হল বরফের টুকরো যা মেঘ থেকে বৃষ্টির মত ভূমিতে পরে। এই টুকরোগুলো খুব ছোটও হতে পারে আবার খুব বড়ও হতে পারে। বড়গুলো যার উপর পরে তাকে আঘাত করে বা মেরে ফেলে।

তোমরা যেতে পার

“তোমরা” শব্দটি মোশী, হারোন আর ইস্রায়েলীয়দের উল্লেখ করে।

translationWords

- ঈশ্বর
- মিশর, মিশরীয়, মিশরীয়
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- মোশি
- হারণ

- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত

10:09



কিন্তু ফরৌণ পুনরায় পাপ করলেন আর **তার হৃদয় কঠোর করলেন**।তিনি ইস্রায়লীয়দের যেতে দিলেন না।

তার হৃদয় কঠোর করলেন

10-04-এর টীকাটি দেখুন।

translationWords

- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

10:10

তাই ঈশ্বর সারা মিশরে প্রচুর পরিমানে পঙ্গপাল পাঠালেন।এই পঙ্গপালগুলো সকল ফসল খেয়ে ফেলল যা **শিলাবৃষ্টি**তে বেঁচে গিয়েছিল।

পঙ্গপালের ঝাঁক

পঙ্গপাল যারা ঝাঁকে ঝাঁকে উড়ে বেড়ায় যা বিশাল এলাকার বৃক্ষাদি আর ফসল খেয়ে ফেলে তা বিনাশ করতে পারে।

শিলাবৃষ্টি

শিলাবৃষ্টি হল বরফের টুকরো যা মেঘ থেকে বৃষ্টির মত ভূমিতে পরে।

translationWords

- ঈশ্বর
- মিশর, মিশরীয়, মিশরীয়

10:11

তারপর **ঈশ্বর অন্ধকার পাঠালেন** যা তিন দিন পর্যন্ত থাকলো।এটা এতটাই ঘন ছিল যে মিশরীয়রা ঘর থেকে বেরোতে পারলেন না। কিন্তু যেখানে ইস্রায়লীয়রা থাকতে সেখানে আলো ছিল।

ঈশ্বর অন্ধকার পাঠালেন

ঈশ্বর অন্ধকারকে অনুমতি দিলেন মিশরের উপর ছেয়ে থাকতে। অন্য শব্দে, ঈশ্বর মিশর থেকে আলো সরিয়ে নিলেন।

অন্ধকার যা তিন দিন পর্যন্ত ছিল

এই অন্ধকারটি রাতের সাধারণ অন্ধকার থেকে ঘন ছিল আর তিন দিবারাত্রি তা সেখানে অবস্থান করেছিল।

translationWords

- ঈশ্বর
- মিশর, মিশরীয়, মিশরীয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

10:12



এমনকি **এই নয়টি আঘাত**ের পরও, ফরৌণ ইস্রায়লীয়দের যেতে দিলেন না।যেহেতু ফরৌণ শুনছিলেন না, তাই ঈশ্বর শেষ আঘাতটিকে পাঠানোর যোজনা করলেন।এটা ফরৌনের মন বদলাতে পারবে।

এই নয়টি আঘাত

এর অর্থ হল, “এই নয়টি আঘাত যা ঈশ্বর মিশরের উপর এনেছিলেন।”

যেহেতু ফরৌণ শুনছিলেন না

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যেহেতু ফরৌণ করছিলেন না যা ঈশ্বর তাকে করতে বলছিলেন” বা, “যেহেতু ফরৌণ ঈশ্বরের আজ্ঞাকারী হচ্ছিলেন না।”

এটা ফরৌনের মন বদলাতে পারে

অন্যভাবে এটাকে বললে তা হবে, “এই শেষ আঘাতটি ফরৌনের চিন্তা বদলাবে যা তিনি ঈশ্বরের বিষয়ে ধারণা করেছিলেন আর পরিণাম স্বরূপ তিনি ইস্রায়েলীয়দের ছেড়ে দেবেন।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-যাত্রাপুস্তক ৫-১০

translationWords

- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর

নিস্তারপর্ব্ব

11:01



ঈশ্বর ফরৌণকে সাবধান করলেন যে যদি সে ইস্রায়লীয়দের যেতে না দেয়, তাহলে তিনি **লোকেদের আর পশুদের দুয়েরই প্রথমজাত পুত্র সন্তান**দের হত্যা করবেন। যখন ফরৌণ তা শুনলেন তবুও তিনি তাতে বিশ্বাস ও ঈশ্বরের বাধ্য হতে রাজি হলেন না।

লোকেদের আর পশুদের দুয়েরই প্রথমজাত পুত্র সন্তান

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “প্রত্যেক পরিবারের জেষ্ঠ্য পুত্র আর তাদের পশুদের প্রথম নর সন্তান।”

translationWords

- ঈশ্বর
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী

11:02



ঈশ্বর একটি পথ প্রদান করলেন তাদের প্রথমজাত সন্তানদের বাঁচাবার জন্য যারা তাঁর উপর বিশ্বাস রাখতেন | প্রত্যেক পরিবারের জন্য একটি নিখুত মেষ শাবক নিতে হবে ও তা উৎসর্গ করতে হবে৷

ঈশ্বর প্রদান করলেন

“ইস্রায়েলীয়দের প্রথম পুত্র সন্তানদের বাঁচানোর জন্য ঈশ্বর হলেন একমাত্র উপায়কর্তা৷

নিখুঁত মেষ

এটি হল, “খুঁত বা দোষ ছাড়া একটি ভেড়ার বা ছাগলের ছোট বাচ্চা৷”

translationWords

- ঈশ্বর
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- ছেলে, পুত্র
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- মেষশাবক, ঈশ্বরের মেষশাবক

11:03

ঈশ্বর ইস্রায়লীয়দের বললেন সেই মেষ শাবকের কিছু রক্ত তাদের ঘরের দরজার চারধারে লাগাতে, আর সেই মাংসকে সেঁকতে আর তাড়াতাড়ি তা ঈস্ট বা তাড়ীশূণ্য রুটির সাথে খেয়ে নিতে। তিনি তাদের আরও বললেন যে মিশর ছাড়তে তৈরী থাকতে যখন খাওয়া হয়ে যাবে |

তাড়ীশূন্য রুটি

"তাড়ী হল এমন বস্তু যা আটা বা ময়দার সাথে মেলানো হয় রুটিকে ফলানোর জন্য। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "এমন ভাবে বানাও যা রুটিকে ফোলাবে না।"

রুটিকে তাড়ী বা ঈস্ট

এর সাথে বানাতে বহু সময় লাগে, তাই তাড়ী বা ঈস্ট ছাড়াই রুটি বানালে তাদের তাড়াতাড়ি মিশর ছাড়তে তা সুবিধাজনক হবে।

যখনই তোমরা খেয়ে নেবে

এর অর্থ হল যে তাদের খাওয়ার আগে তাদের তৈরী হয়ে নিতে হবে।

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- মেষশাবক, ঈশ্বরের মেষশাবক
- রক্ত
- মিশর, মিশরীয়, মিশরীয়

11:04

ইস্রায়লীয়রা ঠিক তেমনই করল যেমন ঈশ্বর তাদের করতে বলেছিলেন।মধ্যরাত্রে, ঈশ্বর প্রত্যেক প্রথমজাতদের হত্যা করে মিশরের মধ্যে দিয়ে গমন করলেন।

প্রত্যেক প্রথমজাত পুত্র

এর অর্থ হল পরিবারের প্রত্যেক প্রথম পুত্র সন্তান যারা রক্তের বলি দেয় নি আর তারা হল মিশরের লোক। এটিকে স্পষ্ট করতে আপনাকে এতে অতিরিক্ত বাক্য যুক্ত করতে হবে, "প্রত্যেক মিশরীয় প্রথমজাত পুত্র" (যেহেতু ইস্রায়েলীয় সকল পরিবারগুলো তাদের দরজার চারধারে রক্ত লাগিয়ে ছিল)।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর
- মিশর, মিশরীয়, মিশরীয়

11:05

ইস্রায়লীয়দের প্রত্যেক বাড়ির দরজায় রক্ত ছিল, তাই ঈশ্বর সেসব ঘরগুলোকে **এড়িয়ে গেলেন**।সেগুলোর ভিতরের সকল প্রাণী রক্ষা পেল।তারা মেষ শাবকের রক্তের জন্য রক্ষা পেল।

এড়িয়ে গেলেন

এর অর্থ হল যে ঈশ্বর সেই দরজাগুলোর পাশ দিয়ে এগিয়ে গেলেন আর কাউকেই নিহন্ন করতে থামলেন না। এই ঘটনাটি ইহুদিদের উৎসবে পরিনত হল যাকে বলা হয়, "নিস্তারপর্ব।"

তারা রক্ষা পেল

ঈশ্বর তাদের প্রথমজাত পুত্র সন্তানদের নিহনন করলেন না।

মেষ শাবকটির রক্তের জন্য

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "কেননা মেষ শাবকটির রক্ত তাদের দরজার চারধারে লাগানো ছিল। ঈশ্বর দেখেছিলেন যে তারা তাদের শাবকদের বলি দিয়েছিল যেমনটি তিনি তাদের আদেশ দিয়েছিলেন, তাই তিনি তাদের পুত্রদের হত্যা করলেন না।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- রক্ত
- ঈশ্বর
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- মেষশাবক, ঈশ্বরের মেষশাবক

11:06



কিন্তু মিশরবাসীরা ঈশ্বরকে বিশ্বাস করল না আর তার বাধ্যও হল না।তাই ঈশ্বর তাদের ঘর গুলোকে উপেক্ষা করলেন।ঈশ্বর মিশরবাসীদের প্রত্যেক প্রথমজাত পুত্র সন্তানদের হত্যা করলেন।

মিশরবাসীরা ঈশ্বরকে বিশ্বাস করল না আর তার আজ্ঞাকারীও হল না

কিছু কিছু ভাষায় এটিকে আরো প্রকৃতিক ভাবে আর স্পষ্ট ভাবে বলা যেতে পারে, “ঈশ্বরকে (যীহোবা) বিশ্বাস করেনি আর তাই তারা তার আজ্ঞা পালন করেনি।”

উপেক্ষা করলেন না

তিনি তাদের ঘরের পাশ এড়িয়ে এগিয়ে যাননি। বরং তিনি প্রত্যেক ঘরে থেমেছিলেন আর তাদের জেষ্ঠ্য পুত্রদের নিহনন করেছিলেন।

translationWords

- মিশর, মিশরীয়, মিশরীয়
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- ঈশ্বর

11:07

প্রত্যেক মিশরীয় প্রথমজাত পুত্র-সন্তান মারা গেল, **জেলে বন্দীদের প্রথমজাত সন্তানদের থেকে ফরৌনের প্রথম পুত্র পর্যন্ত সকলই মারা গেল**।মিশরের অনেক লোক তাদের গভীর বেদনার জন্য কাঁদলো আর শোক করল।

জেলে বন্দীদের প্রথমজাত সন্তানদের থেকে ফরৌনের প্রথম পুত্র পর্যন্ত সকলই মারা গেল

এটি হল একটি পদ্ধতি বলার জন্য যে সকলের প্রথম পুত্র মারা গেল, কম মহত্বপূর্ণ ব্যক্তি থেকে আরম্ভ করে বিশিষ্ট ব্যক্তি পর্যন্ত আর এই সকলের মধ্যেকার শ্রেণীর লোকেদেরও প্রথম পুত্র মারা গিয়েছিল।

translationWords

- মিশর, মিশরীয়, মিশরীয়
- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা

11:08



সেই একই রাতে, ফরৌণ মোশী ও হারুনকে **ডাকলেন আর বললেন**, “ইস্রায়লীয়দের নাও আর এক্ষনি মিশর ছেড়ে চলে যাও!”মিশরবাসীরাও ইস্রায়লীয়দের তক্ষুনি চলে যেতে মিনতি করল।

ডাকলেন

এর অর্থ হল যে ফরৌণ তার চাকরদের বলেছিলেন যে মোশী আর হারোনকে বল আমার কাছে আসতে।

আর বললেন

ফরৌণ এই কথাগুলো মোশী আর হারোনকে বললেন তারা তার কাছে আসার পর। কিছু কিছু ভাষায় এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আর তাদেরকে বলেছিলেন,” বা, “তাদের আসবার পর, ফরৌণ তাদের বলেছিলেন।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-যাত্রাপুস্তক ১১:১-১২:৩২

translationWords

- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- মোশি
- হারণ
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- মিশর, মিশরীয়, মিশরীয়

ইস্রায়লীয়দের যাত্রা

12:01



ইস্রায়লীয়রা মিশর ছাড়তে ভীষণ খুশি হল। **তারা আর দাস থাকলেন না**, এবং তারা প্রতিজ্ঞার ভূমিতে **যাচ্ছিল**!মিশরবাসীরা ইস্রায়লীয়দের সেসব দিলেন যা তারা তাদের কাছে চেয়েছিল, এমনকি সোনা ও রুপা এবং অন্যান দামী বস্তু।অন্যান্য দেশের কিছু লোক ছিল যারা ঈশ্বরকে বিশ্বাস করত এবং ইস্রায়লীয়দের মিশর ছাড়ার সময় তারাও সাথে চল।

তারা আর দাস থাকলেন না

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "তারা আর দাস বা গুলাম নয়।

যাচ্ছিল

"কিছু কিছু ভাষার প্রয়োগ হতে পারে এটিকে আরো নির্দিষ্টভাবে বলার জন্য যেমন "যাত্রা করছিলেন" যেহেতু তারা প্রতিজ্ঞার ভূমিতে যাওয়ার জন্য দূরের যাত্রায় যাচ্ছিল।

প্রতিজ্ঞার ভূমি বা দেশ

এটি হল সেই ভূমি যার বিষয়ে ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে তিনি তা অব্রাহামের বংশকে দেবেন।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- মিশর, মিশরীয়, মিশরীয়
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- প্রতিজ্ঞার দেশ/ভূমি
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- ঈশ্বর

12:02



আর দিনের বেলায় ঈশ্বর মেঘের একটি লম্বা স্থম্ভের সাথে আর সেটিই আবার রাতের বেলায় আগুনের একটি লম্বা স্থম্ভের সাথে তাদের আগে আগে গেলেন। ঈশ্বর সবসময় তাদের সাথে ছিলেন আর তাদের **নির্দেশনা** করতেন। তাদের শুধু ঈশ্বরের অনুসরণ করতে হত।

মেঘের লম্বা স্তম্ভ

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “একটি লম্বা মেঘ” বা, “স্তম্ভের আকারের একটি মেঘ।”

আগুনের লম্বা স্তম্ভ

এটি একটি আগুনের রেখা ছিল যা ইস্রায়েলীয়দের সামনে বাতাসে ভাসছিল।

নির্দেশনা

ঈশ্বর তাদের পথ সস্তম্ভের দ্বারা দেখিয়েছিলেন।

translationWords

- ঈশ্বর

12:03

অল্প কিছু সময় পরই, ফরৌণ আর তার লোকেরা **তাদের মন বদলালো** আর ইস্রায়লীয়দের পুনরায় তাদের দাস করতে চাইল। ঈশ্বর ফরৌনের হৃদয়কে কঠোর করলেন যেন লোকেরা দেখতে পান যে তিনিই সত্য ঈশ্বর, আর যেন বুঝতে পারেন যে, যীহোবা ফরৌনের এবং তার দেবতাদের তুলনায় বেশি শক্তিশালী।

অল্প কিছু সময় পর

সম্ভবত দু দিন পর। এটা স্পষ্ট করার জন্য, এটাকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "কিছু দিন পর" বা, "ইস্রায়েলীয়দের মিশর ত্যাগ করার অল্প কিছু দিন পর।"

তাদের মন বদলালো

এর অর্থ হল, "আগের চিন্তাটির থেকে অন্যভাবে চিন্তা করলো। কিছু কিছু ভাষায় এটি একই অভিব্যক্তি প্রকাশ নাও করতে পারে, কিন্তু প্রতক্ষ্যভাবে একই মানে প্রকাশ করতে পারে।

translationWords

- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- ঈশ্বর
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা

12:04

তাই ফরৌণ আর তার সেনাগন ইস্রায়লীয়দের দাস করতে তাদের ধাওয়া করল৷যখন ইস্রায়লীয়রা দেখল যে মিশরের সেনা তাদের পিছনে আসছে, তারা বুঝতে পারল তারা ফাঁদে পড়েছে ফরৌনের সেনা আর লাল সমুদ্রের মাঝে |তারা ভীষণভাবে ভয় পেল আর চিৎকার করল, “কেন আমরা মিশরদেশ ছেড়ে ছিলাম?আমরা মারা পরলাম!”

লাল সমুদ্রের মধ্যে নিজেদের ফাঁদে আটকা পেল

অন্যভাবে এটাকে বললে তা হবে, “কোনো জায়গা ছিল না যেখানে তারা যেতে পারত যেহেতু মিশরীয়রা তাদের পিছনে ছিল আর লাল সমুদ্র তাদের সামনে ছিল৷”

কেন আমরা মিশর ছেড়ে ছিলাম?

“এর অর্থ হল, “আমাদের মিশর ত্যাগ করা উচিত হয়নি!” তারা কারনগুলো জিজ্ঞাস করছিল না৷ কেননা তারা এই মুহুর্তে ভয় পেয়েছিল, তারা কামনা করছিল যে তারা যদি মিশরকে ত্যাগ না করত (যদিও তাদের জন্য সেখানে থাকাটাও কষ্টকর ছিল৷)

translationWords

- ফৌরন/প্রাচীন মিশরের রাজাদের উপাধি, মিশরের রাজা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- মিশর, মিশরীয়, মিশরীয়
- নলবনের সাগর , লাল সাগর

12:05



মোশী ইস্রায়লীয়দের বললেন, “ভয় পেয় না!**ঈশ্বর তোমাদের জন্য আজ লড়াই করবেন আর তোমাদের রক্ষা করবেন**।”তখন ঈশ্বর মোশীকে বললেন, “লোকেদের বল লাল সমুদ্রের দিকে এগোতে।”

ঈশ্বর তোমাদের জন্য আজ লড়াই করবেন আর তোমাদের রক্ষা করবেন

অন্যভাবে এটাকে বললে তা হবে, “আজ ঈশ্বর তোমাদের জন্য মিশরীয়দের হারাবেন আর তোমাদেরকে ক্ষতি করার হাত থেকেও রক্ষা করবেন।”

এগোনো

কিছু কিছু ভাষায় আরো সঠিক হবে বলা, “হাঁটা।”

translationWords

- মোশি
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- নলবনের সাগর , লাল সাগর

12:06

তখন ঈশ্বর **মেঘের স্তম্ভ**টিকে সরালেন আর সেটিকে ইস্রায়লীয়দের আর মিশরীয়দের মধ্যে রাখলেন যেন মিশরীয়রা ইস্রায়লীয়দের দেখতে না পায়।

মেঘের স্তম্ভ

12-02-তে দেখুন আপনি কিভাবে এই বাক্যাংশটিকে অনুবাদ করেছেন।

দেখতে পেল না

মেঘের স্তম্ভটি এতই বিশাল ছিল আর ঘন ছিল যে মিশরীয়রা ইস্রায়েলীয়দের আর দেখতে পেল না।

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- মিশর, মিশরীয়, মিশরীয়

12:07

ঈশ্বর মোশীকে বললেন **সমুদ্রের দিকে হাত উঠাতে** আর জলকে দুভাগ করতে।তারপর ঈশ্বর বাতাসের দ্বারা ডান ও বাম দিকের জলকে ধাক্কা দিলেন, যেন সমুদ্রের মাঝে একটি পথ তৈরী হয়।

সমুদ্রের দিকে হাত উঠাতে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তার হাত সমুদ্রের দিকে বাড়ালেন।” এটি হলো একটি ভঙ্গি বা মুদ্রা এটা দেখানোর জন্য যে ঈশ্বর মোশীর দ্বারা চমৎকার করছেন।

translationWords

- ঈশ্বর
- মোশি

12:08

ইস্রায়লীয়রা সমুদ্রের দুপাশের জলের দেওয়ালের মাঝখানের শুকনো পথ দিয়ে **হেঁটে পার হল**।

হেঁটে পার হল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “হেঁটেছিল” বা, “চলে গিয়েছিল।”

সমুদ্রের দুপাশের জলের মাঝের শুকনো পথ দিয়ে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আর তাদের দুপাশে জল লম্বা ও খাঁড়াভাবে দাঁড়িয়ে গেল দেওয়ালের ন্যায়।”

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

12:09

তার পর ঈশ্বর মেঘের স্তম্ভটিকে পথটি থেকে সরালেন যেন মিশরীয়রা দেখতে পান যে ইস্রায়লীয়রা পালাচ্ছে৷ মিশরীয়রা ঠিক করল যে তারা তাদের তাড়া করবে৷

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই৷)

translationWords

- ঈশ্বর
- মিশর, মিশরীয়, মিশরীয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

12:10



তাই তারা ইস্রায়লীয়দের **সমুদ্রের পথটি**র মাধ্যমে পিছন নিল, কিন্তু ঈশ্বর তাদের **ভয়ভীত করলেন** আর তাদের রথদের **আটকে দিলেন**। তারা চিৎকার করলেন, “পালাও!ঈশ্বর ইস্রায়লীয়দের পক্ষে লড়াই করছেন!”

সমুদ্রের পথটি

এটি হল জলের দেওয়ালের মধ্যেকার সমুদ্রতলের শুখনো ভূমির পথ।

ভয়ভীত করলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আতঙ্কিত আর বিভ্রান্ত করলেন”

আটকে দিলেন

রথগুলো আর নড়াচড়া করতে পারল না।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর
- মিশর, মিশরীয়, মিশরীয়
- রথ, যুদ্ধ রথ, রথ চালক

12:11

ইস্রায়লীয়দের সুরক্ষিতভাবে ওপারে যাওয়ার পর, ঈশ্বর মোশীকে বললেন তুমি **তোমার হাত আবার বাড়াও**।যখন তিনি তা করলেন, মিশরীয় সেনার উপর জলরাশি এসে পড়ল আর **পুনরায় নিজ জায়গায় চলে এল**।সম্পূর্ণ মিশর সেনা ডুবে গেল।

ইস্রায়লীয়দের সুরক্ষিতভাবে ওপারে যাওয়ার পর

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “অন্য পারে সুরক্ষার সাথে হেঁটে যাওয়ার পর” বা, “অন্য পারে সুরক্ষার সাথে পৌঁছে যাওয়ার পর” বা “অন্য দিকে হেঁটে গিয়েছিল আর মিশরীয়দের থেকে আর সমুদ্র থেকে সুরক্ষিত হয়েছিল।”

তোমার হাত আবার বাড়াও

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সমুদ্রের দিকে নিজের হাত বাড়াও” বা, একটি প্রতক্ষ্য আদেশের ন্যায় “ঈশ্বর মোশীকে বললেন, ‘তোমার হাত আবার বাড়াও।”’

পুনরায় নিজ জায়গায় চলে এল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সেই স্থানটিকে যেখানে শুকনো পথ হয়েছিল ভরে গেল,” বা “পুনরায় সমুদ্র ভরে গেল” বা, “ঈশ্বর যে স্থানটিকে বিভাগ করেছিলেন তা পুনরায় ভরে গেল।”

সম্পূর্ণ মিশর সেনা

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “মিশর সেনার সকল লোক।”

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর
- মোশি
- মিশর, মিশরীয়, মিশরীয়

12:12

যখন ইস্রায়লীয়রা দেখল যে মিশরীয়রা মারা গিয়েছে, তারা **ঈশ্বরের উপর বিশ্বাস** করল এবং বিশ্বাস করল যে মোশী ঈশ্বরের একজন ভাববাদী।

ঈশ্বরের উপর বিশ্বাস

অন্য শব্দে, লোকেরা এখন বিশ্বাস করলেন যে ঈশ্বর শক্তিশালী ছিলেন আর তাদের রক্ষার্থে যোগ্য ছিলেন।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- মিশর, মিশরীয়, মিশরীয়
- ঈশ্বর
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- মোশি
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী

12:13

ইস্রায়লীয়রা **ভীষণ উৎসাহের সাথে আনন্দ করল** কেননা ঈশ্বর তাদের **মৃত্যু আর দাসত্বের থেকে রক্ষা** করেছেন। এখন তারা ঈশ্বরের **সেবার্থে স্বাধীন ছিল**।ইস্রায়লীয়রা তাদের নতুন স্বাধীনতার জন্য নানান গান গাইল আর **ঈশ্বরের স্তুতিবাদ করল** কেননা তিনি মিশরের সেনাগণদের থেকে তাদের রক্ষা করেছিলেন।

ভীষণ উৎসাহের সাথে আনন্দ করল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তারা ভীষণভাবে আনন্দিত ছিল আর তা উৎসাহের সাথে প্রকাশও করলেন” বা, “সম্পূর্ণ হৃদয়ের সাথে তা প্রকাশ করলেন” বা, “তাদের সম্পূর্ণ শক্তির সাথে।”

মৃত্যু আর দাসত্বের থেকে রক্ষা

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “মিশরীয়দের দ্বারা মরার হাত থেকে বা দাস হওয়ার হাত থেকে।”

সেবার্থে স্বাধীন ছিল

ঈশ্বর ইরায়েলীয়দের স্বাধীন করলেন, বা রক্ষা করলেন, মিশরীয়দের দাস হওয়ার হাত থেকে যেন তারা ঈশ্বরের সেবা করতে পারে।

ঈশ্বরের স্তুতিবাদ করল

কিছু কিছু ভাষায় এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বরের নাম উচ্চ করল” বা, “বলল যে ঈশ্বর হলেন মহান।”

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- প্রশংসা, প্রশংসা, প্রশংসিত, প্রশংসা, প্রশংসনীয়

- মিশর, মিশরীয়, মিশরীয়

12:14



ঈশ্বর ইস্রায়লীয়দের প্রতি বছর **নিস্তারপর্ব** পালন করতে আজ্ঞা দিলেন এটা স্বরণ করার জন্য যে ঈশ্বর কেমন ভাবে মিশরীয়দের উপর বিজয় দিয়েছিলেন আর দাসত্ব থেকে তাদের উদ্ধার করেছিলেন। তারা এটাকে পালন করল একটি নিখুঁত ভেড়ার বলি, সেটাকে **তাড়ীশূন্য রুটি**র সাথে আহার করার দ্বারা ।

নিস্তারপর্ব

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "নিস্তারপর্বের কার্যকলাপ" বা, "নিস্তারপর্ব পালন করা" বা, "নিস্তারপর্বের ভোজন।"

এটা স্মরণ করার জন্য যে ঈশ্বর কেমন ভাবে মিশরীয়দের উপর বিজয় দিয়েছিলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "নিয়মিত তাদের মনে করিয়ে দেওয়ার জন্য যে কিভাবে ঈশ্বর তাদের হারিয়েছিলেন।" "স্মরণ" শব্দটি এখানে এমন অর্থে নয় যে "না ভুলা";এটির আরো অর্থ হল কোনো ঘটনাকে স্মরনীয় করে পালন করা।

নিখুঁত মেষ শাবক

এখানে "নিখুঁত" শব্দটি উল্লেখ করে এমন একটি মেষ শাবকের যার কোনো রোগ নেই বা খারাপ কোনো কিছু নেই। অন্য ভাবে বললে এটি এমন হতে পারে, "একটি সম্পূর্ণ আকারের আর সুস্থ মেষ শাবক।"

তাড়ীশূন্য রুটি

অন্য ভাবে বললে, "রুটি যার মধ্যে ঈস্ট বা তাড়ী মেলানো হয়নি।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-যাত্রাপুস্তক ১২:৩৩-১৫:২১

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- যিহুদিরে বাত্সরিক পর্ব বিশেষ (নিস্তার পর্ব)
- মিশর, মিশরীয়, মিশরীয়
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- মেষশাবক, ঈশ্বরের মেষশাবক

ইস্রায়েলের সাথে ঈশ্বরের নিয়ম

13:01

ঈশ্বর ইস্রায়লীয়দের লাল সমুদ্রের মধ্যে দিয়ে নিয়ে আসার পর, তিনি তাদের নির্জনপ্রদেশ দিয়ে একটি সীনয় নামক পর্বতে নিয়ে এলেন। এটিই হল সেই পর্বত যেখানে মোশী **জ্বলন্ত ঝোপ** দেখেছিলেন।পর্বতের তলদেশে লোকেরা তাদের তাম্বু বানাল।

জ্বলন্ত ঝোপ

মোশীর মিশরে ফিরে যাওয়ার পূর্বে, যেখানে ঈশ্বর তার সাথে ঝোপের মধ্যে দিয়ে কথা বলেছিলেন যেটিতে আগুন লেগেছিল। 09-12-তে দেখুন।

তাদের তাম্বু বসালো

ইস্রায়েলীয়দের মিশর থেকে প্রতিজ্ঞার ভূমিতে যাওয়ার জন্য খুব দূরের পথ অতিক্রম করতে হত। তাই তারা তাদের তাম্বু সাথে নিয়েছিল যেন তারা আশ্রয় ও বিশ্রাম নেওয়ার জন্য তা ব্যবহার করতে পারে। কিছু ভাষায় এভাবে অনুবাদ করা যেতে পারে, “তাদের তাম্বু ঝুলালো।”

পর্বতের তলদেশে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “পর্বতের নিচে।" এটি উল্লেখ করে সেই সমতল ভূমিটিকে, যার পর থেকে পর্বতের ঢালু ভূমি আরম্ভ হয় বা ভূমি যা পর্বতের উচ্চ ভূমির দিকে যায়।

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- নলবনের সাগর , লাল সাগর
- সীনয়, সীনয় পর্বত
- মোশি

13:02

ঈশ্বর মোশীকে আর ইস্রায়লীয় লোকেদের বললেন, “যদি তোমরা আমার ও **আমার নিয়মের প্রতি আজ্ঞাকারী হও**, তবে **তোমরা আমার নিজ ভাগ**, একটি রাজকীয় যাজকবর্গ এবং একটি পবিত্র জাতি হবে।

আমার নিয়মের প্রতি আজ্ঞাকারী হও

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তা কর যা আমার নিয়ম তোমাদেরকে করতে বলে।” আজ্ঞাকারী হওয়া আর পালন করা দুটি ভিন্ন বিষয় নয়। স্পষ্ট করতে এমন বলা চলে, “আমার আজ্ঞাকারী হয় আমার নিয়ম পালন করো।” ঈশ্বর শীঘ্রই তাদের বলতে চলেছিলেন যে তার নিয়মগুলো কি কি।

তোমরা আমার নিজ ভাগ

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তোমরা আমার সম্পত্তি হবে যাকে আমি সবচাইতে বেশি মূল্য দিই” বা “তোমরা আমার প্রজা হবে যাদের আমি অন্য সকল লোকেদের দলের চেয়ে বেশি মূল্যবন করব” বা, “তোমরা হবে আমার নিজ মূল্যবান প্রজা।”

একটি রাজকীয় যাজকবর্গ আর একটি পবিত্র জাতি হবে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আমি তোমাদের রাজা হব আর তোমরা আমার প্রজা হবে।” ইস্রায়লীয়দের আসলে ঈশ্বরের (যীহোবা) বিষয়ে অন্য জাতির লোকেদের শেখাতে হত আর ঈশ্বরের আর অন্য জাতির লোকেদের মধ্যে একটি মাধ্যম হতে হত যেমন ইস্রায়েলীয়দের মধ্যে একটি যাজকবর্গের গোত্র ছিল যারা ঈশ্বর আর ইস্রায়েলীয়দের মধ্যে মাধ্যম ছিল।

translationWords

- ঈশ্বর
- মোশি
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- রাজ্য, রাজ্যবর্গ
- যাজক, যাজকগণ, যাজকবর্গ

- পবিত্র, পবিত্রতা, অপবিত্র, শুদ্ধ

13:03

তিন দিন পর, **আধ্যাত্মিক রূপে লোকেরা নিজেদের প্রস্তুত করার পর**, ঈশ্বর সীনয় পর্বতের চূড়ায় মেঘগর্জন, বিদ্যুৎ, ধুম্র আর অতিশয় **উচ্চস্বরে তুরীধ্বনীর সাথে** নেমে এলেন। কেবল মোশীরই পর্বতের উপরে চড়ার অনুমতি ছিল।

তিন দিন পর

অন্য শব্দে, সীনয় পর্বতে পৌঁছানোর তিন দিন পর ঈশ্বর তাদের সাথে প্রথমবার কথা বললেন।

আধ্যাত্মিক রূপে লোকেরা নিজেদের প্রস্তুত করার পর

এটি উল্লেখ করে ঈশ্বরের সাথে সাক্ষাৎকার করার জন্য আনুষ্ঠানিক শুদ্ধিকরণ। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ঈশ্বরের সাথে সাক্ষাৎকার করতে প্রস্তুতি নিল" বা, "ঈশ্বরের সাথে সাক্ষাৎকার করতে নিজেদেরকে তৈরী করলো।"

উচ্চস্বরে তুরীধ্বনীর সাথে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "আর একটি উচ্চ ধ্বনী যা শিঙা থেকে আসলো" বা, "আর তারা শিঙা থেকে নির্গত একটি উচ্চ ধ্বনী শুনলো।" ভেড়ার শিং থেকে শিঙা বানানো হত। লোকেদের পর্বতে ঈশ্বরের সাথে দেখা করার জন্য তারা সেটিকে ব্যবহার করেছিল।

কেবল মোশীরই অনুমতি ছিল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ঈশ্বর মোশীকে আজ্ঞা দিলেন যাওয়ার জন্য, কিন্তু তিনি অন্য কাউকে যেতে আজ্ঞা দিলেন না।"

translationWords

- ঈশ্বর
- সীনয়, সীনয় পর্বত
- মোশি

13:04

তখন ঈশ্বর তাদের নিয়ম দিলেন আর বললেন, “আমি সদাপ্রভু, তোমাদের ঈশ্বর, **যিনি মিশর দেশের দাসত্ব থেকে তোমাদের মুক্তি দিয়েছেন**।অন্য দেব-দেবীর উপাসনা কর না।”

তখন ঈশ্বর তাদের নিয়ম দিলেন আর বললেন

যা কিছু ঈশ্বর এর পর বললেন তা হল নিয়মের বিষয়বস্তু, তা হল, তিনি লোকেদের যা বললেন তা তাদের মানতে হবে। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তারপর ঈশ্বর তার নিয়ম তাদের বললেন। তিনি বললেন” বা, “তারপর ঈশ্বর তার নিয়ম তাদের সাথে স্থির করলেন।”

যীহোবা, তোমাদের ঈশ্বর

কিছু কিছু ভাষায় এটা আরও প্রাকৃতিক হতে পারে যদি ক্রমটিকে পরিবর্তন করা হয়, যেমন “তোমাদের ঈশ্বর, যীহোবা।” নিশ্চিত হন যেন এটি এমন না শোনায় যে ইস্রায়েলীয়রা একের বেশি ঈশ্বর বানিয়েছিল। এটা যেন স্পষ্ট হয় যে যীহোবা হল কেবল ঈশ্বর। অন্য ভাবে এটিকে অনুবাদ করলে এটি হবে, “যীহোবা, যিনি হলেন তোমাদের ঈশ্বর” বা, “তোমাদের ঈশ্বর, যার নাম হল যীহোবা।”

যিনি মিশর দেশের দাসত্ব থেকে তোমাদের মুক্তি দিয়েছেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আমি তোমাদের দাসত্ব থেকে মুক্তি দিয়েছি।”

translationWords

- ঈশ্বর
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- সদাপ্রভু
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- মিশর, মিশরীয়, মিশরীয়
- আরাধনা
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা

13:05

“কোনো রকম মূর্তি বানিয় না এবং তাদের উপাসনা কর না, কেননা আমি, সদাপ্রভু, আমি স্বগৌরব রক্ষনে উদযোগী ঈশ্বর।আমার নাম অনর্থক বা অসন্মান পদ্ধতিতে ব্যবহার কর না।বিশ্রাম দিন পবিত্র রূপে পালন কর।ছয় দিনে তোমাদের সকল কর্ম কর, **সপ্তম দিন**টি হল তোমাদের বিশ্রামের ও আমাকে স্বরণ করার দিন।

(ঈশ্বর নিরন্তর মোশীর সাথে কথা বললেন।)

কেননা আমি, যীহোবা, আমি স্বগৌরব রক্ষনে উদযোগী ঈশ্বর

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আমি, যীহোবা, ক্রুদ্ধ হবো যদি তোমরা অন্য কাউকে আরাধনা কর।” ঈশ্বর নিশ্চিতরূপে চান যেন তার প্রজারা তাকেই ভালবাসে, সেবা করে, আর তার আজ্ঞা পালন করে অন্য কারো বা কিছুর চেয়ে। তিনিই কেবল তাদের জীবনের মালিক বা প্রভু হওয়া উচিত।

আমার নাম অনর্থক বা অসন্মান পদ্ধতিতে ব্যবহার কর না

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আমার সম্মন্ধে তেমন কিছু বলবে না যা আমাকে অসন্মান করে” বা, “আমার বিষয়ে এমন ভাবে বলবে যা আমাকে সন্মান দেয়।”

সপ্তম দিন

এটিকে অনুবাদ করতে, কোনো দিনের নাম উল্লেখ করার চেয়ে এটিকে (“সপ্তম”) সংখা বললে সঠিক হবে।

আমাকে স্মরণ

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আমাকে মনে রাখা” বা, “আমাকে সন্মান দেওয়া।”

translationWords

- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- আরাধনা

- সদাপ্রভু
- ঈশ্বর
- বিশ্রাম দিন
- পবিত্র, পবিত্রতা, অপবিত্র, শুদ্ধ

13:06

"তোমার পিতা ও মাতাকে সম্মান কর।হত্যা কর না। **ব্যভিচার কর না**।চুরি কর না।মিথ্যা বল না। প্রতিবেশীর স্ত্রীর, তার গৃহের, অথবা তার কোনো কিছুর প্রতি লোভ কর না।"

(ঈশ্বর নিরন্তর মোশীর সাথে কথা বললেন।)

ব্যভিচার কর না

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "অন্যের স্বামী বা স্ত্রীর সাথে ব্যভিচার কর না" বা, "অন্য পুরুষের স্ত্রীর সাথে বা অন্য স্ত্রীর স্বামীর সাথে বৈবাহিক সম্পর্ক রেখো না।" নিশ্চিত হন যে এটিকে এমন ভাবে অনুবাদ করবেন যেন কাউকে আঘাত না করে বা শ্রুতিকটু না হয়। কিছু কিছু ভাষায় অনেক বার, এটিকে অন্যভাবে ভদ্র ভাষায় বলা হয়ে থাকে যেমন, "শয়ন করবে না।"

মিথ্যা বল না

এর অর্থ হল, "অন্য লোকেদের বিষয়ে ভুল বা মিথ্যে বল না।"

translationWords

- ব্যভিচার, ব্যভিচারী, ব্যভিচারী পুরুষ, ব্যভিচারিনী, ব্যভিচারী পুরুষেরা, ব্যভিচারী নারীরা

13:07

তার পর ঈশ্বর এই দশ আজ্ঞা দুটি **পাথরের ফলক**ে লিখলেন আর মোশীকে দিলেন।ঈশ্বর **আরও অন্যান্য নিয়ম ও বিধি দিলেন অনুসরণ করার জন্য** ।যদি লোকেরা এই নিয়মবিধিগুলো পালন করে, তাবে ঈশ্বর প্রতিজ্ঞা করলেন যে তিনি তাদের অর্শিবাদ করবেন ও রক্ষা করবেন।যদি তারা অমান্য করে তবে ঈশ্বর তাদের দন্ড দেবেন।

সেই দশাজ্ঞাগুলো

ইস্রায়েলীয়দের আজ্ঞাকারী হতে মোশীকে দেওয়া ঈশ্বরের আদেশগুলোকে এটি উল্লেখ করে। 13-05 আর 13-06-এ সেগুলোকে তালিকাভুক্ত করা হয়েছে।

পাথরের ফলক

এগুলো হল পাথরের সমতল টুকরো।

আরও অন্যান্য নিয়ম ও বিধি দিলেন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বর তাদের আরও বললেন।”

অনুসরণ করার জন্য

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “যা তাদের মানতেই হবে” বা, “যা তাদের পালন করতেই হবে।”

translationWords

- ঈশ্বর
- দশ আজ্ঞা
- মোশি
- ব্যবস্থা, মোশির ব্যবস্থা, ঈশ্বরের ব্যবস্থা, সদাপ্রভুর ব্যবস্থা
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী

- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- অবাধ্য, অমান্য, অবাধ্য, অবাধ্যতা, অমান্যকারী
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি

13:08

ঈশ্বর ইস্রায়লীয়দের একটি তাম্বু বানাবার বিশদ বিবরণও দিলেন যা তিনি চাইতেন যেন তারা সেটির নির্মান করে৷ **এটিকে মিলনতাম্বু বলা হত**, আর এটির দুটি কক্ষ ছিল, একটি বিরাট পর্দার মাধ্যমে সেটি ভাগ ছিল ।কেবল মহাযাজকেরই **পর্দার পেছনের কক্ষে** প্রবেশের অনুমতি ছিল, কেননা সেখানে ঈশ্বর বাস করতেন৷

তার একটি পূর্ণ বর্ণনাও তাদের দিলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ঈশ্বর তার খুটিনাটি বর্ণনা দিলেন" বা, "ঈশ্বর ঠিক কেমনটি নির্মান করতে চান, তা তাদের বললেন৷"

এটিকে মিলনতাম্বু বলা হত

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "তারা তা বলত" বা, "মোশী তা বলতেন৷"

পর্দার পেছনের কক্ষে

সেই কক্ষটি পর্দা দিয়ে ঢাকা থাকত৷ কিছু কিছু ভাষায় এই কক্ষটিকে বলা হয়, "পর্দার সামনের কক্ষ৷"

সেখানে ঈশ্বর নিবাস করতেন

যদি এই বাক্যাংশটি লোকেদের এমনটি ভাবায়, যে ঈশ্বর কেবল তাম্বুতে সীমিত, তাহলে এটি এমন কিছু পদ্ধতিতে অনুবাদ করা যেতে পারে: "ঈশ্বর সেখানে ছিলেন" বা, "সেখানে ঈশ্বর নিজেকে মনুষ্যদের সামনে প্রকাশ করেছিলেন৷

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- মিলন তাম্বু
- মহা যাজক

13:09

যেকেউ ঈশ্বরের নিয়মের অমান্য করতেন সে একটি পশু মিলন তাম্বুর বেদীর সামনে ঈশ্বরের কাছে উৎসর্গ করতেন। এক যাজক পশুটিকে বলি দিতেন আর তা বেদির অগ্নিতে নিক্ষেপ করতেন।বলি হওয়া পশুটির রক্ত **সেই ব্যক্তির পাপকে ঢেকে দিত** আর তাকে **ঈশ্বরের দৃষ্টিতে শুদ্ধ** করত।ঈশ্বর মোশীর ভাই হারোন এবং হারোনের বংশকে তার যাজক রূপে নির্বাচন করলেন।

ঈশ্বরের নিয়মবিধি

এটি উল্লেখ করে সেই সকল আদেশ ও নির্দেশনাগুলোকে যা ঈশ্বর ইস্রায়েলীয়দের পালন করতে বলেছিলেন।

মিলন তাম্বুর সামনে

তারা পশুটিকে মিলনতাম্বুর ভিতরে আনত না, কিন্তু তার সামনে রাখা সেই বেদীটিতে আনত। নিশ্চিত হন যে এমন একটি অভিব্যক্তি না হয় যে তারা তা ভিতরে নিয়ে আসত।

সেই ব্যক্তির পাপকে ঢেকে দিত

যখন লোকেরা বলি নিয়ে আসত, ঈশ্বর সেই লোকেদের পাপকে সেই পশুর রক্তের দ্বারা ঢেকে দিতেন। এটি হল যেমন কোনো কিছু খারাপ বা বিশ্রী জিনিসকে ঢেকে দেওয়া।

ঈশ্বরের দৃষ্টিতে শুদ্ধ

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যেমন ঈশ্বরের দৃষ্টিতে তার কাছে সেই পাপ নেই” বা, “ঈশ্বরের নিয়মবিধির অনাজ্ঞাকারী হওয়ার দণ্ড থেকে মুক্ত হওয়া।”

translationWords

- অবাধ্য, অমান্য, অবাধ্য, অবাধ্যতা, অমান্যকারী
- ব্যবস্থা, মোশির ব্যবস্থা, ঈশ্বরের ব্যবস্থা, সদাপ্রভুর ব্যবস্থা
- মিলন তাম্বু

- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- ঈশ্বর
- যাজক, যাজকগণ, যাজকবর্গ
- বেদী, যজ্ঞবেদী
- রক্ত
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- মোশি
- হারণ
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি

13:10

লোকেরা **ঈশ্বরের দেওয়া** সকল নিয়ম মানতে, আর কেবল যীহোবা ঈশ্বরকেই উপাসনা করতে, আর **তার বিশেষ প্রজা** হতে রাজি হল। কিন্তু ঈশ্বরকে প্রতিজ্ঞা করার **অল্প কিছু কাল পর**, তারা **ভয়ানকভাবে পাপ করল**।

ঈশ্বরের দেওয়া

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ঈশ্বরের আজ্ঞা তাদের মানতে বলা হয়েছিল।"

তার বিশেষ প্রজা

সকল জাতির মধ্যে ঈশ্বর কেবল ইস্রায়েলীয়দের তার বিশেষ উদ্দেশ্যের জন্য নির্বাচন করেছিলেন। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "তার বিশেষ জাতি" বা, "তার নিজ প্রজা" বা, "সেই জাতি যা তিনি বাছাই করেছিলেন তার প্রজা হওয়ার জন্য।

অল্প কিছু কাল পর

লোকেরা সেই চল্লিশ দিনের সময় কালে পাপ করলো যখন মোশী ঈশ্বরের কাছে সীনয় পর্বতে গিয়েছিলেন।

ভয়ানকভাবে পাপ করল

তারা এমনভাবে পাপ করলো যা ঈশ্বরকে বিশেষভাবে ক্রুদ্ধ করলো। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "তারা খারাপভাবে পাপ করলো," বা, "তারা এমন কিছু করেছিল যা খুবিই খারাপ ছিল" বা, "তারা এমন কিছু করেছিল যা ঈশ্বরকে খুবিই ক্রুদ্ধ করেছিল।"

translationWords

- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- ঈশ্বর
- আরাধনা
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

13:11

বহু দিনের ধরে, মোশী সীনয় পর্বত শৃঙ্গে ঈশ্বরের সাথে কথা বলছিলেন। **লোকেরা তার ফিরে আসার অপেক্ষায় ক্লান্ত হয়ে পরেছিল**।তাই তারা হারোনের কাছে **সোনা নিয়ে এলো** এবং তাকে তাদের জন্য একটি মূর্তি বানাতে বলল।

লোকেরা তার ফিরে আসার অপেক্ষায় ক্লান্ত হয়ে পরেছিল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “লোকেরা অধৈর্য্য হয়ে পরেছিল কারণ তিনি তাড়াতাড়ি ফিরে আসেন নি” বা “লোকেরা আর তার ফিরে আসার অপেক্ষা করতে চায়নি।”

সোনা নিয়ে এলো

এগুলো ছিল সোনার তৈরী বস্তু ও অলংকার, যা গলানো যেতে পারে আর অন্য কিছুর আকার দেওয়া যেতে পারে।

translationWords

- মোশি
- সীনয়, সীনয় পর্বত
- ঈশ্বর
- হারণ
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা

13:12

হারোন একটি বাছুরের আকৃতির **একটি সোনার মূর্তি তৈরী করলেন**।লোকেরা সেই মূর্তির **ঘটা করে পুজো করা** আরম্ভ করে দিল আর তার সামনে বলিসমূহ উৎসর্গ করল।ঈশ্বর তাদের পাপের জন্য ভীষণ রেগে গেলেন আর তাদের ধ্বংস করতে চাইলেন।

একটি সোনার মূর্তি তৈরী করলেন

হারোন সেই সোনা নিলেন যা লোকেরা তার কাছে এনেছিল, তা গলালো ও একত্র করলো, আর সেটিকে একটি বাছুরের আকার দিল।

ঘটা করে পুজো করা

মূর্তিটির পুজো করে লোকেরা পাপ করছিল আর সেটিকে পুজো করতে আরো পাপ কার্য করেই চলেছিল।

তার প্রার্থনা শুনলেন

ঈশ্বর সবসময়ই প্রার্থনা শোনেন। এই পরিস্থিতিতে, “শুনলেন” এর অর্থ হল যে ঈশ্বর রাজি হলেন তা করতে মোশী যা অনুরোধ করেছিলেন।

translationWords

- হারণ
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- আরাধনা
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- ঈশ্বর
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- মোশি
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত

13:13

কিন্তু মোশী তাদের জন্য প্রার্থনা করলেন আর ঈশ্বর তার প্রার্থনা শুনলেন আর তাদের ধ্বংস করলেন না।যখন মোশী পর্বত থেকে নেমে এলেন আর মূর্তি দেখলেন, তিনি এত বেশি ক্রুদ্ধ হলেন যে তিনি **পাথর ফলকগুলো ভেঙ্গে ফেললেন** যেগুলোর উপর ঈশ্বর দশ আজ্ঞা লিখেছিলেন।

পাথর ফলকগুলো ভেঙ্গে ফেললেন

তিনি পাথরগুলোকে ভূমিতে ছুঁড়ে ফেলেদিলেন আর সেগুলো টুকরো টুকরো হয়ে ভেঙ্গে গেল।

translationWords

- মোশি
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- ঈশ্বর
- দশ আজ্ঞা

13:14

তারপর মোশী সেই **মূর্তিটিকে ধূলিসাৎ হওয়া পর্যন্ত ভাঙ্গলেন**, সেই ধূলিকণা **জলে মিশিয়ে দিলেন** আর তা লোকেদের পান করলেন।ঈশ্বর সেই লোকেদের উপর এক মহামারী পাঠালেন আর বহু লোক মারা গেল।

মূর্তিটিকে ধূলিসাৎ হওয়া পর্যন্ত ভাঙ্গলেন

মোশী চূর্ণবিচূর্ণ করে মূর্তিটিকে ভেঙ্গে নষ্ট করেদিলেন।

জলে মিশিয়ে দিলেন

মোশী প্রচুর জলে তা মিলিয়ে দিলেন।

একটি মহামারী

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “একটি ভয়ানক অসুখ।”

translationWords

- মোশি
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- ঈশ্বর

13:15

মোশী পুনরায় পর্বতে উঠলেন আর প্রার্থনা করলেন যেন ঈশ্বর লোকেদের ক্ষমা করেন।ঈশ্বর মোশীর কথা **শুনলেন** আর তাদের ক্ষমা করলেন।মোশী পুনরায় পাথরের ফলকে দশ আজ্ঞা লিখলেন যা তিনি ভেঙ্গে ফেলেছিলেন।তারপর ঈশ্বর ইস্রায়লীয়দের সীনয় পর্বত থেকে প্রতিজ্ঞার ভূমির দিকে নিয়ে গেলেন।

শুনলেন

দেখুন কিভাবে আপনি এই বাক্যাংশটিকে 13-12-তে অনুবাদ করেছেন।

মোশী লিখলেন

মোশী একটি অস্ত্র দিয়ে পাথরের ফলকে খোঁদাই করে শব্দ লিখলেন।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহানি: নেওয়া হয়েছে-যাত্রাপুস্তক ১৯-৩৪

translationWords

- মোশি
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত
- ঈশ্বর
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা
- দশ আজ্ঞা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- সীনয়, সীনয় পর্বত
- প্রতিজ্ঞার দেশ/ভূমি

মরুভূমিতে ঘুরে বেড়ানো

14:01

ঈশ্বর ইস্রায়লীয়দের ব্যবস্থা (বা নিয়ম সমূহ) বলার পর তিনি চাইছিলেন যেন তার নিয়মের একটি অংশ হওয়ার জন্য তারা আজ্ঞাকারী হয়, তারা সীনয় পর্বত ছেড়ে চললেন। ঈশ্বর তাদের প্রতিজ্ঞার ভূমির দিকে নেতৃত্ব দিলেন, যাকে কানান বলা হয়।কানানের দিকে **মেঘের স্তম্ভ** তাদের আগে আগে চলল আর তারা সেটিকে অনুসরণ করল।

মেঘের স্তম্ভ

এই বাক্যাংশটিকে কিভাবে আপনি 12-02-তে অনুবাদ করেছেন তা দেখুন।

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- সীনয়, সীনয় পর্বত
- প্রতিজ্ঞার দেশ/ভূমি
- কনান, কনানীয়, কনানীয়রা

14:02



ঈশ্বর আব্রাহাম, ইসহাক আর যাকোবকে প্রতিজ্ঞা করেছিলেন যে তিনি তাদের উত্তরাধিকারীদের প্রতিজ্ঞার ভূমি দেবেন, কিন্তু এখন সেখানে বহু লোক আগে থেকেই বসবাস করছিলেন।তাদের কানানীয় বলা হত।কানানীয়রা ঈশ্বরের আরাধনা বা আজ্ঞা পালন করত না।তারা মিথ্যে দেবতাদের পূজা করত আর অনেক দুষ্ট কাজ করেছিল।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- ঈশ্বর
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- আব্রাহাম, আব্রাম
- ইসাহাক
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব
- প্রতিজ্ঞার দেশ/ভূমি
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- মানুষ গোষ্ঠী, মানুষগণ, মানুষ, একটি মানুষ
- কনান, কনানীয়, কনানীয়রা
- আরাধনা
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- মন্দ, দুষ্ট, দুষ্টতা

14:03

ঈশ্বর ইস্রায়লীয়দের বললেন, “প্রতিজ্ঞার ভূমিতে তোমাদের অবশ্যই কানানীয়দের থেকে **নিস্তার পেতে হবে**। **তাদের সাথে শান্তি স্থাপনা কর না** এবং **তাদের বিবাহ কর না**।তোমাদের অবশ্যই তাদের সকল মিথ্যে দেব-মূর্তির সম্পূর্ণ বিনাশ করতে হবে।যদি তোমরা আমার আজ্ঞা অমান্য কর, তাহলে তোমরা আমাকে ছেড়ে তাদের দেবতাদের আরাধনা করবে।

নিস্তার পেতে হবে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তাদেরকে দেশ থেকে তাড়িয়ে দাও” বা, “দেশ থেকে তাদের সরিয়ে দাও।

তাদের সাথে শান্তি স্থাপনা কর না

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তাদের সাথে শান্তিতে বসবাস কর না বা তাদের পাশাপাশি বসবাস কর না” বা, “তাদের সাথে শান্তিতে বসবাস করার প্রতিজ্ঞা কর না।”

তাদের বিবাহ কর না

ঈশ্বর চাইতেন না কোনো ইস্রায়েলীয় ব্যক্তি কোনো কনানবাসীকে বিবাহ করুক।

আমাকে ছেড়ে তাদের মিথ্যে দেবতাদের আরাধনা করবে

যদি ইস্রায়েলীয়রা কনানীয়দের সাথে বন্ধুত্ব করে আর তাদের মূর্তি বিনাশ না করে, তাহলে তারা ঈশ্বরের আরাধনা না করে তাদের মুর্তিদের আরাধনা করতে প্রলোভিত হবে। আপনি বলতে পারেন, “তোমরা আরাধনা করা সমাপ্ত করবে” এটিকে স্পষ্ট করার জন্য যে তারা এতটাই অন্তরঙ্গ হয়ে কনানবাসীদের সাথে বসবাস করবে যে তারা তাদের পথ অবলম্বন করবে।

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- কনান, কনানীয়, কনানীয়রা

- প্রতিজ্ঞার দেশ/ভূমি
- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- আরাধনা

14:04



যখন ইস্রায়লীয়রা কানানের সীমানায় পৌঁছালো, মোশী বারোজন পুরুষ বেঁছে নিলেন, ইসরাইলের প্রত্যেক জাতি থেকে একজন করে ।তিনি সেই পুরুষদের সেই ভূমিতে যেতে আর **গুপ্তভাবে পর্যবেক্ষণ করতে** নির্দেশ দিলেন যেন জানা যায় সেই ভূমিটি কেমন |তারা গুপ্তভাবে কানানীয়দের পর্যবেক্ষণ করতে গেলেন **এটা দেখতে যে তারা সবল না দুর্বল**।

গুপ্তভাবে পর্যবেক্ষণ করতে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “দেশটির বিষয় গুপ্তভাবে তথ্য সংগ্রহ করা” বা, “ লুকিয়ে জেনে নেওয়া।” গুপ্তচরদের কার্যের একটি অংশ ছিল সেই ভূমিতে কেমন খাদ্য ছিল ও কেমন ফসল উৎপন্ন হত তা জানা।

কনানীয়দের পর্যবেক্ষণ

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “কনানের লোকেদের বিষয়ে গুপ্তভাবে তথ্য জেনে নেওয়া” বা, “কনানীয়দের বিষয়ে গুপ্তভাবে তথ্য সংগ্রহ করা।”

এটা দেখতে যে তারা সবল না দুর্বল

তারা জানতে চেয়েছিল যে কনানীয়রা তাদের বিরুদ্ধে যুদ্ধের জন্যে প্রস্তুত কিনা। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “এটা দেখতে যে কনানীয়দের সৈন্যরা কতটা শক্তিশালী।”

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- কনান, কনানীয়, কনানীয়রা
- মোশি

14:05

সেই বারোজন চল্লিশদিন ধরে কানান দেশকে পর্যবেক্ষণ করলেন আর **তারা ফিরে এলেন**।তারা লোকেদের বললেন, “ভূমিটি অতন্ত্য উর্বর আর ফসলও প্রচুর!”কিন্তু তাদের মধ্যে দশজন গুপ্তচর বললেন, “সেখানকার **নগরগুলো খুব শক্তিশালী** আর সেখানকার জনগণ দানবের মতন! আমরা যদি তাদের আক্রমন করি তবে তারা নিশ্চই আমাদের পরাজিত করবে আর আমাদের মেরে ফেলবে৷

তারা ফিরে এলেন

তারা সেখানে ফিরে এলেন যেখানে বাকি ইস্রায়েলীয়রা তাদের অপেক্ষায় ছিল, কনানের ঠিক সীমান্তের বাইরে৷

নগরগুলো খুব শক্তিশালী

নগরগুলো শক্তিশালী দেওয়ালে ঘেরা ছিল, তাই ইস্রায়েলীয়দের তাদের আক্রমন করা খুবিই কঠিন ছিল৷

জনগণ দানবের তুল্য

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “লোকগুলো আমাদের তুলনায় দানবের সমান!” বা, “লোকগুলো আমাদের থেকে প্রচুর শক্তিশালী আর উচ্চ আকারের ছিল!”

translationWords

- কনান, কনানীয়, কনানীয়রা

14:06

তখনই কালেব আর যিহোশূয়, অন্য দুজন গুপ্তচর, বললেন, “এটা সত্য যে কানানবাসীরা লম্বা আর বলবান, কিন্তু আমরা নিশ্চই তাদের পরাজিত করতে পারব!**ঈশ্বর আমাদের হয়ে লড়াই করবেন**।

কনানবাসীরা

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “কনানের বসবাসকারী লোকজন” বা “কনানীয়রা।” আমরা নিশ্চই তাদের পরাজিত করতে পারব!

ঈশ্বর আমাদের হয়ে লড়াই করবেন

এই দুটি বক্তব্যর সম্পর্ক্য দেখাতে, এটা বলা জরুরী হবে, “আমরা নিশ্চই তাদের হারাতে পারব কেননা ঈশ্বর আমাদের পক্ষে যুদ্ধ করবেন।”

ঈশ্বর আমাদের হয়ে লড়াই করবেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বরও আমাদের সাথে সাথে লড়াই করবেন আর তাদের হারাতে সাহায্য করবেন!” এই বিষয়টি এটিকে স্পষ্ট করে যে ইস্রায়েলীয়রাও কনানীয়দের বিরুদ্ধে লড়াই করবে।

translationWords

- কালেব
- যিহোশুয়
- কনান, কনানীয়, কনানীয়রা
- ঈশ্বর

14:07



কিন্তু লোকেরা কালেব আর যিহোশূয়ের কথা শুনল না৷ তারা মোশী আর হারোনের প্রতি রেগে গেলো আর বলল, “কেন আপনি আমাদের **এই ভয়ানক জায়গায়** নিয়ে এলেন? আমরা এখনে যুদ্ধে মারা যাওয়ার চেয়ে এবং আমাদের স্ত্রী ও সন্তানদের দাস হওয়ার চেয়ে বরং আমরা মিশরেই থাকতাম৷লোকেরা মিশরে ফিরিয়ে নিয়ে যাওয়ার জন্য একজন অন্য নেতা ঠিক করতে চাইল৷

কেন আপনি আমাদের নিয়ে এলেন ?

এটি একটি আসল প্রশ্ন নয়৷ কিছু কিছু ভাষায় এটি একটি বলার ভঙ্গি, “আপনাকে আমাদের এখানে আনা উচিত হয়নি৷”

এই ভয়ানক জায়গায়

তারা কনানকে “ভয়ানক” বলে ধারণা করেছিল কেননা তারা ভেবেছিল যে এটি খুবিই ভয়ানক যে তারা সকলে সেখানে মারা যাবে৷

আমরা এখনে যুদ্ধে মারা যাওয়ার আর আমাদের স্ত্রী ও সন্তানদের দাস হওয়ার চেয়ে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যদি আমরা কনানীয়দের বিরুদ্ধে লড়াই করি, তাহলে তারা আমাদের সকল পুরুষদের হত্যা করবে আর আমাদের স্ত্রী ও সন্তানদের তাদের দাসত্ব করতে বাধ্য করবে৷”

translationWords

- কালেব
- যিহোশুয়
- মোশি
- হারণ
- মিশর, মিশরীয়, মিশরীয়
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা

14:08



ঈশ্বর অতন্ত্য রেগে গেলেন আর মিলন তাম্বুতে এলেন।ঈশ্বর বললেন, “কেননা তোমরা আমরা বিরুদ্ধে বিদ্রোহ করেছ, তোমরা সকল লোক এই মরুভূমিতে ঘুরে বেড়াবে।কেবল কালেব আর যিহোশূয়কে ছাড়া, প্রত্যেকে যারা কুড়ি বছর বা তার বেশি সেখানেই মরবে আর কখনও প্রতিজ্ঞার ভূমিতে প্রবেশ করতে পারবে না।”

এলেন

ঈশ্বর একজন ব্যক্তির আকারে আভির্ভূত হলেন না, কিন্তু অন্য এক আকারে যা তার মহিমা ও শক্তিকে প্রকাশ করে।

নির্জনপ্রদেশেই ঘুরে বেড়াবে

ঈশ্বর তাদের নির্জনপ্রদেশে উদ্দেশ্যেহীন ভাবে ঘুরাতে থাকবেন যত দিন না সকল বয়স্কপ্রাপ্ত ব্যক্তিরা মারা যায় যারা তার বিরুদ্ধে বিদ্রোহ করেছিল।

translationWords

- ঈশ্বর
- মিলন তাম্বু
- যিহোশূয়
- কালেব
- প্রতিজ্ঞার দেশ/ভূমি

14:09

যখন লোকেরা এটা শুনল, তারা দুঃখ করল যে **তারা পাপ করেছে**।তারা তাদের হাতিয়ার নিল আর কানানবাসীদের আক্রমণের জন্য গেল।মোশী তাদের সতর্ক করে যেতে বারণ করলেন কেননা ঈশ্বর তাদের সাথে ছিলেন না, কিন্তু তারা তাঁর কথা শুনলনা |

তারা পাপ করেছে

এটি যুক্ত করা জরুরী, "ঈশ্বরের দেওয়া কনানের লোকেদের হারানোর আদেশটিকে, না মানার দ্বারা তারা পাপ করেছিল।"

মোশী তাদের সতর্ক করলেন

এর অর্থ হল যে মোশী কনানীয়দের বিরুদ্ধে যুদ্ধ করতে যেতে তাদের বারণ করেছিলেন কারণ তারা তা করার মাধমে বিপদে পরবে।

ঈশ্বর তাদের সাথে নেই

অন্য শব্দে, ঈশ্বর তাদের সাথে থাকবেন না তাদের সাহাযার্থে। ইস্রায়েলীয়দের অবাধ্যতার কারণ, ঈশ্বর তার উপস্থিতি, সুরক্ষা, আর শক্তি সরিয়ে নিলেন।

কিন্তু তারা তাকে অবজ্ঞা করলো

তারা মোশীর অবাধ্য হল। তারা কনানীয়দের আক্রমন করতে চলে গেল।

translationWords

- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- কনান, কনানীয়, কনানীয়রা
- মোশি
- ঈশ্বর

14:10



ঈশ্বর যুদ্ধে তাদের সাথে গেলেন না, তাই তারা হেরে গেল আর তাদের অনেকেই মারা গেল।তারপর ইস্রায়লীয়রা কানান থেকে ফিরে এলো আর চল্লিশ বছর মরুভূমিতে এদিক ওদিক ঘুরে বেড়াল।

ঈশ্বর যুদ্ধে তাদের সাথে গেলেন না

অন্য শব্দে, ঈশ্বর তাদের এই যুদ্ধে সাহায্য করলেন না।

ইস্রায়লীয়রা কনান থেকে ফিরল

তারা কনান ছাড়লো আর নির্জনপ্রদেশে চলে গেল যেখানে তারা প্রথমে ছিল।

নির্জনপ্রদেশে এদিক ওদিক ঘুরে বেড়াল

তারা নির্জনপ্রদেশে বসবাস করলো, আর একসাথে তারা সেই বিশাল শুকনো এলাকায় জায়গায় জায়গায় ঘুরে বেড়াত, তাদের নিজেদের জন্য ও তাদের পশুদের জন্য খাদ্য ও জলের সন্ধানে।

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- কনান, কনানীয়, কনানীয়রা

14:11



ইস্রায়লীয়দের চল্লিশ বছর মরুভূমিতে এদিক ওদিক ঘুরে বেড়ানোর সময় **ঈশ্বর তাদের সকল প্রয়োজনীয় বস্তুর যোগান দিলেন**। তিনি তাদের স্বর্গ থেকে খাদ্য দিলেন যাকে বলা হয় "মান্না।"তিনি (মাঝারি আকারের) পাখির ঝাঁকও তাদের তাম্বুতে পাঠিয়ে দিতেন যেন তারা মাংস খেতে পারে। সেই সম্পূর্ণ সময়কালে, ঈশ্বর তাদের পোশাক ও জুতো নষ্ট হতে দেন নি।

ঈশ্বর তাদের সকল প্রয়োজনীয় বস্তুর যোগান দিলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ঈশ্বর তাদের সকল কিছু দিলেন যা খাদ্য, পানীয় ও আশ্রয় হিসাবে তাদের জরুরী ছিল।"

স্বর্গ থেকে খাদ্য দিলেন যাকে বলা হয় "মান্না"

এই পাতলা, রুটির মত খাদ্য আকাশ থেকে ঘাসের উপর শিশিরের ন্যায় পরত। তারা সেটিকে "মান্না" বলত। প্রায় প্রতিদিনই লোকেরা এই "মান্না" সংগ্রহ করত আর তা তাদের খাদ্য হিসাবে রান্না করত।

তিনি তাদের মাঝারি আকারের পাখির ঝাঁকও তাদের তাম্বুতে পাঠিয়ে দিতেন

অন্যভাবে এটাকে বললে তা হবে, "তিনি প্রচুর পরিমানে পাখিদের তাদের তাম্বুর উপরে পাঠিয়ে দিতেন।" যদি এই পাখিগুলোর নাম অজানা থেকে থাকে তাহলে একই ধরনের পাখির নাম প্রয়োগ করা যেতে পারে। বা, এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে "প্রচুর পরিমানে মাঝারি ধরনের পাখি।"

তাদের তাম্বুগুলোতে

যে জায়গায় ইস্রায়েলীয়রা তাদের তাম্বু স্থাপন করেছিল শোয়ার জন্য সেই স্থানটিকে "ক্যাম্প" বা "তাঁবু" বলা হত। এটি নগরের মত ছিল ইমারতের জায়গায় তাম্বু ছিল, আর তা এদিক ওদিক সরানোও যেত।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর

14:12

এমনকি আশ্চর্যভাবে ঈশ্বর তাদের একটি পাথর থেকে জলও দিলেন।কিন্তু এ সকল সত্যেও, ইস্রায়লীয়রা ঈশ্বরের ও মোশীর বিরুদ্ধে নালিশ ও অসন্তুষ্টি প্রকাশ করত।যদিও, ঈশ্বর আব্রাহাম, ইসহাক আর যাকোবের প্রতি করা **তার প্রতিজ্ঞার প্রতি বিশ্বস্ত ছিলেন**।

চমৎকারভাবে ঈশ্বর তাদের একটি পাথর থেকে জলও দিলেন

এটিকে এমনভাবে অনুবাদ করা যেতে পারে, "এমন কিছু করা যা কেবল ঈশ্বরই করতে পারেন, তিনি পাথর থেকে জল নির্গত করলেন যেন লোকেরা আর পশুরা জল পান করতে পারে।"

কিন্তু এ সকল সত্ত্বেও

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "কিন্তু যদিও ঈশ্বর তাদের খাদ্য, জল, পোশাক, আর তাদের প্রয়োজনীয় সকল কিছুর যোগান দিয়েছিলেন।"

যদিও

এটিকে এমনভাবে অনুবাদ করা যেতে পারে, "যদিও ইস্রায়েলীয়রা তার বিরুদ্ধে বিদ্রোহ করেছিল।"

তার প্রতিজ্ঞার প্রতি বিশ্বস্ত ছিলেন

এটিকে এমনভাবে অনুবাদ করা যেতে পারে, "ঈশ্বর নিরন্তর তা করলেন যা তিনি অব্রাহাম, ইসহাক, আর যাকোবকে বলেছিলেন যে তিনি করবেন।" তিনি তাদের বংশধরদের তা যোগান দিয়েছিলেন যা তাদের প্রয়োজন ছিল যেন তারা বাঁচতে পারে আর একটি মহান জাতি হতে পারে আর কনান দেশকে গ্রহণ করতে পারে।

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- মোশি

- বিশ্বস্ত, বিশ্বস্ততা, অবিশ্বস্ত, অবিশ্বস্ততা
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- আব্রাহাম, আব্রাম
- ইসাহাক
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব

14:13

আর একবার যখন লোকেদের কাছে কোনো জল ছিল না, তখন ঈশ্বর মোশীকে বললেন, “পাথরটিকে বল আর সেটার থেকে জল বেরিয়ে পরবে৷”কিন্তু মোশী পাথরটিকে আজ্ঞার বদলে লাঠি দ্বারা দুবার আঘাত করে সকল লোকেদের সামনে ঈশ্বরের অসম্মান করলেন । সকল লোকের পান করার জন্য জল বের হল কিন্তু ঈশ্বর মোশীর প্রতি রেগে গেলেন আর তিনি বললেন, “তুমি প্রতিজ্ঞার দেশে প্রবেশ করতে পারবে না৷”

ঈশ্বরের অবজ্ঞা করলেন

এটিকে এমনভাবে অনুবাদ করা যেতে পারে, “মোশী ঈশ্বরের অনাজ্ঞাকারী হয়েছিলেন” বা, “মোশী ঈশ্বরের অসন্মান করলেন৷” ঈশ্বর চাইতেন তার বিশেষ শক্তি একটি বিশেষ পদ্ধতিতে মোশীর দ্বারা প্রকাশ করেন৷ কিন্তু যখন মোশী অন্য এক পদ্ধতির দ্বারা তা প্রকাশ করেন তখন তিনি তা করার দ্বারা ঈশ্বরকে অসন্মান করেন৷

একটি লাঠির দ্বারা পাথরটিকে আজ্ঞা না দিয়ে দুবার আঘাত করে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “মোশী পাথরটিকে আজ্ঞা দেন নি; একটি লাঠি দিয়ে আঘাত করেছিলেন দুবার৷”

translationWords

- ঈশ্বর
- মোশি
- প্রতিজ্ঞার দেশ/ভূমি

14:14



ইস্রায়লীয়রা মরুভূমিতে চল্লিশ বছর ঘুরে বেড়াবার পর, তারা সকলে **যারা ঈশ্বরের প্রতি বিদ্রোহ করেছিল** মারা গেল।তারপর ঈশ্বর আবার প্রতিজ্ঞার দেশের সীমান্তে তাদের নিয়ে এলেন।মোশী এখন ভীষণ বৃদ্ধ তাই ঈশ্বর যিহোশূয়কে লোকেদের নেতৃত্ব দেওয়ার জন্য নির্বাচন করলেন।ঈশ্বর মোশীকে প্রতিজ্ঞা করলেন যে একদিন তিনি তার মত একজন ভাববাদীকে পাঠাবেন।

যারা ঈশ্বরের প্রতি বিদ্রোহ করেছিল

এটিকে এমনভাবে অনুবাদ করা যেতে পারে, “যারা তিরস্কার করেছিল ঈশ্বরের আজ্ঞাকারী হতে যখন তিনি তাদের প্রতিজ্ঞার ভূমিতে যেতে বলেছিলেন।”

লোকেরা

এরা হল, মারা যাওয়া লোকেদের প্রজন্ম।

এক দিন

এর অর্থ হল, “ভবিষ্যতে কোনো এক সময়।”

মোশীর মত একজন ভাববাদীকে পাঠাবেন

মোশীর মত, এই লোকটি হবেন একজন ইস্রায়েলীয়, তিনি লোকেদের ঈশ্বরের বাক্য বলবেন আর তিনি লোকেদের নেতৃত্ব দেবেন।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- বিদ্রোহী, বিরোধিতা করা, বিদ্রোহ, বিদ্রোহ, বিরুদ্ধাচরণ, বিদ্রোহী, বিদ্রোহীতা
- ঈশ্বর
- প্রতিজ্ঞার দেশ/ভূমি
- মোশি

- যিহোশুয়
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী

14:15

তারপর ঈশ্বর মোশীকে বললেন একটি পর্বতের চূড়ায় চড়তে যেন তিনি প্রতিজ্ঞার দেশটিকে দেখতে পান।মোশী প্রতিজ্ঞার দেশটিকে দেখতে পেলেন কিন্তু ঈশ্বর তাকে সেখানে প্রবেশ করার অনুমতি দিলেন না।তারপর মোশী মারা যান, আর ইস্রায়লীয়রা চল্লিশ দিন শোক পালন করল।যিহোশূয় তাদের নতুন নেতা হলেন।যিহোশূয় একজন ভালো নেতা ছিলেন কেননা তিনি ঈশ্বরের প্রতি বিশ্বস্ত আর আজ্ঞাকারী ছিলেন।

ত্রিশ দিন শোক পালন করল

ত্রিশ দিন ধরে ইস্রায়েলের সকল লোকেরা কাঁদলো আর দেখালো যে তারা খুবিই শোকার্ত মোশীর মৃত্যুতে।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে- যাত্রাপুস্তক ১৬-১৭; গণনাপুস্তক ১০-১৪; ২০; ২৭; দ্বিতীয় বিবরণ ৩৪

translationWords

- ঈশ্বর
- মোশি
- প্রতিজ্ঞার দেশ/ভূমি
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- যিহোশুয়
- বিশ্বাস, নিষ্ঠা, বিশ্বস্ত, নির্ভরযোগ্য, বিশ্বস্ততা
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী

প্রতিজ্ঞার দেশ

15:01

অবশেষে এটা ছিল ইস্রায়লীয়দের কানান প্রবেশ করার সময়, সেই প্রতিজ্ঞার দেশে | যিহোশূয় দুজন গুপ্তচরকে কানান প্রদেশীয় যিরীহো নগরে পাঠালেন **যা শক্তিশালী দেওয়াল দিয়ে সুরক্ষিত ছিল**।সেই নগরে রাহব নামে একটি বেশ্যা বাস করত যিনি গুপ্তচরদের লুকিয়ে রেখে ছিলেন আর পরে তাদের **পালাতে** সাহায্য করেছিলেন। তিনি এমন করেছিলেন কারণ তিনি ঈশ্বরকে বিশ্বাস করতেন। তারা রাহব আর **তার পরিজনদের** ইস্রায়লীয়দের যিরীহো ধংস করার সময় রক্ষা করার প্রতিজ্ঞা করলেন।

অন্তিমে এটা ছিল

"অন্তিমে" এর অর্থ হল "সমাপ্তে" বা, "একটি দীর্ঘ অপেক্ষার পর।" কোন "সময়" তা স্পষ্ট করার জন্য, আপনি বলতে পারেন, "চল্লিশ বছর নির্জনপ্রদেশে উদ্দেশ্যহীন ভাবে ঘুরে বেড়ানোর পর, অন্তিমে ঈশ্বর তাদের অনুমতি দিলেন।"

দুজন গুপ্তচরকে কনান প্রদেশীয় যিরীহো নগরে পাঠালেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "দুজন পুরুষকে যিরীহোতে, যা ছিল কনানের একটি শহর, সেটির বিষয়ে তথ্য সংগ্রহ করতে পাঠালেন।" "ভূমিটির বিষয়ে তথ্য সংগ্রহ" 14-04 এর টীকাগুলো দেখুন।

যা শক্তিশালী দেওয়াল দিয়ে সুরক্ষিত ছিল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "শত্রুদের হাত থেকে রক্ষা পেতে এটি সম্পূর্ণভাবে, শক্তিশালী পাথরের তৈরী দেয়ালে ঘেরা ছিল।"

পালাতে

"এখানে এটি আরো যুক্ত করাটা সম্ভব হবে, "যিরীহোর লোকেদের কাছ থেকে যারা তাদের ক্ষতি করতে চাইত তারা পালালো।"

তার পরিজনদের

রাহব তার পিতা, মাতা, ভাই, আর বোনেদের সুরক্ষা চাইলেন। পরিজনদের জন্য এমন শব্দ প্রয়োগ করুন যা এই ব্যক্তিদের অন্তর্ভুক্ত করে।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- কনান, কনানীয়, কনানীয়রা
- প্রতিজ্ঞার দেশ/ভূমি
- যিহোশুয়
- যিরিহ
- রাহব
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- ঈশ্বর
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি

15:02

ইস্রায়লীয়দের প্রতিজ্ঞার দেশে প্রবেশ করতে হলে যর্দ্দন নদী পার করতেই হবে। ঈশ্বর যিহোশূয়কে বললেন, “**যাজকদের প্রথমে যেতে দাও**।”যখন যাজকরা যর্দ্দন নদীতে পা ফেললেন **জলের স্রোত থেমে গেল** যেন ইস্রায়লীয়রা পার হয়ে নদীর অন্য দিকের শুকনো ভূমিতে যেতে পারে।

যাজকদের প্রথমে যেতে দাও

কিছু কিছু ভাষায় এটি যুক্ত করা সাহায্যকারী হবে, “যাজকদের বাকি লোকেদের আগে আগে নদী পার হতে যেতে দাও।”

জলের স্রোত থেমে গেল

কিছু কিছু ভাষায় এটি যোগ করা সাহায্যকারী হবে, “আর তাদের আগে জলরাশি হাঁটুরও নিচে হয়ে বইতে লাগলো।”

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- যর্দ্দন নদী, যর্দ্দন
- প্রতিজ্ঞার দেশ/ভূমি
- ঈশ্বর
- যিহোশুয়
- যাজক, যাজকগণ, যাজকবর্গ

15:03



লোকেদের যর্দ্দন নদী পার হওয়ার পর, ঈশ্বর যিহোশূয়কে বললেন কিভাবে যিরীহোর শক্তিশালী নগরটিকে আক্রমন করতে হবে।লোকেরা ঈশ্বরের আজ্ঞাকারী হল।ঠিক যেমনভাবে ঈশ্বর তাদের করতে বলেছিলেন, সৈন্য আর যাজকবর্গরা যিরীহো নগরের **দিনে একবার করে ছয় দিন** প্রদক্ষিন করল।

লোকেদের যর্দ্দন নদী পার হওয়ার পর

কিছু কিছু ভাষায় এটা বলা ভালো হবে, “লোকেদের যর্দ্দন নদী অতিক্রম করার পর আর তখন।”

কিভাবে আক্রমন করতে হবে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সঠিক কি তাকে করতে হবে তাদের আক্রমন করার জন্য।”

দিনে একবার করে ছয় দিন

তা হল, তারা এক দিনে একবার করে শহরটির প্রদক্ষিন করবে মোট ছয় দিন।

translationWords

- যর্দ্দন নদী, যর্দ্দন
- ঈশ্বর
- যিহোশুয়
- যিরিহ
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- যাজক, যাজকগণ, যাজকবর্গ

15:04



তারপর সাত দিনের দিন ইস্রায়লীয়রা **আরও সাত বার নগরটির প্রদক্ষিন করল**।তারা যখন শেষ বার প্রদক্ষিন করছিল, সৈন্যরা চিৎকার করল আর যাজকরা **তুরীর ধ্বনি করল**।

আরও সাত বার নগরটির প্রদক্ষিন করল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তাদের অন্তিম প্রদক্ষিণের সময়।”

তুরীর ধ্বনি করল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তারা তাদের তুরীর ধ্বনি বাজলো” বা, “তুরীর ধ্বনি করল।” এই তুরী বা শিঙা ভেড়ার শিং দিয়ে বানানো হত।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- যাজক, যাজকগণ, যাজকবর্গ

15:05

তখন যিরীহোর চারদিকের দেওয়াল ভেঙ্গে পড়ল!ইস্রায়লীয়রা নগরের সবকিছু ধ্বংস করল যেমন ঈশ্বর তাদের আজ্ঞা দিয়েছিলেন।তারা কেবল রাহব আর তার পরিজনদের রক্ষা করল, **যারা ইস্রায়লীয়দের অংশ হল**। যখন কানানের অন্যান্য লোকেরা শুনল যে ইস্রায়লীয়রা যিরীহো ধ্বংস করেছে, তারা ভয়ভীত হল যে ইস্রায়লীয়রা হয়তো তাদেরও আক্রমন করবে |

যারা ইস্রায়লীয়দের অংশ হল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যারা তারপর ইস্রায়েলীয়দের সাথে যুক্ত হল” বা, “যারা তারপর ইস্রায়েলীয় রাষ্ট্রের সাথে যুক্ত হল।”

translationWords

- যিরিহ
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর
- রাহব
- কনান, কনানীয়, কনানীয়রা

15:06



ঈশ্বর ইস্রায়লীয়দের আজ্ঞা দিলেন যেন কানানীয়দের সাথে যেন কোনো রকম শান্তির চুক্তি না করে। **কিন্তু একদল কানানীয়বাসী, যাদের গিবিয়োনীয় বলা হত**, **যিহোশূয়কে ছল করল আর বলল** যে তারা কানানদেশের বহুদূরের নিবাসী।তারা যিহোশূয়কে বলল যে তাদের সাথে শান্তির চুক্তি করতে।

শান্তি চুক্তি

এটি হল দুটি দলের মধ্যে একটি বোঝাপড়া যেন তারা একেঅপরকে ক্ষতি না করে কিন্তু শান্তিতে বসবাস করে আর একেঅপরের সাহায্য করে। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "শান্তির বোঝাপড়া।"

কিন্তু একদল কানানীয়বাসী, যাদের গিবিয়োনীয় বলা হত

কিছু কিছু ভাষা এটিকে ইঙ্গিত করতে পারে, "কিন্তু একদিন একটি কানানীয় লোকেদের দল যাদের নাম ছিল গিবিয়োনীয়।"

যিহোশূয়কে ছল করল আর বলল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "বলার দ্বারা তারা যিহোশূয়কে ছল করল" বা, "তারা যিহোশূয়কে মিথ্যে বলল।"

গিবিয়োনীয়রা কোথাকার নিবাসী

তা হল, "গিবিয়োনীয়রা কোথায় থাকত" বা "গিবিয়োনীয়দের বাড়িঘর কোথায় ছিল।" "গিবিয়োনীয়" শব্দের অর্থ হল, "গিবিয়োনের লোকজন।"

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা
- কনান, কনানীয়, কনানীয়রা

- গিবিয়োন, গিবিয়োনীয়, । গিবিয়োনীয়রা
- যিহোশূয়

15:07



যিহোশূয় আর ইস্রায়লীয়রা ঈশ্বরকে জিজ্ঞেসা করল না যে গিবিয়োনীয়রা কোথাকার নিবাসী।তাই যিহোশূয় তাদের সাথে শান্তির চুক্তি স্থাপন করলেন।ইস্রায়লীয়রা ক্রুদ্ধ হল যখন তারা জানতে পারল যে গিবিয়োনীয়রা তাদের সাথে ছলনা করেছে, কিন্তু তারা বজায় রাখলো সেই শান্তির চুক্তি যা তারা তাদের সঙ্গে করেছিল কারণ এটা ছিল ঈশ্বরের সামনে প্রতিজ্ঞা | কিছুকাল পর, কানানের ইমোরীয়দের অন্য দলসমূহের রাজাগন, শুনলেন যে গিবিয়োনীয়রা ইস্রায়লীয়দের সাথে শান্তি চুক্তি করেছে, তাই তারা তাদের সৈন্যদের একত্র করে এক বিশাল দল বানাল আর গিবিয়োনকে আক্রমন করল।গিবিয়োনীয়রা **যিহোশূয়কে সাহায্যের জন্য খবর পাঠাল**।

যিহোশূয়কে সাহায্যের জন্য খবর পাঠাল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তাদের কিছু লোকদের যিহোশূয়কে বলতে পাঠালো যে তাদের শত্রুদের থেকে রক্ষা পেতে ইস্রায়েলীয়দের সাহায্যের প্রয়োজন আছে।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- গিবিয়োন, গিবিয়োনীয়, । গিবিয়োনীয়রা
- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- ঈশ্বর
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- কনান, কনানীয়, কনানীয়রা
- ইমোরীয়, ইমোরীয়গণ
- যিহোশুয়

15:08



অতএব যিহোশূয় ইস্রায়লীয় সৈন্যদের একত্র করল আর রাতেই **তারা গিবিয়োনীয়র দিকে প্রস্থান করল**।খুব ভোরে **তারা ইমোরীয়দের সৈন্যদের আকস্মিত করল** আর তাদের আক্রমণ করল।

তারা গিবিয়োনীয়র দিকে প্রস্থান করল

তা হল, "তারা গিবিয়োনীয়দের কাছে গেল" বা, সেখানে পৌঁছাল যেখানে গিবিয়োনীয়রা থাকত।" গিবিয়োনীয়রা কনানে বসবাস করত, কিন্তু কনান এত বড় দেশ ছিল না তাই সমগ্র রাতই কেবল লেগেছিল ইস্রায়েলীয় সৈন্যদের গিবিয়োনীয়দের ক্যাম্পে বা শিবিরে যেতে।

তারা ইমোরীয়দের সৈন্যদের আকস্মিত করল

ইমোরীয়রা জানত না যে ইস্রায়েলীয়রা তাদেরকে আক্রমন করতে আসছে।

translationWords

- যিহোশুয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- গিবিয়োন, গিবিয়োনীয়, । গিবিয়োনীয়রা
- ইমোরীয়, ইমোরীয়গণ

15:09



ঈশ্বর ইসরাইলের পক্ষে সেদিন যুদ্ধ করলেন। তিনি ইমোরীয়দের বিভ্রান্ত করল আর তিনি **ভীষণভাবে শৈলবৃষ্টি** করালেন আর তা ইমোরীয়দের অনেক কেই শেষ করল।

ঈশ্বর ইসরাইলের পক্ষে সেদিন যুদ্ধ করলেন

ঈশ্বর ইসরাইলের পক্ষে ইসরাইলের শত্রুদের বিপক্ষে যুদ্ধ করলেন।

তিনি ইমোরীয়দের ভ্রমিত করল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ইমোরীয়দের আতঙ্কিত করলেন” বা “ইমোরীয়দের অক্ষম করলেন ভালোভাবে লড়াই করার জন্য।”

ভীষণভাবে শৈলবৃষ্টি

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “খুব বড় বড় বরফের গোলক আকাশ থেকে ঝরলো।

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ইমোরীয়, ইমোরীয়গণ

15:10



ঈশ্বর আকাশে সূর্যকে এক স্থানেই রাখলেন যেন ইস্রায়লীয়দের কাছে পর্যাপ্ত সময় হয় ইমোরীয়দের সম্পূর্নভাবে ধংস করতে৷ সেই দিন, ঈশ্বর ইসরাইলের জন্য এক মহান বিজয় দিয়েছিলেন৷

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই৷)

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ইমোরীয়, ইমোরীয়গণ

15:11

ঈশ্বর ইমোরীয়দের পরাজিত করার পর, অন্যান্য কানানীয় লোকের দলসমূহ একত্রিত হয়ে ইসরাইলকে আক্রমণ করল।যিহোশূয় আর ইস্রায়লীয়রা **তাদের আক্রমন করল আর ধংস করল**।

তাদের আক্রমন করল আর ধংস করল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "তাদের বিরুদ্ধে লড়াই করলো আর তাদের পরাজিত করলো।"

translationWords

- কনান, কনানীয়, কনানীয়রা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- যিহোশুয়

15:12

এই যুদ্ধের পর, ঈশ্বর ইসরাইলের প্রত্যেক গোত্রকে প্রতিজ্ঞার দেশ থেকে তাদের নিজস্ব ভাগ দিলেন।তারপর ঈশ্বর **ইস্রায়লীয়দের তাদের সকল সীমান্ত থেকে শান্তি দিলেন**।

ঈশ্বর দেশ থেকে/ তাদের দিলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ঈশ্বর ইসরাইলের প্রত্যেক গোত্রকে প্রতিজ্ঞার দেশ থেকে তাদের নিজস্ব ভাগ দিলেন" বা, "ঈশ্বর নির্ণয় নিলেন ভূমিটির কোন অংশ কোন গোত্রকে দেবেন বসবাস করার জন্য।"

ইস্রায়লীয়দের তাদের সকল সীমান্ত থেকে শান্তি দিলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ঈশ্বর ইস্রায়েলীয়দের অন্যান্য লোকেদের গোষ্টি যারা তাদের চারপাশে থাকতো তাদের থেকে শান্তির অভিজ্ঞতা দান করলেন।"

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- প্রতিজ্ঞার দেশ/ভূমি
- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা

15:13



যখন যিহোশূয় একজন বৃদ্ধ ব্যক্তিতে পরিণত হন, তিনি ইসরাইলের সকল লোকেদের একত্র ডাকলেন। তারপর যিহোশূয় লোকেদের তাদের নিয়মের প্রতি আজ্ঞাবহতা যা ঈশ্বর সীনয় পর্বতে ইস্রালিলীয়দের সাথে স্থাপন করেছিলেন তা স্বরণ করলেন। লোকেরা **ঈশ্বরের প্রতি আজ্ঞাকারী থাকা**র আর **তার নিয়ম বা ব্যবস্থা পালন করা**র প্রতিজ্ঞা করল।

যখন যিহোশূয় একজন বৃদ্ধ ব্যক্তিতে পরিণত হন

এটা বললে স্পষ্ট হতে পারে, "বহু বছর পর যখন যিহোশূয় একজন বৃদ্ধ ব্যক্তি হয়েছিলেন।" যিহোশূয় এই সময়ে 100 বছরের হয়েছিলেন।

ঈশ্বরের প্রতি আজ্ঞাকারী থাকা

অন্য শব্দে, তারা ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকবে। তারা কেবল ঈশ্বরেরই আরাধনা ও সেবা করবে; তারা অন্য কোনো দেবদেবীর আরাধনা বা সেবা করবে না।

তার নিয়ম বা ব্যবস্থা পালন করা

এর অর্থ হল যে লোকেরা ঈশ্বরের নিয়ম ব্যবস্থা পালন করবে যা তিনি প্রথমেই নিয়মের অংশরূপে দিয়ে দিয়েছিলেন।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-যিহোশূয় ১-২৪

translationWords

- যিহোশুয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি

- ঈশ্বর
- সীনয়, সীনয় পর্বত
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- বিশ্বস্ত, বিশ্বস্ততা, অবিশ্বস্ত, অবিশ্বস্ততা
- ব্যবস্থা, মোশির ব্যবস্থা, ঈশ্বরের ব্যবস্থা, সদাপ্রভুর ব্যবস্থা

উদ্ধারকর্তাগন

16:01

যিহোশূয়ের মৃত্যুর পর, ইস্রায়লীয়রা ঈশ্বরের অবাধ্য হল এবং কনানীয় বাকি লোকেদের বেরও করল না বা তারা ঈশ্বরের ব্যবস্থাও পালন করল না। ইস্রায়লীয়রা সত্য পরমেশ্বর সদাপ্রভু ঈশ্বরের আরাধনার বদলে কানানীয় দেবতাদের আরাধনা করা শুরু করে দিল। ইস্রায়লীয়দের কোনো রাজা ছিল না, তাই প্রত্যেকে তাদের জন্য **যা ভালো মনে করত তাই করত**।

কনানীয়দের বাকি লোকেদের বেরও করল না

এটি প্রকাশ করে যে তারা কিভাবে ঈশ্বরের অনাজ্ঞাকারী হয়েছিল, কিছু কিছু ভাষায় এটা উত্তম হবে এই উক্তিটির সাথে আরম্ভ করা, "তারা করেনি।"

কনানীয়দের বাকি লোকেদের

এটি এভাবে অনুবাদ করা যেতে পারে, "বাকি কনানীয়দের সাথে যুদ্ধ করে তাদের দেশ থেকে তাড়িয়ে দেওয়া।"

নাহি তারা ঈশ্বরের ব্যবস্থা পালন করল

এর অর্থ হল যে লোকেরা সেই নিয়মের যা ঈশ্বর তাদের সীনয় পর্বতে দিয়েছিলেন তাও মানলো না।

সত্য পরমেশ্বর যীহোবা ঈশ্বরের

তা হল, "কেবল একমাত্র সত্য ঈশ্বর।" যীহোবা'ই হলেন একমাত্র ঈশ্বর যার আরাধনা লোকেদের করা উচিত।

যা ভালো মনে করত তাই করত

"এর অর্থ হল যে তারা সকল কিছু করত যা তারা চাইত, যার মধ্যে অনেক দুষ্ট কার্যও অন্তর্ভুক্ত ছিল।

translationWords

- যিহোশুয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- অবাধ্য, অমান্য, অবাধ্য, অবাধ্যতা, অমান্যকারী
- ঈশ্বর
- কনান, কনানীয়, কনানীয়রা
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- ব্যবস্থা, মোশির ব্যবস্থা, ঈশ্বরের ব্যবস্থা, সদাপ্রভুর ব্যবস্থা
- আরাধনা
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- সদাপ্রভু
- সত্য, সত্য, সত্যগুলি
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়

16:02



যেহেতু ইস্রায়লীয়রা ঈশ্বরের অবাধ্যতা করে চলেছিল, তাই তিনি তাদের শাস্তি দিলেন তাদের শত্রুর কাছে তাদের পরাজিত করে। এই শত্রুরা ইস্রায়লীয়দের কাছ থেকে জিনিস চুরি করল, তাদের সম্পত্তি নষ্ট করল আর তাদের অনেক কেই হত্যা করল।ঈশ্বরের অবাধ্য হয়ে চলার আর শত্রুদের কাছে দমন হয়ে চলার বহু বছর পর ইস্রায়লীয়রা অনুশোচনা করল আর **ঈশ্বরের কাছে প্রার্থনা করল যেন তিনি তাদের উদ্ধার করেন**।

ঈশ্বরের কাছে প্রার্থনা করল যেন তিনি তাদের উদ্ধার করেন

তা হল, তারা ঈশ্বরের কাছে প্রার্থনা করলো তাদের সাহায্য করার জন্য আর তাদের শত্রুদের হাত থেকে রক্ষা করার জন্য।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- অবাধ্য, অমান্য, অবাধ্য, অবাধ্যতা, অমান্যকারী
- ঈশ্বর
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- অনুতাপ,অনুশোচনা, অনুতপ্ত,খেদ

16:03

তখন ঈশ্বর তাদেরকে একজন উদ্ধারকরী প্রদান করলেন যিনি তাদের শত্রুদের হাত থেকে রক্ষা করলেন আর সেই **ভূমিতে শান্তি ফিরিয়ে আনলেন**৷কিন্তু তারপর **লোকেরা ঈশ্বরকে ভুলে গেল** এবং আবার মূর্তির পুজো শুরু করল৷তাই ঈশ্বর মিদিয়নীয়দের, শত্রুদের একটি দল, তাদের পরাজিত করার জন্য অনুমতি দিলেন৷

ঈশ্বর প্রদান করলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বর বাছাই করলেন” বা, “ঈশ্বর নিযুক্ত করলেন” বা, “ঈশ্বর উঠালেন৷”

ভূমিতে শান্তি ফিরিয়ে আনলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “লোকেদের ভয়হীনভাবে বাঁচতে অনুমতি দিলেন” বা, “যুদ্ধের সমাপ্তি করলেন” বা, “তাদের শত্রুদের থামালেন তাদের আক্রমন করার হাত থেকে৷”

ভূমি

এটি উল্লেখ করে কনানকে, যা হল প্রতিজ্ঞার ভূমি যা ঈশ্বর অব্রাহামকে দিয়েছিলেন৷

লোকেরা ঈশ্বরকে ভুলে গেল

এর অর্থ হল, “লোকেরা ঈশ্বরের বিষয়ে চিন্তা করা বন্ধ করলো আর তাঁর বলা আদেশগুলোর উপেক্ষা করল৷”

translationWords

- ঈশ্বর
- প্রদান করা, প্রদান কারী, নিষ্কৃত, মুক্ত করা, ত্রাণকর্তা, উদ্ধার
- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা
- আরাধনা
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা

- মিদিয়ন, মিদিয়নীয়, মিদিয়নীয়রা

16:04



মিদিয়নীয়রা সাত বছরের ইস্রায়লীয়দের সকল **ফসল** নিযে গেল । ইস্রায়লীয়রা খুবই ভীত হল; তারা গুহায় লুকালো যেন মিদিয়নীয়রা তাদের খুঁজে না পায়।শেষে তারা ঈশ্বরের কাছে **রোদন করল** যেন তিনি তাদের রক্ষা করেন।

ফসল

এটি উল্লেখ করে যা ইস্রায়েলীয়রা খাদ্যের জন্য বাগানে ও ক্ষেত্রে লাগতো।

খুবই ভয়ভীত হল; তারা গুহায় লুকালো

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে “তারা মিদিয়নীয়দের থেকে খুব ভয় পেল, তাই তারা লুকালো।”

রোদন করল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তারা ভীষণভাবে প্রার্থনা করলো” বা, “তারা আহ্বান করলো।”

তাদের রক্ষার্থে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তাদের স্বাধীন করতে” বা, “তাদের শত্রুদের হাত থেকে রক্ষার্থে।”

translationWords

- মিদিয়ন, মিদিয়নীয়, মিদিয়নীয়রা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ

16:05

একদিন, ইসরাইলের গিদিয়োন নামক এক ব্যক্তি **গোপনে গম ঝার ছিলেন** যেন মিদিয়নীয়রা তা চুরি করতে না পারে। সদাপ্রভুর এক স্বর্গদূত গিদিয়োনের কাছে এলেন আর বললেন, “**ঈশ্বর তোমার সহবর্তী**, হে মহান যোদ্ধা।যাও আর ইস্রায়লীয়দের মিদিয়নীয়দের হাত থেকে রক্ষা কর।”

একদিন

এই বাক্যাংশটি একটি ঘটনার পরিচয় দেয় যা অতীতে ঘটেছিল, কিন্তু যার নির্দিষ্ট সময় বলা হয়নি। কিছু কিছু ভাষায় একই রকম মাধ্যম প্রয়োগ করা হয় একটি সত্য কাহিনী আরম্ভ করার জন্য।

গম ঝার ছিলেন

ফসলটি ছিল গম, যা হল সকল ফসলের বা বীজের প্রধান, যা একটি পাতলা ফলবৃন্তে ফলে বা ধরে। “ঝারা” যা হল বীজগুলোকে গাছ বা পোয়াল থেকে আঘাত করার মাধ্যমে আলাদা করা। বীজগুলো হল খাদ্য কিন্তু পোয়াল নয়।

গোপনে

গিদিয়োন গোপন স্থানে গম ঝারছিলেন, যেন মিদিয়নীয়রা তাকে দেখতে না পায়।

ঈশ্বর তোমার সহবর্তী

এর অর্থ হল “ঈশ্বর তোমার সাথে এক বিশেষ মাধ্যমে উপস্থিত আছেন” বা, “ঈশ্বরের কাছে তোমাকে ব্যবহার করার একটি বিশেষ পরিকল্পনা রয়েছে।”

translationWords

- গিদিয়োন
- মিদিয়ন, মিদিয়নীয়, মিদিয়নীয়রা
- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত

- সদাপ্রভু
- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

16:06

গিদিয়োনের পিতার এক মূর্তির প্রতি সমর্পিত একটি বেদী ছিল। ঈশ্বর গিদিয়োনকে সেই বেদিকে নষ্ট করতে বললেন।কিন্তু গিদিয়োনের **লোকভয় হল**, তাই সে **রাত হওয়া পর্যন্ত অপেক্ষা করল**। তারপর সে সেই বেদীটিকে নষ্ট করল আর সেটিকে ধূলিসাৎ করল।সে সেই মূর্তির প্রতি সমর্পিত বেদির কাছাকাছি ঈশ্বরের জন্য একটি নতুন বেদী স্থাপন করল আর সেটির উপর ঈশ্বরের নামে বলি উৎসর্গ করল।

বেদিকে নষ্ট করলো

এর অর্থ হল, "হিংস্রক ভাবে নষ্ট করা" বা, ফেলে দিয়ে নষ্ট করা।"

লোকভয় হল

গিদিয়োন ভয়ভীত ছিলেন যে তার সহ

রাত হওয়া পর্যন্ত অপেক্ষা করল

অন্যভাবে এটাকে বললে তা হবে, "অন্ধকার হওয়া পর্যন্ত অপেক্ষায় রইলো।" গিদিয়োন বেদীটিকে রাতে নষ্ট করলো যখন সকলে ঘুমিয়ে পরেছিল যেন তাকে কেউ দেখতে না পারে।

translationWords

- গিদিয়োন
- বেদী, যজ্ঞবেদী
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- ঈশ্বর
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ

16:07



পর দিন সকালে লোকেরা দেখল যে মূর্তির প্রতি সমর্পিত বেদিটিকে কেউ নষ্ট ও ধূলিসাৎ করেছে আর তারা তাতে ক্রুদ্ধ হল।তারা গিদিয়োনের গৃহে গেল তাকে হত্যা করার জন্য কিন্তু গিদিয়োনের পিতা বললেন, "কেন তোমরা তোমাদের দেবতার সাহায্য করার চেষ্টা করছ? যদি সে এক ঈশ্বর হন তবে সে নিজেকে রক্ষা করুক।যেহেতু তিনি একথা বললেন তাই তারা গিদিয়োনের হত্যা করলেন না।

কেন তোমরা তোমাদের দেবতার সাহায্য করার চেষ্টা করছো

এটি একটি বাস্তবিক প্রশ্ন ছিল না যা উত্তরের প্রত্যাশা করে। অন্য ভাবে এটিকে বললে তা হবে, "তোমাদের দেবতার সাহায্য তোমাদের করা উচিত নয়।" বা, "তোমাদেরকে তোমাদের দেবতার সাহায্য করবার প্রয়োজন নেই।"

যদি সে সত্য ঈশ্বর হন তবে সে নিজের রক্ষা করুক

এর অর্থ হল, "যদি সে একটি সত্য ঈশ্বর হত, তাহলে সে নিজের রক্ষা করতে পারতো।"

translationWords

- বেদী, যজ্ঞবেদী
- গিদিয়োন
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা

16:08



তারপর পুনরায় **মিদিয়নীয়রা ইস্রায়লীয়দের কাছ থেকে চুরি করতে এলো**।তারা এত বেশি সংখ্যায় ছিল যে **তাদের গণনা করা যায় না**।গিদিয়োন তাদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য ইস্রায়লীয়দের একত্র ডাকলেন।গিদিয়োন ঈশ্বরের কাছে নিশ্চিত হওয়ার জন্য **দুটি চিহ্ন** চাইলেন যে ঈশ্বর **ইসরাইলকে রক্ষা করার জন্য** তাকে ব্যবহার করবেন।

মিদিয়নীয়রা ইস্রায়লীয়দের কাছ থেকে চুরি করতে এলো

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ইস্রায়েলীয় ভূমিতে পুনরায় এলো সেখানে লুট করতে।"

তাদের গণনা করা যায় না

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "মিদিয়নীয়দের সংখা গণনার বাইরে ছিল" বা, "মিদিয়নীয়দের গণনা করা খুবিই কঠিন ছিল।"

দুটি চিহ্ন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "চমৎকার করার জন্য" বা, "দুটি অসম্ভব জিনিস ঘটানো।"

যে ঈশ্বর তাকে ব্যবহার করবেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "যে ঈশ্বর তাকে ক্ষমতা দেবেন" বা, "যে ঈশ্বর তাকে সাহায্য করবেন" বা, "যে ঈশ্বর তাকে আহ্বান করেছেন।"

ইসরাইলকে রক্ষা করার জন্য

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "মিদিয়নীয়দের হাত থেকে ইস্রায়েলকে রক্ষা করার জন্য।"

translationWords

- মিদিয়ন, মিদিয়নীয়, মিদিয়নীয়রা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- গিদিয়োন
- ঈশ্বর
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ

16:09



প্রথম **চিহ্ন** স্বরূপ, গিদিয়োন একটি কাপড় ভূমিতে রাখলেন আর ঈশ্বরের কাছে চাইলেন যেন **পর দিন সকালে শিশির** শুধু সেই কাপড়টিতেই পড়ে এবং ভূমিতে নয়। **ঈশ্বর তাই করলেন**।পর রাতে, তিনি চাইলেন যেন ভূমি ভেজে কিন্তু কাপড়টি নয়। ঈশ্বর তাও করলেন।এই দুই চিহ্ন গিদিয়োনকে নিশ্চিত করল যে মিদিয়নীয়দের থেকে ইস্রায়লীয়দের রক্ষা করতে ঈশ্বর তাকে ব্যবহার করবেন।

চিহ্ন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “চমৎকার” বা “অসম্ভব জিনিস।”

পর দিন সকালে শিশির

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সকালের শিশির এটিতে আবির্ভূত হোক” বা, “সকালের শিশির আসুক।” “শিশির” উল্লেখ করে জলের ফোঁটা যা সকালে ভূমির উপর পরে। শিশির সাধারণতঃ সকল কিছুকে একই মাত্রায় ভেজায়।

ঈশ্বর তাই করলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বর তাই করলেন যা গিদিয়োন তাকে করতে বলেছিলেন।”

translationWords

- গিদিয়োন
- ভেড়ি, ভেড়িপাল, মেষ, মেষ, ভেড়া, ভেড়ার খোঁয়াড়, ভেড়ার খোঁয়াড়, ভেড়ার লোম, ভেড়ার চামড়া
- ঈশ্বর
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- মিদিয়ন, মিদিয়নীয়, মিদিয়নীয়রা

16:10



৩২,০০০ ইস্রায়লীয় সৈন্য গিদিয়োনের কাছে এলো, কিন্তু ঈশ্বর তাকে বললেন এরা অনেক বেশি।তাই গিদিয়োন যুদ্ধ করতে ভয় পায় এমন ২২,০০০ সৈন্যকে ফিরিয়ে দিলেন। ঈশ্বর গিদিয়োনকে বললেন যে তার কাছে এখনও অনেক বেশি লোক রয়েছে।তাই গিদিয়োন ৩০০ জন সৈন্য ছাড়া সকলকে ফিরিয়ে দিলেন।

32,000 ইস্রায়লীয় সৈন্য গিদিয়োনের কাছে এলো

কিছু কিছু ভাষায় কাহিনীটিকে আরম্ভ করার জন্য এই আগামী উক্তিটির দেয়ার প্রয়োজন হবে। "গিদিয়োন ইস্রায়েলীয়দের আহ্বান দিলেন মিদিয়নীয়দের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য।" 16-08-তে দেখুন।

অত্যন্ত বেশি

এই যুদ্ধের জন্য ঈশ্বরের অনুসারে সৈন্যরা বেশি ছিল। যদি এত বেশি সৈন্যরা যুদ্ধ করে আর বিজয়ী হয়, তাহলে তারা ভাবতে পারে যে তারা বিজয়ী হয়েছিল তাদের শক্তিতে, আর তারা জানবে না যে তা ঈশ্বর করেছিলেন।

300 জন সৈন্য ছাড়া

এই বাক্যটিকে এইভাবে অনুবাদ করা যেতে পারে, "তাই গিদিয়োন কেবল 300জন পুরুষদের থাকতে অনুমতি দিলেন, আর বাকিদের তাদের গৃহে ফিরিয়ে দিলেন।"

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- গিদিয়োন
- ঈশ্বর

16:11



সেই রাতে ঈশ্বর গিদিয়োনকে বললেন, “মিদিয়নীয়দের তাম্বুর **দিকে যাও** আর যখন তুমি তাদের কথা শুনবে, তুমি আর ভীত হবে না। তাই সে রাতে, গিদিয়োন তাম্বুর দিকে গেলেন আর এক মিদিয়নীয় সৈন্যকে তার এক বন্ধু সৈন্যের কাছে তার **কিছু স্বপ্নের বিষয়ে** বলতে শুনলেন। সেই পুরুষের বন্ধু তাকে বলল, “এই স্বপ্নের অর্থ হল যে গিদিয়োনের সৈন্য মিদিয়নীয় সৈন্যদের পরাজিত করবে!”যখন গিদিয়োন একথা শুনলেন, সে ঈশ্বরের আরাধনা করলেন।

দিকে যাও

মিদিয়নীয় সৈন্যরা তাদের শিবির একটি উপত্যকায় আর ইস্রায়েলীয় সৈন্যদের তুলনায় নিচু স্থানে স্থাপন করেছিল।

তুমি আর ভয়ভিত হবে না

তা হল, “তুমি ভয় পাওয়া বন্ধ করবে।”

কিছু স্বপ্নের বিষয়ে

তা হল, “সে কিছু স্বপ্ন দেখেছিল” বা, “একটি স্বপ্ন যা তার কাছে ছিল।”

translationWords

- ঈশ্বর
- গিদিয়োন
- মিদিয়ন, মিদিয়নীয়, মিদিয়নীয়রা
- স্বপ্ন
- আরাধনা

16:12



তারপর গিদিয়োন তার সৈন্যদের কাছে ফিরে এলো আর সকলকে একটি **শিঙা**, একটি মাটির পাত্র আর **একটি মশাল** দিলেন। তারা তাম্বুগুলোকে ঘেরাও করল যেখানে মিদিয়নীয় সৈন্যরা ঘুমিয়ে ছিলেন। গিদিয়োনের ৩০০ সৈন্যদের মশাল মাটির পাত্রে ছিল তাই মিদিয়নীয়রা মশালের আলো দেখতে পেল না।

শিঙা

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তুরী” বা “ভেড়ার শিং এর বাজনা।” এই শিংগুলো নর ভেড়ার থেকে নেওয়া হয় আর প্রায়ই যুদ্ধের আহ্বান করতে প্রয়োগ করা হয়।

একটি মশাল

এটি সম্ভবত একটি কাঠের টুকরোতে কাপড় জড়িয়ে ও সেটিকে তেলে ডুবিয়ে বানানো হত যেন সেটি ভালোভাবে জ্বলে। (এটি আধুনিক টর্চের মত নয় যা ব্যাটারির দ্বারা চালিত হয়।)

translationWords

- গিদিয়োন
- মিদিয়ন, মিদিয়নীয়, মিদিয়নীয়রা

16:13

তারপর, গিদিয়োনের সকল সেনা তাদের পাত্র একই সময়ে ভাঙল, হঠাৎ মশালের আলো দেখা গেল। তারা তাদের শিঙা বাজাল আর **চিৎকার করল**, "**ঈশ্বরের আর গিদিয়োনের জন্য এক** তলোয়ার!"

চিৎকার করল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "জোরে চেঁচানো" বা, "খুব উচ্চ স্বরে বলা।"

তলোয়ার

একটি তলোয়ার হল একটি অস্ত্র যা ধাঁরালো হয় আর তার একটি হাতল থাকে। লোকেরা হাতলটিকে ধরে আর ধাঁরালো অস্ত্রটি দিয়ে শত্রুকে কেটে দেয় বা আঘাত করে। যদি আপনার লোকেদের কাছে তেমন কোনো অস্ত্র না থাকে, তাহলে আপনি এটিকে অনুবাদ করতে পারেন "একটি দীর্ঘাকারের ছুঁড়ি," "দা" বা, "কাস্তের মত কোনো হাতিয়ার।"

ঈশ্বরের আর গিদিয়োনের জন্য এক তলোয়ার

এর অর্থ হল, "আমরা ঈশ্বরের ও গিদিয়োনের হয়ে লড়ছি।"

translationWords

- গিদিয়োন
- সদাপ্রভু

16:14



ঈশ্বর মিদিয়নীয়দের ভ্রমিত করলেন, যেন তারা একেঅপরকে আক্রমন ও হত্যা শুরু করে। তক্ষনাৎ, **বাকি ইস্রায়লীয়দের তাদের গৃহ থেকে ডাকা হল** সাহায্যের জন্য মিদিয়নীয়দের তাড়াতে। তারা তাদের অনেককে হত্যা করল আর ইস্রায়লীয় ভূমি থেকে তাড়িয়ে দিল।১,২০,০০০ মিদিয়নীয় সেদিন মারা যায়। ঈশ্বর ইসরাইলকে রক্ষা করলেন।

ঈশ্বর মিদিয়নীয়দের ভ্রমিত করলেন

ঈশ্বর মিদিয়নীয়দের হতচকিত করলেন। তারা ইস্রায়েলীয়দের আক্রমন করতে চাইল, কিন্তু তার বিপরীতে তারা একেঅপরকে আক্রমন করলো।

বাকি ইস্রায়লীয়দের তাদের গৃহ থেকে ডাকা হল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "অন্যান্য ইস্রায়েলীয় পুরুষদের।" এটি উল্লেখ করে সেই সকল সৈন্যদের যাদের পূর্বে গৃহে পাঠিয়ে দেওয়া হয়েছিল 16-10।

ডাকা হল

তা হল, "আহ্বান করা হল" বা, "আমন্ত্রণ করা হল।" এই বাক্যটিকে অনুবাদ করা যেতে পারে, "গিদিয়োন সংবাদদাতাদের পাঠালেন আরো অন্য ইস্রায়েলীয় পুরুষদের তাদের গৃহ থেকে ডেকে আনার জন্য।"

translationWords

- ঈশ্বর
- মিদিয়ন, মিদিয়নীয়, মিদিয়নীয়রা
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ

16:15



লোকেরা গিদিয়োনকে রাজা বানাতে চাইল।গিদিয়োন **তাদের তা করতে অনুমতি দিলেন না**, কিন্তু তিনি কিছু সোনার আংটি চাইলেন যা তারা মিদিয়নীয়দের থেকে নিয়েছিলেন। লোকেরা গিদিয়োনকে অনেক পরিমানের সোনা দিলেন।

তাদের তা করতে অনুমতি দিলেন না

গিদিয়োন জানতেন যে ইস্রায়েলীয়দের জন্য ঈশ্বরই সয়ং রাজা থাকটা ভালো।

কিন্তু তিনি চাইলেন

এই বাক্যাংশটি “কিন্তু”র সাথে আরম্ভ হচ্ছে কেননা তিনি যা আগামীতে করেছিলেন তা বুদ্ধিমানের কর্ম হয়নি।

translationWords

- গিদিয়োন
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- মিদিয়ন, মিদিয়নীয়, মিদিয়নীয়রা

16:16

তারপর **গিদিয়োন সেই সোনাকে একটি বিশেষ বস্ত্রে পরিণত করলেন** যেমনটি মহা পুরোহিত পরিধান করতেন৷কিন্তু লোকেরা সেটি আরাধনা করা শুরু করল যেন সেটি একটি মূর্তি৷তাই ঈশ্বর আবার ইস্রায়লীয়দের শাস্তি দিলেন কেননা তারা মূর্তির পুজো করেছিল৷ঈশ্বর তাদের শত্রুদের অনুমতি দিয়েছিলেন যেন তাদের পরাজিত করে৷শেষে তারা আবার ঈশ্বরের কাছে সাহায্য চাইলেন আর ঈশ্বর তাদের আর এক উদ্ধারকারী প্রদান করেন৷

গিদিয়োন সেই সোনাকে একটি বিশেষ বস্ত্রে পরিণত করলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “গিদিয়োন সেই সোনা গুলোকে গলালেন যা লোকেরা তাকে দিয়েছিলেন আর তা দিয়ে একটি বিশেষ সোনার পোশাক তৈরী করলেন৷”

ঈশ্বরের বিমুখে চলল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বরের আজ্ঞাকারী হল না” বা, “ঈশ্বরের আরাধনা করা বন্ধ করলো৷”

translationWords

- গিদিয়োন
- মহা যাজক
- আরাধনা
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- ঈশ্বর
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- প্রদান করা, প্রদান কারী, নিষ্কৃত, মুক্ত করা, ত্রাণকর্তা, উদ্ধার

16:17

এই একই জিনিস বহু বার পুনরাবৃত্তি হয়েছিল: ইস্রায়লীয় পাপ করবে, ঈশ্বর তাদের শাস্তি দেবেন, তারা অনুশোচনা করবে আর ঈশ্বর তাদের জন্য এক উদ্ধারকারী পাঠাবেন।বহু বছর ধরে, ঈশ্বর বহু উদ্ধারকারী প্রেরণ করেন যে ইস্রায়লীয়দের তাদের শত্রুদের হাত থেকে রক্ষা করে।

এই ধাঁচা বহু বার পুনরাবৃত্তি হয়েছিল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “এমনটি বার বার ঘটেছিল” বা, এসব বহু বার হয়েছিল।”

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- ঈশ্বর
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- অনুতাপ,অনুশোচনা, অনুতপ্ত,খেদ
- প্রদান করা, প্রদান কারী, নিষ্কৃত, মুক্ত করা, ত্রাণকর্তা, উদ্ধার
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ

16:18

শেষে, লোকেরা **ঈশ্বরের কাছে একটি রাজা চাইল** যেমনটি অন্যান দেশের ছিল।তারা একটি রাজা চাইত যিনি হবেন লম্বাচওড়া আর শক্তিশালী এবং যিনি তাদের যুদ্ধে নেতৃত্ব দিতে পারে।ঈশ্বর তাদের অনুরোধটিকে পছন্দ করলেন না তবুও তিনি তাদের পছন্দ মত রাজা প্রদান করলেন।

অন্তিমে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তাদের শত্রুদের বহু বার আক্রমনের পর” বা, “অন্যান্য বহু রাষ্ট্রের দ্বারা বহু বছর আক্রমন হওয়ার পর।”

ঈশ্বরের কাছে একটি রাজা চাইল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “দাবি করলো যেন ঈশ্বর তাদের একটি রাজা দেন” বা, “ঈশ্বরের কাছে চাইতেই থাকলো একজন রাজা।”

অন্যান রাষ্ট্রের মত

অন্যান্য রাষ্ট্রগুলোতে রাজা ছিল। ইস্রায়েল তাদের মত হতে চেয়েছিল আর একটি রাজাও চেয়েছিল।

ঈশ্বর তাদের অনুরোধটিকে পছন্দ করলেন না

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বর যা তারা তার কাছে চাইছিল তাতে সম্মত হলেন না।” ঈশ্বর জানতেন যে তারা তাকে উপেক্ষা করছে তাদের রাজা হিসেবে আর বরং একটি সহ মনুষ্য রাজা চাইছে।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-বিচারকর্ত্তৃগণের বিবরণ ১-৩; ৬-৮

translationWords

- ঈশ্বর
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়

দায়ূদের সাথে ঈশ্বরের নিয়ম

17:01

শৌল **ইসরাইলের প্রথম রাজা ছিলেন**।তিনি লম্বাচওড়া আর সুন্দর ছিলেন, ঠিক যেমনটি লোকেরা চাইতেন।শৌল প্রথম কিছু বছর যখন তিনি ইসরাইলের উপর রাজত্ব করছিলেন ভালো একজন রাজা হয়ে থাকলেন। কিন্তু তারপর তিনি এক দুষ্ট লোক হয়ে গেলেন যিনি ঈশ্বরের অবাধ্য হলেন, তাই ঈশ্বর এক অন্য ব্যক্তিকে তার জায়গায় **একদিন** রাজা হওয়ার জন্য নির্বাচন করলেন।

ইসরাইলের প্রথম রাজা ছিলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ইস্রায়েলের উপর রাজত্ব করতে প্রথম রাজা হলেন।”

একদিন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ভবিষ্যতে কোনো এক সময়ে” বা “বছর বছর পর।”

তার জায়গায় রাজা হওয়ার জন্য

অন্যভাবে এটাকে বললে তা হবে, “তার জায়গায় ইস্রায়েলীয়দের উপর রাজা হওয়ার জন্য” বা, “তার জায়গায় রাজত্ব করার জন্য।”

translationWords

- শৌল (পুরাতন নিয়ম)
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- ঈশ্বর

17:02

ঈশ্বর শৌলের জায়গায় দায়ূদ নামক এক ইস্রায়লীয় যুবকের নির্বাচন করলেন।দায়ূদ বৈৎলেহম নগরের এক মেষপালক ছিলেন।যখন তিনি তার পিতার মেষ **চড়াচ্ছিলেন**, একবার দায়ূদ এক সিংহ ও আর একবার এক ভাল্লুক মারেন যারা তার মেষদের আক্রমন করেছিল।দায়ূদ একজন নম্র ও ধার্মিক ব্যক্তি ছিলেন যিনি ঈশ্বরে বিশ্বাসী ও আজ্ঞাকারী ছিলেন।

চড়াচ্ছিলেন

তা হল, "দেখাশোনা করা" বা, "রক্ষা করা" বা, "যত্ন নেওয়া।"

translationWords

- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- দাউদ
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- শৌল (পুরাতন নিয়ম)
- পালক, মেষপালক, পালক, পালকৃত্ত করা
- বৈৎলেহম, ইফ্রাথা
- ভেড়ি, ভেড়িপাল, মেষ, মেষ, ভেড়া, ভেড়ার খোঁয়াড়, ভেড়ার খোঁয়াড়, ভেড়ার লোম, ভেড়ার চামড়া
- নম্র, অবনমিত হওয়া, হতমান, নম্রতা
- ধার্মিক, ধার্মিকতা, অধার্মিক, অধার্মিকতা, ন্যায়পরায়ণতা, ন্যায়পরায়ণতা
- বিশ্বাস, নিষ্ঠা, বিশ্বস্ত, নির্ভরযোগ্য, বিশ্বস্ততা
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী

17:03

দায়ূদ এক মহান যোদ্ধা ও নেতা হলেন।যখন দায়ূদ একটি বালকই ছিলেন, তখন তিনি গলিয়াৎ নামে এক দানবের বিরুদ্ধে লড়াই করেছিলেন।গলিয়াৎ একজন প্রশিক্ষিত সৈন্য, খুবিই শক্তিশালী আর প্রায় তিন মিটার উচ্চ ছিলেন।কিন্তু ঈশ্বর দায়ূদকে সাহায্য করেছিলেন গলিয়াৎকে শেষ করতে ও ইসরাইলকে রক্ষা করতে।এরপর, দায়ূদ বহুবার ইসরাইলের শত্রুদের উপর বিজয় প্রাপ্ত করেছিলেন, যার জন্যে লোকেরা তার প্রশংসা করতেন।

এক গলিয়াৎ নামক দানবের

"দানব" শব্দটি এখানে বর্ণনা করে এমন একটি ব্যক্তির যে অসাধারণভাবে বড় ও শক্তিশাল ছিল। সৈন্যদলের মধ্যে গলিয়াৎ একজন বিশালাকার সৈন্য ছিল যারা ইস্রায়েলের বিরুদ্ধে যুদ্ধ করতে এসেছিল।

translationWords

- দাউদ
- ঈশ্বর
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- প্রশংসা, প্রশংসা, প্রশংসিত, প্রশংসা, প্রশংসনীয়

17:04

দায়ূদের প্রতি লোকেদের ভালবাসা দেখে শৌলের হিংসে হল। শৌল বহুবার দায়ূদকে হত্যা করার চেষ্টা করলেন, তাই দায়ূদ শৌলের কাছ থেকে পালালেন।একদিন, শৌল দায়ূদের অনুসন্ধান করলেন যেন তাকে হতে করতে পারেন।শৌল সেই গুহায় গেলেন যেখানে দায়ূদ শৌলের ভয়ে লুকিয়ে ছিলেন, কিন্তু শৌল তাকে দেখতে পেলেন না।দায়ূদ তখন শৌলের খুব কাছেই ছিলেন আর তাকে হত্যাও করতে পারতেন কিন্তু তিনি তা করলেন না।বরং, দায়ূদ শৌলের পোশাকের এক টুকরো কাটলেন শৌলকে **প্রমান করতে** যে তিনি **রাজা হওয়ার জন্য** তাকে হত্যা করতে চান না।

একদিন

এই বাক্যাংশটি একটি ঘটনার পরিচয় দেয় যা অতীতে ঘটেছিল, কিন্তু যার নির্দিষ্ট সময় বলা হয়নি। কিছু কিছু ভাষায় একই রকম মাধ্যম প্রয়োগ করা হয় একটি সত্য কাহিনী আরম্ভ করার জন্য।

প্রমান করতে

তা হল, “শৌলকে নিশ্চিত করতে” বা “শৌলকে দেখাতে।”

রাজা হওয়ার জন্য

দায়ূদ ঈশ্বরকে অসন্মান করতে চান নি সেই মানুষটিকে হত্যা করে যাকে ঈশ্বর ইস্রায়েলের উপর রাজা নিযুক্ত করেছিলেন।

translationWords

- শৌল (পুরাতন নিয়ম)
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা
- দাউদ
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়

17:05

অবশেষে, শৌল যুদ্ধে মারা যান আর দায়ূদ ইসরাইলের রাজা হন।তিনি এক জন ভালো রাজা ছিলেন আর প্রজারা তাকে ভালবাসতেন ।ঈশ্বর দায়ূদকে আর্শিবাদ করলেন আর **তাকে সফল করলেন**।দায়ূদ অনেক যুদ্ধ লড়লেন আর ঈশ্বর তাকে ইসরাইলের শত্রুদের পরাজিত করতে সাহায্য করলেন।দায়ূদ যেরুশালেম জয় করলেন আর সেটিকে **তার রাজধানী শহর** করলেন।দায়ূদের রাজত্বকালে, ইসরাইল শক্তিশালী আর সম্পদশালী হল।

তাকে সফল করলেন

তা হল, "তাকে ভালো কার্য করতে সাহায্য করলেন যা তিনি [দায়ূদ] করতে চাইতেন।"

তার রাজধানী শহর

তা হল, "তার রাজ্যের রাজধানী শহর।" দায়ূদ যেরুশালেমে থাকতেন আর সেখান থেকে শাসন করতেন।

দায়ূদের রাজত্বকালে

তা হল, "সেই সময়ে যখন দায়ূদ ইস্রায়েলের রাজা ছিলেন" বা, "সেই সময় কালে যখন দায়ূদ রাজা হিসেবে ইস্রায়েলের উপর রাজত্ব করছিলেন।"

translationWords

- শৌল (পুরাতন নিয়ম)
- দাউদ
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা
- ঈশ্বর
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- যিরূশালেম

17:06



দায়ূদ **একটি মন্দির তৈরী** করতে চাইলেন যেখানে সকল ইস্রায়লীয় ঈশ্বরের আরাধনা ও তাকে বলি উৎসর্গ করতে পারে। প্রায় ৪০০ বছর ধরে লোকেরা মোশীর দ্বারা তৈরী মিলন তাম্বুতে ঈশ্বরের আরাধনা ও তাকে বলি উৎসর্গ করে আসছিল।

একটি মন্দির তৈরী

দায়ূদ একটি স্থায়ী ভবন তৈরী করতে চেয়েছিলেন ঈশ্বরের আরাধনা করার জন্য যা মিলনতাম্বুর জায়গায় হবে।

translationWords

- দাউদ
- মন্দির
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- আরাধনা
- ঈশ্বর
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- মিলন তাম্বু
- মোশি

17:07

কিন্তু ঈশ্বর **ভাববাদী নাথন**কে দায়ূদের কাছে প্রেরণ করলেন এই সাংবাদের সাথে, “যেহেতু তুমি **একজন যুদ্ধের ব্যক্তি**, তুমি আমার জন্য **মন্দির** তৈরী করবে না।তোমার পুত্র তা তৈরী করবে।কিন্তু আমি তোমাকে মহান রূপে আর্শিবাদ করব।তোমার এক উত্তরাধিকারী আমার প্রজাদের উপর সর্বকাল রাজত্ব করবে!”দায়ূদের একমাত্র উত্তরাধিকারী যিনি চিরকাল রাজত্ব করবেন তিনি হলেন মশীহ বা খ্রীষ্ট।” খ্রীষ্ট হলেন ঈশ্বরের অভিষিক্ত জন যিনি পৃথিবীর লোকেদের **পাপ থেকে** ত্রান করবেন।

ভাববাদী নাথন

কিছু কিছু ভাষায় এটি আরো প্রাকৃতিক হবে বলাটা, “একজন ভাববাদী যার নাম হল নাথান।”

একজন যুদ্ধের ব্যক্তি

তা হল, “সেই ব্যক্তি যিনি যুদ্ধে লড়াই করে।” দায়ূদ প্রচুর লোককে হত্যা করেছিল, যারা ইস্রায়েলের শত্রু ছিল। ঈশ্বর দায়ূদকে দণ্ড দিচ্ছিলেন না, কিন্তু ঈশ্বর একজন শান্তিপ্রিয় ব্যক্তি চাইতেন মন্দির নির্মানের জন্য যেখানে লোকেরা তাকে আরাধনা করতে পারবে।

মন্দির

তা হল, “আরাধনা করার ভবন” বা, “আরাধনা করার স্থান।”

পাপ থেকে

তা হল, “পাপের ভয়ানক পরিনামের হাত থেকে।”

translationWords

- ঈশ্বর
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- নাথন
- দাউদ

- মন্দির
- ছেলে, পুত্র
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- খ্রীষ্ট, অভিষিক্ত
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

17:08



যখন দায়ূদ এই বাক্য শুনলেন, তক্ষনাৎ তিনি ঈশ্বরকে ধন্যবাদ ও প্রশংসা করলেন কেননা তিনি দায়ূদকে **এই মহান সম্মান** ও প্রচুর আর্শীবাদের প্রতিশ্রুতি দিয়েছেন।দায়ূদ জানতেন না যে ঈশ্বর কবে এগুলো পূর্ণ করবেন।কিন্তু এমনটি হওয়ার জন্য ইস্রায়লীয়দের আরো ১০০০ বছর অপেক্ষা করতে হবে।

এই শব্দ শুনলেন

তা হল, "ভাববাদী দ্বারা উক্ত বাক্য সকল।" এটি উল্লেখ করে 17-07-এর প্রতিজ্ঞাটিকে।

এই মহান সম্মান

যে লোকজনেরা দায়ূদের পরে বসবাস করেছিল তারা তাকে সন্মান করলো কেননা তার কিছু উত্তরাধিকারীরা ইস্রায়েলের রাজা হয়েছিল আর তাদের একজন হবেন খ্রীষ্ট বা মশীহ।

translationWords

- দাউদ
- প্রশংসা, প্রশংসা, প্রশংসিত, প্রশংসা, প্রশংসনীয়
- ঈশ্বর
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- খ্রীষ্ট, অভিষিক্ত

17:09

দায়ূদ বহু বছর ন্যায়পরায়ণতার সাথে আর বিশ্বস্ততার সাথে রাজত্ব করলেন আর ঈশ্বর তাকে আর্শিবাদ করলেন।যাইহোক, **তার জীবনের শেষকালে** তিনি ঈশ্বরের বিরুদ্ধে **মহাপাপ** করলেন।

দায়ূদ বহু বছর ন্যায়পরায়ণতার সাথে আর বিশ্বস্ততার সাথে রাজত্ব করলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "যখন দায়ূদ লোকেদের উপর রাজত্ব করেছিলেন, তখন বহু বছর ধরে যা ভালো ও উচিত তিনি তা করেছিলেন আর তিনি ঈশ্বরের প্রতি বিশ্বস্ত ছিলেন।"

তার জীবনের শেষকালে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "যখন দায়ূদ বৃদ্ধ হয়ে পরেছিলেন" বা, "দায়ূদের জীবনের অন্তিমে।"

মহাপাপ

তা হল, "দুষ্টতার সাথে পাপ করা।" দায়ূদের পাপ খুব পাপিষ্ট ছিল।

translationWords

- দাউদ
- ন্যায়, বিচারক, অন্যায়, অযথা, অবিচার, ন্যায্যভাবে, ন্যায়সঙ্গত, আত্মপক্ষ সমর্থন
- বিশ্বস্ত, বিশ্বস্ততা, অবিশ্বস্ত, অবিশ্বস্ততা
- ঈশ্বর
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

17:10

একদিন, যখন দায়ূদের সমস্ত সৈন্যরা যুদ্ধে গিয়েছিল, তখন তিনি তার রাজপ্রাসাদ থেকে বাইরে **দেখছিলেন** আর তিনি এক সুন্দরী মহিলাকে **স্নান** করতে দেখলেন।তার নাম ছিল বৎশেবা।

একদিন

এই বাক্যাংশটি একটি ঘটনার পরিচয় দেয় যা অতীতে ঘটেছিল, কিন্তু যার নির্দিষ্ট সময় বলা হয়নি। কিছু কিছু ভাষায় একই রকম মাধ্যম প্রয়োগ করা হয় একটি সত্য কাহিনী আরম্ভ করার জন্য।

দেখছিলেন

বৎশেবা হয়ত তার নিজ গৃহে স্নান করছিলেন, কিন্তু দায়ূদের প্রাসাদ খুব উচ্চ হওয়ার দরুন তিনি তাকে দেখতে পেয়েছিলেন।

স্নান

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “স্নান করছিলেন” বা, “নিজেকে ধুচ্ছিলেন।”

translationWords

- দাউদ
- বৎশেবা

17:11

অন্যদিকে তাকাবার চেয়ে বরং তিনি লোক পাঠিয়ে দিলেন তাকে তার কাছে আনতে৷তিনি তার সাথে শয়ন করলেন আর তাকে ঘরে ফিরিয়ে দিলেন৷কিছু কাল পর বৎশেবা দায়ূদকে সংবাদ পাঠালেন যে তিনি গর্ভবতী৷

অন্যদিকে তাকাবার চেয়ে

তা হল, দায়ুদ সেই স্নানরত স্ত্রীটির থেকে অন্য দিকে তাকান নি যা তার করা উচিত ছিল৷

তিনি তার সাথে শয়ন করলেন

এটি একটি ভদ্র পদ্ধতিতে বলা হয়েছে এর বিপরীতে যে দায়ূদ বৎশেবার সাথে যৌন সম্পর্ক গড়লেন৷

translationWords

- দাউদ
- বৎশেবা

17:12

বৎশেবার স্বামী ছিলেন দায়ূদের শ্রেষ্ট সৈন্যদের মধ্যে একজন যার নাম ছিল উরিয়।দায়ূদ উরিয়কে যুদ্ধ থেকে ডেকে পাঠালেন আর বললেন **তোমার স্ত্রীর কাছে যাও**।কিন্তু উরিয় ঘরে গেলেন না কেননা তার সঙ্গী সৈন্যরা যুদ্ধে রয়েছে।তাই দায়ূদ উরিয়কে যুদ্ধে পাঠিয়ে দিলেন আর সেনাপতিকে বললেন তাকে সেখানে রাখতে **যেখানে শত্রুরা প্রবল** যেন তারা তাকে মেরে ফেলে।

তোমার স্ত্রীর কাছে যাও

তা হল, "গৃহে যাও আর তোমার স্ত্রীর সাথে অন্তরঙ্গ হও।" দায়ূদ চাইতেন যেন লোকেরা, বিশেষ করে উরিয়, বিশ্বাস করে যে বৎশেবা উরিয়ের দ্বারা গর্ভবতী হয়েছেন।

যেখানে শত্রুরা প্রবল

তা হল, যুদ্ধ ক্ষেত্রের সেই স্থানে যেখানে প্রবলভাবে লড়াই হয়।

translationWords

- বৎশেবা
- উরিয়
- দাউদ

17:13

উরিয়ের হত্যার পর, দায়ূদ বৎশেবাকে বিবাহ করলেন।পরে, তিনি দায়ূদের পুত্রের জন্ম দেন।ঈশ্বর **দায়ূদের কর্মে** প্রচন্ড রেগে গেলেন, তাই তিনি ভাববাদী নাথনকে পাঠালেন দায়ূদকে বলতে যে তার পাপ কতই না ভয়ানক। দায়ূদ অনুশোচনা করলেন আর ঈশ্বর তাকে ক্ষমা করলেন।তিনি তার শেষ জীবন, ঈশ্বরকে অনুসরণ করে আর তার বাধ্য হয়ে রইলেন, এমনকি জটিল পরিস্থিতিতেও।

দায়ূদের কর্মে

এটি উল্লেখ করে বৎশেবার সাথে দায়ূদের ব্যভিচারকে আর তার স্বামী উরিয়কে হত্যা করার কার্যকে।

translationWords

- উরিয়
- দাউদ
- বৎশেবা
- ঈশ্বর
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- নাথন
- মন্দ, দুষ্ট, দুষ্টতা
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- অনুতাপ,অনুশোচনা, অনুতপ্ত,খেদ
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী

17:14

কিন্তু দায়ূদের পাপের শাস্তি স্বরূপ তার পুত্র সন্তানটি মারা গেল।আর দায়ূদের পরিবারেও **কলহ লেগে থাকল** তার শেষ জীবন পর্যন্ত আর **দায়ূদের শক্তিও কমতে থাকল**।যদিও দায়ূদ ঈশ্বরের প্রতি অবিশ্বাসযোগ্য থাকলেন কিন্তু ঈশ্বর তার প্রতিজ্ঞাসমূহের প্রতি বিশ্বাসযোগ্য ছিলেন।পরে, দায়ূদ আর বৎশেবার অন্য একটি পুত্র হয় আর তারা তার নাম রাখেন শলোমন।

কলহ লেগে থাকল

এই “কলহ” ভয়ানক ছিল। অন্যান্য বিষয়গুলোর মধ্যে, একটি হল যে তার একটি ছেলে অন্য একটিকে হত্যা করে আর সে দায়ূদের স্থান নেওয়ার ষড়যন্ত্রও করে, যখন কি দায়ূদ তখনও রাজ্যত্ব করছিলেন। যদি সম্ভব হয়, তবে এমন একটি শব্দের প্রয়োগ করুন যা পরিবারের সংঘর্ষটিকে ভালোভাবে ব্যক্ত করে।

দায়ূদের শক্তিও কমতে থাকল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “দায়ূদ কম শক্তিশালী হতে থাকলেন” বা, “দায়ূদ তার বেশিরভাগ ক্ষমতা হারালেন।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-১ শমুয়েল ১০; ১৫-১৯; ২৪; ৩১; ২ শমুয়েল ৫; ৭; ১১-১২

translationWords

- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- দাউদ
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- ঈশ্বর
- বিশ্বস্ত, বিশ্বস্ততা, অবিশ্বস্ত, অবিশ্বস্ততা
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- বৎশেবা
- সলোমন

বিভাজিত রাজ্য

18:01

বহু বছর পর, দায়ূদ মারা যান আর তার পুত্র শলোমন ইস্রায়েলের উপর রাজ্যত্ব করা আরম্ভ করেন।ঈশ্বর শলোমনকে বললেন আর জিজ্ঞেসা করলেন যে তার সবচাইতে বেশি কি দরকার ।তখন শলোমন **বুদ্ধি চাইলেন**, ঈশ্বর তাতে সন্তুষ্ট হলেন আর তাকে বিশ্বের সবচাইতে মহান বুদ্ধিমান করলেন। শলোমন অনেক কিছু শিখলেন এবং তিনি একজন জ্ঞানী বিচারক ছিলেন।ঈশ্বর তাকে খুব সম্পদশালীও করলেন।

বুদ্ধি চাইলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ঈশ্বরের কাছে প্রার্থনা করলেন তাকে বুদ্ধিমান করার জন্য।"

translationWords

- দাউদ
- সলোমন
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর
- জ্ঞানী, বুদ্ধি
- বিচারক, বিচারকগণ, দন্ড, দন্ড

18:02

যেরুশালেমে, শলোমন সেই মন্দির তৈরী করলেন যা তার পিতা দায়ূদ তৈরী করার পরিকল্পনা করেছিলেন আর কাঁচামাল সংগ্রহ করেছিলেন।লোকেরা এখন ঈশ্বরের আরাধনা ও বলিদান উৎসর্গ মিলন তাম্বুর জায়গায় মন্দিরে করত। ঈশ্বর এলেন আর **মন্দিরে উপস্থিত হলেন**, এবং তিনি সেখানে **তার লোকেদের সাথে** থাকলেন।

মন্দিরে উপস্থিত হলেন

তা হল “এক বিশেষ মাধ্যমে তিনি তার উপস্থিতি দিলেন।” যদিও ঈশ্বর একই সময়ে সর্বত্র উপস্থিত, কিন্তু তিনি এক বিশেষ মাধ্যমে তিনি তার উপস্থিতি দিলেন।

তার লোকেদের সাথে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তার লোকেদের মাঝখানে” বা, “তার লোকেদের মাঝে।”

translationWords

- যিরূশালেম
- সলোমন
- মন্দির
- দাউদ
- আরাধনা
- ঈশ্বর
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- মিলন তাম্বু

18:03

কিন্তু শলোমন অন্যান্য দেশের নারীদের পছন্দ করতেন।তিনি বহু মহিলাদের বিবাহ করে ঈশ্বরের অবাধ্য হলেন, প্রায় তারা ১০০০ জন ছিলেন! বেশিরভাগ এই মহিলারা ছিল বিদেশী আর তারা **তাদের দেবতাদের সঙ্গে করে নিয়ে এলো** এবং তাদের নিয়ত পুজো করত।যখন শলোমন বৃদ্ধ হল, তিনিও তাদের দেবতাদের পুজো করল।

তাদের দেবতাদের সঙ্গে করে নিয়ে এলো

তারা তাদের মূর্তি ও তাদের আরাধনার পদ্ধতি তাদের সাথে ইস্রায়েলে নিয়ে এলেন।

translationWords

- সলোমন
- অবাধ্য, অমান্য, অবাধ্য, অবাধ্যতা, অমান্যকারী
- ঈশ্বর
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- আরাধনা

18:04

ঈশ্বর শলোমনের উপর রেগে গেলেন আর, **শলোমনের অবিশ্বাসযোগ্যতার শাস্তি স্বরূপ**, তিনি প্রতিজ্ঞা করলেন যে শলোমনের মৃত্যুর পর ইস্রায়েল দেশকে দুটি রাজ্যে বিভাজিত করবেন।

শলোমনের অবিশ্বাসযোগ্যতার শাস্তি স্বরূপ

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "শলোমনকে তার অবিশ্বস্ততার দণ্ড দিতে, ঈশ্বর স্পষ্টভাবে বলে দিলেন যে তিনি বিভক্ত করবেন।"

translationWords

- ঈশ্বর
- সলোমন
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- রাজ্য, রাজ্যবর্গ

18:05

শলোমনের মৃত্যুর পর, তার পুত্র রহবিয়াম রাজা হন।রহবিয়াম একজন মূর্খতাপূর্ণ ব্যক্তি ছিলেন।ইস্রায়েল দেশের সকল লোক একসাথে তাকে রাজা রূপে **রাজ্যাভিষেক করতে এলো**। তারা রহবিয়ামকে অভিযোগ করল যে শলোমন তাদের প্রচুর ভারী কাজ করতে ও প্রচুর খাজনা দিতে বাধ্য করেছিলেন।

রাজ্যাভিষেক করতে এলো

তা হল, "তাকে বলতে যে তারা আনন্দিত যে তিনি রাজা হয়েছেন আর তারা তা করবেন যা তিনি বলবেন।"

translationWords

- সলোমন
- রহবিয়াম
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা

18:06

রহবিয়াম **মূর্খতাপূর্ণভাবে তাদের উত্তর দিলেন**, "তোমরা মনে কর যে আমার পিতা শলোমন তোমাদের ভারী কাজ করিয়েছেন, কিন্তু আমি তোমাদের তার চেয়েও অনেক ভারী কাজ করাব, আর তার চেয়েও বেশি কঠোরভাবে শাস্তি দেব।

মূর্খতাপূর্ণভাবে তাদের উত্তর দিলেন

রহবিয়ামের উত্তরটি খুব কঠোর ছিল, আর তিনি লোকেদের নিজের বিরুদ্ধে করলেন।

translationWords

- রহবিয়াম
- সলোমন
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি

18:07



ইস্রায়েল দেশের **দশ গোত্র** **রহবিয়ামের বিরুদ্ধে বিদ্রোহ করল**।কেবল দুটো গোত্র **তার প্রতি বিশ্বাসী হয়ে রইল**।এই দুই গোত্র হল যিহুদা রাজ্য।

দশ গোত্র রহবিয়ামের বিরুদ্ধে বিদ্রোহ করল

যাকোবের বারটি পুত্রের সন্তানেরা এক একটি গোত্র বা বড় বড় গোষ্টি পরিবার তৈরী হয়ে ইস্রায়েল রাষ্ট্র তৈরী করেছিল। ইস্রায়েলের প্রত্যেক জন হল বারো গোষ্টির কোনো একজন।

রহবিয়ামের বিরুদ্ধে বিদ্রোহ করল

তা হল, “রহবিয়ামকে তাদের রাজা মানতে তারা রাজি হল না।” এটি সাহায্যকারী হবে এই বাক্যটির দ্বারা আরম্ভ করলে, “তাই” বা, “তার জন্য” বা, “রহবিয়াম যা বলেছিলেন তার জন্য।”

তার প্রতি বিশ্বাসী হয়ে রইল

তা হল, “তার প্রতি বিশ্বাসী থাকলো” বা, “নিরন্তর তাকে রাজা সমর্থন করল।”

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- বিদ্রোহী, বিরোধিতা করা, বিদ্রোহ, বিদ্রোহ, বিরুদ্ধাচরণ, বিদ্রোহী, বিদ্রোহীতা
- রহবিয়াম
- বিশ্বস্ত, বিশ্বস্ততা, অবিশ্বস্ত, অবিশ্বস্ততা
- যিহুদা, যিহুদা সাম্রাজ্য

18:08

ইস্রায়েল দেশের অন্য দশ গোত্র যারা রহবিয়ামের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল তারা তাদের উপর রাজা হওয়ার জন্য এক ব্যক্তিকে নিযুক্ত করল যার নাম হল যারবিয়াম।তারা দেশের উত্তর ভাগে **তাদের রাজ্য স্থাপনা করল** আর সেটিকে বলা হত ইস্রায়েল রাজ্য।

তাদের রাজ্য স্থাপনা করল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, তারা তাদের রাজ্য "স্থাপন করল" বা, "নির্মান করল।"

এই বাক্যটিকে এইভাবেও অনুবাদ করা যেতে পারে, "তারা নিজেদের অন্যদুটি গোত্র থেকে আলাদা করল আর উত্তরের ভূ

ভাগে বসবাস করল আর তারা তাদের রাজ্যের নাম ইস্রায়েল রাখল।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- রহবিয়াম
- যারবিয়াম
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- রাজ্য, রাজ্যবর্গ
- ইস্রায়েল সাম্রাজ্য

18:09

যারবিয়াম ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করলেন আর লোকেদের পাপ করলেন।তিনি তার লোকেদের জন্য **যিহুদা রাজ্যের মন্দিরের যীহোবা ঈশ্বরের জায়গায় পুজো করার জন্য দুটি মূর্তি তৈরী করলেন**।

লোকেদের পাপ করালেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “লোকেদের পাপ করতে নেতৃত্ব দিলেন” বা, “লোকেদের পাপ করতে নির্দেশ দিলেন।” যারবিয়াম লোকেদের পাপ করালেন তাদেরকে তার বানানো মূর্তিকে আরাধনা করানোর দ্বারা।

যিহুদা রাজ্যের মন্দিরের যীহোবা ঈশ্বরের জায়গায় পুজো করার জন্য দুটি মূর্তি তৈরী করলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যেন তারা ঈশ্বরের আরাধনা না করতে পারে” বা, “যিহুদা রাজ্য যাওয়ার জায়গায়।”

translationWords

- যারবিয়াম
- বিদ্রোহী, বিরোধিতা করা, বিদ্রোহ, বিদ্রোহ, বিরুদ্ধাচরণ, বিদ্রোহী, বিদ্রোহীতা
- ঈশ্বর
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- আরাধনা
- মন্দির
- যিহুদা, যিহুদা সাম্রাজ্য

18:10

যিহুদা রাজ্য ও ইসরাইল রাজ্য একেঅপরের শত্রু হল আর প্রায়ই একেঅপরের সাথে লড়াইও করত।

যিহুদা রাজ্য ও ইসরাইল রাজ্য

যিহুদা আর ইসরায়েলের লোকজন ছিল যাকোবের বংশধর আর ঈশ্বরের প্রজার অংশ। যদিও, তারা ঈশ্বরের আজ্ঞাকারী হয়নি আর একেঅপরকে হত্যা করেছিল।

translationWords

- রাজ্য, রাজ্যবর্গ
- যিহুদা, যিহুদা সাম্রাজ্য
- ইস্রায়েল সাম্রাজ্য

18:11

ইস্রায়েলের নতুন রাজ্যে সকল রাজারাই ছিল দুষ্ট।বেশিরভাগ রাজারাই অন্য ইসরাইলবাসীর দ্বারা মারা পড়ল যারা তার জায়গায় রাজা হতে চাইত।

ইস্রায়েলীয়

এখানে, “ইস্রায়েলীয়” বলতে কেবল উত্তরের ইস্রায়েল রাজ্যের লোকেদের বোঝাচ্ছে, দক্ষিনের যিহুদা রাজ্যের লোকজনদের বোঝাচ্ছে না।

translationWords

- রাজ্য, রাজ্যবর্গ
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- মন্দ, দুষ্ট, দুষ্টতা

18:12

ইস্রায়েল রাজ্যের সকল রাজা আর প্রজা মূর্তি পুজো করত। তাদের মূর্তি পূজায় প্রায়ই যৌন অনৈতিকতা আর **শিশু বলি**ও সন্নিলিত হত।

শিশু বলি

তারা তাদের কিছু কিছু মুর্তিদের জন্য বলি রূপে শিশুদের হত্যা করত।

translationWords

- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- ইস্রায়েল সাম্রাজ্য
- আরাধনা
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ

18:13

যিহুদার রাজারা ছিলেন দায়ূদের বংশ।এদের মধ্যে কিছু রাজারা ছিল ভালো মানুষ যারা **ন্যায়পূর্বক রাজত্ব** ও ঈশ্বরের আরাধনা করেছিল। কিন্তু যিহুদার বেশিরভাগ রাজারাই ছিলেন দুষ্ট, **ভ্রষ্ট** আর তারা মূর্তি পুজো করত। এমনকি কিছু রাজারা তাদের সন্তানদের মিথ্যে দেবতাদের কাছে বলি উৎসর্গও করেছিল।যিহুদার বেশিরভাগ লোকেরাই ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল আর অন্য দেব-দেবীর আরাধনা করেছিল।

ন্যায়পূর্বক রাজত্ব

এর অর্থ হল যে তারা ঈশ্বরের ব্যবস্থা অনুসারে রাজত্ব করত। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যখন তারা রাজত্ব করেছিল, তখন তারা তা করত যা সঠিক ছিল।”

ভ্রষ্ট

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সেসব করত যা সঠিক ছিল না তাদের মনবাঞ্ছা পূরণ করার জন্য।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-১ রাজাবলি ১-৬; ১১-১২

translationWords

- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- যিহুদা, যিহুদা সাম্রাজ্য
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- দাউদ
- ভালো, সততা
- ন্যায়, বিচারক, অন্যায়, অযথা, অবিচার, ন্যায্যভাবে, ন্যায়সঙ্গত, আত্মপক্ষ সমর্থন
- আরাধনা
- ঈশ্বর
- মন্দ, দুষ্ট, দুষ্টতা

- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- বিদ্রোহী, বিরোধিতা করা, বিদ্রোহ, বিদ্রোহ, বিরুদ্ধাচরণ, বিদ্রোহী, বিদ্রোহীতা

ভাববাদিগণ

19:01



ইস্রায়েলের ইতিহাস কালে ঈশ্বর তাদের কাছে ভাববাদীগণদের পাঠিয়েছেন। ভাববাদীরা ঈশ্বরের কাছ থেকে শুনতেন আর তারপর লোকেদের কাছে ঈশ্বরের সংবাদ শুনাতেন।

ইসরাইলের ইতিহাস কালে

এই অভিব্যক্তির অর্থ হল যে ঈশ্বর বহু ভাবাদিদের পাঠিয়েছিলেন যত দিন ইস্রায়েল আর যিহুদা অস্তিত্বে ছিল।

ইস্রায়েলীয়

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ইস্রায়েল আর যিহুদার রাজ্য।” যাকোবের সকল বংশধর, যিহুদা রাজ্যের লোকেদেরকে অন্তর্ভুক্ত করে, নিরন্তর তাকে “ইস্রায়েলীয়” বলা হত।

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী

19:02



এলিয় ছিলেন ইস্রায়েল রাজ্যের আহাব রাজার রাজত্ব কালের এক ভাববাদী। আহাব ছিলেন এক দুষ্ট লোক যিনি লোকেদের বালদেব নামক এক মিথ্যে দেবতার আরাধনা করতে উৎসাহ দিতেন।এলিয় আহাবকে বললেন, “ইস্রায়েল রাজ্যে তত দিন কোনো বৃষ্টি হবে না **যত দিন না আমি আজ্ঞা দিই**।”এটি আহাবকে ভীষণ রাগিয়ে দিয়েছিল।

যত দিন না আমি আজ্ঞা দিই

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যতক্ষণ না আমি আদেশ দিই বৃষ্টি আর শিশির হওয়ার জন্য।”

এটি আহাবকে ভীষণ রুষ্ট করল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যখন আহাব শুনলেন যা এলিয় বলেছিলেন, তিনি খুব রেগে গেলেন।”

translationWords

- এলিয়
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- আহাব
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- ইস্রায়েল সাম্রাজ্য
- মন্দ, দুষ্ট, দুষ্টতা
- আরাধনা
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- বাল

19:03

ঈশ্বর এলিয়কে বললেন আহাব যে তোমাকে হত্যা করতে চায় তার কাছ থেকে লুকিয়ে মরুভূমির এক ঝর্ণার কাছে যাও। প্রতি সকালে ও বিকেলে, পাখিরা তার জন্য রুটি আর মাংস এনে দিত।আহাব ও তার সৈন্য এলিয়কে খুঁজল কিন্তু পেল না।দুর্ভিক্ষটি এতই প্রবল ছিল যে শেষপর্যন্ত ঝর্ণাটিও শুকিয়ে গেল।

নির্জনপ্রদেশ

এটি ছিল একটি খুবিই কম জনবসতি এলাকা।

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “মরুস্থল” বা “ঝার

জঙ্গলময় এলাকা।”

দুর্ভিক্ষটি

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “বৃষ্টির অভাব।” দুর্ভিক্ষটি ছিল এলিয়ের ঘোষণার জন্য যে সেখান কোনো বৃষ্টি হবে না।

translationWords

- ঈশ্বর
- এলিয়
- আহাব

19:04

তাই এলিয় **প্রতিবেশী দেশে** চলে গেলেন।সে দেশের এক বিধবা ও তার ছেলের খাবার প্রায় ফুরিয়ে গেল **দুর্ভিক্ষ**ের জন্য। কিন্তু তারা এলিয়র **দেখাশুনা করল** আর ঈশ্বর তাদের খাদ্যের যোগান দিলেন যেন তাদের বয়েমের আটা ও শিশির তেল না ফুরায়।সম্পূর্ণ দুর্ভিক্ষতে তাদের কাছে খাদ্য ছিল।এলিয় সেখানে কিছু বছর কাটালেন।

প্রতিবেশী দেশে

এটি উল্লেখ করে একটি দেশের যা ইস্রায়েলের পাশে বা সীমাতে অবস্থিত ছিল।

দুর্ভিক্ষ

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “দুর্ভিক্ষটি বৃষ্টি না হওয়ার জন্য হয়েছিল।”

দেখাশুনা করল

এর অর্থ হল তারা তাকে তাদের গৃহে থাকার স্থান দিলেন আর তাকে খাদ্য দিলেন। এর অর্থ এ নয় যে তিনি অসুস্থ ছিলেন।

ঈশ্বর তাদের খাদ্যের যোগান দিলেন যেন তাদের আটার বয়াম ও তেলের শিশি না ফুরায়

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বর তাদের আটার পাত্র আর তাদের তেলের পাত্র খালি হতে দিলেন না” বা, “ঈশ্বর খালি হতে দিলেন না।”

আটার পাত্র

এটি উল্লেখ করে একটি পাত্রের যেটিতে বিধবাটি আটা রাখতেন।

তেলের শিশি

ইস্রায়েলে, জলপাইয়ের তেল খাবার রান্না করার কাজে ব্যবহার করা হয়। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “রান্না করার তেলের শিশি।” বিধবাটি আটা ও তেল রুটি তৈরী করতে ব্যবহার করতেন।

translationWords

- এলিয়
- ঈশ্বর

19:05

সাড়ে তিন বছর পর, ঈশ্বর এলিয়কে ইস্রায়েল রাজ্যে ফিরে যেতে বললেন এবং **আহাবকে বলতে বললেন যে তিনি আবার বৃষ্টি পাঠাচ্ছেন**। যখন আহাব এলিয়কে দেখলেন তিনি বললেন, "এই যে **তুমি গোলযোগকারী**!"এলিয় প্রতিউত্তরে বললেন, "তুমিই গোলযোগকারী!তুমি সত্য ঈশ্বর সদাপ্রভুকে পরিত্যাগ করেছ আর বালদেবের আরাধনা করেছ। ইস্রায়েল রাজ্যের সকল লোকেদের **কর্ম্মিল পর্বতে** নিয়ে এসো।"

আহাবকে বলতে বললেন যে তিনি আবার বৃষ্টি পাঠাচ্ছেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "আহাবকে বল যে ঈশ্বর বৃষ্টি পাঠাতে চলেছেন।"

তুমি গোলযোগকারী

এর অর্থ হল, "তুমি একজন সমস্যা উৎপাদনকারী।" আহাব এলিয়কে দোষ দিয়েছিলেন সমস্যা উৎপন্ন করার জন্য এটি বলে যে বৃষ্টি থামিয়ে তুমি ভুল করেছ।

তুমি সত্য ঈশ্বর যীহোবাকে পরিত্যাগ করেছ

তা হল, আহাব ইস্রায়েলীয়দের যীহোবা ঈশ্বরকে আরাধনা করতে ও আজ্ঞাকারী হতে নিষেধ করে দিয়েছিলেন।

কর্ম্মিল পর্বতে

কর্ম্মিল পর্বত হল একটি পর্বতমালার নাম যা উত্তর ইস্রায়েলে রয়েছে।

translationWords

- ঈশ্বর
- এলিয়
- ইস্রায়েল সাম্রাজ্য
- আহাব
- সদাপ্রভু

- আরাধনা
- বাল

19:06

ইসরাইল রাজ্যের সকল লোক যার মধ্যে বালদেবের ৪৫০জন ভাববাদীরাও ছিল **কর্ম্মিল পর্বত**ে এলো। এলিয় লোকেদের বললেন, “**কত কাল তোমরা** তোমাদের মন বদলাতে থাকবে?যদি সদাপ্রভু ঈশ্বর হন তাহলে তার সেবা কর!যদি বালদেব ঈশ্বর হয় তবে তার সেবা কর!”

কর্ম্মিল পর্বত

19-05-এ আপনার অনুবাদটি দেখুন।

কত কাল তোমরা

এটি একটি বাস্তব প্রশ্ন ছিল না তথ্য জানার জন্য। এলিয় ইস্রায়েলীয়দের তাদের বারংবার পরিবর্তনীয় বিচারের জন্য তিরস্কার করছিলেন কি তারা যিহোবা নাকি বালের সেবা করবে। কিছু কিছু ভাষায় এটিকে এমন একটি বাক্যের দ্বারা ব্যক্ত করা যেতে পারে, “কাকে আরাধনা করবে সে বিসয়ে তোমাদের মন বদলানোকে থামাও!”

যদি যীহোবা ঈশ্বর হন/ যদি বাল ঈশ্বর হয়

এর অর্থ এ নয় যে এলিয় অনির্ণিত ছিলেন। তিনি জানতেন যে যিহোবা’ই সত্য ঈশ্বর। তিনি চাইতেন যেন লোকেরা তা বোঝে যে যখন তারা মিথ্যে দেবদেবীর আরাধনা করে তখন তারা যিহোবাকে সত্য ঈশ্বর হিসেবে পরিত্যাগ করে। এমনভাবে অনুবাদ করুন যেন দেখায় যে লোকেদের নির্ণয় করতে হবে।

translationWords

- ইস্রায়েল সাম্রাজ্য
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- বাল
- এলিয়
- সদাপ্রভু
- ঈশ্বর

19:07



তারপর এলিয় বালদেবের ভাববাদীদের বললেন, “এক বৃষের বলি দাও আর তা উৎসর্গের প্রস্তুতি কর কিন্তু তাতে আগুন দেবে না।আমিও ঠিক তেমনই করব।যে ঈশ্বর আগুন দ্বারা উত্তর দেবেন তিনিই **সত্য ঈশ্বর**।তাই বালদেবের যাজকগন একটি বলি প্রস্তুত করল কিন্তু তাতে আগুন ধরালো না।

যে ঈশ্বর আগুন দ্বারা উত্তর দেবেন তিনিই সত্য ঈশ্বর

তা হল, “যিনি অলৌকিকভাবে বলি জ্বালাবার জন্য আগুন পাঠাবেন।”

সত্য ঈশ্বর

এর অর্থ হল কেবল একমাত্র ঈশ্বর।

translationWords

- এলিয়
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- বাল
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- ঈশ্বর
- যাজক, যাজকগণ, যাজকবর্গ

19:08

তারপর বালদেবের ভাববাদীরা বালদেবের কাছে প্রার্থনা করল, “আমাদের প্রার্থনায় কান দাও, হে বালদেব!”সারাদিন ধরে তারা প্রার্থনা আর **চিৎকার করল** আর এমনকি **নিজেদের ছুরি দিয়ে আঘাতও করল**, কিন্তু **কোনো উত্তর এলো না**।

বালের কাছে প্রার্থনা করল

বালের ভাববাদীরা বালের কাছে প্রার্থনা করলেন তাদের সাজানো বলিটির উপর আগুন পাঠাবার জন্য।

চিৎকার করল

তারা বালের প্রতি চেঁচালো বা আহ্বান করল।

নিজেদের ছুরি দিয়ে আঘাতও করল

তারা নিজেদেরকে অতিরিক্ত ভাবে ছুরি দিয়ে আঘাত করল তাদের ভক্তি বালের প্রতি দেখানোর জন্য।

কোনো উত্তর এলো না

তাদের চিৎকারের কোনো উত্তর এলো না আর বলি জ্বালাবার জন্য কোনো আগুনও এলো না।

translationWords

- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- বাল
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত

19:09

দিনের শেষে এলিয় ঈশ্বরের জন্য এক বলিদান প্রস্তুত করলেন।তারপর তিনি লোকেদের বললেন বারোটি বিরাট জলের পাত্র বলিদানের উপর ঢালতে যতক্ষণ না মাংস, কাঠ আর এমনকি বেদির চারপাশের মাটি জলমগ্ন না হয়।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- এলিয়
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- ঈশ্বর
- বেদী, যজ্ঞবেদী

19:10

তারপর এলিয় প্রার্থনা করলেন, “হে প্রভু সদাপ্রভু, আব্রাহাম, ইসহাক আর যাকোবের ঈশ্বর, **আমাদের আজ দেখান** যে আপনিই ইসরায়েলের ঈশ্বর আর **আমি আপনার দাস**।আমাকে উত্তর দিন যেন **এই লোকেরা জানতে পারে** যে আপনি সত্য ঈশ্বর।”

আমাদের আজ দেখান

তা হল, “আমাদের কাছে প্রমান করুন” বা, “আমাদেরকে দেখান।”

আমি আপনার দাস

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আপনি আমায় ক্ষমতা দিয়েছেন আপনাকে সেবা করার আর এই সকল কার্য করার।”

আমাকে উত্তর দিন

তা হল, “আমার প্রার্থনার উত্তর দিন” বা, “আগুন পাঠান যা আমি আপনার কাছে চেয়েছি।”

এই লোকেরা জানতে পারে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “এই লোকেরা যেন দেখতে পায় আর বুঝতে পায়।”

translationWords

- এলিয়
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত
- সদাপ্রভু
- ঈশ্বর
- আব্রাহাম, আব্রাম
- ইসাহাক
- ইস্রায়েল, ইস্রায়েলীয়, ইস্রায়েলীয়রা, যাকোব

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- সত্য, সত্য, সত্যগুলি

19:11

তক্ষনাৎ, **আকাশ থেকে আগুন নেমে এলো** আর মাংস, কাঠ, পাথর, মাটি আর এমনকি বেদীর চারধারের জলকেও পুড়িয়ে ফেলল।যখন লোকেরা তা দেখল, তারা ভূমিতে লুটিয়ে পড়ল আর বলল, “সদাপ্রভুই হলেন ঈশ্বর!সদাপ্রভুই হলেন ঈশ্বর!”

আকাশ থেকে আগুন নেমে এলো

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “হঠাৎ আকাশ থেকে আগুন নেমে এলো।”

ভূমিতে উবুর হয়ে পরল

তারা তাড়াতাড়ি হাঁটুতে এসে গেল। তারা যিহোবা ঈশ্বর থেকে ভয়ভীত হল কেননা তারা তার শক্তি দেখেছিল। তারা জানত যে কেবল আসল ঈশ্বরই এমন কার্য করতে পারেন আর তাঁর সামনে তারা নত হল আর তার আরাধনা করল।

যীহোবাই হলেন ঈশ্বর

এই অভিব্যক্তিটির অর্থ হল যে তারা বুঝতে পেরেছিল যে যিহোবা হল আসল ঈশ্বর, অনেক দেবদেবীর মধ্যে একজন নন।

translationWords

- বেদী, যজ্ঞবেদী
- সদাপ্রভু
- ঈশ্বর

19:12

তখন এলিয় বললেন, “বালদেবের একজনও ভাববাদিকে **পালাতে** দিও না!”তাই লোকেরা বালদেবের ভাববাদীদের **ধরল** আর সেখান থেকে দুরে নিয়ে গেল আর তাদের মেরে ফেলল।

পালাতে

বালের ভাববাদীরা তাদের দেবতা মিথ্যে প্রমানিত হওয়ার পর পালানোর চেষ্টা করল।

ধরল

তা হল, “গ্রেফতার করল” বা “জব্দ করল।”

translationWords

- এলিয়
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- বাল

19:13

তারপর এলিয় আহাবকে বললেন, “নগরে এক্ষনি ফিরে যাও, কেননা বৃষ্টি আসছে।”শীঘ্রই **আকাশ কালো হল** আর প্রচন্ড বৃষ্টি আরম্ভ হল।সদাপ্রভু **দুর্ভিক্ষ** শেষ করলেন আর প্রমান করলেন যে তিনিই সত্য ঈশ্বর।

আকাশ কালো হল

তা হল, “আকাশ খুবিই কালো হল”। ভারী কালো মেঘ আকাশকে ঢেকে দিল যা কালো বা ধুসরের রঙের হয়েছিল।

দুর্ভিক্ষ

তা হল, “বৃষ্টিহীন দীর্ঘ সময়কাল।”

translationWords

- এলিয়
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- আহাব
- সদাপ্রভু
- ঈশ্বর

19:14



এলিয়ের সময়ের পর, ঈশ্বর তার ভাববাদী হওয়ার জন্য ইলীশায় নামক এক ব্যক্তির নির্বাচন করলেন।ঈশ্বর বহু চমৎকার ইলীশায়ের দ্বারা করলেন।একটি চমৎকার নামানের সাথে ঘটল, যিনি **একজন শত্রু সেনাপতি ছিলেন** আর যার ভীষণ চর্মরোগ হয়েছিল।তিনি ইলীশায়ের বিষয়ে শুনেছিলেন তাই **তিনি তার কাছে গেলেন** আর তাকে সুস্থ করার জন্য ইলীশায়কে মিনতি করলেন। ইলীশায় নামানকে বললেন যর্দ্দন নদীতে সাত বার ডুব দিতে।

একজন শত্রু সেনাপতি ছিলেন

নামান ইস্রায়েলের এক শত্রু দেশের একজন সেনাপতি ছিলেন।

তিনি ইলীশায়ের বিষয়ে শুনেছিলেন

এর অর্থ হল যে লোকেরা নামানকে বলেছিল যে ইলীশায় চমৎকার করতে ক্ষমতাবান।

তিনি তার কাছে গেলেন

তা হল, “তিনি ইলীশায়কে দেখতে গেলেন আর তাকে জিজ্ঞাসা করলেন।” নামানকে ইস্রায়েলে যেতে হয়েছিল ইলীশায়ের অনুসন্ধানে আর তাকে অনুরোধ করার জন্য।

translationWords

- এলিয়
- ঈশ্বর
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- অলৌকিক ঘটনা, অলৌকিক ঘটনাগুলো, আশ্চর্য, আশ্চর্যের, চিহ্ন, চিহ্নের
- নামান
- নিরাময়, নিরাময় হওয়া, সুস্থ হওয়া, সুস্থকরা, সুস্থ, সুস্থ করা, সুস্থ করা, নিরাময়কারী, স্বাস্থ্য, স্বাস্থ্যকর, অস্বাস্থ্যকর
- যর্দ্দন নদী, যর্দ্দন

19:15



প্রথমে নামান রেগে গেলেন আর **তা করতে চাইলেন না কেননা তা মূর্খতাপূর্ণ দেখাচ্ছিল**।কিন্তু পরে **তিনি তার মন বদলালেন** আর নিজেকে যর্দ্দন নদীতে সাত বার ডুব দেওয়ালেন।যখন তিনি অন্তিম বার ডুব দিয়ে উঠে এলেন, তার চম্র সম্পূর্ণ ভাবে সুস্থ হল।ঈশ্বর তাকে সুস্থতা দিয়েছিলেন।

তা করতে চাইলেন না কেননা তা মূর্খতাপূর্ণ দেখাচ্ছিল

নামান ইলীশায়ের বলা অনুযায়ী করতে চাইলেন না কেননা তিনি জানতেন যে ধুলেই তার রোগ ঠিক হতে পারবে না।

তিনি তার মন বদলালেন

তা হল, “তিনি তা করতে নির্ণয় নিলেন যা ইলীশায় তাকে করতে বলেছিলেন।”

translationWords

- নামান
- যর্দ্দন নদী, যর্দ্দন
- নিরাময়, নিরাময় হওয়া, সুস্থ হওয়া, সুস্থকরা, সুস্থ, সুস্থ করা, সুস্থ করা, নিরাময়কারী, স্বাস্থ্য, স্বাস্থ্যকর, অস্বাস্থ্যকর
- ঈশ্বর

19:16

ঈশ্বর আরো অনেক ভাববাদীদের পাঠিয়েছিলেন।তারা সকলে লোকেদের মূর্তি পূজা বন্ধ করতে আর **অন্যদের ন্যায়পরায়ণতা আর দয়া দেখাতে বলেছিল**েন। ভাববাদীরা লোকেদের সতর্ক করেছিল যে যদি তারা দুষ্টতা করা বন্ধ না করে আর ঈশ্বরের বাধ্য না হয় তাহলে ঈশ্বর তাদের দোষ বিচার করে তাদের শাস্তি দেবেন।

অন্যদের ন্যায়পরায়ণতা আর দয়া দেখাতে বলেছিল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ন্যায়ী আর দয়ালু হওয়া আরম্ভ করতে বলেছিল" বা, "ন্যায় আর দয়া দেখাতে বলেছিল।"

translationWords

- ঈশ্বর
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- আরাধনা
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- ন্যায়, বিচারক, অন্যায়, অযথা, অবিচার, ন্যায্যভাবে, ন্যায়সঙ্গত, আত্মপক্ষ সমর্থন
- দয়া, দয়াশীল
- মন্দ, দুষ্ট, দুষ্টতা
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- বিচারক, বিচারকগণ, দন্ড, দন্ড
- অপরাধ, দোষী
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি

19:17

বেশিরভাগ সময়ই লোকেরা ঈশ্বরের বাধ্য হয়নি। তারা প্রায়ই ভাববাদীদের সাথে দুর্ব্যবহার করত এবং এমনকি কখনও মেরেও ফেলত।একবার, যিরমিয় ভাববাদিকে এক **শুকনো কুয়োতে** ফেলে দেওয়া হয়েছিল আর সেখানেই ছেড়ে দেওয়া হয়েছিল মরে যাওয়ার জন্য। তিনি কুয়োর তলের কাঁদায় ডুবে যান, কিন্তু তখন **তার প্রতি রাজার দয়া হয়** আর তিনি তার দাসেদের আদেশদেন যিরমিয়কে কুয়ো থেকে তুলতে মরা যাওয়ার আগে।

শুকনো কুয়োতে

কুয়োটিতে বর্তমানে কোনো জল ছিল না, কিন্তু এর তলে তখনও কাঁদা ছিল। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “খালি কুয়ো।”

তার প্রতি রাজার দয়া হয়

এর অর্থ হল তিনি যিরমিয়ের প্রতি দয়ালু হলেন আর তাকে সাহায্য করলেন।

translationWords

- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- ঈশ্বর
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- যিরমিয়
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- দয়া, দয়াশীল

19:18

ভাববাদীরা **নিরন্তর ঈশ্বরের সংবাদ শুনাতেন** যদিও লোকেরা তাদের ঘৃণা করত।তারা লোকেদের সতর্ক করত যে যদি তারা অনুশোচনা না করে তবে ঈশ্বর তাদের বিনাশ করবেন।তারা লোকেদের আরও মনে করিয়ে দিত **যে ঈশ্বরের খ্রীষ্ট আসবেন**।

নিরন্তর ঈশ্বরের সংবাদ শুনাতেন

তা হল, "নিরন্তর লোকেদের বলতেন যা ঈশ্বর চাইতেন তাদের বলতে।"

যে ঈশ্বরের খ্রীষ্ট আসবেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "যে ঈশ্বর প্রতিজ্ঞা করেছেন যে তার খ্রীষ্ট আসবেন তাঁর প্রজাদের উদ্ধার করতে।"

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-১ রাজাবলি ১৬-১৮; ২ রাজাবলি৫; যীরমিয় ৩৮

translationWords

- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- ঈশ্বর
- অনুতাপ,অনুশোচনা, অনুতপ্ত,খেদ
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- খ্রীষ্ট, অভিষিক্ত

নির্বাসন আর ফিরে আসা

20:01

ইস্রায়েল রাজ্য আর যিহুদা রাজ্য দুজনেই ঈশ্বরের বিরুদ্ধে পাপ করেছিল।তারা **সেই নিয়ম ভাঙ্গলো** যা ঈশ্বর সীনয় পর্বতে তাদের সাথে স্থাপন করেছিলেন। ঈশ্বর তার ভাববাদীদের পাঠালেন তাদের সতর্ক করে অনুশোচনা করতে ও ঈশ্বরের আরাধনা পুনরায় করার জন্য, কিন্তু তারা তা মানতে রাজি হল না।

সেই নিয়ম ভাঙ্গলো

তা হল, "সীনয় পর্বতে তাঁর স্থাপিত নিয়মে তাদেরকে দেওয়া ঈশ্বরের অদেশগুলোকে অমান্য করা হয়েছিল।"

তাদের অনুশোচনা করার জন্য ও ঈশ্বরের আরাধনা পুনরায় করার জন্য বলতো

অন্যভাবে এটিকে অনুবাদ করলে তা হবে, "তাদেরকে পাপ করা বন্ধ করতে আর যী হোবা ঈশ্বরকে অন্যান্য দেবদেবীদের ছেড়ে আরাধনা করতে বলতেন, আর বলতেন যে, তা না করলে ভয়ানক কিছু তাদের সাথে ঘটবে।"

translationWords

- ইস্রায়েল সাম্রাজ্য
- যিহুদা, যিহুদা সাম্রাজ্য
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- ঈশ্বর
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- সীনয়, সীনয় পর্বত
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- অনুতাপ,অনুশোচনা, অনুতপ্ত,খেদ
- আরাধনা
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী

20:02

তাই ঈশ্বর **দু রাজ্যকেই** শাস্তি স্বরূপ তাদের শত্রুদের অনুমতি দিলেন তাদের ধ্বংস করতে। অশুরীয় **সাম্রাজ্য**, এক শক্তিশালী, নিষ্টুর দেশ, ইস্রায়েল রাজ্যকে ধ্বংস করল। অশুরীয়রা ইস্রায়েল রাজ্যের বহু লোকেদের মেরে ফেলল, সকল দামী সামগ্রী **লুট করল** আর দেশের অধিকাংশ জ্বালিয়ে দিল।

দু রাজ্যকেই

এটি উল্লেখ করে ইস্রায়েল রাজ্য ও যিহুদা রাজ্যকে।

সাম্রাজ্য

একটি দেশকে তখনই "সাম্রাজ্য" বলা হত যখন সেটি তার ক্ষমতা অন্যান্য দেশগুলোর উপর বিস্তার করতে যথেষ্ট শক্তিশালী হত।

লুট করল

তা হল, "চুরি করা।" তারা মূল্যবান বস্তু লুট করত আর সেগুলো অশরিয়তে নিয়ে যেতো।

translationWords

- ঈশ্বর
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- অশূর, অশূরীয়, অশূরীয়গণ, অশূরীয় সম্রাজ্য
- ইস্রায়েল সাম্রাজ্য

20:03

অশুরীয়রা সকল নেতাদের, ধনী ব্যক্তিদের আর **কলাকৌশলে নিপুন** ব্যক্তিদের একত্র করে অশুরদেশে নিয়ে গেল।কেবল কিছু খুব গরিব ইস্রায়লীয় যারা মারা যায় নি তারা ইস্রায়েল রাজ্যে রয়ে গেল৷

কলাকৌশলে নিপুন

ছুতারের কার্যে, ধাতব শিল্পে আর নির্মান শিল্পে যারা নিপুন তাদের এটি উল্লেখ করে৷

বাকি রইল

তা হল, “রইল” বা, “ছেড়ে দেওয়া হল” বা, “সেখানে থাকতে অনুমতি দেওয়া হল৷”

translationWords

- অশূর, অশূরীয়, অশূরীয়গণ, অশূরীয় সম্রাজ্য
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ইস্রায়েল সাম্রাজ্য

20:04

তারপর অশুরীয়েরা **বিদেশীদের** সে দেশে নিয়ে এলো বসবাস করার জন্য যেখানে ইস্রায়েল রাজ্য ছিল ।বিদেশীরা সেই ধ্বংস প্রাপ্ত নগরকে আবার স্থাপিত করল এবং সেখানকার বাকি ইস্রায়লীয়দের সাথে বিবাহ করল।ইস্রায়েলিয়দের সন্তানসন্ততি যারা বিদেশীদের বিয়ে করল তাদের সন্তানদের বলা হয় শমরিয়াবাসী।

বিদেশীদের

এটি উল্লেখ করে সেই লোকেদের যারা ইস্রায়েলীয় ছিল না।

translationWords

- অশূর, অশূরীয়, অশূরীয়গণ, অশূরীয় সম্রাজ্য
- ইস্রায়েল সাম্রাজ্য
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- শমরীয়, শমরীয়া

20:05

যিহুদা রাজ্যের লোকেরা দেখল যে কিভাবে ঈশ্বর ইস্রায়েল রাজ্যের লোকেদের অবিশ্বাস্যতার ও অবাধ্যতার জন্য শাস্তি দিয়েছেন। কিন্তু তারা তবুও মূর্তির পুজো করতে থাকল, যার মধ্যে কানানের দেব-দেবীও ছিল।ঈশ্বর ভাববাদীদের পাঠালেন তাদের **সতর্ক করার জন্য** কিন্তু তারা তা শুনতে রাজি হলেন না।

অবিশ্বস্যতার ও অনাজ্ঞাকারিতার জন্য

অন্যভাবে এটিকে অনুবাদ করলে তা হবে, "যেহেতু তারা তাঁকে বিশ্বাস করলো না আর তাঁর আজ্ঞাকারী হল না।"

সতর্ক করার জন্য

তা হল, "তাদেরকে পাপ করা বন্ধ করতে বলতেন নতুবা ভয়ানক কিছু তাদের সাথে ঘটবে।"

কিন্তু তারা তা শুনতে রাজি হল না

তা হল, "তারা আজ্ঞাকারী হতে রাজি হল না" বা, "তারা তাদের দুষ্ট কাজ করা বন্ধ করতে চাইল না।"

translationWords

- যিহুদা, যিহুদা সাম্রাজ্য
- ঈশ্বর
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- ইস্রায়েল সাম্রাজ্য
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- আরাধনা
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- দেবতা, মিথ্যা দেবতা, দেবতা, দেবী, প্রতিমা, প্রতিমা, প্রতিমা পূজক, প্রতিমা পূজা, মূর্তিপূজা
- কনান, কনানীয়, কনানীয়রা
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী

20:06

১০০ বছর পর অশুরবাসীরা ইসরাইলের রাজ্যকে নষ্ট করে, ঈশ্বর নবূখদনিৎসরকে পাঠান যিহুদার রাজ্যকে আক্রমন করতে, তিনি হলেন ব্যাবিলনের রাজা ।ব্যাবিলন একটি শক্তিশালী **সাম্রাজ্য** ছিল।যিহুদার রাজা, **নবূখদনিৎসরের দাসত্ব করতে** আর তাকে প্রত্যেক বছর এক বিরাট রাশির টাকা দিতে **রাজি হন**।

সাম্রাজ্য

20-02-তে দেখুন আপনি এটাকে কিভাবে অনুবাদ করেছেন।

রাজি হন

"যিহুদার রাজাকে হয়ত ব্যাবিলনের রাজার দাসত্ব করতে নতুবা তাকে শেষ করে দেওয়ার চাপ দেওয়া হয়েছিল।

নবূখদনিৎসরের দাসত্ব করতে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "যিহুদা রাজ্যকে নবূখদনিৎসরের আদেশের অধীনে শাসন করা।"

translationWords

- অশূর, অশূরীয়, অশূরীয়গণ, অশূরীয় সম্রাজ্য
- ইস্রায়েল সাম্রাজ্য
- ঈশ্বর
- নবুখদনিৎসর
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- ব্যবিলন, ব্যবিলনীয়, ব্যবিলনীয়ান লোক,ব্যবিলনিয়ান বাসী
- যিহুদা, যিহুদা সাম্রাজ্য
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা

20:07

কিন্তু অল্প কিছু বছর পর, যিহুদার রাজা তার বিরুদ্ধে বিদ্রোহ করল।তাই, বাবিলিয়রা **ফিরে এলো** আর যিহুদার রাজ্যকে আক্রমন করল।তারা যেরুশালেমের **নগর ঘেরাও করল**, মন্দির ধ্বংস করল আর নগরের আর মন্দিরের সকল সম্পত্তি **নিয়ে গেল**।

ফিরে এলো

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “ফিরে আসলো” বা “যিহুদাতে আবার এলো।”

নগর ঘেরাও করল

তা হল, “নগরের আর সেখানকার লোকেদের নিয়ন্ত্রণ নিয়ে নেওয়া।”

নিয়ে গেল

তারা সম্পত্তি সকল তাদের সাথে ব্যাবিলনে নিয়ে গেল।

translationWords

- যিহুদা, যিহুদা সাম্রাজ্য
- বিদ্রোহী, বিরোধিতা করা, বিদ্রোহ, বিদ্রোহ, বিরুদ্ধাচরণ, বিদ্রোহী, বিদ্রোহীতা
- ব্যবিলন, ব্যবিলনীয়, ব্যবিলনীয়ান লোক,ব্যবিলনিয়ান বাসী
- যিরূশালেম
- মন্দির

20:08

বিদ্রোহের জন্য যিহুদা রাজাকে **শাস্তি দিতে**, নবূখদনিৎসরের সৈন্য **তার সামনেই** তার ছেলেদের হত্যা করে আর তারপর **তাকে অন্ধ করে দেয়**।তারপর, তারা রাজাকে ব্যাবিলনের জেলে মরার জন্য নিয়ে গেল।

শাস্তি দিতে

নবূখদনিৎসর তার সৈন্যদের এই সকল করতে বলে যিহুদার রাজাকে শাস্তি দিলেন।

তার সামনেই

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যেখান থেকে তিনি তা দেখতে পারতেন,” বা “যেন তিনি তা দেখতে পারেন,” বা “তার চোখের সামনেই।”

তাকে অন্ধ করে দেয়

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “তার চোখ নষ্ট করে দেয়।”

translationWords

- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- যিহুদা, যিহুদা সাম্রাজ্য
- নবুখদনিৎসর
- ছেলে, পুত্র
- ব্যবিলন, ব্যবিলনীয়, ব্যবিলনীয়ান লোক,ব্যবিলনিয়ান বাসী

20:09



নবূখদনিৎসর আর তার সৈন্য যিহুদার প্রায় সকল লোকেদের ব্যাবিলনে নিয়ে যায়, কেবল খুব গরিবদের চাষাবাদ করতে ছেড়ে দেয়।এই সময় কালটিকে যখন ঈশ্বরের লোকেদের বলপূর্বক প্রতিজ্ঞার দেশকে ছাড়তে বাধ্য করা হয়েছিল সেটিকে বলা হয় নির্বাসন।

নিয়ে যায়/ ছেড়ে দেয়

তা হল, “যিহুদাতে কেবল খুব গরিবদের ছেড়ে দেওয়া হয়” বা, “কেবল গরিবদেরই যিহুদাতে থাকতে দেওয়া হয়।”

এই সময় কালটিকে

এটিকে অনুবাদ করতে, এমন একটি বাক্যাংশ বেঁছে নিন যা একটি দীর্ঘ সময়কে উল্লেখ করে, যেহেতু এই নির্বাসনের কালটি সত্তর বছর পর্যন্ত ছিল।

নির্বাসন

“নির্বাসন” শব্দটির অর্থ হল কাউকে তার দেশ থেকে জোর করে বের করে দেওয়া।

“নির্বাসন” শব্দটি হল 70

বছরের সময়কালের জন্য ব্যবহারিত যখন ইস্রায়েলীয়দের ব্যাবিলনে জোর করে রাখা হয়।

translationWords

- নবুখদনিৎসর
- যিহুদা, যিহুদা সাম্রাজ্য
- ব্যবিলন, ব্যবিলনীয়, ব্যবিলনীয়ান লোক,ব্যবিলনিয়ান বাসী
- ঈশ্বর
- প্রতিজ্ঞার দেশ/ভূমি

20:10



যদিও ঈশ্বর তার লোকেদের তাদের পাপের জন্য **নির্বাসনে** পাঠিয়ে দিলেন তবুও তিনি তাদের এবং তার প্রতিজ্ঞাগুলোকে **ভুললেন না**।ঈশ্বর নিরন্তর তার লোকেদের **উপর দৃষ্টি রাখতেন** আর **তার ভাববাদীদের দ্বারা কথা বলতেন**। তিনি প্রতিজ্ঞা করলেন, সত্তর বছর পর, তারা আবার প্রতিজ্ঞার দেশে ফিরে আসতে পারবে।

নির্বাসন

20-09-তে দেখুন আপনি এটিকে কিভাবে অনুবাদ করেছেন।

ভুললেন না

এটিকে এভাবে অনুবাদ করা যেতে, "উপেক্ষা করলেন না" বা, "অবজ্ঞা করলেন না।" অথবা সম্পূর্ণ বাক্যাংশটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "তার লোকেদের আর তার প্রতিজ্ঞাগুলোর প্রতি করা তার প্রতিশ্রুতিটিকে সন্মান দেওয়া বহাল রাখলেন।"

উপর দৃষ্টি রাখতেন

তা হল, "দেখাশোনা করা।"

তার ভাববাদীদের দ্বারা কথা বলতেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে, "তার ভাববাদীদের সংবাদগুলো তিনি বলতেন, যা তিনি তার প্রজাদের বলতে চাইতেন।"

translationWords

- ঈশ্বর
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী

- প্রতিজ্ঞার দেশ/ভূমি

20:11

প্রায় **সত্তর বছর পর**, **পারস্য**-রাজ **কোরস**, ব্যাবিলনকে পরাজিত করেন, তাই ব্যাবিলনের জায়গায় পারস্য দেশ হল। **ইস্রায়লীয়দের এখন ইহুদি বলা হত** আর বেশিরভাগ লোকেরাই তাদের সম্পূর্ণ জীবন ব্যাবিলনে কাটালেন। কেবল কিছু পুরনো ইহুদি লোকেরাই **যিহুদা দেশের কথা** মনে রাখল।

সত্তর বছর পর

এটি সেই সত্তর বছরকে উল্লেখ করে যা এখন পেরিয়ে গিয়েছে যখন ব্যাবিলনে ইস্রায়েলীয়দের নির্বাসনে নিয়ে যাওয়া হয়েছিল।

কোরস

কোরসকে “মহান কোরস” বলা হত। “কোরস” নামের পারস্য ভাষায় অর্থ হল “সূর্যের তুল্য” । যাইহোক, যেহেতু কোরস ছিলেন ইতিহাসের একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি, তাই কেবল তার নামের অনুবাদ করার চেয়ে, তার নামটিকে বর্নান্তরিত করাটা উত্তম হবে।

পারস্য

পারস্য সাম্রাজ্য মধ্য এশিয়া থেকে মিশর পর্যন্ত বিস্তৃর্ণ এলাকাকে বিস্তার করেছিল। এর মুখ্য এলাকাটি ছিল বর্তমানের ইরান দেশের সাধারণ এলাকাটি।

ইস্রায়লীয়দের এখন ইহুদি বলা হত

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “লোকেরা এখন ইস্রায়েলীয়দের “ইহুদি” নামে অভিবাদন করত।

যিহুদা দেশের কথা

তা হল, এটি হল সেই অঞ্চল যেখানে নির্বাসনের পূর্বে যিহুদার রাজ্য অবস্থিত ছিল। যেরুশালেম ছিল যিহুদা রাজ্যের রাজধানী।

translationWords

- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- ব্যবিলন, ব্যবিলনীয়, ব্যবিলনীয়ান লোক,ব্যবিলনিয়ান বাসী
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়

20:12



পারস্যের সাম্রাজ্য শক্তিশালী ছিল কিন্তু তাদের জয়প্রাপ্ত লোকেদের প্রতি দয়াবান ছিল।পারস্যে কোরসের রাজা হওয়ার কিছু সময় পরে, তিনি এক আদেশ দেন যে কোনো ইহুদি যে যিহুদাতে ফিরতে চায় সে পারস্য ছাড়তে পারে আর **যিহুদাতে ফিরতে পারে**।তিনি এমনকি তাদের টাকাও দিলেন মন্দিরটিকে পুনরায় বানাতে। তাই, নির্বাসনের সত্তর বছর পর, ইহুদিদের একটি ছোট দল যিহুদার যেরুশালেমে **ফিরে এলো**।

পারস্যের সাম্রাজ্য

20-11-তে দেখুন আপনি এই শব্দটিকে কিভাবে অনুবাদ করেছেন। কোরস- 20-11-তে দেখুন আপনি কিভাবে তার নামকে অনুবাদ করেছেন। যিহুদা- যিহুদার বিষয়ে 20-11-র টীকাটিকে দেখুন।

যিহুদাতে ফিরতে পারে

যেহেতু এই ইহুদিরা হল যিহুদাতে ফেলে আসা সেই সকল লোকেদের সন্তানসমূহ বা উত্তরাধিকারীরা, যারা যিহুদাতে এর পূর্বে কখনো বসবাস করে নি। কিছু কিছু ভাষায় এটিকে আরও ভালোভাবে বলা যেতে পারে “যিহুদাতে যাওয়া।” নির্বাসন- 20-09-তে দেখুন আপনি এই শব্দটিকে কিভাবে অনুবাদ করেছেন।

ফিরে এলো

তা হল, “ফিরে গিয়েছিল।” কিছু কিছু ভাষাতে এটি বলা যেতে পারে, “গিয়েছিল” যেহেতু এই লোকেদের বেশিরভাগই কোনদিন যেরুশালেমে যায়নি।

translationWords

- দয়া, দয়াশীল
- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়
- মন্দির
- যিরূশালেম

20:13



যখন **লোকেরা** যেরুশালেমে পৌঁছালো, তারা মন্দিরটিকে আবার বানালো আর নগরের চারপাশে **দেওয়াল** বানালো।যদিও তারা **অন্যদের দ্বারা শাসিত হল**, তবুও **আবার একবার** তারা প্রতিজ্ঞার দেশে থাকতে আরম্ভ করল আর **মন্দিরে আরাধনা করা শুরু করল**।

লোকেরা

তা হল, ইস্রায়েলীয়রা, যারা হল যাকোবের বংশসমূহ, যাদের এখন ইহুদি বলা হত।

দেওয়াল

দেওয়ালটি খুব মোটা ছিল (2.5 মিটার) আর আক্রমনকারীদের থেকে নগরকে রক্ষা করার জন্য নির্মান করা হয়েছিল।

অন্যদের দ্বারা শাসিত হল

তা হল, অন্য দেশ তাদের শাসন করত। ইহুদিরা এই সময়ে পারস্যদের দ্বারা শাসিত হচ্ছিলো, আর পরে অন্যান্য রাষ্ট্রের দ্বারাও শাসিত হয়েছিল।

আবার একবার

কিছু কিছু ভাষাতে এটিকে এভাবে অনুবাদ করার প্রয়োজন হতে পারে, “এখন” বা, “যেমন তাদের পূর্বপুরুষেরা করেছিল” বা, “ঠিক যেমনটি তারা নির্বাসনে যাওয়ার পূর্বে করেছিল।”

মন্দিরে আরাধনা করা শুরু করল

তারা যীহোবা যিনি হলেন কেবল সত্য ঈশ্বর তাঁকে আরাধনা করলো, সেই মন্দিরে যেটি তারা পুনঃ নির্মান করেছিল।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-২ রাজাবলি ১৭; ২৪-২৫; ২ বংশাবলি ৩৬; ইষ্রা ১-১০; নহিমিয় ১-১৩

translationWords

- যিরূশালেম
- মন্দির
- প্রতিজ্ঞার দেশ/ভূমি
- আরাধনা

ঈশ্বর খ্রীষ্ট বিষয়ক প্রতিজ্ঞা করেন

21:01

শুরু থেকেই, ঈশ্বর খ্রীষ্টকে পাঠাবার পরিকল্পনা করে রেখেছিলেন। খ্রীষ্ট বিষয়ক প্রতিজ্ঞা প্রথমে আদম আর হবার কাছে করা হয়েছিল।ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে হবার এক উত্তরাধিকারী জন্মাবেন যিনি **সাপের মাথা থেতলে ধ্বংস করবেন**।যে সাপটি হবাকে ছলনা করেছিল সে হল শয়তান।প্রতিজ্ঞাটির অর্থ হল যে খ্রীষ্ট শয়তানকে সম্পূর্ণরূপে পরাজিত করবেন।

আরম্ভের শুরু থেকেই

তা হল, তখন থেকে যখন পৃথিবীকে প্রথমবার সৃষ্টি করা হয়েছিল।

সাপের মাথা থেতলে ধ্বংস করবেন

যতক্ষণ পর্যন্ত না বিষাক্ত সাপটিকে থেতলে ধ্বংস করা হবে, ততক্ষণ সাপটি লোকেদের ক্ষতি করতে থাকবে। “থেতলে দেওয়া”র জন্য একটি শব্দের প্রয়োগ করুন যা এর [সাপটির] মাথাটিকে ধ্বংস করাকে ব্যক্ত করবে।”

সাপ/ শয়তান

শয়তান হবার সাথে একটি সাপের রূপ নিয়ে কথা বলেছিল। এর অর্থ এ নয় যে সে এখন একটি সাপ। এটিকে এভাবে অনুবাদ করা যেতে, “সাপটি ছিল/ শয়তানের একটি আবির্ভাবের আকার।”

যে হবাকে ছলনা করেছিল

তা হল, “যে হবাকে মিথ্যে বলেছিল।” সাপটি হবাকে মিথ্যে বলার দ্বারা ঈশ্বর যা বলেছিলেন তার উপর সন্দেহ করিয়েছিল আর ঈশ্বরের অনাজ্ঞাকারী করতে তার সাথে ছলনা করেছিল।

translationWords

- ঈশ্বর
- খ্রীষ্ট, অভিষিক্ত
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- আদম
- হবা
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- শয়তান, অপদেবতা,খারাপ এক

21:02

ঈশ্বর আব্রাহামকে প্রতিজ্ঞা করেন যে **তার দ্বারা** পৃথিবীর সকল জাতি অশির্বাদিত হবে।এই আশির্বাদ তখনই ফলিত হবে যখন ভবিষ্যতে কোনো কালে খ্রীষ্ট আসবেন।তিনি এসব সম্ভব করবেন যেন পৃথিবীর সকল জাতির লোকেরা উদ্ধার পায়।

তার দ্বারা

তা হল, "তার একটি উত্তরাধিকারীর জন্য।"

translationWords

- ঈশ্বর
- আব্রাহাম, আব্রাম
- মানুষ গোষ্ঠী, মানুষগণ, মানুষ, একটি মানুষ
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- পরিপূর্ণ, পরিপূর্ণ করা
- খ্রীষ্ট, অভিষিক্ত
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ

21:03

ঈশ্বর মোশীকে প্রতিজ্ঞা করেন যে ভবিষতে তিনি **মোশীর মত একজন ভাববাদী উৎপন্ন করবেন**। এটা ছিল খ্রীষ্ট বিষয়ক আর একটি প্রতিজ্ঞা যিনি কিছুকাল পরই আসবেন।

মোশীর মত একজন ভাববাদী উৎপন্ন করবেন

তা হল, "মোশীর মত অন্য একজন ভাববাদী নিযুক্ত করবেন" বা, "একজন ভাববাদীকে আনবেন যিনি মোশীর তুল্য হবেন।"

মোশীর মত একজন ভাববাদী

মোশীর মত হতে, ভবিষ্যতের এই ভাববাদীকে নেতৃত্ব দেওয়ার জন্য আর তার প্রজাদের উদ্ধার করার জন্য ঈশ্বরের তরফ থেকে এক মহান ক্ষমতার প্রয়োজন হবে।

translationWords

- ঈশ্বর
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- মোশি
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- খ্রীষ্ট, অভিষিক্ত

21:04



ঈশ্বর রাজা দায়ূদকে প্রতিজ্ঞা করেছিলেন যে তার আগামী বংশের একজন ঈশ্বরের লোকেদের উপর চিরকালের জন্য রাজত্ব করবেন। এটির অর্থ হল যে খ্রীষ্ট **দায়ূদের নিজকুলেরই উত্তরাধিকারী হবেন**।

দায়ূদের নিজকুলেরই উত্তরাধিকারী হবেন

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “দায়ূদের নিজ সন্তান।”

translationWords

- ঈশ্বর
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- দাউদ
- খ্রীষ্ট, অভিষিক্ত
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি

21:05

ভাববাদী **যিরমিয়ের দ্বারা, ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন** যে তিনি একটি **নতুন নিয়ম স্থাপন করবে**ন, **কিন্তু তা সীনয়** পর্বতে ইস্রায়লীয়দের সাথে ঈশ্বরের করা নিয়মের মত নয়। নতুন নিয়মে, ঈশ্বর লোকেদের হৃদয়ে তার ব্যবস্থা লিখবেন, যেন লোকেরা ঈশ্বরকে ব্যক্তিগতভাবে জানতে পারে, তারা হবে তার প্রজা, আর ঈশ্বর তাদের পাপ ক্ষমা করবেন।খ্রীষ্টই নতুন নিয়ম স্থাপন করবেন।

যিরমিয়ের দ্বারা, ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে"সেই সমাচারের মাধ্যমে যা ঈশ্বর যিরমিয়কে দিয়েছিলেন, ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন" বা, "ভাববাদী যিরমিয় লোকেদের ঈশ্বরের প্রতিজ্ঞাটিকে বলেছিলেন।"

কিন্তু তা সীনয়

পর্বতে ইস্রায়লীয়দের সাথে ঈশ্বরের করা নিয়মের মত নয় নতুন নিয়মটি সত্যি সত্যিই খুবিই প্রভাবশালী হবে। খ্রীষ্টের নিজেকে বলিদান চড়ানোর ভিত্তিটির উপর যেকেউ বিশ্বাস করবে সেই লোকেরা সত্য সত্যই ঈশ্বরকে জানবে, তারা তাঁর প্রজা হয়ে বাঁচবে, আর তিনি তাদের পাপ সকল ক্ষমা করেদেবেন।

ঈশ্বর লোকেদের হৃদয়ে তাঁর ব্যবস্থা লিখবেন

এই রূপকটির অর্থ হল, " তাঁর নিয়ম ব্যবস্থা বুঝতে আর সেটি সততার সাথে আজ্ঞাকারী হতে লোকেদের সাহায্য করা"। যদি সম্ভব হয়, লেখার চিত্রটিকে তাদের হৃদয়ে রাখুন, যেহেতু যে মাধ্যমে ঈশ্বর তাঁর ব্যবস্থা ইস্রায়েলীয়দের জন্য পাথরের ফলকে লিখেছিলেন তার থেকে এটি ভিন্ন। যদি তা সম্ভব না হয়, তাহলে আপনি কেবল তার অর্থটিকেই অনুবাদ করুন।

তারা হবে তাঁর প্রজা

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "তাঁর বিশেষ প্রজা হবে" বা, "তাঁর অনুগ্রহ প্রাপ্ত লোকজন হবে।"

নতুন নিয়ম স্থাপন করবে

তা হল, "নতুন নিয়মকে প্রভাবশালী করার সেই ব্যক্তি হবেন" বা, "নতুন নিয়মকে তার প্রজাদের কাছে নিয়ে আসবেন।"

translationWords

- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- যিরমিয়
- ঈশ্বর
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- সীনয়, সীনয় পর্বত
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- খ্রীষ্ট, অভিষিক্ত

21:06



ঈশ্বরের ভাববাদিগণরাও বলেছে যে খ্রীষ্ট একজন ভাববাদী, একজন যাজক, আর একজন রাজা হবেন।ভাববাদী হলেন এমন একজন যিনি ঈশ্বরের বাক্য শোনেন আর তারপর লোকেদের ঈশ্বরের কাছ থেকে শোনা বাক্যগুলো ঘোষণা করেন।খ্রীষ্ট যাকে পাঠাবার বিষয়ে ঈশ্বর প্রতিজ্ঞা করেছেন তিনিই হবেন **সর্বত্তোম ভাববাদী**।

সর্বত্তোম ভাববাদী

খ্রীষ্ট একজন ভাববাদী হবেন যিনি ঈশ্বরের বাধ্যতায় সিদ্ধ হবেন, যিনি ঈশ্বরের দেওয়া সকল বাক্য লোকেদের দেবেন। তিনি লোকেদের কাছে ঈশ্বরকে সঠিকভাবে প্রস্তুত করবেন, তাদের ঈশ্বরের বিষয়ে জানতে ও বুঝতে সাহায্য করবেন।

translationWords

- ঈশ্বর
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- খ্রীষ্ট, অভিষিক্ত
- যাজক, যাজকগণ, যাজকবর্গ
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়

21:07



ইস্রায়লীয় যাজকেরা **লোকেদের হয়ে তাদের পাপের শাস্তির এক পরিপূরকরূপে** ঈশ্বরের কাছে বলি উৎসর্গ করত।যাজকেরা লোকেদের জন্য প্রার্থনাও করত।খ্রীষ্ট হবেন সেই **সর্বোৎকৃষ্ট মহাযাজক** যিনি নিজেকে একটি পূর্ণ বলিরূপে ঈশ্বরের কাছে উৎসর্গ করবেন।

লোকেদের হয়ে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “লোকেদের লাভের জন্য” বা, “লোকেদের জায়গায় হয়ে/ থেকে।”

তাদের পাপের শাস্তির এক পরিপূরকরূপে

ঈশ্বর লোকেদের তাদের পাপের জন্য পশুদের বলি দিতে অনুমতি দিয়েছিলেন সেই পাপকে স্মরণ করাতে, যে তারা মৃত্যুর যোগ্য আর তারা তাদের পাপ থেকে মুক্ত হতে ঈশ্বরের উপর নির্ভরশীল। ঈশ্বর এই বলিগুলো গ্রহণ করতেন পাপের অস্থায়ী আচ্ছাদনরূপে ,আর লোকেদের সেগুলোর জন্য দণ্ড দিতেন না।

সর্বোৎকৃষ্ট মহাযাজক

অন্য মহাযাজকদের তুলনায়, খ্রীষ্ট কোনদিনই পাপ করবেন না, আর তিনি স্থায়ীভাবে লোকেদের উপর থেকে সকল পাপ নিয়ে নেবেন।

নিজেকে উৎসর্গ করবেন

তা হল, “নিজেকে বলিরূপে হত্যা করার অনুমতি দেওয়া।”

নিখুঁত বলিদান

তা হল, “একটি বলি যাতে কোনো খুঁত থাকবে না।”

translationWords

- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- যাজক, যাজকগণ, যাজকবর্গ
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- ঈশ্বর
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত
- খ্রীষ্ট, অভিষিক্ত
- মহা যাজক

21:08

একজন রাজা হলেন যিনি একটি রাজ্য রাজত্ব করেন আর লোকেদের ন্যায় করেন।খ্রীষ্ট হবেন সেই সর্বশ্রেষ্ঠ মহারাজ যিনি তার পূর্বপুরুষের সিংহাসনে বিরাজমান হবেন।তিনি সম্পূর্ণ পৃথিবীর উপর রাজত্ব করবেন, আর চিরকাল সততার সাথে ন্যায়বিচার করবেন আর সঠিক নির্ণয় নেবেন।

পূর্বপুরুষ দায়ূদের সিংহাসনে বিরাজমান হবেন

একটি সিংহাসন হল এমন কেদারা বা চেয়ার যার উপর অনুষ্ঠানের সময় বসা হয় একজন রাজা বা রানীর জন্য যা তাদের ক্ষমতাকে প্রদর্শিত করে। এই অভিব্যক্তিটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “তার পূর্বপুরুষ দায়ূদের ন্যায় তিনি ক্ষমতার সাথে শাসন করবেন” বা, “রাজা দায়ূদের উত্তরাধিকারী হবেন আর ঈশ্বরের প্রজাদের উপর রাজত্ব করতে থাকবেন।”

সমগ্র বিশ্বের

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে,

translationWords

- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- রাজ্য, রাজ্যবর্গ
- বিচারক, বিচারকগণ, দন্ড, দন্ড
- খ্রীষ্ট, অভিষিক্ত
- দাউদ

21:09

ঈশ্বরের ভাববাদীরা অন্য আরও অনেক কথা খ্রীষ্টের বিষয়ে বলেছিলেন।মালাখি ভাববাদী ভাববাণী **করেছেন** যে এক মহান ভাববাদী আসবেন খ্রীষ্টের পূর্বে।যিশাইয় ভাববাদী ভাববাণী করেছেন যে **খ্রীষ্ট এক কুমারীর দ্বারা জন্মাবেন**।মীখা ভাববাদী বলেছেন যে তিনি বৈৎলেহম নগরে জন্মাবেন।

মালাখি

মালাখি ছিলেন পুরনো নিয়মের শেষ ভাববাদী।

ভাববাণী

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “পূর্বেই অনুমান করে নেওয়া” বা, “ভবিষ্যৎ বাণী করা।” এর অর্থ হল কাউকে বলা যে ভবিষ্যতে কি ঘটবে। মালাখি ঈশ্বরের সংবাদ খ্রীষ্ট আসার 400 বছর পূর্বে লোকেদের বলেছিলেন।

ভাববাণী করেছেন

এই প্রসঙ্গে, “ভাববাণী করা”র অর্থ “পূর্বেই অনুমান করে নেওয়া”র আর “ভবিষ্যৎ বাণী বলা”র সাথে সমতুল্য যেহেতু এর অর্থ হল যে ভাববাদী কিছু বলেছেন যা দীর্ঘকাল পর ভবিষ্যতে যা ঘটবে।

খ্রীষ্ট এক কুমারীর দ্বারা জন্মাবেন

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “একটি কুমারী খ্রীষ্টকে জন্ম দেবেন।”

মীখা

মীখা হলেন পুরনো নিয়মের ঈশ্বরের একজন ভাববাদী যিনি যিশাইয় ভাববাদী মত ঈশ্বরের সংবাদ খ্রীষ্ট আসার পূর্বে প্রায় 800 বছর আগে বলেছিলেন।

translationWords

- ঈশ্বর
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- খ্রীষ্ট, অভিষিক্ত
- যিশাইয়
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- কুমারী, কুমারী, কুমারীত্ব
- বৈৎলেহম, ইফ্রাথা

21:10

যিশাইয় ভাববাদী বলেছেন যে খ্রীষ্ট গালীল প্রদেশে বসবাস করবেন, **চূর্ণ হৃদয়ী লোকেদের** সান্তনা দেবেন, আর **বন্দিদের জন্য স্বাধীনতা ঘোষণা করবেন** আর **বন্দিদের মুক্ত করবেন**।তিনি আরও বলেছেন যে খ্রীষ্ট রোগীদের সুস্থ করবেন আর তাদের **যারা শুনতে, দেখতে, বলতে বা হাঁটতে পারেনা**।

চূর্ণ হৃদয়ী লোকেদের

এই অভিব্যক্তিটি উল্লেখ করে সেই লোকেদের যারা অত্যন্ত মর্মান্তিক বেদনায় রয়েছে।

বন্দিদের জন্য স্বাধীনতা ঘোষণা করবেন

তা হল, "গুলামদের বলতে যে তারা স্বাধীন হবে।" এটি আরও উল্লেখ করে মানুষের পাপ থেকে মুক্তি করাকে।

বন্দিদের মুক্ত করবেন

তা হল, "তিনি তাদের সতন্ত্র করবেন যাদের অন্যায় ভাবে জেলে বন্দী করে রাখা হয়েছে।" এটি আরও উল্লেখ করে মানুষের পাপের জাল থেকে মুক্তি করাকে।

যারা শুনতে, দেখতে, বলতে বা হাঁটতে পারেনা

এটা বলা যথার্থ হতে পারে, "যারা শুনতে পায় না, যারা দেখতে পায় না, যারা কথা বলতে পারে না, বা যারা হাঁটতে পারে না।" কিছু কিছু ভাষাতে এই পরিস্থিতির জন্য বিশেষ শব্দসমূহ রয়েছে, যেমন "বধির" আর "অন্ধ।"

translationWords

- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- যিশাইয়
- গালীল, গালিলীয়, গালিলীয়রা
- খ্রীষ্ট, অভিষিক্ত

- নিরাময়, নিরাময় হওয়া, সুস্থ হওয়া, সুস্থকরা, সুস্থ, সুস্থ করা, সুস্থ করা, নিরাময়কারী, স্বাস্থ্য, স্বাস্থ্যকর, অস্বাস্থ্যকর

21:11

যিশাইয় ভাববাদী আরও ভাববাণী করেছেন যে **খ্রীষ্টকে কোনো কারণ ছাড়া অন্যদের দ্বারা ঘৃণিত ও তিরস্কৃত হতে হবে**। অন্য ভাববাদিগণ **ভবিষ্যৎবাণী** করেছেন যে যারা খ্রীষ্টকে হত্যা করবে তারা **তার পোশাকের জন্য জুয়া খেলবে** আর তার এক বন্ধুই তাকে প্রতারণা করবে।সখরিয় ভাববাদী ভাববাণী করেছেন যে সেই বন্ধুকে **তিরিশটি রুপার মুদ্রা** দেওয়া হবে খ্রীষ্টকে প্রতারণা করার জন্য।

খ্রীষ্টকে কোনো কারণ ছাড়া অন্যদের দ্বারা ঘৃণিত ও তিরস্কৃত হতে হবে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ঘৃণিত ও তিরস্কৃত হতে হবে, যদিও তিনি কিছুই অন্যায় করবেন না” বা “যদিও তিনি নির্দোষ হবেন।”

ভবিষ্যৎবাণী

এর অর্থ হল তারা সেসব বিষয়ে যা ভবিষ্যতে ঘটবে বলে দিয়েছিলেন। অন্য শব্দে “পূর্বেই অনুমান করে নেওয়া” আর “ভবিষ্যৎ বাণী বলা।”

তার পোশাকের জন্য জুয়া খেলবে

তা হল, “সুযোগের একটি খেলা খেলবে এটি নিশ্চিত করতে যে কে তার পোশাক নেবে।”

সখরিয়

সখরিয় হলেন পুরনো নিয়মের একজন ভাববাদী যিনি ঈশ্বরের প্রজাদের নির্বাসন থেকে প্রতিজ্ঞার ভূমিতে ফিরে আসার সময় ভাববাণী বলেছিলেন। এটি ছিল খ্রীষ্ট আসার 500 বছর পূর্বে।

তিরিশটি রুপার মুদ্রা

সেই সময়ে, এর এক একটি মুদ্রার মূল্য ছিল এক ব্যক্তির চার দিনের মজুরি।

translationWords

- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- যিশাইয়
- খ্রীষ্ট, অভিষিক্ত
- বিশ্বাসঘাতকতা করা, বিশ্বাসঘাতকতা , বিশ্বাসঘাতকতা, বিশ্বাসঘাতকতা করা , বিশ্বাসঘাতক, বিশ্বাসঘাতকদের

21:12



ভাববাদীরা আরো বলেছেন যে কিভাবে খ্রীষ্ট মারা যাবেন।যিশাইয় ভাববাণী করেছেন যে লোকেরা খ্রীষ্টের উপর থুতু ফেলবে, তাকে ঠাট্টা করবে ও থাকে আঘাত করবে। তারা তাকে **বিদ্ধ করবে** আর তিনি অনেক কষ্টে ও শোকে মারা যাবেন, যদিও তিনি ভুল কিছুই করে থাকবেন না।

বিদ্ধ করবে

তা হল, “ঘাত” করবে। কোনো ধারালো হাতিয়ার দিয়ে তাঁকে বিদ্ধ করা হবে লোকেদের পাপের শাস্তির একটি অংশরূপে।

translationWords

- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- খ্রীষ্ট, অভিষিক্ত
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- যিশাইয়

21:13



ভাববাদী আরো বলেছেন যে খ্রীষ্ট সর্বসিদ্ধ হবেন, কেননা তার মধ্যে **কোনো পাপ থাকবে না**।তিনি মারা যাবেন **অন্যদের জন্য পাপের শাস্তি গ্রহণ করে**। তার শাস্তি গ্রহণ লোকেদের আর ঈশ্বরের মধ্যে শান্তি স্থাপন করবে।এই কারণে, খ্রীষ্টকে চুর্ন করাটা ছিল **ঈশ্বরের যোজনা**।

কোনো পাপ থাকবে না

এটাকে এভাবেও অনুবাদ করা যেতে পারে যেমন “তিনি কখনোও পাপ করবেন না।”

অন্যদের জন্য পাপের শাস্তি গ্রহণ করে

তা হল, “সেই শাস্তিকে নিজের উপর নিয়ে নেওয়া যা অন্যরা পাওয়ার যোগ্য ছিল” বা, “অন্যদের জায়গায় তাকে শাস্তি দেওয়া হল।”

ঈশ্বরের যোজনা

তা হল, “এটি ঈশ্বরের পরিকল্পনাটিকে পূর্ণ করবে।” এই বাক্যাংশটির অর্থ হল যে খ্রীষ্টের মৃত্যুই ছিল যা ঈশ্বর পরিকল্পনা করেছিলেন যেন লোকেদের পাপের জন্য তাকে বলি চড়ানো যেতে পারে।

চূর্ণ

তা হল, “সম্পূর্ণরূপে নষ্ট করা,” “হত্যা করা” বা, “সম্পূর্ণরূপে ধ্বংস করা।”

translationWords

- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- খ্রীষ্ট, অভিষিক্ত
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- গ্রহন করা,লত্তয়া, গৃহীত, গ্রহণকাররী
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি

- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা
- ঈশ্বর

21:14



ভাববাদীরা ভাববাণী করেছে যে খ্রীষ্ট মরবেন আর ঈশ্বর তাকে মৃত্যু থেকে পুনরুত্থিতও করবেন।খ্রীষ্টের মৃত্যু ও পুনরুত্থানের দ্বারা, ঈশ্বর পাপীদের উদ্ধারের যোজনা পূর্ণ করবেন আর **নতুন নিয়ম আরম্ভ করবেন**।

মৃত্যু থেকে জাগিয়ে তুলবেন

তা হল, “তাঁকে পুনরায় জীবন দেবেন।”

খ্রীষ্টের মৃত্যু ও পুনরুত্থানের দ্বারা, ঈশ্বর পাপীদের

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বর খ্রীষ্টের মৃত্যু ও পুনরুত্থানকে ব্যবহার করবেন” বা “খ্রীষ্টের মৃত্যু ও পুনরুত্থান হবে একটি মার্গ যা ঈশ্বর ব্যবহার করবেন।”

নতুন নিয়ম আরম্ভ করবেন

তা হল, “নতুন নিয়মকে প্রভাবে আনবেন।”

translationWords

- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- খ্রীষ্ট, অভিষিক্ত
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- ঈশ্বর
- বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা
- পুনরুত্থান
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি

21:15



ঈশ্বর লোকেদের কাছে খ্রীষ্ট সম্বন্ধীয় অনেক কিছু প্রকাশিত করেছিলেন, কিন্তু খ্রীষ্ট সেই ভাববাদীদের করোও সময়কালে আসেননি। শেষ ভাববাণী বলার প্রায় ৪০০ বছরেরও বেশি সময়ের পর, ঠিক সঠিক সময়ে, ঈশ্বর খ্রীষ্টকে **পৃথিবীতে পাঠাবেন**।

পৃথিবীতে পাঠাবেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে, "পৃথিবীর লোকেদের কাছে।" খ্রীষ্টকে কেবল ইহুদি লোকেদের জন্যই নয় বরং সকল লোকেদের জন্য পাঠানো হবে।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-আদিপুস্তক ৩:১৫; ১২:১-৩; দ্বিতীয় বিবরণ ১৮:১৫; ২ শমূয়েল ৭; যিরমিয় ৩১; যিশাইয় ৫৯:১৬; দানিয়েল ৭; মালাখি ৪:৫; যিশাইয় ৭:১৪; মীখা ৫:২; যিশাইয় ৯:১-৭; ৩৫:৩-৫; ৬১:৫৩; গীতসংহিতা ২২:১৮; ৩৫:১৯; ৬৯:৪; ৪১:৯; সখরিয় ১১:১২-১৩; যিশাইয় ৫০:৬; গীতসংহিতা ১৬:১০-১১

translationWords

- ঈশ্বর
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- খ্রীষ্ট, অভিষিক্ত

যোহনের জন্ম

22:01

অতীতে, ঈশ্বর **তার লোকেদের** মাধমে, তার স্বর্গদূতদের দ্বারা আর ভাববাদীদের দ্বারা কথা বলেছেন।কিন্তু তখন প্রায় ৪০০ বছর পেরিয়ে গিয়েছিল **যখন তিনি তাদের সাথে কোনো কথা বলেননি**।হঠাৎ ঈশ্বরের এক দূত ঈশ্বরের এক সংবাদ নিয়ে এক বৃদ্ধ যাজকের কাছে এলো যার নাম ছিল সখরিয়। সখরিয় ও তার স্ত্রী ইলীশাবেত **ভক্তিশীল মানুষ** ছিলেন, কিন্তু তারা কোনো সন্তান জন্মাবার জন্য সক্ষম ছিলেন না।

তার লোকেদের

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তার প্রজা, ইস্রায়েলীয়” বা “তার প্রজা, ইহুদি লোকজন।” কিন্তু তখনই অতিরিক্ত তথ্যটিকে অন্তর্ভুক্ত করুন যদি এটি স্পষ্ট না হয় যে কারা এই লোকজন।

400 বছর পেরিয়ে গিয়েছিল

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “400 বছর পেরিয়ে গল” বা “ 400 বছর হয়েছিল।” পুরনো নিয়মের শেষ ভাববাদী মালাখি পর 400 বছর পেরিয়ে গেল।

যখন তিনি তাদের সাথে কোনো কথা বলেননি

তা হল, “এই সময়কালে ঈশ্বর কোনো সংবাদ তাঁর ভাববাদীদের দেন নি তাঁর প্রজাদের জন্য।”

ভক্তিশীল মানুষ

তা হল, “সেই লোকজন যারা ঈশ্বরের আজ্ঞাকারী ছিলেন।”

translationWords

- ঈশ্বর

- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- যাজক, যাজকগণ, যাজকবর্গ
- সখরিয় (নুতন নিয়ম)

22:02

স্বর্গদূত সখরিয়কে বললেন, “তোমার স্ত্রী একটি সন্তান জন্মাবেন। তুমি তার নাম রেখো যোহন।তিনি **পবিত্র আত্মায় পরিপূর্ণ হবেন**, আর খ্রীষ্টের জন্য পথ প্রস্তুত করবেন!”সখরিয় উত্তর দেন, “সন্তান জন্মাবার জন্য আমার স্ত্রী আর আমি খুবিই বৃদ্ধ! আমি **কি করে জানব যে এ সকল ঘটবে?**”

স্বর্গদূত

এটি 22-01-এর স্বর্গদূতটিকে উল্লেখ করে যিনি সখরিয়ের কাছে আবির্ভাব হয়েছিলেন।

পবিত্র আত্মায় পরিপূর্ণ হবেন

তা হল, “পবিত্র আত্মার দ্বারা নিয়ন্ত্রিত হবেন” বা, “পবিত্র আত্মার দ্বারা বুদ্ধি ও জ্ঞান দেওয়া হবে।”

কি করে জানব যে এ সকল ঘটবে?

অন্যভাবে এটিকে অনুবাদ করলে তা হবে, “ কিভাবে আমি নিশ্চিত হব যে এসকল সত্যি সত্যিই ঘটবে?”

translationWords

- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- সখরিয় (নুতন নিয়ম)
- যোহন
- পবিত্র আত্মা, ঈশ্বরের আত্মা, প্রভুর আত্মা, আত্মা
- খ্রীষ্ট, অভিষিক্ত

22:03

সর্গদুত সখরিয়কে উত্তর দেন, “আমাকে ঈশ্বর পাঠিয়েছেন তোমাকে এই সুখবর দেওয়ার জন্য। যেহেতু তুমি আমায় বিশ্বাস করলে না, তাই শিশুটির জন্ম পর্যন্ত তুমি কথা বলতে পারবে না।”তক্ষনাৎই , সখরিয় আর কথা বলতে পারলেন না। তারপর সখরিয়কে ছেড়ে স্বর্গদূত চলে গেলেন।এর পর, সখরিয় বাড়ি ফিরে এলেন আর পরে তার **স্ত্রী গর্ভবতী হলেন**।

স্ত্রী গর্ভবতী হলেন

কিছু কিছু ভাষাই এটিকে শিষ্টতার সাথে বলা হয়েছে “অন্তঃসত্ত্বা হলেন।” এমন একটি অভিব্যক্তির প্রয়োগ করুন যেন পাঠকদের অস্বস্থিকর না বোধ হয়।

translationWords

- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- ঈশ্বর
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- সখরিয় (নুতন নিয়ম)

22:04

যখন **ইলীশাবেত**ের **গর্ভ ছয় মাস হল**, সেই স্বর্গদূত **ইলীশাবেতের আত্মীয়** মরিয়মের কাছে আভির্ভূত হলেন।তিনি এক কুমারী ছিলেন আর যোষেফ নামক এক ব্যক্তির সাথে বিবাহের জন্য **বাগদত্তা** ছিলেন। স্বর্গদূত বললেন, “তুমি **গর্ভবতী** হবে আর একটি পুত্র সন্তানের জন্ম দেবে।তুমি তার নাম যীশু রেখো।তিনি মহান ঈশ্বর সদাপ্রভুর পুত্র হবেন আর চিরকাল রাজত্ব করবেন।

গর্ভ ছয় মাস হল

হয়ত তিনি ছয় মাসের গর্ভবতী ছিলেন অথবা তিনি গর্ভধারণের ছয় মাসটিতে ছিলেন।

গর্ভবতী

গর্ভ বিষয়ে বিভিন্ন ভাষায় বিভিন্ন ভাবে এই বাগধারাটকে ব্যক্ত করা হয়, যেমন “তিনি শিশুর সাথে ছিলেন” বা, “তার ভিতরে একজনকে রেখেছে” বা, “তার পেট বেড়েছিল।” কিছু কিছু ভাষায় এটিকে শিষ্টাচারের সাথে বিশেষভাবে বলা যাবে, যেমন, “তার প্রত্যাশা হয়েছিল।” এমন একটি অভিব্যক্তির প্রয়োগ করুন যেন পাঠকদের অস্বস্থিকর বোধ না হয়।

ইলীশাবেত

তিনি সখরিয়ের স্ত্রী ছিলেন। একটি স্বর্গদূত সখরিয়কে বললেন যে ইলীশাবেত একটি সন্তানকে জন্ম দেবে।

ইলীশাবেতের আত্মীয়

কিছু কিছু অনুবাদে এটিকে বলা হয়েছে, “মামাতো বোন” কিন্তু এখানে আমরা জানি না যে সেই দুই মহিলাদের সম্পর্কটি কি ছিল। একটি সাধারণ শব্দ ব্যবহার করা যেতে পারে যেমন, “আত্মীয়” বা, “মামাতো/ কাকাতো বোন।”

বাগদত্তা

তা হল, “প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল।”

translationWords

- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- মরিয়ম, যীশুর মা
- কুমারী, কুমারী, কুমারীত্ব
- যোসেফ (নতুন নিয়ম)
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ইশ্বরের পুত্র, পুত্র
- পিতা ঈশ্বর, সর্গস্থ পিতা, পিতা

22:05

মরিয়ম উত্তর দিলেন, “**এ কি করে সম্ভব**, আমি যে একজন কুমারী?”তারপর স্বর্গদূত বর্ণনা দেন, “**পবিত্র আত্মা তোমার উপর আসবেন আর সদাপ্রভুর পরাক্রম তোমার উপর ছায়া করবে**।অতএব সেই শিশুটি হবেন, ঈশ্বরের পুত্র।”মরিয়ম স্বর্গদূতের কথা গ্রহণ ও বিশ্বাস করলেন।

এ কি করে সম্ভব

তা হল, “কিভাবে আমি গর্ভবতী হতে পারি?” মরিয়ম স্বর্গদূতের কথায় সন্দেহ করছিলেন না, বরং জিজ্ঞাসা করছিলেন কিভাবে এটি ঘটবে।

পবিত্র আত্মা তোমার উপর আসবেন আর সদাপ্রভুর পরাক্রম তোমার উপর ছায়া করবে

এগুলোকে দু ভাবে বলা যেতে পারে: “কিন্তু ঈশ্বরের শক্তি,ও পবিত্র আত্মা চমৎকারভাবে তোমাকে গর্ভবতী করবেন।” নিশ্চিত হন যে এই বাক্যটিকে এমনভাবে অনুবাদ করবেন যেন তা কোনোভাবে এমন না শোনায় যে কোনো শারীরিক সম্পর্ক হয়েছিল। এটি ছিল একটি চমৎকার।

translationWords

- মরিয়ম, যীশুর মা
- কুমারী, কুমারী, কুমারীত্ব
- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- পবিত্র আত্মা, ঈশ্বরের আত্মা, প্রভুর আত্মা, আত্মা
- শক্তি,শক্তিগুলি
- ঈশ্বর
- পবিত্র, পবিত্রতা, অপবিত্র, শুদ্ধ
- ইশ্বরের পুত্র, পুত্র
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস

22:06

মরিয়ম স্বর্গদূতের সাথে কথা বলার পরই, তিনি **ইলীশাবেত**ের সাথে দেখা করতে চলে যান।যে ক্ষণে ইলীশাবেত মরিয়মের মঙ্গলবাদ শুনলেন, ইলীশাবেতের **গর্ভের শিশুটি লাফিয়ে উঠল**।ঈশ্বর তাদের জন্য কি করেছেন সে বিষয়ে সেই স্ত্রীলোকেরা একত্র মিলে আনন্দ করল। তিন মাস মরিয়ম ইলীশাবেতের কাছে থেকে, মরিয়ম ঘরে ফিরলেন।

ইলীশাবেত

ইলীশাবেতের বিষয়ে 22-04-এর টীকাটিকে দেখুন।

যে ক্ষণে ইলীশাবেত মরিয়মের মঙ্গলবাদ

কিছু কিছু ভাষাতে এটা বলা যথার্থ হতে পারে, “মরিয়ম ইলীশাবেতকে মঙ্গলবাদ করলেন এবং সেই বাক্য শোনা মাত্রই ইলীশাবেতের।”

গর্ভের শিশুটি লাফিয়ে উঠল

মরিয়মের মঙ্গলবাদের প্রতিউত্তরে ইলীশাবেতের গর্ভের শিশুটি তার ভিতর হঠাৎ নড়েচড়ে উঠল ।

ঈশ্বর তাদের জন্য কি করেছেন

এটি এই সত্যটিকে উল্লেখ করে যে দুটি মহিলাই ঈশ্বরের অলৌকিক শক্তির দ্বারা গর্ভবতী হয়েছিলেন। মরিয়ম কোনো পুরুষ ছাড়াই গর্ভ ধারণ করেছিলেন, আর ইলীশাবেত সখরিয়ের দ্বারা তখন গর্ভবতী হয়েছিলেন যখন তিনি সন্তানধারণের বয়স পেরিয়ে গিয়েছিলেন।

translationWords

- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- মরিয়ম, যীশুর মা
- ঈশ্বর

22:07

ইলীশাবেত তার শিশুটিকে জন্ম দেওয়ার পর, সখরিয় ও ইলীশাবেত শিশুটির নাম যোহন রাখলেন, যেমনটি স্বর্গদূত আদেশ দিয়েছিলেন।তারপর ঈশ্বর সখরিয়ের বাণী ফিরিয়ে দেন।সখরিয় বললেন, “**ঈশ্বরের স্তুতি হোক**, কেননা তিনি তার লোকেদের স্বরণ করেছেন! হে আমার পুত্র, তুমি **সর্বশক্তিমান ঈশ্বর সদাপ্রভুর ভাববাদী** হবে যে লোকেদের বলবে যে তারা কি করে তাদের পাপ থেকে রক্ষা পেতে পারে!”

ইলীশাবেত

ইলীশাবেতের বিষয়ে 22-04-এর টীকাটিকে দেখুন।

ঈশ্বরের স্তুতি হোক

তা হল, “আমাদের সকলকে ঈশ্বরের স্তুতি করা উচিত।”

বলা হবে

এটিকে অন্য প্রকারে বললে, “হবে” বা, “হিসেবে জানা হবে।” যোহন আসলে সর্বশক্তিমান ঈশ্বর সদাপ্রভুর ভাববাদী হবেন।

ভাববাদী

তা হল, “খুবিই গুরুত্বপূর্ণ ভাববাদী।” যোহন সেই ভাববাদী হবেন যার বিষয়ে পুরনো নিয়মের ভাববাদীরা অনুমান করেছিলেন যিনি খ্রীষ্টের অগ্রে আসবেন।

সর্বশক্তিমান ঈশ্বর সদাপ্রভুর

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “ঈশ্বর যিনি অন্য সকলকিছুর থেকে মহান” বা, “সেই ঈশ্বর যিনি সকল কিছুর উপর রাজত্ব করেন।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-লুক ১

translationWords

- সখরিয় (নুতন নিয়ম)
- যোহন
- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- ঈশ্বর
- সখরিয় (নুতন নিয়ম)
- প্রশংসা, প্রশংসা, প্রশংসিত, প্রশংসা, প্রশংসনীয়
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

প্রভু যীশুর জন্ম

23:01

মরিয়ম যোষেফ নামক এক ধার্মিক ব্যক্তির বাগদত্তা ছিলেন।যখন তিনি শুনলেন যে মরিয়ম গর্ভবতী, তখন **তিনি জানতেন যে শিশুটি তার দ্বারা নয়**। তিনি **মরিয়মকে অসম্মানিত করতে চাইলেন না**, তাই **তিনি যোজনা করলেন যে তাকে গুপ্তভাবে** বিবাহবিচ্ছেদ পত্র দেবেন। তার তা করবার পূর্বেই, এক স্বর্গদূত এলেন আর তাকে **স্বপ্নে** কথা বললেন।

তিনি জানতেন যে শিশুটি তার দ্বারা নয়

তা হল, "তিনি জানতেন যে তিনি তাকে গর্ভবতী করেন নি।"

মরিয়মকে অসম্মানিত করতে চাইলেন না

তা হল, "মরিয়মকে লোক যোষেফ মরিয়মের প্রতি দয়ালু ছিলেন, যদিও এমন দেখাচ্ছিল যে তিনি একজন ব্যভিচারিনী।

তিনি যোজনা করলেন যে তাকে গুপ্তভাবে বিবাহবিচ্ছেদ পত্র দেবেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "তিনি তাকে ডিভোর্স দেওয়ার পরিকল্পনা করলেন অন্যদের এটি না বলে যে কেন দিচ্ছেন," বা, "তিনি পরিকল্পনা করলেন তাকে ডিভোর্স দিতে কিন্তু অন্যদের না বলে যে তিনি গর্ভবতী।" কারন যোষেফ একজন ধার্মিক ব্যক্তি ছিলেন, তিনি সমস্যার সমাধান উত্তম পদ্ধতিতে করতে চেয়েছিলেন, আর সেই সংস্কৃতিতে সেটি হল যে তাকে গুপ্তভাবে পরিত্যাগ করা।

বিবাহবিচ্ছেদ পত্র দেবেন

কিছু কিছু ভাষাতে এটা বলা যথার্থ হতে পারে, "তাদের বাগদান বা বিয়ের চুক্তি ভেঙ্গে ফেলা।" যোষেফ ও মরিয়ম দুজনে বাগদত্তা ছিলেন বা "বিবাহ চুক্তিতে বদ্ধ ছিলেন।" কিন্তু ইহুদি সংস্কৃতিতে একটি বাগদান ভাঙ্গার জন্যও ডিভোর্স নেওয়া জরুরী ছিল।

স্বপ্নে

তা হল, “যখন তিনি ঘুমিয়ে ছিলেন ও স্বপ্ন দেখছিলেন।”

translationWords

- মরিয়ম, যীশুর মা
- ধার্মিক, ধার্মিকতা, অধার্মিক, অধার্মিকতা, ন্যায়পরায়ণতা, ন্যায়পরায়ণতা
- যোসেফ (নতুন নিয়ম)
- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- স্বপ্ন

23:02



স্বর্গদূত বললেন, “যোষেফ, **মরিয়মকে বিবাহ করে তাকে স্ত্রী রূপে গ্রহণ করতে ভয় কর না**।তার গর্ভের শিশুটি **পবিত্র আত্মার দ্বারা উৎপন্ন হয়েছে**।সে এক পুত্র সন্তানের জন্ম দেবে।তার নাম রেখো যীশু (যার অর্থ হল, যীহোবা বা সদাপ্রভু উদ্ধার করেন), কেননা তিনি লোকেদের পাপ থেকে উদ্ধার দেবেন।”

মরিয়মকে বিবাহ করে তাকে স্ত্রী রূপে গ্রহণ করতে ভয় কর না

এটাকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “মরিয়মকে বিবাহ না করার বিষয়টিকে চিন্তা করা বন্ধ কর” বা, “মরিয়মকে তোমার স্ত্রীরূপে গ্রহণ করতে ইতস্তত কর না।”

পবিত্র আত্মার দ্বারা উৎপন্ন হয়েছে

তা হল, “অন্তঃসত্ত্বা হয়েছেন পবিত্র আত্মার এক চমৎকারের দ্বারা।”

translationWords

- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- যোসেফ (নতুন নিয়ম)
- মরিয়ম, যীশুর মা
- পবিত্র আত্মা, ঈশ্বরের আত্মা, প্রভুর আত্মা, আত্মা
- ছেলে, পুত্র
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- সদাপ্রভু
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

23:03

তাই যোষেফ মরিয়মকে বিবাহ করলেন আর তাকে তার স্ত্রী রূপে ঘরে নিয়ে গেলেন, কিন্তু **তার সাথে একসাথে শুলেন না** যতদিন না তিনি শিশুটির জন্ম দেন।

তার সাথে একসাথে শুলেন না

তা হল, “তিনি তার সাথে যৌন সম্পর্ক গড়লেন না।” তিনি তাকে কুমারীই রাখলেন যতদিন না তিনি শিশুটির প্রসব করলেন।

translationWords

- যোসেফ (নতুন নিয়ম)
- মরিয়ম, যীশুর মা

23:04

মরিয়মের জন্ম দেওয়ার দিন যখন কাছে এলো, **রোমান সাম্রাজ্য** সকলকে তাদের পূর্বপুরুষদের এলাকায় **জনগণনার জন্য** যেতে বলল। যোষেফ আর মরিয়মকে বহু দূরের যাত্রা করতে হবে, তাদের বাসস্থান নাসরৎ থেকে বৈৎলেহমে যেতে হবে কেননা তাদের পূর্বপুরুষ ছিল দায়ূদ যার বাসস্থান ছিল বৈৎলেহম।

মরিয়মের সন্তান জন্ম দেওয়ার দিন যখন কাছে এলো

তাহল, "যখন মরিয়মের গর্ভধারণের শেষ সময় হল।"

রোমান সাম্রাজ্য

রোম তখন ইস্রায়েলকে জয় করে প্রজাদের উপর শাসন করছিল।

জনগণনার জন্য

তা হল, "সরকারী রেকর্ডের জন্য গণনা করা হচ্ছিল" বা, "যেন সরকার তাদের নাম তালিকাভুক্ত করতে পারে" বা, "যেন সরকারের দ্বারা গণনা করা যায়।" এই গণনাটি করা হয়েছিল সম্ভবত লোকেদের কাছ থেকে খাজনা আদায় করার জন্য।

translationWords

- মরিয়ম, যীশুর মা
- রোম ,রোমের লোক
- যোসেফ (নতুন নিয়ম)
- নাসরৎ, নাসরতীয়
- বৈৎলেহম, ইফ্রাথা
- দাউদ

23:05

যখন তারা বৈৎলেহমে পৌঁছাল তখন সেখানে **থাকার কোনো জায়গা তারা পেল না**।একটি জায়গা তারা পেল সেটা হল **পশুদের থাকার জায়গা**।শিশুটির জন্ম সেখানেই হয় আর তার মা তাকে **পশুর খাওয়ার পাত্রে** শুইয়ে দেন কেননা তাদের কাছে তার জন্য কোনো বিছানা ছিল না। তারা তার নাম রাখলেন যীশু।

থাকার কোনো জায়গা তারা পেল না

তা হল, "ভালো কোনো জায়গা পেল না।" কেননা বৈৎলেহম তখনকার দিনে খুবিই জনঘনত্বপূর্ণ এলাকা ছিল, অতিথিদের জন্য সকল হোটেল বা থাকার জায়গাগুলো পূর্ণ হয়ে গিয়েছিল।

পশুদের থাকার জায়গা

এটি ছিল সেই জায়গা যেখানে পশুদের রাখা হত [বলা যেতে পারে পশুশালা], এটি এমন জায়গা ছিল না যেখানে লোকেরা থাকতে পারে। এমন একটি শব্দের সাথে অনুবাদ করুন যা সাধারনত ব্যবহার করা হয় সেই স্থানটির জন্য যেখানে পশুদের রাখা হত।

পশুর খাওয়ার পাত্রে

তা হল, "পশুদের খাওয়ার বাসন" বা, "পশুদের খাওয়ার জন্য কাঠের বা পাথরের তৈরী বাক্স।" বাক্সটিতে বা পাত্রটিতে হয়ত খড়ের আঁটি ছিল যা শিশুটির শোয়ানোর জন্য বিছানার কার্য করেছিল।

translationWords

- বৈৎলেহম, ইফ্রাথা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

23:06

সেই রাতে, কিছু মেষপালক ধারে কাছের ময়দানে **তাদের মেষদের চরাছিলেন**। হঠাৎ, **এক উজ্জ্বল স্বর্গদূত** তাদের কাছে আভির্ভূত হন আর **তাতে তারা ভয় পায়**।স্বর্গদূত তাদের বললেন, “**ভয় পেয় না**, কেননা আমার কাছে তোমাদের জন্য সুসংবাদ রয়েছে। সেই খ্রীষ্ট, প্রভুর জন্ম বৈৎলেহমে হয়েছে!”

তাদের মেষদের চরাছিলেন

একটি “ঝাঁক” হল মেষদের দল। মেষপালকেরা তাদের মেষদের দেখাশোনা করছিল, আর ক্ষতি হওয়া থেকে বা চুরি যাওয়া থেকে তাদের রক্ষা করছিল।

এক উজ্জ্বল স্বর্গদূত

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “একটি স্বর্গদূত আলো দিয়ে ঢাকা ছিল।” হয়ত উজ্জ্বল আলোক রাতের অন্ধিকারে আরও আলোকিত দেখাচ্ছিল।

তাতে তারা ভয় পায়

অলৌকিক স্বর্গদূতের আবির্ভাবটি খুবই ভয়ংকর ছিল।

ভয় পেয় না

প্রায়ই এর অর্থ হয়ে থাকে, “ভয় পাওয়া বন্ধ কর।” যখন মেষপালকেরা স্বর্গদূতটিকে দেখল তখন তারা খুবই ভয় পেল তাই তিনি তাদের বললেন তাদের ভয় পাওয়ার কোনো প্রয়োজন নেই।

translationWords

- পালক, মেষপালক, পালক, পালকৃত্ত করা
- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- খ্রীষ্ট, অভিষিক্ত

- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- বৈৎলেহম, ইফ্রাথা

23:07

“যাও শিশুটির অনুসন্ধান কর আর তোমরা তাকে **একটি কাপড়ে পেচানো** আর পশুদের **খাওয়ার পাত্রে** শুয়ানো পাবে৷হঠাৎ, আকাশ ঈশ্বরের স্তুতি গান গাওয়া **স্বর্গদূতের দ্বারা ভরে গেল**, যারা বলছিল, “**ঈশ্বরের মহিমা** স্বর্গলোকে হোক আর **তার অনুগ্রহ প্রাপ্ত লোকেদের** উপর **পৃথিবীতে শান্তি** হোক৷

(স্বর্গদূতটি কথা বলা বহাল রাখলেন৷)

একটি কাপড়ে পেচানো

তখনকার সংস্কৃতি অনুসারে সদ্যজাত শিশুদের লম্বা কাপড়ে জড়িয়ে রাখা হত৷ এটা বলা জরুরী যে, “লম্বা কাপড়ে শিশুদের জড়ানো ছিল তখনকার প্রথা৷”

খাওয়ার পাত্রে

তা হল, “পশুদের খাওয়ার পাত্র বা বাক্স৷ 23-05-তে কিভাবে আপনি অনুবাদ করেছেন তাও দেখুন৷

স্বর্গদূতের দ্বারা ভরে গেল

এর অর্থ হল যে সেখানে প্রচুর স্বর্গদূত ছিল আর দেখাচ্ছিল যেন আকাশ তাদের দ্বারা ভরে গিয়েছে৷

ঈশ্বরের মহিমা

এটাকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “এসো আমরা সকলে ঈশ্বরকে মহিমা দিই!” বা, “আমাদের ঈশ্বর সকল মহিমা ও গৌরব পাওয়ার যোগ্য!” বা, “আমরা সকলে ঈশ্বরকে মহিমা দিই৷”

পৃথিবীতে শান্তি

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “যেন পৃথিবীতে শান্তি হয়৷”

তার অনুগ্রহ প্রাপ্ত লোকেদের

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "সেই লোকজন যাদের ঈশ্বর অনুগ্রহের সাথে, আনন্দের সাথে বা সুনামের সাথে দেখেন।"

translationWords

- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- ঈশ্বর
- মহিমা, মহিমান্বিত, মহিমা দেওয়া, মহিমান্বিত করা
- স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয়
- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা

23:08

মেষপালকেরা শীঘ্রই পৌছালো সেই জায়গায় যেখানে যীশু ছিলেন আর তারা তাকে পশুদের খাওয়ার পাত্রে শুয়ানো পেল, যেমনটি স্বর্গদূত তাদের বলেছিলেন।তারা খুবিই উৎসাহিত হল।মরিয়মও খুব আনন্দিত ছিলেন।মেষপালকেরা মাঠে ফিরে এলেন যেখানে তাদের মেষরা ছিল, যাকিছু তারা শুনেছিল আর দেখেছিল তার জন্য ঈশ্বরের স্তুতি করল।

যা কিছু তারা শুনেছিল আর দেখেছিল

তা হল, “সকলকিছু যা তারা শুনেছিল ও দেখেছিল।” এটি মহিমান্বিত স্বর্গদূতেদের আর তাদের অদ্ভুত সংবাদটিকে, আর তার সাথে নবজাতক খ্রীষ্টকে দেখাও অন্তর্ভুক্ত ছিল।

translationWords

- পালক, মেষপালক, পালক, পালকৃত্ত করা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- মরিয়ম, যীশুর মা
- প্রশংসা, প্রশংসা, প্রশংসিত, প্রশংসা, প্রশংসনীয়
- ঈশ্বর

23:09

কিছু সময় পর, পূর্ব দেশসমূহ থেকে **জোতিষীরা** এলেন আকাশে **একটি অস্বাভাবিক তারা**কে অনুস্বরণ করে। **তারা অনুভব করেছিল**েন যে এর অর্থ হল যে ইহুদিদের এক নতুন রাজা জন্ম নিয়েছেন।তাই, তারা এক বিরাট দূরত্ব যাত্রা করেছিলেন এই রাজার দর্শন করতে।তারা বৈৎলেহমে এলেন আর **সেই গৃহ** খুঁজে বের করলেন যেখানে যীশু ও তার অভিভাবকরা ছিলেন।

কিছু সময় পর

এটা স্পষ্ট নয় যে জোতিষীদের তারা বা নক্ষত্রটিকে দেখার পর ও খ্রীষ্টের জন্মের কত সময় পরের কথা এখানে বলা হয়েছে, কিন্তু এটি প্রায় দু বছরের সময় কালের ব্যবধান ছিল তাদের তৈরী হতে ও বৈৎলেহমে আসতে।

জোতিষীরা

“জোতিষীরা” সম্ভবতঃ জোতিষশাস্ত্রবিদ ছিল যারা গ্রহ ও নক্ষত্রদের অধ্যয়ন করত। তারা হয়ত পুরনো নিয়মের ভাববাদীদের পুস্তকও অধ্যয়ন করত যেগুলো খ্রীষ্টের জন্মের বিষয়ে ভবিষ্যৎ বাণী করেছে।

একটি অস্বাভাবিক তারা

যে তারাটিকে তারা অনুস্মরণ করছিল সেটি কোনো সাধারণ তারা ছিল না। এটা এমনকিছু ছিল যা যীশুর জন্মের উপলক্ষেই আবির্ভূত হয়েছিল।

তারা অনুভব করেছিল

কিছু কিছু ভাষা এখানে যুক্ত করতে পারে, “তাদের অধ্যয়ন থেকে, এই বিশেষজ্ঞরা উপলব্দি করেছিল।

সেই গৃহ

তারা [মরিয়ম, যোষেফ ও যীশু] যেখানে তিনি [যীশু] জন্ম নিয়েছিলেন সেই পশু রাখার জায়গায় আর ছিলেন না।

translationWords

- জ্ঞানী, বুদ্ধি
- যিহুদিদের রাজা, যিহুদিদের রাজা
- বৈৎলেহম, ইফ্রাথা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

23:10

যখন **জোতিষীরা** যীশুকে দেখলেন তার মায়ের সাথে, তখন তারা **ভূমিষ্ঠ হয়ে** প্রণাম করলেন আর তাকে আরাধনা করলেন।তারা যীশুকে **দামী** দ্রব্য সকল উপহার দিলেন।তারপর তারা বাড়িতে ফিরে গেলেন।

জোতিষীরা

23-09-তে দেখুন আপনি কিভাবে এই শব্দটির অনুবাদ করেছেন।

ভূমিষ্ঠ হয়ে

তা হল, “ভূমি পর্যন্ত ঝুঁকে যাওয়া।” সেই সময় কালে, এমনটি করার মাধ্যমে সন্মান ও আদর জ্ঞাপন করাতা ছিল একটি প্রথা।

দামী

তা হল, “খুব মূল্যবান।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ১; লুক ২

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- আরাধনা

যোহন প্রভু যীশুকে বাপ্তিস্ম দেন

24:01



যোহন, সখরিয় আর ইলীশাবেতের পুত্র, বেড়ে উঠলেন আর একজন ভাববাদী হলেন।তিনি **নির্জনপ্রদেশ**ে থাকতেন, **বন্য মধু** ও **পঙ্গপাল** খেতেন, আর **উঠের লোমের পোশাক** পরতেন।

নির্জনপ্রদেশ

তা হল, “মরুভূমি” বা, “একটি নির্জন, মরু স্থল।” এই এলাকায় খুবই কম লোকজন বাস করত।

বন্য মধু

এই মধুটি ছিল বন্যের মধুমাছিদের প্রাকৃতিক উৎপাদন; এটি লোকেদের চাষ করা মধু ছিল না। যদি লোকেরা এমনটাই বোঝে “মধু” শব্দটি থেকে তাহলে আপনাকে এটিকে “বন্য” বলার প্রয়োজন নেই।

পঙ্গপাল

এগুলো ছিল বড় বড়, লাফিয়ে বেড়ানো ও পাখনা বিশিষ্ট পতঙ্গ। যে লোকজন মরুস্থলে থাকে তারা সেগুলোকে আহার হিসেবে খায়।

উটের লোম

উট হল এমন একটি পশু যার খুব শক্ত পশম বা লোম হয়। লোকেরা এর দ্বারা পোশাক তৈরী করে। এটিকে এভাবে অনুয়াব্দ করা যেতে পারে, “পশুর শক্ত পশম।

উঠের লোমের পোশাক

তা হল, উঠের লোমের মত কাপড়।” এই কাপড়গুলো নির্জনপ্রদেশের মত এলাকায় অন্যান্য কাপড়গুলোর ন্যায় তাড়াতাড়ি ছিঁড়ে যেত না।

translationWords

- যোহন
- সখরিয় (নুতন নিয়ম)
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী

24:02

অনেক লোক নির্জন প্রদেশে উপস্থিত হত যোহনের বাক্য শোনার জন্য।তিনি তাদের প্রচার করতেন, বলতেন, "**অনুশোচনা** কর, কেননা **ঈশ্বরের রাজ্য নিকট**!"

নির্জনপ্রদেশ

24-01-তে দেখুন আপনি এটিকে কিভাবে অনুবাদ করেছেন।

অনুশোচনা

এটিকে আরও ভালোভাবে বলা যেতে পারে, "তোমাদের পাপের জন্য অনুতাপ করা।"

ঈশ্বরের রাজ্য নিকট

তা হল, "ঈশ্বরের রাজ্য আবির্ভাব হতে প্রস্তুত" বা, "ঈশ্বরের রাজ্যের আগমন শীঘ্রই হবে।" এটি লোকেদের উপর ঈশ্বরের শাসন করাকে উল্লেখ করে। এটাকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "ঈশ্বরের রাজত্ব শীঘ্রই আরম্ভ হবে" বা, "ঈশ্বর আমাদের উপর শীঘ্রই রাজারূপে রাজত্ব করবেন।"

translationWords

- যোহন
- প্রচার, প্রচার করা, প্রচার করা, প্রচারক, ঘোষণা করা, প্রচারিত করা, ঘোষণা, বিজ্ঞাপিত, ঘোষণা, ইস্তাহার
- অনুতাপ,অনুশোচনা, অনুতপ্ত,খেদ
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য

24:03

যখন লোকেরা যোহনের বাক্য শুনত, তখন অনেকেই তাদের **পাপ থেকে অনুশোচনা করত**, আর যোহন তাদের বাপ্তিস্ম দিতেন।অনেক ধর্মগুরুরাও যোহনের কাছে বাপ্তিস্ম পেতে এসেছিল, কিন্তু তারা **অনুশোচনা বা তাদের** পাপ স্বীকার করত না।

পাপ থেকে অনুশোচনা করত

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "তাদের পাপ বিষয়ে অনুশোচনা" বা, "তাদের পাপ থেকে মন ফেরানো" বা, "তাদের পাপ থেকে ফেরা।"

অনুশোচনা বা তাদের পাপ স্বীকার করত না

তা হল, "তাদের পাপ থেকে ফিরত না।"

পাপ স্বীকার করত না

স্বীকার বা অঙ্গীকার করা যা বাস্তব। এই ধর্ম নেতারা স্বীকার করতে চাইত না যে তারা পাপী। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "স্বীকার করা যে তারা পাপ করেছে।"

translationWords

- যোহন
- অনুতাপ,অনুশোচনা, অনুতপ্ত,খেদ
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- বাপ্তিষ্ম দেওয়া, বাপ্তাইজিত, বাপ্তিস্ম
- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা

24:04



যোহন ধর্মগুরুদের উত্তর দিলেন, “**হে বিষাক্ত কালসাপেরা**!অনুশোচনা কর আর নিজেদের ব্যবহার পরিবর্তন কর।প্রত্যেক গাছ যেটিতে ভালো ফল ধরে না সেটিকে কাটা হবে আর **তা আগুনে ফেলে দেওয়া হবে**।যা ভাববাদীরা বলেছিলেন **যোহন তা পূর্ণ করলেন**, “**দেখো** , আমি **আমার দূতকে তোমার আগে** পাঠাচ্ছি, যে **তোমার জন্য পথ প্রস্তুত** করবে।”

হে বিষাক্ত কালসাপেরা

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তোমরা হলে বিষাক্ত কালসাপের মত!” যোহন তাদের বিষাক্ত কালসাপ বললেন কারণ তারা ভয়ানক ও প্রতারক ছিল।

প্রত্যেক গাছ যেটিতে ভালো ফল ধরে না সেটিকে কাটা হবে

যোহন এখানে আসলে গাছের বিষয়ে বলছেন না। এটি হল কেবল একটি রূপক যেখানে ভালো ফল হল ভালো কর্মসকল ও বিচারধারা যা ঈশ্বরের তরফ থেকে আসে।

তা আগুনে ফেলে দেওয়া হবে

এর অর্থ হল, “বিচার করা হবে ও ঈশ্বরের দ্বারা শাস্তি দেওয়া হবে।”

যোহন তা পূর্ণ করলেন

তা হল, “যোহন করছিলেন” যা ভাববাদীরা বলেছিলেন যে ঈশ্বরের দূত করবেন।

দেখো

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “দেখো আর লক্ষ্য কর” বা, “ধ্যান দাও!”

আমার দূতকে

তা হল, “আমি, যীহোবা, আমার বার্তা পাঠাবো।” কিছু কিছু ভাষায় এটি আরও প্রাকৃতিক হতে যদি একটি অপ্রতক্ষ্য বাক্যের ব্যবহার করা হয়, যেমন: “যা যিশাইয় ভাববাদী বলেছিলেন যখন তিনি বললেন যে ঈশ্বর তাঁর দূত পাঠাবেন।”

তোমার আগে

এই বাক্যাংশে, “তোমার” শব্দটি খ্রীষ্টকে উল্লেখ করছে।

তোমার জন্য পথ প্রস্তুত

ঈশ্বরের দূত লোকেদের তৈরী করবেন খ্রীষ্টের কথা শোনার জন্য।

translationWords

- যোহন
- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- অনুতাপ,অনুশোচনা, অনুতপ্ত,খেদ
- পরিপূর্ণ, পরিপূর্ণ করা
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী

24:05

কিছু ইহুদিরা যোহনকে প্রশ্ন করল যে তিনিই কি খ্রীষ্ট।যোহন উত্তর দিলেন, “আমি খ্রীষ্ট নই, কিন্তু একজন আমার পরে আসবেন।তিনি এতই মহান যে আমি **তার জুতোর বন্ধনী খুলবারও যোগ্য নই**।”

তিনি এতই মহান

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তিনি এতটাই গুরুত্বপূর্ণ যে।”

তার জুতোর বন্ধনী খুলবারও যোগ্য নই

অন্য শব্দে, “তার তুলনায়, “আমি তেমন গুরুত্বপূর্ণ নই যে তার জন্য সবচাইতে নিম্ন কাজটি করতে পারি।” জুতোর বন্ধনী খোলার কাজটি ছিল খুব নিচু স্বরের কাজ, যা একটি গুলামের কাজ ছিল।

translationWords

- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়
- যোহন
- খ্রীষ্ট, অভিষিক্ত

24:06



পর দিন, যীশু যোহনের কাছে বাপ্তিস্ম নিতে এলেন।যখন যোহন তাকে দেখলেন, তিনি বললেন, ওই দেখো!**ওই সেই** মেষ শাবক যিনি **পৃথিবীর পাপ নিয়ে নেবেন**।”

ওই সেই

কিছু কিছু ভাষায় এটি হবে, “এই সেই” বা, “সেই পুরুষটি হল।”

ঈশ্বরের মেষ শাবক

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বরের তরফ থেকে মেষ শাবক” বা, “ বলিদানের মেষ শাবক যা ঈশ্বর প্রদান করেছেন।” যীশু হলেন পাপের জন্য সর্বোত্তম বলি যাকে প্রদান করার বিষয়ে ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন। পুরনো নিয়মের মেষ শাবকের বলিদানের সেই চিত্রটিকে তিনি পূর্ণ করেন।

নিয়ে নেবেন

যীশুর বলিদানটি এমনভাবে দেখাবে ঈশ্বররের কাছে যেন আমাদের পাপের কখনো অস্তিত্বই ছিল না।

পৃথিবীর পাপ

তা হল, “পৃথিবীর লোকেদের পাপ।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- বাপ্তিষ্ম দেওয়া, বাপ্তাইজিত, বাপ্তিস্ম
- যোহন
- মেষশাবক, ঈশ্বরের মেষশাবক
- ঈশ্বর

- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

24:07



যোহন যীশুকে বললেন, “**আমি আপনাকে বাপ্তিস্ম দিতে যোগ্য নই**।বরং আপনাকে আমায় বাপ্তিস্ম দেওয়া উচিত।”কিন্তু যীশু বললেন, “আপনাকে আমায় বাপ্তিস্ম দেওয়া উচিত, কেননা **এটাই করাটা সঠিক** হবে।” তাই যোহন তাকে বাপ্তিস্ম দিলেন, যদিও প্রভু যীশু কোনো পাপ করেননি।

আমি আপনাকে বাপ্তিস্ম দিতে যোগ্য নই

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আমি আপনাকে বাপ্তিস্ম দেওয়ার জন্য তেমন ভালো পাত্র নই” বা, “আমি পাপী, তাই আপনাকে আমি বাপ্তিস্ম দিব না।”

এটাই করাটা সঠিক

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “এটি করাই যথার্থ হবে” বা, “এটাই ঈশ্বর চান যেন আমি করি।”

translationWords

- যোহন
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- বাপ্তিস্ম দেওয়া, বাপ্তাইজিত, বাপ্তিস্ম
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

24:08

বাপ্তিস্মের পর যখন প্রভু যীশু জল থেকে উঠে এলেন, তখন ঈশ্বরের আত্মা পায়রার রূপ নিয়ে আভির্ভাব হলেন আর তার উপর এসে বসলেন।আর সেই একই সময়ে, আকাশ থেকে ঈশ্বরের বাণী হল, বললেন, “তুমি **আমার পুত্র যাকে আমি ভালোবাসি**, আর আমি তোমার কারণে আনন্দিত।”

আমার পুত্র যাকে আমি ভালোবাসি

অনুবাদ করার সময় নিশ্চিত হন যেন এমন না শোনায় যে সেখানে অন্য আরেকটি পুত্র ছিল। এটি বলা প্রয়োজনীয়, “তুমি আমার পুত্র। আমি তোমাকে খুব ভালোবাসি আর তোমার প্রতি আমি খুব প্রসন্ন।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- বাপ্তিষ্ম দেওয়া, বাপ্তাইজিত, বাপ্তিস্ম
- পবিত্র আত্মা, ঈশ্বরের আত্মা, প্রভুর আত্মা, আত্মা
- স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয়
- ইশ্বরের পুত্র, পুত্র
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা

24:09

ঈশ্বর যোহনকে বলেছিলেন, “পবিত্র আত্মা আসবেন আর একজনের উপর বসবে যাকে তুমি বাপ্তিস্ম দেবে।সেই ব্যক্তি হল ঈশ্বরের পুত্র।” ঈশ্বর হলেন অদ্বিতীয়। কিন্তু যখন যোহন প্রভু যীশুকে বাপ্তিস্ম দিলেন, তিনি ঈশ্বর পিতাকে বলতে শুনলেন, ঈশ্বর পুত্রকে দেখলেন যিনি হলেন প্রভু যীশু, আর তিনি পবিত্র আত্মাকে দেখলেন।

ঈশ্বর যোহনকে বলেছিলেন

তা হল, “এর পূর্বে, ঈশ্বর যোহনকে বলেছিলেন” বা, “যীশুর বাপ্তিস্ম নিতে আসার পূর্বে, ঈশ্বর যোহনকে বলেছিলেন।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী; নেওয়া হয়েছে-মথি ৩; মার্ক ১:৯-১১; লুক ৩:১-২৩

translationWords

- ঈশ্বর
- যোহন
- পবিত্র আত্মা, ঈশ্বরের আত্মা, প্রভুর আত্মা, আত্মা
- বাপ্তিষ্ম দেওয়া, বাপ্তাইজিত, বাপ্তিস্ম
- ইশ্বরের পুত্র, পুত্র
- পিতা ঈশ্বর, সর্গস্থ পিতা, পিতা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ইশ্বরের পুত্র, পুত্র

শয়তান প্রভু যীশুকে প্রলোভিত করে

25:01

যীশুর বাপ্তিস্ম হওয়ার পরই, **পবিত্র আত্মা তাকে নির্জনপ্রদেশে নিয়ে যান**, যেখানে তিনি **চল্লিশ দিন ও চল্লিশ রাত** উপবাস করেন। শয়তান যীশুর কাছে এলো আর **তাকে পাপ করতে প্রলোভিত করল**।

পবিত্র আত্মা তাকে নির্জনপ্রদেশে নিয়ে যান

তা হল, "পবিত্র আত্মা নেতৃত্ব দিলেন" বা, "পবিত্র আত্মা তাকে প্রবুদ্ধ করল যাওয়ার জন্য।"

নির্জনপ্রদেশে নিয়ে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "মরুভূমি" বা, "একটি খালি স্থান, একটি অনুর্বর ভূমি যেখানে লোকেরা কম বসবাস করে।" এই স্থানে সম্ভবতঃ খুব কম গাছপালা ছিল, তাই সেখানে বেশিরভাগ লোকেরা বসবাস করতে পারত না।"

চল্লিশ দিন ও চল্লিশ রাত

এর অর্থ হল "চল্লিশ দিবস, তার দিনের ও রাতের সময়।" নিশ্চিত হন যেন এই বাক্যাংশের অনুবাদটি এমন না শোনায় যে আশি দিবস ছিল।

তাকে পাপ করতে প্রলোভিত করল

যেহেতু যীশু পাপ করেননি, তাই আপনি এমন একটি শব্দ ব্যবহার করতে নিশ্চিত হন যা এমন অভিব্যক্তি না হয় যে শয়তান যীশুকে পাপ করাতে সক্ষম হয়েছিল। এই বাক্যাংশটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "তাকে রাজি করাতে চেয়েছিল।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- বাপ্তিষ্ম দেওয়া, বাপ্তাইজিত, বাপ্তিস্ম

- পবিত্র আত্মা, ঈশ্বরের আত্মা, প্রভুর আত্মা, আত্মা
- উপবাস, উপবাস করা,অনাহারে থাকা,নিরাহার,ক্ষধার্ত থাকা
- শয়তান, অপদেবতা,খারাপ এক
- প্রলোভন, প্রলোভন
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

25:02



শয়তান যীশুকে এই বলে প্রলোভিত করল, “যদি আপনি ঈশ্বরের পুত্র হন, **এই পাথরগুলোকে রুটিতে পরিবর্তন করেন** যেন আপনি তা খেতে পারেন।

এই পাথরগুলোকে রুটিতে পরিবর্তন করেন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “এই পাথরগুলোকে রুটিতে পরিনত করুন” বা, “অলৌকিকভাবে এই পাথরগুলোকে রুটিতে বদলে দিন।”

রুটি

এটিকে এভাবে অনুবাদ করা যেতে, “খাদ্য” বলা যেতে পারে সেই ভাষাগুলোতে যেখানে রুটি একটি প্রচলিত খাবার নয়। ইহুদি সংস্কৃতিতে রুটি ছিল একটি মুখ্য আহার।

translationWords

- শয়তান, অপদেবতা,খারাপ এক
- প্রলোভন, প্রলোভন
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বরের পুত্র, পুত্র

25:03

যীশু উত্তর দিলেন, “ঈশ্বরের বাক্যে এটা লেখা আছে, ‘লোকেদের কেবল **রুটি**রই প্রয়োজন নেই বেঁচে থাকার জন্য, কিন্তু **সেই প্রত্যেক বাক্য যা ঈশ্বর বলেন!**’”

রুটি

নিশ্চিত হন যে আপনি 25-02-তে যে শব্দটি রুটির জন্য প্রয়োগ করেছিলেন তা এখানেও করেন।

সেই প্রত্যেক বাক্য যা ঈশ্বর বলেন!

অন্যভাবে এটিকে অনুবাদ করলে তা হবে, “বরং, লোকেদের ঈশ্বরের বলা সকলকিছু শুনতে হবে ও মানতে হবে” বা, “বরং, লোকেদের কাছে যা ঈশ্বর বলেন তা বিশ্বাস ও মান্য করে আসল জীবন পাওয়ার জন্য।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- ঈশ্বর

25:04



তারপর শয়তান যীশুকে মন্দিরের উচ্চ চূড়ায় নিয়ে গেল আর বলল, “যদি আপনি ঈশ্বরের পুত্র হন তবে **নিজেকে উপর থেকে ফেলে দেন**, **কেননা লেখা আছে**, ‘ঈশ্বর তার স্বর্গদূতদের আদেশ দেবেন আপনাকে ধরে নিতে **যেন আপনার পায়ে পাথরের আঘাত না লাগে**।’”

নিজেকে উপর থেকে ফেলে দেন

তা হল, “ইমারতের থেকে নিচে ভূমিতে ঝাঁপ দিন।”

কেননা লেখা আছে

তা হল, “একটি ঈশ্বরের ভাববাদী বহুকাল পূর্বে লিখেছিলেন।”

যেন আপনার পায়ে পাথরের আঘাত না লাগে

এর অর্থ হল, “যেন আপনার কোনোও রকম আঘাত না লাগে; এমনকি পাথরের দ্বারা আপনার পায়েও কোনো আঘাত না হয়।” এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “যেন আপনার পায়েও কোনো পাথরের দ্বারা আঘাত না লাগে; আপনার যেন কোনভাবে আঘাত না লাগে।”

translationWords

- শয়তান, অপদেবতা,খারাপ এক
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- মন্দির
- ইশ্বরের পুত্র, পুত্র
- ঈশ্বর
- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত

25:05

কিন্তু কিছু শাস্ত্র বাক্য উল্লেখ করে যীশু উত্তর দিলেন।তিনি বললেন, "ঈশ্বরের বাক্যে লেখা আছে, তিনি তার লোকেদের আজ্ঞা দিয়েছেন, '**তুমি প্রভু পরমেশ্বরের পরীক্ষা নিও না**।'"

ঈশ্বরের বাক্যে লেখা আছে, তিনি তার লোকেদের আজ্ঞা দিয়েছেন, 'তুমি প্রভু পরমেশ্বরের পরীক্ষা নিও না'

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে:। "ঈশ্বর আমাদের তার বাক্যে আদেশ দিয়েছেন যেন আমরা আমাদের প্রভু ঈশ্বরের পরীক্ষা না নিই।"

তুমি প্রভু পরমেশ্বরের পরীক্ষা নিও না

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "প্রভু পরমেশ্বরকে তোমাকে প্রমান দিতে বলো না" বা, "প্রভু পরমেশ্বরকে তোমাকে প্রমান দিতে বলো না যে তিনি উত্তম।"

প্রভু পরমেশ্বরের

তা হল, "যীহোবা, তোমার ঈশ্বর" বা, "যীহোবা, যিনি হলেন ঈশ্বর আর যার কাছে তোমার উপর ক্ষমতা আছে।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শয়তান, অপদেবতা,খারাপ এক
- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- ঈশ্বর

25:06



তারপর শয়তান যীশুকে **পৃথিবীর সকল সাম্রাজ্য** আর **সেগুলোর সকল ঐশ্বর্য** দেখালো আর বলল, “আমি আপনাকে এসকল দেব যদি আপনি আমায় ভূমিষ্ঠ হয়ে প্রনাম করেন আর আমার আরাধনা করেন।”

পৃথিবীর সকল সাম্রাজ্য

এটি উল্লেখ করে পৃথিবীর সকল মহান নগরগুলোকে, দেশগুলোকে, আর অন্যান্য এলাকাগুলোকে।

সেগুলোর সকল ঐশ্বর্য

তা হল, “তাদের ক্ষমতা ও সম্পত্তি।”

আমি আপনাকে এসকল দিব

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আমি আপনাকে এ সকল সাম্রাজ্যের সম্পত্তি আর ক্ষমতা দিব” বা, “আমি আপনাকে এই সকল নগর, দেশের, আর লোকেদের উপর শাসক বানিয়ে দিব।”

translationWords

- শয়তান, অপদেবতা,খারাপ এক
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- রাজ্য, রাজ্যবর্গ
- মহিমা, মহিমান্বিত, মহিমা দেওয়া, মহিমান্বিত করা
- আরাধনা

25:07

যীশু উত্তর দিলেন, “**আমার কাছ থেকে দূর হও**, শয়তান! ঈশ্বরের বাক্যে তিনি তার লোকেদের আজ্ঞা দিয়েছেন, ‘কেবল প্রভু তোমার যীহোবা ঈশ্বরেরই আরাধনা কর আর তারই সেবা কর।”’

আমার কাছ থেকে দূর হও

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “আমাকে ছেড়ে চলে যাও” বা, “আমাকে একা থাকতে দাও।”

ঈশ্বরের বাক্যে তিনি তাঁর লোকেদের আজ্ঞা দিয়েছেন, ‘কেবল প্রভু তোমার যীহোবা ঈশ্বরেরই আরাধনা কর আর তাঁরই সেবা কর’

এটি একটি অপ্রতক্ষ্য বাক্যের সাথে অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বরের বাক্যে, তিনি আমাদের আদেশ করেছেন যে আমাদের কেবল তাকেই, ঈশ্বর প্রভুর বলে আরাধনা ও সেবা করা উচিত, যিনি আমাদের উপর রাজত্ব করেন।” যীহোবা ঈশ্বরেরই - এই বাক্যাংশটিকেও ঠিক 25-05-এর মত অনুবাদ করুন।

তাঁরই সেবা কর

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “তিনিই হলেন ঈশ্বর যার কেবল সেবা হওয়া উচিত।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শয়তান, অপদেবতা,খারাপ এক
- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- আরাধনা
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- ঈশ্বর

25:08



যীশু শয়তানের প্রলোভনে পড়লেন না তাই শয়তান তাকে ছেড়ে চলে গেল।তারপর স্বর্গদূতেরা এলো আর তার সেবা করল।

যীশু শয়তানের প্রলোভনে পড়লেন না

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সেই কার্যগুলো করলেন না যা শয়তান তাঁকে করার জন্য প্রলোভিত করার চেষ্টা করছিল।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে- মথি ৪:১-১১; মার্ক ১:১২-১৩; লুক ৪:১-১৩

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শয়তান, অপদেবতা,খারাপ এক
- প্রলোভন, প্রলোভন
- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত

যীশু তার সেবাকার্য আরম্ভ করেন

26:01



শয়তানের প্রলোভনে বিজয়ী হওয়ার পর, যীশু পবিত্র আত্মার শক্তিতে পরিপূর্ণ হয়ে **গালীল প্রদেশে ফিরে আসেন** যেখানে তিনি বসবাস করতেন।যীশু শিক্ষা দিতে **এক জায়গা থেকে অন্য জায়গায় যেতেন** ।সবাই **তাঁর বিষয়ে ভালো বলত**।

শয়তানের প্রলোভনে বিজয়ী হওয়ার পর, যীশু পবিত্র আত্মার শক্তিতে পরিপূর্ণ হয়ে গালীল প্রদেশে ফিরে আসেন

আপনি এটিকে দুটি বাক্যে পরিনত করতে পারেন আর বলতে পারেন যে, “যীশু কোনো ভুল করলেন না যা শয়তান তাকে করানোর চেষ্টা করছিল আর তিনি [যীশু] তাকে পরাজিত করলেন। তার পর যীশু ফিরে এলেন।” “বিজয়ী হওয়া” শব্দটিকে “বিরোধ করা” বা, “তিরস্কার করা” বা, “প্রতিরোধ করা” শব্দ দ্বারা অনুবাদ করা যেতে পারে।

পবিত্র আত্মার শক্তিতে পরিপূর্ণ হয়ে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “পবিত্র আত্মার শক্তি তাঁর মধ্যে দিয়ে কার্য করছিল” বা, “আর পবিত্র আত্মা তাঁকে শক্তিশালীভাবে পরিচালনা করছিলেন।”

এক জায়গা থেকে অন্য জায়গায় যেতেন

তা হল, তিনি “বিভিন্ন নগরে আর অন্যান্য জায়গায় যেতেন আর সেখানকার লোকেদের শিখাতেন।”

সবাই

তা হল, “প্রত্যেকে যারা তাঁকে জানত বা তাঁর বিষয়ে শুনেছিল।”

তাঁর বিষয়ে ভালো বলত

তা হল, “তাঁর বিষয়ে ভালো ভালো কথা বলত।”

translationWords

- শয়তান, অপদেবতা,খারাপ এক
- প্রলোভন, প্রলোভন
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শক্তি,শক্তিগুলি
- পবিত্র আত্মা, ঈশ্বরের আত্মা, প্রভুর আত্মা, আত্মা
- গালীল, গালিলীয়, গালিলীয়রা

26:02

যীশু নাসরৎ নগরে যেখানে তিনি তাঁর বাল্যকালে বসবাস করতেন, সেখানে গেলেন।বিশ্রাম দিনে তিনি **আরাধনালয়ে** গেলেন।তারা তাকে **যিশাইয় ভাববাদীর পুস্তকটি** দিল যেন তিনি সেখান থেকে পড়েন।যীশু সেই **পুস্তকটিকে খুললেন** আর লোকেদের কাছে সেখান থেকে এক অংশ পড়লেন।

আরাধনালয়ে

তা হল, “সেই ভবন যেখানে ইহুদিরা আরাধনা করার জন্য একত্র হত।” এটাকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “আরাধনা করার ভবন।”

পুস্তক

এটি ছিল একটি নথিপত্র যা ছিল একটি লম্বা কাগজের বা চামড়ার পৃষ্টা বিশেষ যেটি পেঁচানো অবস্থায় রাখা হত আর এই লম্বা পৃষ্ঠায় লেখা হত।

যিশাইয় ভাববাদীর পুস্তকটি

তা হল, “সেই নথিপত্র বাক্যগুলো যেটিতে যিশাইয় ভাববাদীর লেখাগুলোকে অনুরূপভাবে লেখা হয়েছিল।” যিশাইয় প্রায় শত শত বছর আগে কোনো একটি নথিপত্রে লিখেছিলেন। এটি ছিল তারই একটি অনুরূপ নথিপত্র।

পুস্তকটিকে খুললেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “নথিপত্রটিকে ঘুরিয়ে ঘুরিয়ে তার প্যাচ খুললেন” বা, “নথিপত্রটিকে খুললেন।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- নাসরৎ, নাসরতীয়
- বিশ্রাম দিন
- আরাধনা

- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- যিশাইয়

26:03



যীশু পড়লেন, “ঈশ্বর তার আত্মা আমাকে দিয়েছেন যেন আমি গরিবদের কাছে সুসমাচার ঘোষণা করতে, **বন্দিদের স্বাধীনতা দিতে**, **অন্ধদের দৃষ্টি দিতে** আর **দলিতদের মুক্ত করতে** পারি। এটা হল **ঈশ্বরের অনুগ্রহের বছর**।

গরিবদের সুসমাচার ঘোষণা করতে

তা হল, “গরিব ও অভাবে পরা লোকেদের সুসমাচার শোনানো যে ঈশ্বর তাদের সাহায্য করবেন।”

বন্দিদের স্বাধীনতা দিতে

তা হল, “অন্যায়ভাবে জেলে বন্দিদেরকে বলা যে তারা মুক্ত হবে।”

অন্ধদের দৃষ্টি দিতে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যারা অন্ধ তারা তাদের দৃষ্টি পাবে।”

দলিতদের মুক্ত করতে

তা হল, “সেই লোকেদের যারা জীবনে অন্যায় সহ্য করেছে।

ঈশ্বরের অনুগ্রহের বছর

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সেই সময়কাল যখন ঈশ্বর আমাদের উপর দয়ালু হবেন” বা, “সেই সময় যখন প্রভু আমাদের উপর অনুগ্রহ করবেন।”

translationWords

- ঈশ্বর

- পবিত্র আত্মা, ঈশ্বরের আত্মা, প্রভুর আত্মা, আত্মা
- ভাল খবর, সুসমাচার
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের

26:04



তার পর যীশু বসে পরেনন।সকলেই তার প্রতি একাগ্র দৃষ্টি রাখছিল ।যা তিনি পড়লেন সেই অনুচ্ছেদটিকে তারা জানত যে তা খ্রীষ্টকে নির্দেশ দিচ্ছে। যীশু বললেন, “যে বাক্য সকল আমি তোমাদের কাছে পড়েছি সে সকল এখন থেকে পূর্ণ হচ্ছে।”সকল লোক **আশ্চর্য হল**।“**এ যোষেফের ছেলে নয় কি?**” তারা বললেন।

যে বাক্য সকল আমি তোমাদের কাছে পড়েছি সেসকল এখন থেকে পূর্ণ হচ্ছে

অন্য ভাবে অনুবাদ করলে তা হবে, “যে বাক্য তোমরা আমার মুখে শুনলে তা এই মুহূর্তে পূর্ণ হল” বা, “আজ যে বাক্য আমি পড়লাম তা সত্য হল যেমন তোমরা তা শুনলে।”

আশ্চর্য হল

সে শব্দের সাথে “আশ্চর্য” শব্দটিকে অনুবাদ করুন যার অর্থ হবে যে তারা চকিত হল, আচমকা হল, আর ভ্রমিত হল।

এ যোষেফের ছেলে নয় কি?

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “এই পুরুষটি হল কেবল যোষেফের পুত্র!” বা, “সকলে জানে যে তিনি যোষেফের সন্তান!” লোকেরা এটা জিজ্ঞেসা করলো না যে তিনি যোষেফের পুত্র কি না!” তারা আশ্চর্য্য হলো যে ইনি কিভাবে খ্রীষ্ট হতে পারেন, যখন কি তারা জানে যে তিনি একজন সাধারণ পুরুষ।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- খ্রীষ্ট, অভিষিক্ত
- যোসেফ (নতুন নিয়ম)

26:05

তারপর যীশু বললেন, “এ সত্য যে **কোনোও ভাববাদী তার নিজ এলাকায় গ্রহণ হন না**।এলিয় ভাববাদীর সময়কালে, ইসরাইলে প্রচুর বিধবারা ছিল। কিন্তু যখন সাড়ে তিন বছর বৃষ্টি হয়নি, তখন ঈশ্বর এলিয়কে সাহাযার্থে ইসরাইল থেকে একটিও বিধবাকে পাঠাননি কিন্তু বরং এক ভিন্ন দেশ থেকে এক বিধবাকে পাঠিয়েছিলেন।

কোনোও ভাববাদী তার নিজ এলাকায় গ্রহণ হন না

এই বাক্যাংশটির অর্থ হল, “একজন ভাববাদীর ক্ষমতা সেই লোকেরা চিনতে পারে না যাদের মধ্যে তিনি বড় হয়ে থাকেন।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- সত্য, সত্য, সত্যগুলি
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- এলিয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- ঈশ্বর

26:06

যীশু আরও বললেন, “**ইলীশায়** ভাববাদীর সময়কালে, ইসরাইলে চর্মরোগী প্রচুর ছিল।কিন্তু ইলীশায় তাদের একটিকেও সুস্থ করেননি।তিনি কেবল নামানকে যিনি ইসরাইলের শত্রু পক্ষের **সেনাপতি** ছিলেন সুস্থ করেলেন। যে লোকেরা যীশুকে শুনছিল তারা ইহুদি ছিল।তাই যখন তারা সেসব শুনলো, **তারা তার প্রতি ক্রুদ্ধ হল**।

ইলীশায়

ইলীশায় হলেন ঈশ্বরের ভাববাদী যিনি এলিয়ের পরে এসেছিলেন। এলিয়ের ন্যায়, ইলীশায়ও ইস্রায়েলের রাজাদের ভর্ৎসনা করেন যারা ঈশ্বরের বিরুদ্ধে পাপ করছিল আর তিনি চমৎকার করেছিলেন যেমন ঈশ্বর তাকে শক্তি দিয়েছিলেন।

সেনাপতি

তা হল, “একজন ফৌজি নায়ক।”

তারা তার প্রতি ক্রুদ্ধ হল

ইহুদিরা শুনতেই চাইত না যে ঈশ্বর তাদের ছাড়া অন্য কোনো মানুষ জাতিদের আর্শিবাদ করেছেন, তাই তারা যীশু যা বলেছিলেন তাঁর প্রতি ক্রুদ্ধ হয়েছিল।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- নিরাময়, নিরাময় হওয়া, সুস্থ হওয়া, সুস্থকরা, সুস্থ, সুস্থ করা, সুস্থ করা, নিরাময়কারী, স্বাস্থ্য, স্বাস্থ্যকর, অস্বাস্থ্যকর
- নামান
- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়

26:07

নাসরতের লোকেরা আরাধনালয় থেকে যীশুকে টেনে বের করে দিল আর পাহাড়ের প্রান্তে নিয়ে এলো যেন তাকে হত্যা করতে পারে।কিন্তু যীশু ভিড়ের মধ্যে থেকে চলে গেলেন আর নাসরৎ নগর ছেড়ে দিলেন।

আরাধনালয়ে

তা হল, "সেই ভবন যেখানে ইহুদিরা আরাধনা করার জন্য একত্র হত।" এটাকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "আরাধনা করার ভবন।" 26-02-তে আপনার অনুবাদটিকে দেখুন।

কিন্তু যীশু ভিড়ের মধ্যে থেকে চলে গেলেন

"কিন্তু" শব্দটিকে একটি বিপরীত ভাবের শব্দের বা বাক্যাংশের সাথে অনুবাদ করতে হবে যেমন "কিন্তু বরং" বা, "যাইহোক" এটা দেখাতে যে লোকেরা যীশুর সাথে তা করতে পারল না যা তারা করতে চেয়েছিল।

translationWords

- নাসরৎ, নাসরতীয়
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- আরাধনা

26:08

তারপর যীশু **গালীল প্রদেশের সব অঞ্চলে গেলেন**, আর এক বড় ভিড় তার কাছে এলো। তারা বহু লোকেদের তার কাছে নিয়ে এলো যারা রোগী ও পঙ্গু ছিল, তাদের মধ্যে অন্ধ, খোঁড়া, বোবা, ও বধিরও ছিল আর যীশু সকলকে সুস্থ করলেন।

গালীল প্রদেশের সব অঞ্চলে গেলেন

তা হল, “গালীলের সর্বত্র” বা, “গালীলের জায়াগায় জায়গায়।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- গালীল, গালিলীয়, গালিলীয়রা
- নিরাময়, নিরাময় হওয়া, সুস্থ হওয়া, সুস্থকরা, সুস্থ, সুস্থ করা, সুস্থ করা, নিরাময়কারী, স্বাস্থ্য, স্বাস্থ্যকর, অস্বাস্থ্যকর

26:09

বহু ভূতগ্রস্ত লোকেদেরও যীশুর কাছে নিয়ে আসা হল।যীশুর আদেশে, লোকেদের ভিতর থেকে ভূত বেরিয়ে আসলো আর কখনো কখনো তারা চিৎকার করত, “আপনি হলেন ঈশ্বরের পুত্র!”লোকেদের ভিড় আশ্চর্য হল আর ঈশ্বরের আরাধনা করল।

বহু ভূতগ্রস্ত লোকেদের

তা হল, “যারা দুষ্ট আত্মাদের দ্বারা নিয়ন্ত্রিত ছিল।”

যীশুর আদেশে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যখন যীশু তাদের আদেশ দিতেন।”

translationWords

- দৈত্য, মন্দ আত্মা, অশুচি আত্মা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- দৈত্য, মন্দ আত্মা, অশুচি আত্মা
- ইশ্বরের পুত্র, পুত্র
- আরাধনা
- ঈশ্বর

26:10



তারপর যীশু বারো জন লোকেদের নির্বাচন করলেন যাদের তার প্রেরিত বলা হয়।প্রেরিতরা যীশুর সাথে ভ্রমন করত আর তার কাছ থেকে শিক্ষা নিত।

তাঁর কাছ থেকে শিক্ষা নিত

তা হল, "তাঁর কাছ থেকে শিখল যা তিনি তাদের শেখালেন" বা, "তাঁর বলা ও করা সকল কিছু থেকে শিখল।"

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ৪:১২-২৫; মার্ক ১:১৪-১৫, ৩৫-৩৯; ৩:১৩-২১; লুক ৪:১৪-৩০, ৩৮-৪৪

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- প্রেরিত, প্রেরিতরা, প্রেরিতত্ব

ভালো শমরীয়ের কাহিনী

27:01



একদিন, **ইহুদি ব্যবস্থার নিপুন** এক গুরু এলেন **যীশুকে পরীক্ষা করতে**, বললেন, “গুরু, **অনন্ত জীবন পাওয়ার** জন্য আমাকে কি করতে হবে?”যীশু উত্তর দিলেন, “**ঈশ্বরের বাক্যে কি লেখা আছে?**”

একদিন

এই বাক্যাংশটি একটি ঘটনার পরিচয় দেয় যা অতীতে ঘটেছিল, কিন্তু যার নির্দিষ্ট সময় বলা হয়নি। কিছু কিছু ভাষায় একই রকম মাধ্যম প্রয়োগ করা হয় একটি সত্য কাহিনী আরম্ভ করার জন্য।

ইহুদি ব্যবস্থার নিপুন

এই ব্যক্তিটি ছিলেন একজন যিনি ইস্রায়েলীয়দের ঈশ্বরের নিয়ম

যীশুকে পরীক্ষা করতে

তা হল, “এটি দেখতে যে যীশু সঠিক উত্তর দেন কি না।”

অনন্ত জীবন পাওয়ার

তা হল, “ঈশ্বরের সাথে অনন্তকালের জীবন বাঁচা” বা, “যেন ঈশ্বর আমাকে অনন্তকাল জীবন দেন” বা, “ঈশ্বরের তরফ থেকে অনন্তকালের জীবন গ্রহণ করা।” আইনজীবী এ বিষয় জানতে চেয়েছিলেন ঈশ্বর পিতার কাছ থেকে যে তিনি কিভাবে অনন্তকালের জীবন পাওয়ার যোগ্য হতে পারেন।

অনন্ত জীবন

এটি উল্লেখ করে মৃত্যুর পর ঈশ্বরের সাথের চিরকালের জীবনকে। মুখ্য টীকামন্তব্যের পৃষ্টাটিকে দেখুন।

ঈশ্বরের বাক্যে কি লেখা আছে?

তা হল, “এ সম্বন্ধে ঈশ্বরের নিয়মে কি লেখা আছে?” যীশু এই প্রশ্নটি করলেন কারণ তিনি জানতে চেয়েছিলেন যে লোকটি ঈশ্বরের নিয়মে কি শেখায় তার বিষয়ে কি চিন্তা করে।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিক্ষক, শিক্ষকরা, শিক্ষক
- উত্তারিধিকারী, উত্তারাধিকার, ঐতিহ্য, বংশ
- অনন্তকাল, অনন্ত, চিরস্থায়ী, চিরকাল
- ব্যবস্থা, মোশির ব্যবস্থা, ঈশ্বরের ব্যবস্থা, সদাপ্রভুর ব্যবস্থা

27:02



ব্যবস্থার নিপুন গুরু উত্তর দিলেন, “তোমার প্রভু ঈশ্বরকে তোমার **সম্পূর্ণ হৃদয়**, **প্রাণ**, **শক্তি**, **আর মন দিয়ে** প্রেম কর। আর **তোমার প্রতিবেশীকে নিজের সমান প্রেম কর**।”যীশু উত্তর দিলেন, “তুমি সঠিক বলেছ! এমনটাই কর আর তুমি বাঁচবে।”

ব্যবস্থার নিপুন গুরু

তা হল, “ইহুদি ব্যবস্থার নিপুন একজন।” 27-01-এ দেখুন আপনি কিভাবে এই শব্দটির অনুবাদ করেছেন।

তোমার প্রভু ঈশ্বরকে প্রেম কর

আপনি বাছাই করে বলতে পারেন, “আমাদের প্রভু ঈশ্বরকে প্রেম করতেই হবে।” নিশ্চিত হন যেন এমন না শোনায় যে লোকটি যীশুকে আজ্ঞা দিচ্ছে। বরং, তিনি ঈশ্বরের নিয়মকে কেবল উল্লেখ করছেন।

সম্পূর্ণ হৃদয়, প্রাণ, শক্তি, আর মন দিয়ে

তা হল, “তোমার সম্পূর্ণতা দিয়ে” বা, “তোমার সকল অংশ দিয়ে।” কিছু কিছু ভাষায় এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তোমার সকল হৃদয় , শ্বাস, শক্তি আর বিচার দিয়ে।” ধ্যানটি এই সকল অংশে নয় বরং ধ্যান দেওয়া হয়েছে আমাদের সম্পূর্ণতার উপর। আপনার ভাষার সেই বিষয়টির ব্যবহার করুন যা ব্যক্তির সম্পূর্ণতাকে ব্যক্ত করে।

হৃদয়

হৃদয় উলেখ করে ব্যক্তির সেই অংশকে যেটিতে ইচ্ছা ও আকাঙ্ক্ষা রয়েছে।

প্রাণ

প্রাণ অশারীরিকতাকে উল্লেখ করে, যা হল ব্যক্তির আত্মিক অংশ।

শক্তি

শক্তি উল্লেখ করে শরীরকে আর তার সকল ক্ষমতাকে।

মন

মন উল্লেখ করে ব্যক্তির বিচারধারাকে, পরিকল্পনাকে, আর চিন্তাকে।

প্রতিবেশীকে

"প্রতিবেশী" শব্দটি সাধারনত সেই ব্যক্তিকে উল্লেখ করে যে আমাদের কাছাকাছিতে বসবাস করে। ইহুদিরা তাদের নিকট আত্মীয়দের জন্য নাকি কোনো অজানা ব্যক্তি বা শত্রুদের জন্য শব্দটিকে ব্যবহার করত।

তোমার প্রতিবেশীকে নিজের সমান প্রেম কর

তা হল, "সেই পরিমানে তোমার প্রতিবেশিকে ভালবাস যে পরিমানে তুমি নিজেকে ভালবাস।"

translationWords

- ব্যবস্থা, মোশির ব্যবস্থা, ঈশ্বরের ব্যবস্থা, সদাপ্রভুর ব্যবস্থা
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- ঈশ্বর
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত

27:03



কিন্তু **সেই ধর্মগুরু** প্রমান করতে চাইলেন যে তিনি ধার্মিক, তাই তিনি জিজ্ঞাসা করলেন, “**আমার প্রতিবেশী কে?**”

সেই ধর্মগুরু

তা হল, “ইহুদি নিয়মের নিপুন ব্যক্তি।” 27-01-তে দেখুন আপনি কিভাবে এটিকে অনুবাদ করেছেন।

আমার প্রতিবেশী কে?

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “‘প্রতিবেশী’ বলতে আপনি কাকে বোঝাচ্ছেন?” তিনি জানতেন যে তিনি সকলকে ভালবাসতেন না, আর তাই তিনি জিজ্ঞেসা করছেন যে তাকে কাদেরকে ভালবাসতে হবে।

translationWords

- ধার্মিক, ধার্মিকতা, অধার্মিক, অধার্মিকতা, ন্যায়পরায়ণতা, ন্যায়পরায়ণতা

27:04

ব্যবস্থার-গুরুকে যীশু এক দৃষ্টান্ত দ্বারা উত্তর দিলেন।“এক ইহুদি ব্যক্তি ছিলেন যিনি **যেরুশালেমের রাস্তা দিয়ে যিরীহোতে যাচ্ছিলেন**।”

(এই চিত্রটির চারধারের এই অস্পষ্টতাটি ইঙ্গিত করছে যে যীশু একটি কাহিনী বলছেন, আর তিনি কোনো ঐতিহাসিক ঘটনার বিবরণ দিচ্ছেন না।) ব্যবস্থার-গুরুকে- 27-01-তে দেখুন আপনি কিভাবে এটিকে অনুবাদ করেছেন।

যেরুশালেমের রাস্তা দিয়ে যিরীহোতে যাচ্ছিলেন

কিছু কিছু ভাষায় আপনি এটিকে এভাবে অনুবাদ করতে পারেন, “যেরুশালেমের নগর থেকে যিরীহোর নগরে যাচ্ছিলেন” বা, “যেরুশালেম থেকে যিরীহোতে যাচ্ছিলেন।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়
- যিরূশালেম
- যিরিহ

27:05



যখন সেই ব্যক্তি যাত্রা করছিলেন তখন একদল ডাকাত তাকে আক্রমন করে।যা কিছু তার কাছে ছিল তারা তা লুট করল আর প্রায় আধমরা অবস্থা পর্যন্ত পেটালো।তারপর তারা সেখান থেকে চলে গেল।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

যা কিছু তার কাছে ছিল

তা হল, “যাকিছু তার সঙ্গে ছিল, আর তাতে তার পরা পোশাকটিও অন্তর্ভুক্ত ছিল।”

27:06



“তার পর পরই, এক ইহুদি যাজক সেই পথ দিয়ে আসছিলেন। যখন সেই ধার্মিক-নেতা সেই ডাকাতগ্রস্ত ও আঘাতগ্রস্ত ব্যক্তিটিকে দেখলেন, তখন তিনি রাস্তার **অন্য ধার দিয়ে চলে গেলেন**, সেই সাহায্যপ্রার্থী **ব্যক্তিটিকে** উপেক্ষা **করলেন** আর **চলতেই থাকলেন**।

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

অন্য ধার দিয়ে চলে গেলেন

তা হল, “একাই চলে গেলেন।” কিছু কিছু ভাষায় এটি ব্যবহার করা প্রয়োজনীয় হতে পারে যেমন “ভ্রমন” “হাঁটার” চেয়ে যেহেতু যাজকটি কেবল রাস্তা দিয়ে হাঁটছিলেন না কিন্তু ভ্রমন করছিলেন অন্য শহরে যাওয়ার জন্য।

ব্যক্তিটিকে উপেক্ষা করলেন

তা হল, “লোকটিকে সাহায্য করলেন না” বা, “লোকটির প্রতি কোনো ভ্রুক্ষেপ করলেন না।”

চলতেই থাকলেন

তা হল, “তার রাস্তাতে হেঁটে চলা বহাল রাখলেন।” টীকাসমূহ: 27 লেবীয় 27-07 “আরও কিছু সময় পর, এক লেবীয় সেই পথ দিয়ে এলেন। (লেবীয়রা হলেন ইহুদিদের একটি গোত্র যারা মন্দিরে যাজকদের সাহায্য করতেন।) সেই লেবীয়টিও রাস্তার অন্য ধার দিয়ে চলে গেলেন, সেই ডাকাতগ্রস্ত ও আঘাতগ্রস্ত ব্যক্তিটিকে উপেক্ষা করে। গুরুত্বপূর্ণ শব্দসমূহ: ইহুদি টিপ্পনী: মূল শব্দটি হল: ইহুদি বা ইস্রায়েলীয় বা ইসরায়েলবাসী যাজক টিপ্পনী: মূল শব্দটি হল: যাজক, বা পুরোহিত, বা পূজারী মন্দির টিপ্পনী: মূল শব্দটি হল: মন্দির বা উপাসনালয় (যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

সেই পথ দিয়ে এলেন

তা হল, “সেই পথ দিয়ে ভ্রমন করছিলেন।”

লেবীয়রা হলেন ইহুদিদের একটি গোত্র

তা হল, “লেবীয় ছিল ইস্রায়েলীয়দের একটি গোত্র” বা, “লেবীয়রা হলেন ইস্রেলীয় লেবীয় বংশের লোকজন।”

উপেক্ষা

তা হল, “তাকে সাহায্য করলেন না।”

translationWords

- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়
- যাজক, যাজকগণ, যাজকবর্গ
- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা

27:07

“আরও কিছু সময় পর, এক লেবীয় **সেই পথ দিয়ে এলেন**।(**লেবীয়রা হলেন ইহুদিদের একটি গোত্র** যারা মন্দিরে যাজকদের সাহায্য করতেন।)সেই লেবীয়টিও রাস্তার অন্য ধার দিয়ে চলে গেলেন, সেই ডাকাতগ্রস্ত ও আঘাতগ্রস্ত ব্যক্তিটিকে **উপেক্ষা** করে।

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

সেই পথ দিয়ে এলেন

তা হল, “সেই পথ দিয়ে ভ্রমন করছিলেন।”

লেবীয়রা হলেন ইহুদিদের একটি গোত্র

তা হল, “লেবীয় ছিল ইস্রায়েলীয়দের একটি গোত্র” বা, “লেবীয়রা হলেন ইস্রেলীয় লেবীয় বংশের লোকজন।”

উপেক্ষা

তা হল, “তাকে সাহায্য করলেন না।”

translationWords

- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়
- যাজক, যাজকগণ, যাজকবর্গ
- মন্দির

27:08



“আগামী ব্যক্তি যিনি **সেই পথ দিয়ে এলেন** সে হল একজন শমরীয়।(শমরীয়রা হল ইহুদিদেরই বংশের লোকসমূহ যারা অন্য রাষ্ট্রের মানুষদের বিবাহ করেছিল।শমরীয়রা আর ইহুদিরা একে অপরকে ঘৃণা করত।)কিন্তু যখন সেই শমরীয় সেই ইহুদি ব্যক্তিকে দেখলেন তখন তিনি তার প্রতি খুবই সহানুভূতি অনুভব করলেন। তাই তিনি তার যত্ন নিলেন আর তার আঘাত বেঁধে দিলেন।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

সেই পথ দিয়ে এলেন

তা হল, “সেই পথ দিয়ে যাচ্ছিলেন।” এই লোকগুলো সেই পথ দিয়ে অন্য নগরে গিয়েছিলেন। নিশ্চিত হন যে এটি এমন না শোনায় যে তারা কেবল হাঁটছিলেন।

translationWords

- শমরীয়, শমরীয়া
- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়

27:09

“শমরীয় সেই ব্যক্তিটিকে **নিজের গাধার উপর** চড়ালেন আর তাকে এক **সরাই খানা**য় নিয়ে এলেন **যেখানে তিনি তার যত্ন নিলেন**।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

নিজের গাধার উপর

এটি নিশ্চিত করুন যে “তিনি” শব্দটি শমরীয় ব্যক্তিটিকে উল্লেখ করে।

সরাই খানা

তা হল, “একটি হোটেলের মত জায়গা।” এটি ছিল এমন একটি স্থান যেখানে লোকেরা খাবার কিনে খেত আর টাকা দিয়ে রাত কাটাত।

যেখানে তিনি তার যত্ন নিলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যেখানে তিনি তার সেবা করা বহাল রাখলেন।”

translationWords

- শমরীয়, শমরীয়া

27:10



“আগামী দিন, সেই শমরীয়কে **তার যাত্রা পুনরায় বহাল** করতে হত।তাই তিনি **সরাইখানার মালিককে** কিছু টাকা দিলেন আর বললেন, ‘**ইহুদি ব্যক্তিটির সেবা**-যত্ন করতে, আর যদি আপনি বেশি টাকা তার উপর খরচা করে থাকেন তাহলে যখন আমি এই পথ দিয়ে ফিরব তখন **আমি তা শোধ করে দেব**।’"

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

তার যাত্রা পুনরায় বহাল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে, “তার গন্তব্যের দিকে যাত্রা করা বহাল রাখলেন।”

সরাইখানার মালিককে

তা হল, “যিনি পরিচালনা করতেন।” এটি এমন হতে পারে যে এই লোকটি হোটেলটির মালিক হতে পারেন।

ইহুদি ব্যক্তিটির সেবা

যত্ন

আমি তা শোধ করে দেব

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ফিরিয়ে দেওয়া” বা, “সেই টাকা ফিরিয়ে দিব” বা, “পরিশোধ করে দেব।”

translationWords

- শমরীয়, শমরীয়া

27:11



তখন যীশু **সেই ধর্মগুরুকে** প্রশ্ন করেন, “আপনি কি মনে করেন?**সেই তিন ব্যক্তিদের** মধ্যে কে সেই ডাকাতগ্রস্থ আর আঘাতগ্রস্থ **ব্যক্তিটির প্রতিবেশী**?”তিনি উত্তর দিলেন, “সে যিনি তার উপর দয়াশীল ছিল।”যীশু উত্তর দিলেন, “**তুমিও যাও আর** **একই রকম কর**।”

সেই ধর্মগুরুকে

তা হল, “ইহুদি নিয়মের নিপুন ব্যক্তি।” 27-01-এ দেখুন আপনি কিভাবে এটিকে অনুবাদ করেছেন।

সেই তিন ব্যক্তিদের

সেই তিন ব্যক্তিটি ছিলেন, যাজক, লেবীয় আর শমরীয়। প্রতিবেশী- যীশু এখানে “প্রতিবেশী” শব্দটিকে 27-02-এর ধারণাটির সীমারেখার থেকে বাইরের ধারনাটিকে ব্যবহার করছেন। “প্রতিবাসী” এখানে উল্লেখ করছে যে সেই ব্যক্তি যাদের আমাদের সাহায্যের প্রয়োজন আছে।

ব্যক্তিটির প্রতিবেশী

এটাকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “প্রতিবেশীর মত ব্যবহার কর” বা, “বন্ধুর মত” বা, “স্নেহের সাথে ব্যবহার করা।” দেখুন আপনি 27-02 আর [27-03]-তে “প্রতিবেশী” শব্দটিকে কিভাবে অনুবাদ করেছেন।

তুমিও যাও আর একই রকম কর

তা হল, “তোমাকেও, যাওয়া আর এমনটা করা উচিত” বা, “এখন থেকে তোমাকেও এমনটাই করা উচিত।” যীশু সেই ধর্মগুরুকে আদেশ দিচ্ছিলেন যেন তিনি শমরীয়ের কর্মের মত কাজ করেন।

একই রকম কর

তা হল, “অন্যদের ভালোবাসো, এমনকি তোমাদের শত্রুদেরও ভালোবাসো। নিশ্চিত হন যেন এটি এমন না শোনায় যে “তেমনই কর” যেটি কেবল আঘাতগ্রস্ত ব্যক্তিদের সাহায্য করাকেই উল্লেখ করে।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-লুক ১০:২৫-৩৭

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- দয়া, দয়াশীল

ধনী-শাসক যুবক

28:01



একদিন, **এক ধনী যুবক যিনি সেখানকার শাসক ছিলেন**, **যীশুর কাছে এলেন** আর প্রশ্ন করলেন, “হে **সৎ গুরু**, **অনন্ত জীবন পাওয়ার জন্য** আমাকে কি করতে হবে?”যীশু তাকে বললেন, “**আপনি আমায় কেন “সৎ” বলছেন**?**একজনই মাত্র সৎ রয়েছেন আর তিনি হলেন ঈশ্বর**।কিন্তু আপনি যদি অনন্ত জীবন চান, তবে ঈশ্বরের আজ্ঞা পালন করুন।”

একদিন

এই বাক্যাংশটি একটি ঘটনার পরিচয় দেয় যা অতীতে ঘটেছিল, কিন্তু যার নির্দিষ্ট সময় বলা হয়নি। কিছু কিছু ভাষায় একই রকম মাধ্যম প্রয়োগ করা হয় একটি সত্য কাহিনী আরম্ভ করার জন্য।

এক ধনী যুবক যিনি সেখানকার শাসক ছিলেন

এই ব্যক্তিটি প্রথম থেকেই ধনী ও ক্ষমতাবান রাজনৈতিক নেতা ছিলেন, যদিও তার বয়স অল্প ছিল।

যীশুর কাছে এলেন

তা হল, “যীশুকে জিজ্ঞাসা করলেন।”

সৎ গুরু

তা হল, “ধার্মিক শিক্ষক।” তিনি এমন বলছিলেন না যে যীশু কেবল একজন ব্যবস্থার নিপুন গুরু ছিলেন।

অনন্ত জীবন পাওয়ার জন্য

তা হল, “অনন্ত জীবন পেতে” বা, “ঈশ্বরের সাথে চিরকাল বসবাস করতে।” আরো ধ্যান দিন যে “অনন্তকালের জীবন” আপনি 27-01-এ অনুবাদ করেছেন আর সেখানকার টীকাটিও দেখুন।

আপনি আমায় কেন “সৎ” বলছেন

যীশু এটিকে উপেক্ষা করছেন না যে তিনি সৎ নন। বরং, তিনি জিজ্ঞেসা করছিলেন যে তিনি কি যীশুকে ঈশ্বর তো বলছেন না।

একজনই মাত্র সৎ রয়েছেন আর তিনি হলেন ঈশ্বর

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “কেবল ঈশ্বরই একজন সত্যিকারের উত্তম বা সৎ।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ভালো, সততা
- শিক্ষক, শিক্ষকরা, শিক্ষক
- অনন্তকাল, অনন্ত, চিরস্থায়ী, চিরকাল
- ঈশ্বর
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- ব্যবস্থা, মোশির ব্যবস্থা, ঈশ্বরের ব্যবস্থা, সদাপ্রভুর ব্যবস্থা

28:02



“**কোনগুলো আমাকে পালন করতে হবে?**” তিনি জিজ্ঞাসা করলেন।যীশু উত্তর দিলেন, “হত্যা কর না।ব্যভিচার কর না। চুরি কর না।মিথ্যা বল না।নিজ পিতামাতাকে আদর কর, আর নিজ প্রতিবেশীকে **নিজ সমান প্রেম কর**।”

কোনগুলো আমাকে পালন করতে হবে?

তা হল, “কোন আদেশটি আমার জন্য যথেষ্ট হবে পালন করা অনন্ত জীবন পাওয়ার জন্য?”

নিজ সমান প্রেম কর

তা হল, “যতটা তুমি নিজেকে ভালোবাসো” বা “যে পরিমানে তুমি নিজেকে ভালোবাসো।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ব্যভিচার, ব্যভিচারী, ব্যভিচারী পুরুষ, ব্যভিচারিনী, ব্যভিচারী পুরুষেরা, ব্যভিচারী নারীরা
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা

28:03



কিন্তু সেই যুবক বললেন, “আমি এই সকল ব্যবস্থা **আমার বাল্যকাল থেকে** পালন করে আসছি।অনন্তকাল বাঁচবার জন্য **আমাকে আরো কি করতে হবে?**”যীশু তাকে দেখলেন ও **স্নেহ করলেন**।

আমার বাল্যকাল থেকে

এটিকে অন্যভাবে বললে এটি হবে, “যখন আমি বালক ছিলাম তখন থেকে এখন পর্যন্ত।”

আমাকে আরো কি করতে হবে?

তা হল, “আর কি আমাকে করতে হবে” বা, “এর সাথে অতিরিক্ত আর কি করতে হবে?”

স্নেহ করলেন

যীশু তার প্রতি সহানুভূতি দেখালেন। “স্নেহের” জন্য এমন একটি শব্দের বাছাই করুন যেমন ঈশ্বরের প্রেম মনুষ্য জাতির প্রতি হয়ে থাকে।

translationWords

- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- ব্যবস্থা, মোশির ব্যবস্থা, ঈশ্বরের ব্যবস্থা, সদাপ্রভুর ব্যবস্থা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা

28:04

যীশু উত্তর দিলেন, “যদি **আপনি সিদ্ধ** হতে চান তবে **আপনার যা কিছু বিষয়বস্তু আছে** তা বিক্রি করুন আর সেই টাকা গরিবদের বিতরণ করুন আর **স্বর্গে** আপনার বিষয়-**সম্পত্তি** হবে। তারপর, আসুন আর আমার অনুকরণ করুন।”

আপনি

যদি আপনার ভাষায় “আপনার” শব্দটির জন্য কোনো অন্য শব্দ থেকে থাকে তাহলে তার ব্যবহার করতে পারেন (যেহেতু ইংরেজি শব্দ you বা ইউ একবচন ও বহুবচনের হয়ে থাকে)। যীশু সেই একটি ব্যক্তিকে নির্দেশ দিচ্ছিলেন।

সিদ্ধ

তা হল, “ সম্পূর্ণভাবে ধার্মিক।”

আপনার যা কিছু বিষয়বস্তু আছে

তা হল, “তোমার সকল সম্পত্তি।”

সম্পত্তি

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ধন” বা, “প্রচুর সম্পদ।”

স্বর্গে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “স্বর্গীয় স্থানে যখন আপনি সেখানে পৌঁছাবেন।” এই সম্পদ স্থায়ী থাকবে “সেখানে,” সেই সম্পদের বিপরীতে যীশু বলছেন যা সেই অল্প বয়সী লোকটির কাছে ছিল “এখানে।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয়

28:05



যখন সেই যুবক, **যা কিছু যীশু বললেন, শুনলেন**, তিনি খুবই দুঃক্ষিত হলেন, কেননা তিনি খুবই ধনী ছিলেন আর যা কিছু তার ছিল সেগুলো দিতে চাইতেন না।তিনি ফিরলেন আর যীশুর কাছে থেকে চলে গেলেন।

যা কিছু যীশু বললেন, শুনলেন

তা হল, “শুনলেন যে যীশু তাকে বললেন যে তার সম্পত্তিকে দিয়ে দিতে।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

28:06

তারপর যীশু তার শিষ্যদের বললেন, “ধনীদের জন্য এটি খুবই কঠিন **ঈশ্বরের রাজ্যে প্রবেশ করা**!হ্যাঁ, সুঁচয়ের ছিদ্র থেকে প্রবেশ করে পার হওয়া একটি **উট**ের জন্যও সহজ কিন্তু ঈশ্বরের রাজ্যে একজন ধনী ব্যক্তির প্রবেশ ততটাই কঠিন৷

ঈশ্বরের রাজ্যে প্রবেশ করা

এটাকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বরের রাজ্যের নাগরিক হওয়া।”

উট

উট হল একটি বিরাট পশু যা জিনিসপত্র বহন করার জন্য ব্যবহার করা হয়৷ যদি আপনার ভাষায় উট পরিচিত পশু না হয় তবে এমন একটি বাক্যাংশের প্রয়োগ করুন যেমন, “খুব বড় পশু” বা, “বহনকারী পশু।” যদি আপনি এর জন্য কোনো বিকল্প পশুর নাম ব্যবহার করেন, তবে নিশ্চিত হন যে সেই পশুটি যীশুর শ্রোতাদের পরিচিত হওয়া দরকার, যেমন “গাধা” বা, “ষাঁড়।”

সুঁইয়ের ছিদ্র থেকে

এটি উল্লেখ করে একটি ছোট্ট ছিদ্রের যা সুঁইয়ের দ্বারা করা হয়৷ বিচারটি হল যে একটি উটের মত বড় পশুর সুঁইয়ের ছিদ্র থেকে যাওয়া অসম্ভব ব্যাপার৷

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য

28:07



যখন শিষ্যরা শুনলেন যা যীশু বললেন তখন তারা **আশ্চর্য করল** আর বলল, "তাহলে করা **উদ্ধার** পেতে পারে?"

আশ্চর্য করল

তা হল, "খুবই আশ্চর্য হল।"

তাহলে কারা উদ্ধার পেতে পারে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "যদি ধনী ব্যক্তিরাও উদ্ধার না পায়, তবে কিভাবে অন্যরা উদ্ধার পাবে?" অনেকেই বিশ্বাস করত যে ধনী হওয়াটা দেখায় যে তারা ঈশ্বরের অনুগ্র প্রাপ্ত ব্যক্তি।

উদ্ধার

এখানে এটি উল্লেখ করে ঈশ্বরের ন্যায় বিচার থেকে আর তাদের পাপের দোষারোপ থেকে রক্ষা পাওয়া আর ঈশ্বরের রাজ্যের নাগরিক হওয়া।

translationWords

- শিষ্য, শিষ্যরা
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ

28:08



যীশু শিষ্যদের দেখলেন আর বললেন, “**লোকেদের জন্য এ অসম্ভব** কিন্তু **ঈশ্বরের জন্য সকল কিছুই সম্ভব**।”

লোকেদের জন্য এ অসম্ভব

তা হল, “এমনটি করা লোকেদের জন্য অসম্ভব” বা, “সামান্য মনুষ্য জাতি নিজেদের রক্ষা করতে পারবে না।”

ঈশ্বরের জন্য সকল কিছুই সম্ভব

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বর কোনও কিছু করতে সক্ষম, এমনকি একজন ধনী ব্যক্তিকেও রক্ষা করতে” বা, “ঈশ্বর অসম্ভব সবকিছু করতেও সক্ষম, তাই তিনি একজন ধনীকেও রক্ষা করতে সক্ষম।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- ঈশ্বর

28:09



পিতর যীশুকে বললেন, “আমরা **সকল কিছু পরিত্যাগ করেছি** আর আপনাকে অনুস্বরণ করেছি৷আমাদের পুরষ্কার কি হবে?”

সকল কিছু পরিত্যাগ করেছি

তা হল, “সকলকিছু পরিত্যাগ করেছি” বা, “সকল কিছু ছেড়ে দিয়েছি৷”

আমাদের পুরুষ্কার কি হবে?

অন্যভাবে এটিকে বললে হবে, “কি পুরুষ্কার আমরা পাব” বা, “কিভাবে আমাদের পুরুষ্কৃত করা হবে?” বা, “ঈশ্বর আমাদের পুরুষ্কার রূপে কি দেবেন?” এর সাথে অতিরিক্ত যোগ করতে হতে পারে, “যেহেতু আমরা এসকল করেছি?”

translationWords

- পিতর, শিমোন পিতর, কৈফা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

28:10



যীশু উত্তর দিলেন, “প্রত্যেকে যারা ঘর, ভাই, বন, পিতা, মাতা, সন্তান, বা সম্পত্তি **আমার জন্য ত্যাগ করেছে**, তারা তার ১০০গুনেরও বেশি পাবে আর অনন্ত জীবনও পাবে।কিন্তু **অনেকে যারা প্রথম তারা অন্তিম হবে** আর **অনেকে যারা অন্তিম তারা প্রথম হবে**।”

ত্যাগ করেছে

তা হল, “পিছনে ছেড়ে এসেছি” বা, “দিয়ে দিয়েছি” বা, “ঈশ্বরের তুলনায় কম গুরুত্বপূর্ণ ভেবেছি।”

আমার জন্য

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “আমার কারণে” বা, “আমার পরিপেক্ষিতে।”

100গুনেরও বেশি

তা হল, “তার পূর্বের থাকা বিষয়সমূহ থেকে আরও অনেক বেশি।”

অনেকে যারা প্রথম তারা অন্তিম হবে

তা হল, “অনেকেই যারা এখন গুরুত্বপূর্ণ, তখন অগুরুত্বপূর্ণ হবে।

অনেকে যারা অন্তিম তারা প্রথম হবে

তা হল, “বহু লোক যাদের পৃথিবীতে অগুরুত্বপূর্ণ বলে ধরা হয় তারা স্বর্গে খুবই গুরুত্বপূর্ণ হবে” বা, “অনেক লোকেদের যাদের এখানে কম গুরুত্বপূর্ণরূপে ধরা হয় তাদের স্বর্গে প্রচুর গুরুত্ব হবে।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে:মথি ১৯: ১৬-৩০; মার্ক ১০:১৭-৩১; লুক ১৮:১৮-৩০

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- অনন্তকাল, অনন্ত, চিরস্থায়ী, চিরকাল

নির্দয় চাকরের কাহিনী

29:01



একদিন, পিতর যীশুকে জিজ্ঞাসা করলেন, “প্রভু, আমি **আমার ভাইকে** কত বার ক্ষমা করব যখন কি সে **আমার বিরুদ্ধে পাপ করেছে**? সাতবার পর্যন্ত কি?”যীশু বললেন, “**সাতবার নয়, বরং সাত গুন সত্তর বার পর্যন্ত**!”**এর দ্বারা যীশু বলছেন** যে আমাদের সবসময়ই ক্ষমা করা দরকার।তারপর যীশু একটি দৃষ্টান্ত বললেন।

একদিন

এই বাক্যাংশটি একটি ঘটনার পরিচয় দেয় যা অতীতে ঘটেছিল, কিন্তু যার নির্দিষ্ট সময় বলা হয়নি। কিছু কিছু ভাষায় একই রকম মাধ্যম প্রয়োগ করা হয় একটি সত্য কাহিনী আরম্ভ করার জন্য।

আমার ভাইকে

এই শব্দটি সেই লোকেদের ধরা হয় যারা কেবল আত্মীয়ই নয় বরং যারা একই ধর্মের, জাতির, পৃষ্টভূমির, ইত্যাদির লোক।

আমার বিরুদ্ধে পাপ করেছে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “কিছু ভুল বা খারাপ করেছে আমার বিরুদ্ধে।”

সাতবার নয়, বরং সাত গুন সত্তর বার পর্যন্ত

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তোমাকে কেবল সাত বারই ক্ষমা করা উচিত তা নয় বরং তোমাকে সত্তর গুন সত্তর বার ক্ষমা করা উচিত।” যীশু কোনো নির্দিষ্ট সংখ্যার বিষয়ে বলছিলেন না। তিনি বলছিলেন যে আমাদের লোকেদের ক্ষমা করতে হবে যত বার তারা আমাদের বিরুদ্ধে পাপ করবে।

এর দ্বারা যীশু বলছেন

তা হল, “যখন যীশু বলছিলেন তার মানেটি ছিল এই যে।”

translationWords

- পিতর, শিমোন পিতর, কৈফা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

29:02

যীশু বললেন, "**ঈশ্বরের রাজ্য হল একটি রাজার তুল্য** যিনি তার চাকরদের কাছে **হিসাব নিকাশ নিতে চাইলেন**।একজন চাকর তার কাছে এক বিরাট ঋণের দায়ে ছিল প্রায় ২,০০,০০০ বছরের শ্রমের দেনা।"

ঈশ্বরের রাজ্য হল

এটিকে অন্যভাবে বললে এটি হবে, "ঈশ্বরের শাসন লোকেদের উপর হল যেমন" বা, "এই ভাবে ঈশ্বরের শাসনকে তুলনা করা যেতে পারে।"

একটি রাজার তুল্য

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "একজন রাজার শাসনের তুল্য" বা, "একজন রাজার শাসন করার তুলনায় হতে পারে যিনি।"

হিসাব নিকাশ নিতে চাইলেন

তা হল, "তার চাকরদের কাছে হিসাব চাইলেন যারা তার কাছে ঋণী ছিল" বা, "সেই টাকা নেওয়া যা তার কাছ থেকে তার চাকরেরা ঋণ নিয়েছিল।"

translationWords

- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা

29:03

“যেহেতু সেই চাকর তার **দেনা মেটাতে** পারলনা তাই রাজা বললেন, “এই ব্যক্তিকে আর তার পরিবারকে ক্রীতদাস রূপে বিক্রি কর **আমার দেনা মেটাবার জন্য**।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

দেনা মেটাতে

তা হল, “রাজার কাছে নেওয়া তার ঋণ ফিরিয়ে দিতে পারলোনা।”

আমার দেনা মেটাবার জন্য

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আর তাদেরকে বিক্রয় করে সেই টাকা ব্যবহার করে তার আমার কাছে নেওয়া ঋণের কিছু অংশ মেটাও।

translationWords

- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা

29:04

“সেই চাকর **রাজার সামনে** তার হাঁটু পেতে মিনতি করল আর বলল, ‘আমার উপর ধৈর্য্য ধরুন আর আমি আমরা সকল ঋণ মিটিয়ে দেবো।’সেই চাকরটির জন্য রাজার **করুনা হল**, তাই তিনি **তার সকল দেনা ক্ষমা করলেন** আর তাকে যেতে দিলেন।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

তার হাঁটুতে এলো

তা হল, “ভূমিতে হাঁটু পেতে তাড়াতাড়ি মিনতি করলো।” এটি ছিল তার নম্রতা দেখাবার একটি পদ্ধতি আর তার ইচ্ছে ছিল যেন রাজা তাকে সাহায্য করেন।” নিশ্চিত হন যেন তিনি খত হয়ে পরে যান নি।

রাজার সামনে

এর অর্থ হল, “রাজার সম্মুক্ষে।”

করুনা হল

তা হল, “সহানুভূতি হল” বা, “বা তার দুঃখ হল।” রাজা জানতেন যে সেই চাকর আর তার পরিবারকে যদি তিনি বিক্রয় করেন তবে তারা খুবই কষ্ট পাবে।

তার সকল দেনা ক্ষমা করলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “বললেন যে চাকরটিকে সেই টাকা ফিরিয়ে দেওয়ার প্রয়োজন নেই যা তিনি রাজার কাছে ঋণ নিয়েছিল।

translationWords

- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়

29:05

“কিন্তু সেই চাকর যখন রাজার কাছ থেকে চলে গেল তখন **সে তার সহকর্মী এক চাকরকে** দেখতে পেল যে তার কাছে চার মাসের শ্রমের দেনার দায়ী ছিল। সেই চাকরটি তার সহ-চাকরকে খপ করে ধরল আর বলল, ‘আমার টাকা ফিরিয়ে দে যা তুই আমার কাছ থেকে ঋণ নিয়েছিস!”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

সে তার সহকর্মী এক চাকরকে

এটি উল্লেখ করে অন্য এক পুরুষকে যিনিও রাজার চাকর ছিলেন।

translationWords

- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা

29:06

“সেই **সহ**-চাকর তার পায়ে পড়ল আর বলল, ‘আমার প্রতি ধৈর্য্য ধরো, আর আমি সকল দেনা মিটিয়ে দেবো।’ কিন্তু তার বিপরীতে, সেই চাকর তার সহ-চাকরকে জেলে পাঠিয়ে দিল যত দিন না সে তার দেনা চুকিয়ে দেয়।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।) সহ-

চাকর 29-05এ দেখুন আপনি এই বাক্যাংশটিকে কিভাবে অনুবাদ করেছেন। তার পায়ে পরল- এই বাক্যাংশটিরও 29-04-র মত অর্থ হবে।

সহ

চাকরকে জেলে পাঠিয়ে দিল “পাঠিয়ে দিল” শব্দটি একটি রূপক আর যার অর্থ হল জোর করে পাঠিয়ে দেওয়া।

translationWords

- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা

29:07



“অন্য কিছু চাকরেরা দেখল **যে কি ঘটেছে** আর তারা খুবই অস্বস্থি বোধ করল।তারা রাজার কাছে গেল আর তাকে সকল কিছু খুলে বলল।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

যে কি ঘটেছে

তা হল, “যে সেই চাকরটি অন্য চাকরটির দেনা ক্ষমা করতে চাইল না আর তাকে জেলে পাঠিয়ে দিল।”

খুবই অস্বস্থি বোধ করলো

তা হল, “গভীরভাবে শোকার্ত হল” বা, “ ক্ষোব প্রকাশ করলো।

সকলকিছু

তা হল, “তারা রাজাকে বলল যে চাকরটি অন্য চাকরটির সাথে কি করেছে।”

translationWords

- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়

29:08

“রাজা **সেই চাকরটিকে ডেকে পাঠালেন** আর বললেন, “তুমি হে দুষ্ট চাকর! আমি তোমার সকল দেনা ক্ষমা করেছি কেননা তুমি তা করতে আমায় **অনুনয় বিনয় করেছিলে**।তোমার কি সেই সহ-চাকরের প্রতিও **তেমনটাই করা উচিত ছিল** না।’রাজা ভীষণ ক্রুদ্ধ হলেন আর তিনি সেই দুষ্ট চাকরটিকে **জেলে বন্দী করে দিলেন** যতদিন না সে তার সকল দেনা মেটায়।

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

সেই চাকরটিকে ডেকে পাঠালেন

তা হল, “সেই চাকরটিকে আদেশ দিলেন যেন তার কাছে উপস্থিত হয়” বা, “তার সেনাদের আদেশ দিলেন তাকে তার কাছে নিয়ে আসতে।”

অনুনয় বিনয় করেছিলে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে, “ভিক্ষা করেছিলে” বা, “আমাকে দয়া দেখাতে বলেছিলে।”

তেমনটাই করা উচিত ছিল

তা হল, “তোমার প্রতি ঋণী চাকরটিকেও কি তোমার ক্ষমা করা উচিত ছিল না, যেমন আমি তোমাকে ক্ষমা করেছিলাম।”

জেলে বন্দী করে দিলেন

তা হল, “তার সৈন্যদের আদেশ দিলেন।” দেখুন “পাঠিয়ে দেওয়াকে” আপনি 29-06-এ কিভাবে অনুবাদ করেছেন।

translationWords

- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা
- প্রার্থনা করা, ভিক্ষা, ভিক্ষা করা, ভিক্ষারী
- মন্দ, দুষ্ট, দুষ্টতা

29:09

তারপর যীশু বললেন, “এমনটাই **আমার স্বর্গীয় পিতা** করবেন তোমাদের প্রত্যেকের সাথে, যদি না তোমরা তোমার ভাই বা বোনকে **হৃদয় থেকে** ক্ষমা না কর।”

তারপর যীশু বলেন

কিছু কিছু ভাষা এখানে যুক্ত হতে পারে, “তার শিষ্যদের।” এমনটাই- “এমনটাই” উল্লেখ করে 29-08-এর রাজার ক্ষমাহীন চাকরটির দন্ড দেওয়াকে।

আমার স্বর্গীয় পিতা

তা হল, “আমার পিতা যিনি স্বর্গে আছেন।” যীশু এখানে ঈশ্বর পিতার সাথে তাঁর বিশেষ, বাক্তিগত সম্পর্কটিকে দেখাচ্ছেন। তোমার ভাই- দেখুন আপনি 29-01-তে কিভাবে এটিকে অনুবাদ করেছেন।

হৃদয় থেকে

তা হল, “সততার সাথে” বা, “সত্যি সত্যি ভাবে” বা, “বাস্তবিক ভাবে।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ১৮:২১-৩৫

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- পিতা ঈশ্বর, সর্গস্থ পিতা, পিতা
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা

যীশু পাঁচ হাজার লোকেদের খাওয়ান

30:01



যীশু তার প্রেরিতদের প্রচার করতে আর বিভিন্ন গ্রামের লোকেদের শেখাতে পাঠান। যখন তারা যীশু যেখানে ছিলেন সেখানে ফিরে এলেন, তখন তারা তাকে বলল যে তারা কি কি করেছে।তখন যীশু তাদের বললেন চল আমরা হ্রদের ওপারে যাই যেন অল্প আরাম করতে পারি। তাই, তারা এক নৌকায় চড়ল আর হ্রদের ওপারে চলে গেল।

নির্জন স্থানে

এটি উল্লেখ করে এমন একটি স্থানকে যেখানে খুব কম লোকজন বসবাস করে।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- প্রেরিত, প্রেরিতরা, প্রেরিতত্ব
- প্রচার, প্রচার করা, প্রচার করা, প্রচারক, ঘোষণা করা, প্রচারিত করা, ঘোষণা, বিজ্ঞাপিত, ঘোষণা, ইস্তাহার

30:02



কিন্তু সেখানে অনেক লোক ছিল যারা যীশুকে আর তার শিষ্যদের সেখান থেকে যেতে দেখেছিল।সেই লোকেরা হ্রদের কিনারে কিনারে দৌড়ালো যেন ওপারে গিয়ে তাদের পেতে পারে।তাই যখন যীশু আর তার শিষ্যরা **পৌঁছালো**, এক বিরাট মানুষের ভিড় তাদের অপেক্ষায়, আগে থেকেই সেখানে ছিল।

পৌঁছালো

তা হল, “হ্রদের অন্য প্রান্তে পৌঁছালো” বা, “সেখানে পৌঁছালো।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা

30:03

সেই ভিড়ে ৫০০০রেরও বেশি পুরুষ ছিল, **মহিলা ও বাচ্চাদের গণনা করা হয়নি**।লোকেদের প্রতি যীশুর ভীষণ করুনা হল। **যীশুর জন্য**, সেই লোকেরা ছিল **মেষপালক হারা মেষের দল**। তাই তিনি তাদের শিক্ষা দিলেন আর তাদের মধ্যে যারা অসুস্থ ছিল তাদের সুস্থ করলেন।

মহিলা ও বাচ্চাদের গণনা করা হয়নি

তা হল, "তাদের সাথে যে মহিলারা ও বাচ্চারা ছিল তাদের গণনা করা হয়নি" বা, "আর সেখানে পুরুষদের সাথে অতিরিক্ত ভাবে মহিলাসমূহ ও বাচ্চারাও ছিল।" অন্যভাবে এটিকে অনুবাদ করলে তা এমনও হতে পারে, "অতিরিক্তভাবে, সেখানে মহিলারা ও বাচ্চারা ছিল।"

যীশুর জন্য

তা হল, "যীশু তা জানতেন" বা, "যীশু তা বুঝেছিলেন।"

মেষপালক হারা মেষের দল

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "অরক্ষিত আর হারিয়ে গিয়েছে এমন মেষদের মত যখন তাদের কাছে কোনো মেষপালক নেই তাদের দেখাশোনা করার জন্য।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ভেড়ি, ভেড়িপাল, মেষ, মেষ, ভেড়া, ভেড়ার খোঁয়াড়, ভেড়ার খোঁয়াড়, ভেড়ার লোম, ভেড়ার চামড়া
- পালক, মেষপালক, পালক, পালকৃত্ত করা
- নিরাময়, নিরাময় হওয়া, সুস্থ হওয়া, সুস্থকরা, সুস্থ, সুস্থ করা, সুস্থ করা, নিরাময়কারী, স্বাস্থ্য, স্বাস্থ্যকর, অস্বাস্থ্যকর

30:04



দিনের শেষে, শিষ্যরা যীশুকে বলল, “বেশ দেরী হয়েছে আর কাছা কাছি কোনো নগরও নেই।এই লোকেদের পাঠিয়ে দেন যেন তারা গিয়ে খাওয়ার কিছু কিনতে পারে।”

দিনের শেষে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তখন প্রায় সন্ধ্যা হয়ে গিয়েছিল।”

এই লোকেদের পাঠিয়ে দেন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “অনুগ্রহ করে লোকেদের বলুন নগরে চলে যেতে” বা, “আপনাকে কি এই লোকেদের কোথায়ও চলে যেতে বলা উচিত নয় কি?” বা, “লোকেদের কোনো একটি নগরে যেতে দেওয়া হোক।” নিশ্চিত হন যেন এটি শিষ্টাচারের সাথে শোনায়, কোনো আদেশের মত নয়।

translationWords

- শিষ্য, শিষ্যরা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

30:05



কিন্তু যীশু তার শিষ্যদের বললেন, “তোমরা এদের কিছু খেতে দাও!”তারা উত্তর দিল, “**আমরা তা কি করে করতে পারি?**আমাদের কাছে কেবল পাঁচটি রুটি আর দুটো ছোট মাছ রয়েছে।”

আমরা তা কি করে করতে পারি?

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “আমরা তা করতে পারব না!” বা, “এটি করা অসম্ভব!” শিষ্যেরা কোনো বাস্তবিক প্রশ্ন জিজ্ঞেসা করছিল না। বরং, তারা স্পষ্টভাবে ব্যক্ত করছিল যে তারা ভেবেছিল যে এটা করা সম্ভব নয়।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা

30:06

যীশু তার শিষ্যদের বললেন যেন তারা লোকেদের ভিড়কে পঞ্চাশ লোকেদের দলে বিভক্ত হয়ে ঘাসে বসতে বলে।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা

30:07



তারপর যীশু পাঁচটি রুটি ও মাছ দুটিকে নিলেন, তিনি স্বর্গে তাকালেন আর ঈশ্বরকে ধন্যবাদ করলেন।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয়
- ঈশ্বর

30:08

তারপর যীশু **রুটি ও মাছ টুকরো করলেন**।তিনি টুকরোগুলো শিষ্যদের দিলেন যেন তা লোকেদের দেওয়া হয়।শিষ্যরা তা বিতরণ করল আর **তা ফুরালো না**!সকল লোকেরা তা খেল আর **তৃপ্ত হল**।

রুটি ও মাছ টুকরো করলেন

তা হল, "রুটি ও মাছ ছিঁড়লেন।"

তা ফুরালো না

অন্যভাবে এটিকে বললে তা হবে, "সেখানে সবসময়ই অবশিষ্ট ছিল।"

তৃপ্ত হল

তা হল, "আর ক্ষুধার্থ থাকলো না" বা, "তারপর আর ক্ষিদে থাকলো না।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা

30:09

এরপর, না খাওয়া খাদ্য শিষ্যরা একত্র করল আর তা দিয়ে বারোটি ঝুড়ি ভরে গেল! সেই সকল খাওয়ার সেই পাঁচটি রুটি ও দুটি মাছ থেকেই এসেছিল।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ১৪:১৩-২১; মার্ক ৬:৩১-৪৪; লুক ৬:১০-১৭: যোহন ৬:৫-১৫

translationWords

- শিষ্য, শিষ্যরা

যীশু জলের উপরে হাঁটেন

31:01



তারপর যীশু তার শিষ্যদের নৌকায় চড়তে ও হ্রদের ওপার যেতে বললেন যখন **তিনি লোকেদের বিদায় দিচ্ছিলেন**।যীশু লোকেদের বিদায় দেওয়ার পর, তিনি পর্বতের ওপরের দিকে প্রার্থনার জন্য চলে গেলেন। যীশু সেখানে একা ছিলেন, আর তিনি রাত পর্যন্ত প্রার্থনা করলেন।

তিনি লোকেদের বিদায় দিচ্ছিলেন

এটি বলার অন্য আরেকটি পদ্ধতি হল, “তিনি ভিড়কে তাদের পথে ফিরিয়ে দিলেন” বা, “তিনি লোকেদের ভিড়কে তাদের নিজ গৃহে ফিরে যেতে বললেন।”

পর্বতের দিকে

তা হল, “পর্বতের তরফে।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত

31:02

সে সময়ই, শিষ্যরা **তাদের নৌকায় যাচ্ছিল**, কিন্তু বেশ রাত্রি হওয়ার জন্য তারা হ্রদের কেবল অর্ধেকটাই পার করেছিল। তারা **খুব কষ্টে** দাঁড় টানছিল কেননা বাতাস তাদের বিরুদ্ধে চলছিল।

সে সময়ই

তা হল, "যখন প্রভু যীশু পর্বতের দিকে প্রার্থনা করছিলেন।"

তাদের নৌকায় যাচ্ছিল

নৌকাটিতে পাল ছিল কিন্তু হওয়ার জন্য তা কোনো কাজে লাগছিল না।"

খুব কষ্টে

তা হল, "প্রচুর কষ্টে" বা, "অনেক কষ্টে।"

translationWords

- শিষ্য, শিষ্যরা
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত

31:03

তারপর যীশু প্রার্থনা শেষ করলেন আর শিষ্যদের দিকে এগোলেন।তিনি হ্রদের জলের উপর হেঁটে শিষ্যদের নৌকার কাছে গেলেন।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত

31:04

শিষ্যরা যীশুকে দেখে ভীষণ ভয় পেল কেননা তারা ভেবেছিল যে তারা ভূত দেখছে।যীশু জানতেন যে তারা ভয় পাচ্ছে, তাই তিনি তাদের ডাক দিলেন আর বললেন, "**ভয় পেয় না**।এ যে আমি!"

একটি ভূত

তা হল, "একটি আত্মা।" তারা প্রভু যীশুকে ভেবেছিলেন যে তিনি একটি আত্মা, যেহেতু সাধারনত কোনো মানুষ জলের উপর হাঁটতে পারে না।

ভয় পেয় না

কিছু কিছু ভাষায় এটিকে এখানে এমনভাবে বললে আরও প্রাকৃতিক হবে, "ভয় পাওয়া বন্ধ কর।"

এ যে আমি!

কিছু কিছু ভাষায় এটিকে এমনভাবে অনুবাদ করলে আরও প্রাকৃতিক হবে যে, "এ আমি, যীশু।"

translationWords

- শিষ্য, শিষ্যরা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

31:05

তার পর পিতর যীশুকে বললেন, “প্রভু, **যদি এ আপনি হন** তবে আমাকে আজ্ঞা দিন জলের উপর দিয়ে আপনার কাছে আসতে।” যীশু পিতরকে বললেন, “**এসো তবে!**”

যদি এ আপনি হন

তা হল, “যদি এ সত্যি সত্যিই আপনি হন, আর যদি ভূত না হয়ে থাকেন।”

এসো তবে!

তা হল, “এখানে এসো” বা, “আমার কাছে এসো” বা, “এসো, হেঁটে আমার কাছে।”

translationWords

- পিতর, শিমোন পিতর, কৈফা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের

31:06

তাই, পিতর নৌকা থেকে বাইরে এলেন আর যীশুর কাছে জলের উপর দিয়ে হেঁটে চললেন। কিন্তু কিছুটা হাঁটার পর, তিনি **তার দৃষ্টি যীশুর উপর থেকে সরালেন** আর ঢেউয়ের দিকে তাকালেন আর কঠিন বাতাস অনুভব করলেন।

তার দৃষ্টি যীশুর উপর থেকে সরালেন

এই অভিব্যক্তিটির অর্থ হল, "দূরে তাকালেন।" এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "তার দিকে দেখা বন্ধ করেছিলেন।"

translationWords

- পিতর, শিমোন পিতর, কৈফা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

31:07

পিতর তাতে ভয় পেলেন আর জলে ডুবতে আরম্ভ করলেন।তিনি চিৎকার করে উঠলেন, “প্রভু, আমায় রক্ষা করুন!”যীশু তার কাছে তক্ষনাৎ পৌছালেন আর তাকে ধরে ফেললেন।তারপর তিনি পিতরকে বললেন, “**তুমি অল্পবিশ্বাসী**, **তুমি কেন সন্দেহ করলে?**”

তুমি অল্পবিশ্বাসী

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে যেমন, “তোমার কাছে আমার উপরে বিশ্বাস অল্প!” বা, “তুমি আমাকে খুব বেশি বিশ্বাস কর না!”

তুমি কেন সন্দেহ করলে?

তা হল, “তোমাকে আমার উপর সন্দেহ করা উচিত হয়নি!” বা, “তোমাকে আমার উপর সম্পূর্ণরূপে বিশ্বাস করা উচিত ছিল।” এটি একটি বাস্তবিক প্রশ্ন ছিল না, কিন্তু এই ভাষাটিতে একটি শক্ত বিষয় গঠন করার এটি ছিল একটি পদ্ধতি। কিছু কিছু ভাষায়, এটিকে উক্তির সাথে ব্যক্ত করলে আরও ভালোভাবে তা স্পষ্ট হয়।

translationWords

- পিতর, শিমোন পিতর, কৈফা
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- বিশ্বাস

31:08

যখন পিতর ও যীশু নৌকায় চড়ল, তক্ষনাৎ বাতাস বওয়া বন্ধ হল আর জল শান্ত হল।শিষ্যরা আশ্চর্য হল।তারা যীশুর আরাধনা করল, তাকে এই বলে যে, “**সত্য সত্যই, আপনি হলেন ঈশ্বরের পুত্র**।”

যখন পিতর ও যীশু নৌকায় চড়লেন, তক্ষনাৎ বাতাস

এটা বলাটা আরও ভালো হবে, “পিতর আর যীশু নৌকাতে চড়লেন আর তারপর বাতাস।”

তারা যীশুর আরাধনা করল

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “নত হল আর আরাধনা করলো।” এই শব্দটি এমন একটি বিচার প্রকাশ করে যে আদর আর সন্মান প্রদর্শন করতে কারো সামনে শারীরিকভাবে নত হওয়া।

সত্য সত্যই, আপনি হলেন ঈশ্বরের পুত্র

অন্যভাবে বললে এটি হবে, “আপনি আসলেই ঈশ্বরের পুত্র” বা, “এটা বাস্তবিক যে আপনি ঈশ্বরের পুত্র।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ১৪:২২-২৩; মার্ক ৬:৪৫-৫২; যোহন ৬:১৬-২১

translationWords

- পিতর, শিমোন পিতর, কৈফা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- আরাধনা
- সত্য, সত্য, সত্যগুলি

- ইশ্বরের পুত্র, পুত্র

যীশু এক ভূতগ্রস্ত পুরুষকে আর একটি অসুস্থ মহিলাকে আরোগ্য দেন

32:01



একদিন, যীশু ও তার শিষ্যেরা নৌকায় হ্রদের ওপারে এক অঞ্চলে যান যেখানে **গাদারীয় লোকেরা** বসবাস করত।

একদিন

এই বাক্যাংশটি একটি ঘটনার পরিচয় দেয় যা অতীতে ঘটেছিল, কিন্তু যার নির্দিষ্ট সময় বলা হয়নি। কিছু কিছু ভাষায় একই রকম মাধ্যম প্রয়োগ করা হয় একটি সত্য কাহিনী আরম্ভ করার জন্য।

গাদারীয় লোকেরা

গাদারীয় লোকেরা গালীল সাগরের পশ্চিম প্রান্তের এলাকায় বসবাস করত। তারা ইহুদিদেরই বংশ ছিল, কিন্তু আমরা তাদের বিষয়ে খুব কম জানি।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা

32:02

যখন তারা হ্রদের অন্য ধরে পৌঁছালো, তখন **এক ভূতগ্রস্ত ব্যক্তি** যীশুর দিকে **দৌড়ে এলো**।

এক ভূতগ্রস্ত ব্যক্তি

তা হল, “একব্যক্তি যার ভিতরে দুষ্ট আত্মারা ছিল” বা, “এক ব্যক্তি যে দুষ্ট আত্মাদের দ্বারা সঞ্চালিত হত।”

দৌড়ে এলো

তা হল, “দৌড়াল” বা, “দৌড়াল আর তার সামনে থামলো।”

translationWords

- মন্দআত্মা গ্রস্থ
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

32:03



এই ব্যক্তিটি এতই শক্তিশালী ছিল যে কেউ তাকে নিয়ন্ত্রণ করে রাখতে পারত না।লোকেরা বহু বার **তাকে শিকল দিয়ে হাত পা বেঁধে রাখত**, কিন্তু **সে তাও ভেঙ্গে ফেলত**।

তাকে শিকল দিয়ে হাত পা বেঁধে রাখত

তা হল, “নিয়ন্ত্রিত করার জন্য” বা, “বেঁধে রাখার জন্য।”

সে তাও ভেঙ্গে ফেলত

কিছু কিছু ভাষায় বলার প্রয়োজন হতে পারে, “শিকল ভেঙ্গে দিত।”

32:04

এই ব্যক্তিটি এলাকার **কবরস্থানে থাকত**।এই লোকটি রাত দিন চিৎকার করত।সে পোশাক পরত না আর পাথর দিয়ে নিজেকে বারবার কাঁটত।

কবরস্থানে থাকত

তা হল, “কবরের কাছাকাছি থাকত” বা, “কবরের চারপাশের এলাকায় থাকত।”

translationWords

- কবর, কবর খোদাইকারী, কবর, সমাধি, সমাধি, কবরস্থান

32:05



যখন লোকটি যীশুর কাছে এলো, সে তার সামনে তার **হাঁটু গেঁড়ে বসলো**। যীশু ভুতটিকে বললেন, "এই লোকটির ভিতর থেকে বেরিয়ে এসো!"

হাঁটু গেঁড়ে বসলো

তা হল, "তাড়াতাড়ি হাঁটু গেড়ে ভূমিতে বসলো।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- দৈত্য, মন্দ আত্মা, অশুচি আত্মা

32:06



লোকটির ভিতরের ভূতটি জোরে **চিৎকার করে বলে উঠলো**, “**আপনি আমার কাছ থেকে কি চান**, হে যীশু **সর্বশক্তিমান ঈশ্বরের** পুত্র? আমাকে অনুগ্রহ করে কষ্ট দেবেন না!” তারপর যীশু সেই ভুতটিকে প্রশ্ন করেন, “তোর নাম কি?”সে উত্তর দিল, “আমার নাম **বাহিনী**, **কেননা আমরা অনেকজন**।” (“বাহিনী” ছিল রোমান সৈন্যদের কিছু হাজার সৈন্যদের দল।)

চিৎকার করে বলে উঠলো

তা হল, “চিৎকার করলো” বা, “আকস্মিক উক্তি করে ওঠা।”

আপনি আমার কাছ থেকে কি চান

এই অভিব্যাক্তিটির অর্থ হল, “আপনি আমার সাথে কি করতে চলেছেন?”

সর্বশক্তিমান ঈশ্বরের

তা হল, “সর্বোচ্চ ঈশ্বর” বা, “সর্বজ্ঞানী ঈশ্বর” বা, সর্বশক্তিমান ঈশ্বর।” এখানে “উচ্চ” শব্দটির অর্থ হল ঈশ্বরের মহানতা। এটি উচ্চতা বা লম্বাকৃতির বিষয়ে বলছে না।

বাহিনী

এটি ছিল ভূতেদের দলের নাম, কিন্তু এটি আরও উল্লেখ করে যে দুষ্ট আত্মারা সংখ্যায় প্রচুর ছিল। সেই নামটির ব্যবহার করুন যে নামটি অর্থটিকে স্পষ্টভাবে প্রকাশ করবে। যদি তা না হয় তাহলে আপনাকে নামটিকে এমন ভাবে অনুবাদ করতে হবে যেমন, “সেনা” বা, “ভিড়” বা “হাজার হাজার।”

কেননা আমরা অনেকজন

তা হল, “আমরা অনেকেই আছি” বা, “আমরা হলাম প্রচুর দুষ্ট আত্মা।”

translationWords

- মন্দআত্মা গ্রস্থ
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ইশ্বরের পুত্র, পুত্র
- ঈশ্বর

32:07

ভূতগুলি যীশুকে অনুনয় বিনয় করে বলল, “অনুগ্রহ করে আমাদের এই অঞ্চল থেকে **তাড়াবেন না** !”সেখানকার কাছাকাছি পর্বত এলাকায় একদল শুয়োর চরে বেড়াচ্ছিল। তাই, ভূতগুলি যীশুকে অনুনয় বিনয় করল, “অনুগ্রহ করে আমাদের **বরং** শুয়োরদের ভিতর **যেতে আজ্ঞা দিন**!”যীশু বললেন, “**যাও!**”

তাড়াবেন না

তা হল, “আমাদের যেতে দেবেন না।”

যেতে আজ্ঞা দিন

তা হল, “অনুগ্রহ করে যেতে দিন।”

বরং

তা হল, “আমাদেরকে তাড়িয়ে দেওয়ার চেয়ে।”

যাও!

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “শুয়োরগুলোর ভিতরে যাও!” বা, “তোমরা শুয়োরগুলোর ভিতরে যেতে পার!”

translationWords

- দৈত্য, মন্দ আত্মা, অশুচি আত্মা
- প্রার্থনা করা, ভিক্ষা, ভিক্ষা করা, ভিক্ষারী
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

32:08

ভূতগুলি লোকটির ভিতর থেকে বেরিয়ে এলো আর শুয়োরদের ভিতর প্রবেশ করল। শুয়োরগুলো এক উচ্চ পার থেকে দৌড়ে হ্রদে ঝাঁপ দিয়ে ডুবে মরল।সেখানে প্রায় ২০০০টি শুয়োর ছিল।

দল

তা হল, “শুয়োরের ঝাঁক” বা, “শুয়োরদের গোষ্টি।” কিছু কিছু ভাষায় শুয়োরদের গোষ্টির জন্য নির্দিষ্ট শব্দ আছে যেমন, “শুয়োরদের পাল,” বা, “গবাদিপশুর হলকা,” “কুকুরের গুচ্ছ,” আর “মাছেদের ঝাঁক।” এমন একটি শব্দের ব্যবহার করুন যা শুয়োরের একটি বড় সমষ্টির জন্য ব্যবহার করা যেতে পারে।

translationWords

- দৈত্য, মন্দ আত্মা, অশুচি আত্মা

32:09

যখন শুয়োরপালকেরা দেখল যে **কি ঘটল**, তারা নগরে দৌড়ে এলো আর সকলকে বলল যে যীশু কি করেছে।নগরের লোকেরা এলো আর লোকটিকে দেখল **যে ভূতগ্রস্ত ছিল**। সে শান্ত ভাবে বসে রয়েছে, কাপড় পড়েছে আর সাধারন লোকের মতই ভাব করছে।

কি ঘটল

তা হল, "কিভাবে প্রভু যীশু লোকটির ভিতর থেকে ভুতগুলোকে তাড়িয়ে দিলেন শুয়োরগুলোর ভিতরে।"

যে ভূতগ্রস্ত ছিল

তা হল, "যার ভিতরে দুষ্ট আত্মাগুলো বসবাস করত" বা, "যে ব্যক্তি দুষ্ট আত্মাগুলোর দ্বারা নিয়ন্ত্রিত হত।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- দৈত্য, মন্দ আত্মা, অশুচি আত্মা

32:10

লোকেরা খুব **ভয় পেল** আর যীশুকে চলে যেতে বলল।তাই যীশু নৌকায় চরলেন এবং যেতে প্রস্তূত হলেন ।কিন্তু সেই লোকটি যে ভূতগ্রস্ত হত, **যীশুর সাথে যাওয়ার জন্য অনুনয় করল**।

লোকেরা

কিছু কিছু ভাষায় এটিকে এভাবেও বলা যেতে পারে, “সেই এলাকার লোকজন” বা, গাদারীয়বাসী।”

ভয় পেল

এটা বলাটা আরও ভালো হবে, “যা প্রভু যীশু করেছিলেন তা দেখে ভয় পেল।”

চলে যেতে লাগলেন

তা হল, “তৈরী হচ্ছিলেন।”

যীশুর সাথে যাওয়ার জন্য অনুনয় করল

তা হল, “যীশুর কাছে ভিক্ষা চাইল তাকে তাঁর সাথে যেতে অনুমতি দিতে” বা, “সততার সাথে জিজ্ঞেসা করল যে তাঁরস সাথে সে যাবে।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- প্রার্থনা করা, ভিক্ষা, ভিক্ষা করা, ভিক্ষারী

32:11



কিন্তু যীশু তাকে বললেন, “না, আমি চাই যে তুমি ঘরে ফিরে যাও আর তোমার বন্ধুদের আর পরিবারকে সকলকিছু বল যা ঈশ্বর তোমার জন্য করেছেন এবং কিভাবে তিনি তোমার উপর দয়া করেছেন।”

তিনি তোমার উপর দয়া করেছেন তা বল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “কিভাবে তিনি তোমার উপর দয়া দেখিয়েছেন” বা, “যে তিনি তোমার উপর দয়া দেখিয়েছেন।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বর
- দয়া, দয়াশীল

32:12

তাই লোকটি চলে গেল এবং সকলকে তা বলল যা যীশু তার জন্য করেছিল ।যেকেউ **তার কথা শুনলো** তারা আশ্চর্য পূর্ণ হল আর অদ্ভুত বোধ করল।

তার কথা শুনলো

তা হল, "সেই পুরুষটির কাছ থেকে শুনলো যে তার সাথে কি ঘটেছিল।"

তারা আশ্চর্য করলো আর অদ্ভুত বোধ করল

"আশ্চর্য" আর "অদ্ভুত" শব্দটি একই অর্থে প্রয়োগ করা হয়েছে। সেগুলোকে একসাথে ব্যবহার করা হয়েছে এ দেখাতে যে লোকেরা কত আশ্চর্য বোধ করেছিল। এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে,

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

32:13



যীশু হ্রদের অন্যপারে ফিরলেন।সেখানে পৌছাবার পর, এক বিশাল ভিড় তাকে ঘিরে একত্র হল আর **তাকে চাপাচাপি করছিল**।সেই ভিড়ে এক মহিলা ছিল যিনি বারো বছর রক্তপ্রবাহের অসুখে ভুগছিলেন।তিনি তার সকল বিষয় সম্পত্তি ডাক্তারদের উপর ব্যয় করেছিলেন যেন তারা তাকে সুস্থ করতে পারে, কিন্তু সে শুধু খারাপ পেয়েছে |

তাকে চাপাচাপি করছিল

তা হল, "তাকে ধাক্কা দিচ্ছিল" বা, "তার চারিদিকে চাপাচাপি করছিল।

তা আরও খারাপ হয়ে পরত

তা হল, "তার স্থিতি আরও খারাপ হত" বা, "ঠিক হওয়ার চেয়ে তার স্বাস্থ্য আরও খারাপ হত" বা, "বরং তিনি আরও অসুস্থ হয়ে পরতেন।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- নিরাময়, নিরাময় হওয়া, সুস্থ হওয়া, সুস্থকরা, সুস্থ, সুস্থ করা, সুস্থ করা, নিরাময়কারী, স্বাস্থ্য, স্বাস্থ্যকর, অস্বাস্থ্যকর

32:14

তিনি শুনেছিলেন যে যীশু অনেক লোকেদের সুস্থ করেন আর ভেবেছিলেন, “আমি নিশ্চিত, যে যদি আমি যীশুর কাপড়টিকেও ছুঁই, তাহলে আমি সুস্থ হব!” তাই তিনি যীশুর পিছনে এলেন আর তার কাপড়টিকে ছুঁলেন।যেই ক্ষণে তিনি তা ছুলেন, তার রক্ত প্রবাহ বন্ধ হয়ে গেল।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- নিরাময়, নিরাময় হওয়া, সুস্থ হওয়া, সুস্থকরা, সুস্থ, সুস্থ করা, সুস্থ করা, নিরাময়কারী, স্বাস্থ্য, স্বাস্থ্যকর, অস্বাস্থ্যকর

32:15



তক্ষনাৎ, যীশু টের পেলেন যে তার থেকে শক্তি নির্গত হয়েছে।তাই তিনি ফিরলেন আর জিজ্ঞাসা করলেন, “কে আমায় ছুঁয়েছে?”

তাঁর থেকে শক্তি নির্গত হয়েছে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “সুস্থতার শক্তি তাঁরস ভিতর থেকে নির্গত হয়ে অন্য কারোর ভিতরে প্রবেশ করেছিল” বা, “তাঁর শক্তি কাউকে সুস্থ করেছিল।” এতে প্রভু যীশুর শক্তির কোনো ক্ষতি হয়নি।

আপনি কেন জিজ্ঞাসা করছেন, ‘কে আমায় ছুয়েছে?’

কিছু কিছু ভাষায় এখানে একটি অপ্রতক্ষ্য উক্তি যোগ করলে এটি আরও ভালো হতে পারে, “কেন আপনি জিজ্ঞাসা করছেন কে আপনাকে স্পর্শ করেছে?” বা, “কেন আপনি আশ্চর্য করছেন যে কে আপনাকে ছুঁয়েছে?”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শক্তি,শক্তিগুলি
- শিষ্য, শিষ্যরা

32:16

শিষ্যেরা উত্তর দিল, “আপনার চারধারে যে প্রচুর লোক এবং আপনাকে ধাক্কা দিচ্ছে।আপনি কেন জিজ্ঞাসা করছেন, ‘কে আমায় ছুঁয়েছে?”’**যীশুর সামনে** মহিলাটি **কাঁপতে কাঁপতে ও খুবই ভয় পেয়ে হাঁটু গেঁড়ে বসলেন**।তার পর তিনি তাকে বললেন যে তিনি কি করেছেন, আর যে তিনি সুস্থ হয়েছেন।যীশু তাকে বললেন, “**তোমার বিশ্বাস তোমাকে সুস্থ করেছে**।শান্তিতে চলে যাও।”

হাঁটু গেঁড়ে বসলেন

তা হল, “তাড়াতাড়ি হাঁটুতে এলো।”

যীশুর সামনে

তা হল, “যীশুর সম্মুক্ষে।”

কাঁপতে কাঁপতে ও খুবই ভয় পেয়ে

তা হল, “ভয়ে কাঁপা” বা, “কাঁপছিলেন কারণ তিনি ভয় পেয়েছিলেন।”

তোমার বিশ্বাস তোমাকে সুস্থ করেছে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তুমি সুস্থতা লাভ করেছ কেননা তুমি বিশ্বাস করেছিলে।”

শান্তিতে চলে যাও

লোকেরা এভাবে মঙ্গলবাদ করত যখন তারা একেঅপরের কাছ থেকে চলে যেত। অন্যান্য ভাষায় এধরনের কিছু শব্দ হয়ে থাকে যেমন, “ভালোভাবে যেও”, “ঈশ্বর তোমার সহবর্তী হউক” বা, “শান্তি হোক।” অন্যভাবে এটিকে অনুবাদ করলে এটি হবে, “তোমার সাথে শান্তি হোক যখন তুমি গমন করবে” বা, “যাও আর জেনো যে আমাদের মধ্যে সকল কিছু কুশল আছে।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

এটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ৮:২৮-৩৪; ৯:২০-২২; মার্ক ৫:১-২০; ২৪ব-৩৪; লুক ৮:২৬-৩৯; ৮:৪২ব-৪৮

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- বিশ্বাস
- নিরাময়, নিরাময় হওয়া, সুস্থ হওয়া, সুস্থকরা, সুস্থ, সুস্থ করা, সুস্থ করা, নিরাময়কারী, স্বাস্থ্য, স্বাস্থ্যকর, অস্বাস্থ্যকর
- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা

এক কৃষকের কাহিনী

33:01



একদিন, হ্রদের তীরে এক বিরাট ভিড়কে যীশু শিক্ষা দিচ্ছিলেন।এত লোক তার কাছে এসেছিল যে যীশু তীরের এক নৌকায় চড়ে বসলেন যেন তাদের কাছে ভালো ভাবে কথা বলতে পারেন। তিনি নৌকায় বসলেন আর লোকেদের শিক্ষা দিলেন।

একদিন

এই বাক্যাংশটি একটি ঘটনার পরিচয় দেয় যা অতীতে ঘটেছিল, কিন্তু যার নির্দিষ্ট সময় বলা হয়নি। কিছু কিছু ভাষায় একই রকম মাধ্যম প্রয়োগ করা হয় একটি সত্য কাহিনী আরম্ভ করার জন্য।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

33:02

যীশু এক দৃষ্টান্তটি বললেন।“এক কৃষক বীজ বুনতে গেল।যখন তিনি হাত দিয়ে বীজ ছড়াচ্ছিলেন, কিছু বীজ রাস্তায় পড়ল, আর পাখিরা আসলো আর তা খেয়ে ফেলল।”

হাত দিয়ে বীজ ছিটাচ্ছিলেন

তা হল, “বীজগুলোকে মাটির উপর ছিটাচ্ছিলেন” বা, “ফসলের জন্য প্রস্তুত মাটি বীজ দিয়ে ঢাকছিলেন।” প্রাচীন মধ্য পূর্বে প্রথাগতভাবে ফসল লাগানোর এটি ছিল কৃষকদের পদ্ধতি।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

33:03



“অন্য কিছু বীজ **পাথরময় ভূমিতে** পড়ল, যেখানে খুব কম মাটি ছিল |সেই পাথরময় জমির বীজ শীঘ্রই অঙ্কুরিত হল কিন্তু তাদের শিকড় মাটির গভীরে যেতে পারল না৷যখন সূর্যের উঠলো আর উত্তপ্ত হল, চারাগুলো শুকিয়ে গেল আর মারা গেল৷”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন৷)

পাথরময় ভূমিতে

তা হল, “ভূমি যা ছিল সম্পূর্ণভাবে পাথর দিয়ে ঢাকা৷”

33:04

“আর কিছু বীজ কাঁটা ঝোপের মধ্যে পড়ল।সেই বীজ বেড়ে উঠল কিন্তু কাঁটা ঝোপ সেগুলোকে **ঢেকে দিল**।তাই বীজ থেকে বেড়ে উঠা কাঁটা ঝোপের চারাগুলো কোনো ফসল উৎপাদন করতে পারল না।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

ঝোপঝার

তা হল, “কাঁটা গাছ” বা, “কাঁটা ঝার।”

ঢেকে দিল

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “তাদের ছায়া করলো” বা, “তাদের ভিড় করে দিল।”

ঝোপঝারের চারাগুলো

তা হল, “ভূমি যা ছিল সম্পূর্ণরূপে কাঁটা ঝোপঝারে পূর্ণ।

33:05

“আর কিছু বীজ ভালো জমিতে পড়ল।এই বীজগুলো বেড়ে উঠল এবং ৩০, ৬০ আর এমনকি ১০০ গুন ফসল উৎপাদন করল। **যার কান আছে সে শুনুক!**”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

ভালো ভূমি

তা হল, “উর্বর মাটি” বা, “মাটি যেটি ফসল উৎপাদন করার পক্ষে ভালো।”

যার কান আছে সে শুনুক!

এই উক্তিটির অর্থ হল, “প্রত্যেকে যারা আমার কথা শোনে যা আমি বলছি তাকে ধ্যানপূর্বক শোনা উচিত” বা, “যদি কেউ শোনে যা আমি বলেছি, তাকে ধ্যান দেওয়া উচিত যে আমার বলার অর্থটি কি।” এটিকে একটি আদেশরূপেও অনুবাদ করা যেতে পারে। “যেহেতু তোমাদের শোনার কান আছে, তাই ধ্যানপূর্বক শোন যা আমি বলছি।

translationWords

- ভালো, সততা

33:06

এই কাহিনী শিষ্যদের ভ্রমিত করল।তাই যীশু ব্যাখা করলেন, “সেই বীজ হল ঈশ্বরের বাক্য।রাস্তা **হল এক ব্যক্তি** যে ঈশ্বরের বাক্য শোনে কিন্তু তা বোঝেনা, আর শয়তান **তার ভিতর থেকে সেই বাক্য নিয়ে চলে যায়**।”

এই কাহিনী শিষ্যদের ভ্রমিত করল

তা হল, “শিষ্যেরা কাহিনীটিকে বুঝলো না।”

হল এক ব্যক্তি

এই তুলনাটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “হল এক ব্যক্তির তুল্য” বা, “এক ব্যক্তির প্রতিনিধিত্ব করে” বা, “একটি ব্যক্তিকে উল্লেখ করে” বা, “একটি ব্যক্তির বিষয়ে বলছে।”

তার ভিতর থেকে সেই বাক্য নিয়ে চলে যায়

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে যেমন, “ঈশ্বরের বাক্য সরিয়ে নিয়ে তাকে তা ভুলিয়ে দেয়” বা, “তার হৃদয় থেকে তা চুরি করে নেয় যেন সে তা বিশ্বাস না করে আর রক্ষা না পায়।” আপনি এমনটিও যোগ করতে পারেন: “ঠিক যেমনভাবে পাখিরা বীজ খেয়ে ফেলে যা পথের উপর পড়ে যায়।”

translationWords

- শিষ্য, শিষ্যরা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- শয়তান, অপদেবতা,খারাপ এক

33:07

“পাথরময় জমি হল এক ব্যক্তি যে ঈশ্বরের বাক্য শোনে আর তা **আনন্দের সাথে গ্রহণ করে**।কিন্তু যখন সে সমস্যার বা উৎপীড়নের মধ্যে দিয়ে যায়, তখন সে পিছিয়ে যায়।”

(প্রভু যীশু কাহিনীটিকে বর্ণনা করা বহাল রাখলেন।) পাথরময় ভূমি

33-03-তে দেখুন আপনি এই শব্দটিকে কিভাবে অনুবাদ করেছেন। এক ব্যক্তি- 33-06-তে দেখুন আপনি এই তুলনামূলক শব্দটিকে কিভাবে অনুবাদ করেছেন।

আনন্দের সাথে গ্রহণ করে

তা হল, “আনন্দের সাথে এটিকে বিশ্বাস করে” বা, “আনন্দের সাথে এটিকে গ্রহণ করে যে এটি সত্য।”

সে শুকিয়ে মারা যায়

তা হল, “ঈশ্বরের অনুকরণকারী বা আজ্ঞাকারী আর থাকে না” বা, “ঈশ্বরের অনুকরণকারী বা আজ্ঞাকারী হওয়া বন্ধ করে।”

translationWords

- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- আনন্দ, আনন্দদায়ক, আনন্দ, আনন্দ পাওয়া, আনন্দ করা, আনন্দ করে যাওয়া, আমোদপ্রমোদ, আনন্দ করা, আনন্দ করা, আনন্দিত হওয়া, আনন্দোত্সব
- অত্যাচার, নিপীড়ন হওয়া, নিপীড়ন করা, নিপীড়ন, নিপীড়ন, অত্যাচারী, অত্যাচারী

33:08

“কাঁটা ঝোপের জমি হল এক ব্যক্তি যে ঈশ্বরের বাক্য শোনে কিন্তু সময়ের সাথে সাথে, জীবনের **চিন্তা**, **ধন** ও **ভোগবিলাস** ঈশ্বরের প্রতি তার প্রেম **নষ্ট করে**। পরিনাম স্বরূপ, যে শিক্ষা সে শুনেছিল সেই বাক্য কোনো **ফসল উৎপাদন করতে পারে না**।”

(প্রভু যীশু কাহিনীটিকে বর্ণনা করা বহাল রাখলেন।) ঝোপঝারের ভূমি

33-04-তে দেখুন আপনি এই শব্দটিকে কিভাবে অনুবাদ করেছেন। এক ব্যক্তি- 33-06-তেদেখুন আপনি এই তুলনামূলক শব্দটিকে কিভাবে অনুবাদ করেছেন।

চিন্তা

তা হল, “ধ্যান” বা, “অভাব” বা, “সমস্যা।”

ধন

তা হল, “সম্পত্তির লালসা।

ভোগবিলাস

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ভোগবিলাস প্রাপ্তির জন্য কার্য করা” বা, “সেই সকল জিনিসের উপর ধ্যান দেওয়া যা ভোগবিলাস প্রদান করে।”

নষ্ট করে

তা হল, “দলিত করে” বা, “বিনাশ করে” বা, “তাকে নিচে রেখে উপরে এসে যায়।” এই ব্যাক্যাংশটিকে এইভাবেও অনুবাদ করা যেতে পারে, “তাকে ঈশ্বরকে প্রেম করতে দেয় না।”

ফসল উৎপাদন করতে পারে না

তা হল, “আত্মিক ফসল উৎপন্ন করতে পারে না” বা “সেই পদ্ধতিটিকে বিশ্বাস করতে পারেনা যা দেখায় যে ঈশ্বরের আত্মা তার জীবনে কার্য করছে।”

translationWords

- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা
- ঈশ্বর

33:09

“কিন্তু ভালো জমি হল সেই ব্যক্তি যে ঈশ্বরের বাক্য শুনে, তা বিশ্বাস করে আর ফসল উৎপন্ন করে।

(প্রভু যীশু কাহিনীটিকে বর্ণনা করা বহাল রাখলেন।) ভালো ভূমি

33-05-তে আপনি এই শব্দটিকে কিভাবে অনুবাদ করেছেন দেখুন। সেই ব্যক্তি- 33-06-তেদেখুন আপনি এই তুলনামূলক শব্দটিকে কিভাবে অনুবাদ করেছেন। ফসল উৎপন্ন করে- 33-08-তে দেখুন এই বাক্যাংশটিকে আপনি কিভাবে অনুবাদ করেছেন।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ১৩:১-৮, ১৮-২৩; মার্ক ৪:১-৮, ১৩-২০; লুক ৮:৪-১৫

translationWords

- ভালো, সততা
- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস

যীশু অন্য কাহিনীসমূহ দ্বারা শেখান

34:01

যীশু ঈশ্বরের রাজ্য সম্বন্ধে আরও অনেক **কাহিনী** বলেন। উদাহরণ স্বরূপ, তিনি বলেন, “ঈশ্বরের রাজ্য হল একটি **সরিষার দানা**র মত যা কেউ তার জমিতে বপন করল ।তোমরা জানো যে সরিষা দানা **সকল বীজের মধ্যে সবচাইতে ছোট**।”

কাহিনী

যীশু এই কাহিনীটিকে ব্যবহার করেছিলেন ঈশ্বরের রাজ্যের বিষয়ের সত্যটিকে শেখানোর জন্য। এটি স্পষ্ট নয় যে এই কাহিনীটি আসলে ঘটেছিল কিনা। যদি আপনার ভাষায় কোনো শব্দ থেকে থাকে রূপকথা ও বাস্তবিক কাহিনী দুটোরই জন্য, তাহলে সেটি আপনাকে এখানে ব্যবহার করা উচিত।

সরিষার দানা

এটি সম্ভবতঃ কালো সরিষার গাছের কথা বলছে, যার খুব ছোটো ছোটো দানা হয় আর যা খুব বড় গাছে পরিনত হয়। যদি এই গাছটির জন্য আপনার ভাষায় কোনো নাম থেকে থাকে তাহলে আপনাকে সেটির ব্যবহার করতে হবে। যদি না থেকে থাকে তাহলে এমন একটি গাছের নাম আপনি ব্যবহার করতে পারেন যা এই গাছটির সমান চরিত্রমূলক (কিন্তু বাংলা ভাষাতে এটিকে সরিষার গাছ বলা হয়)।

সকল বীজের মধ্যে সবচাইতে ছোট

তা হল, “সেই সকল দানা যা মানুষেরা চাষ করে তার থেকে তুলনামূলকভাবে ছোট।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য

34:02

“কিন্তু যখন তা **বেড়ে ওঠে**, তখন সে **বাগানের সকল চারাদের** মধ্যে বড় হয়, এতটা বড় যে পাখিরা আসে ও তার ডালপালার উপর **আরাম করে**।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।) সরিষার দানা

দেখুন আপনি 34-01-এ কিভাবে এটিকে অনুবাদ করেছেন।

বেড়ে ওঠে

আপনি এতে আরও যুক্ত করতে পারেন, “একটি পরিপক্ক গাছ হয়ে ওঠে।”

বাগানের সকল চারাদের

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “সেসব গাছ যা বাগানে লাগানো হয়।”

আরাম করে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে যেমন, “তার উপর বসে” বা, “অবস্থান করে।”

34:03

যীশু আর এক **কাহিনী** বললেন, “ঈশ্বরের রাজ্য হল **তাড়ি**র মত যা এক মহিলা ময়দার সাথে মাখলো যতক্ষণ না তা সম্পূর্ণ ময়দাকে তাড়িময় করল।

কাহিনী

34-01-এ দেখুন আপনি এই শব্দটিকে কিভাবে অনুবাদ করেছেন।

তাড়ি

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “খামির” বা, “খামিরের অল্প পরিমান।” এটি ময়দা বা আটাতে মেশানো হয়। বেশি পরিমানের আটা বা ময়দাতে অল্প পরিমানে ইস্ট মেশানো হয় আর তা সম্পূর্ণ আটা বা ময়দাকে ফুলানোর কার্য করে।

আটা বা ময়দা

এটি হল গমের পাউডার আর জলের মিশ্রন যাকে আকার দেওয়া যায়। যদি আপনার ভাষায় গমের পাউডারের জন্য যদি কোনো শব্দ না থাকে, তাহলে গমের চূর্ণ এমন শব্দের ব্যবহার করতে পারেন [কিন্তু বাংলা ভাষায় এটিকে আটা বা ময়দা বলা হয়]।

তা সম্পূর্ণ আটাকে তাড়িময় করল

তা হল, “আটার সকল অংশই তাড়িময় হল” বা, “ইস্ট সম্পূর্ণরূপে আটাতে বিস্তার করল।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য

34:04

“ঈশ্বরের রাজ্য এক **গুপ্তধন**ের তুল্য যা কেউ মাটির নিচে লুকিয়ে রাখল।অন্য কেউ সেই গুপ্তধন পেল এবং তারপর আবার তা সেখানেই লুকিয়ে রাখল।সে এতই **আনন্দে ভরে গেল** যে সে গেল আর যা কিছু তার কাছে ছিল তা বিক্রি করল আর সেই টাকা দিয়ে **সেই জমিটি ক্রয় করল**।”

(যীশু অন্য একটি কাহিনী বললেন।)

গুপ্তধন

তা হল, “খুব মূল্যবান বস্তু সকল।”

তা লুকিয়ে রাখল

আরো যোগ দেওয়া সম্ভব যে, “যেন অন্য কেউ তা না খুঁজে পায়।”

আনন্দে ভরে গেল

অন্যভাবে এটাকে বললে, “খুবই আনন্দিত হল” বা, “উত্তেজিত হয়েছিল।”

সেই জমিটি ক্রয় করল

কেউ কেউ হয়ত যোগ করতে পারে যে, “যেন সেই গুপ্তধন তার হয়ে যায়।”

translationWords

- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য
- আনন্দ, আনন্দদায়ক, আনন্দ, আনন্দ পাওয়া, আনন্দ করা, আনন্দ করে যাওয়া, আমোদপ্রমোদ, আনন্দ করা, আনন্দ করা, আনন্দিত হওয়া, আনন্দোত্সব

34:05

“ঈশ্বরের রাজ্য একটি **উৎকৃষ্ট** মুক্তার মত **যার মূল্য প্রচুর**।যখন এক **জহরী** তা পেল, সে তার সকল সম্পত্তি বিক্রয় করল আর সেই টাকা সেই মুক্তা কিনার জন্য ব্যবহার করল।

(প্রভু যীশু ঈশ্বরের রাজ্য বিষয়ে আরো একটি কাহিনী বলা বহাল রাখলেন।)

উৎকৃষ্ট মুক্তা

তা হল, “এমন একটি মুক্তা যেটিতে কোনো খুঁত ছিল না।”

মুক্তা

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “খুব সুন্দর রত্ন” বা “মূল্যবান রত্নের মত জিনিস।”

যার মূল্য প্রচুর

তা হল, “যা খুবই মূল্যবান ছিল” বা, “যার দাম প্রচুর ছিল।”

জহরী

তা হল, “মুক্তার বিক্রেতা” বা, “মুক্তার ব্যবসায়ী।” এটি এমন একটি ব্যক্তিকে উল্লেখ করে যার ব্যবসা হল মুক্তার কেনাবেচা করা।

translationWords

- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য

34:06

তারপর যীশু কিছু লোকেদের এক **কাহিনী** বললেন **যারা তাদের নিজেদের ভালো কার্যের উপর ভরসা করত** আর **অন্যদের তুচ্ছ করত**। তিনি বললেন, “দুই ব্যক্তি প্রার্থনা করতে মন্দিরে গেল।তার মধ্যে একজন ছিল করগ্রাহী আর অন্যজন ছিল ধার্মিক নেতা।”

কাহিনী

দেখুন আপনি 34-01-এ কিভাবে এটিকে অনুবাদ করেছেন।

যারা তাদের নিজেদের ভালো কার্যের উপর ভরসা করত

তা হল, “বিশ্বাস করত যে তাদের কার্য তাদের ধার্মিক বানায়” বা, “গর্ব করত যে তারা কত ভালোভাবে ঈশ্বরের নিয়ম ব্যবস্থা পালন করে থাকে” বা, “বিশ্বাস করত যে তাদের ভালো কর্ম ঈশ্বরকে তাদের বিষয়ে সন্তুষ্ট করায়।”

অন্যদের তুচ্ছ করত

তা হল, “নিজেদের তুলনায় অন্যদের কম মনে করত” বা, “অন্যদের নিচু করত।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- বিশ্বাস, নিষ্ঠা, বিশ্বস্ত, নির্ভরযোগ্য, বিশ্বস্ততা
- মন্দির
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত
- কর, কর, করদাতাদের, কর আদায়, করদাতা, করদাতা, কর সংগ্রাহক, কর সংগ্রহকারীরা,
- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা

34:07

“**সেই ধর্ম গুরু এভাবে প্রার্থনা করল**, ‘ধন্যবাদ ঈশ্বর, যে **আমি অন্য লোকদের মত পাপী নই**- নাহি ডাকুদের মত, **অন্যায়ী মানুষদের মত**, ব্যভিচারীদের মত, অথবা ওই করগ্রাহী ব্যক্তিটির মত।”’

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

সেই ধর্ম গুরু এভাবে প্রার্থনা করল

অন্যভাবে এটিকে বললে তা হবে, “এইভাবে ধার্মিক নেতাটি প্রার্থনা করল” বা, “ধার্মিক নেতাটি এই রীতিতে প্রার্থনা করল।”

আমি অন্য লোকদের মত পাপী নই

তা হল, “আমি পাপী নই” বা, “আমি ধার্মিক।”

অন্যায়ী মানুষদের মত

তা হল, “মানুষ যারা ধার্মিক নয়” বা, “মানুষ যারা দুষ্ট কার্য করে” বা, “নিয়ম ব্যবস্থা অমান্যকারী।”

translationWords

- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- ঈশ্বর
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- ব্যভিচার, ব্যভিচারী, ব্যভিচারী পুরুষ, ব্যভিচারিনী, ব্যভিচারী পুরুষেরা, ব্যভিচারী নারীরা
- কর, কর, করদাতাদের, কর আদায়, করদাতা, করদাতা, কর সংগ্রাহক, কর সংগ্রহকারীরা,

34:08

“যেমন কি, আমি সপ্তাহে দুবার উপবাস করি আর আমার সকল টাকার ও দ্রব্যের **দশ ভাগ** মন্দিরে দান করি।”

(প্রভু যীশু ধার্মিক নেতাটির প্রার্থনা বলা বহাল রাখলেন।)

আমি উপবাস করি

ধার্মিক শাসকটি বিশ্বাস করতেন যে এটি করে সে ঈশ্বরের অনুগ্রহ পেয়ে থাকে।

দশ ভাগ

তা হল, “একের

translationWords

- উপবাস, উপবাস করা,অনাহারে থাকা,নিরাহার,ক্ষধার্ত থাকা

34:09

“কিন্তু সেই করগ্রাহী ব্যক্তিটি ধর্ম গুরুর থেকে **দুরে দাড়িয়ে রইল**, আর স্বর্গের দিকেও তাকালো না।বরং, **সে তার বুক চাপড়ে** প্রার্থনা করল, “ঈশ্বর আমার প্রতি দয়া করুন কেননা আমি একজন পাপী।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

দুরে দাড়িয়ে রইল

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “কিছু দূরে দাড়ালো” বা, “আলাদাভাবে দূরে গিয়ে দাড়ালো।”

এমনকি স্বর্গের দিকেও তাকালো না

“এমনকি” শব্দটি উল্লেখ করে যে লোকেরা সাধারণতঃ আকাশের দিকে তাকাত যখন তারা ঈশ্বরের কাছে প্রার্থনা করত, কিন্তু এই ব্যক্তিটি তা করেন নি কারণ তিনি তার পাপের জন্য খুবই লজ্জিত ছিলেন।

সে তার বুক চাপড়ে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তার দুঃখের দরুন, সে তার বুক তার মুঠি দিয়ে আঘাত করল” বা, “সে তার বুক চাপড়ালো কষ্টের দরুন।” যদি লোকেদের এটি বুঝতে সমস্যা হয় কেননা যদি তারা তাদের নিজস্ব সংস্কৃতিতে অন্য কোনো কারণে তাদের বুক চাপড়ায়, তাহলে আপনি এটিকে এভাবে অনুবাদ করতে পারেন যে, “সে তার দুঃখ প্রকাশ করল।”

translationWords

- কর, কর, করদাতাদের, কর আদায়, করদাতা, করদাতা, কর সংগ্রাহক, কর সংগ্রহকারীরা,
- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয়
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত
- ঈশ্বর
- দয়া, দয়াশীল
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

34:10



তারপর যীশু বললেন, “আমি তোমাদের সত্য বলছি, ঈশ্বর সেই করগ্রাহী লোকটির প্রার্থনা শুনেছেন আর **তাকে ধার্মিক ঘোষণা করেছেন**।কিন্তু সেই ধর্মগুরুর প্রার্থনা তার পছন্দ হয়নি।ঈশ্বর সকল গর্বিতদের **নম্র করবেন** আর সেই সকলকে **উচ্চ করবেন** যারা **নিজেদের নম্র করে**।”

তাকে ধার্মিক ঘোষণা করেছেন

তা হল, “তাকে একজন ধার্মিক ব্যক্তি গন্য করা।” যদিও সেই করগ্রাহী একজন পাপী ছিলেন, তার নম্রতা ও অনুতাপের জন্য ঈশ্বর তার উপর দয়া করলেন।

নম্র করবেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “নিচু স্থরের স্থান দেওয়া” বা, “তাকে আর গুরুত্বপূর্ণ না রাখা।” এটিকে রূপক হিসেবে অনুবাদ করা যেতে পারে যেমন, “নিচে নামানো হবে।”

উচ্চ করবেন

তা হল, “তাকে উচ্চ স্থান দেওয়া হবে” বা, “সন্মান দেওয়া হবে।”

নিজেদের নম্র করে

তা হল, “নম্র পদ্ধতিতে বিশ্বাস করা বাছাই করা” বা, “নিজ বিষয়ে নম্রতার প্রকৃতিতে আচরণ করা।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ১৩:৩১-৩৩, ৪৪-৪৬; মার্ক ৪:৩০-৩২; লুক ১৩:১৮-২১; ১৮;৯-১৪

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- সত্য, সত্য, সত্যগুলি
- ঈশ্বর
- কর, কর, করদাতাদের, কর আদায়, করদাতা, করদাতা, কর সংগ্রাহক, কর সংগ্রহকারীরা,
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত
- ধার্মিক, ধার্মিকতা, অধার্মিক, অধার্মিকতা, ন্যায়পরায়ণতা, ন্যায়পরায়ণতা
- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- নম্র, অবনমিত হওয়া, হতমান, নম্রতা
- গর্বিত, গর্বিতভাবে, অহংকার, গর্ব করে

করুণাময় পিতার কাহিনী

35:01



একদিন, যীশু বহু **করগ্রাহী** আর অন্য পাপীদের যারা তার কাছে জমা হয়েছিল তাদের শিক্ষা দিচ্ছিলেন ।

একদিন

এই বাক্যাংশটি একটি ঘটনার পরিচয় দেয় যা অতীতে ঘটেছিল, কিন্তু যার নির্দিষ্ট সময় বলা হয়নি। কিছু কিছু ভাষায় একই রকম মাধ্যম প্রয়োগ করা হয় একটি সত্য কাহিনী আরম্ভ করার জন্য।

করগ্রাহী

করগ্রাহীদের সবচাইতে বেশি পাপী বলে তখনকার লোকেরা গন্য করত কেননা তারা প্রায়ই লোকেদের সরকারের দ্বারা নিযুক্ত পরিমানের খাজনা থেকে উচ্চ পরিমানে খাজনা আদায় করে তার থেকে তারা চুরি করত।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- কর, কর, করদাতাদের, কর আদায়, করদাতা, করদাতা, কর সংগ্রাহক, কর সংগ্রহকারীরা,
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

35:02

কিছু ধার্মিক নেতারা যারা সেখানেই ছিল তারা যীশুকে সেই পাপীদের সাথে বন্ধুত্বপূর্ণ ব্যবহার করতে দেখল আর তারা তাঁর নিন্দা করতে আরম্ভ করল। তাই যীশু তাদের এক **কাহিনী** বললেন।

কাহিনী

যীশু এই কাহিনীটিকে ব্যবহার করেছিলেন ঈশ্বরের রাজ্যের বিষয়ের সত্যটিকে শেখানোর জন্য। এটি স্পষ্ট নয় যে এই কাহিনীটি আসলে ঘটেছিল কিনা। যদি আপনার ভাষায় কোনো শব্দ থেকে থাকে রুপকথা ও বাস্তবিক কাহিনী দুটোরই জন্য, তাহলে সেটি আপনাকে এখানে ব্যবহার করা উচিত।

translationWords

- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

35:03

“এক ব্যক্তি ছিলেন যার দুটি ছেলে ছিল।ছোট ছেলেটি তার পিতাকে বলল, ‘পিতা, **আমার সম্পত্তির** ভাগ এখনিই চাই!’ তাই পিতা তার সম্পত্তি দুই ছেলের মধ্যে ভাগ করে দিল।

(প্রভু যীশু কাহিনী বললেন।)

আমার সম্পত্তির

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “আপনার সম্পত্তির অংশ যা আইনগত আমার হবে যখন আপনি মারা যাবেন।”

সম্পত্তি

তা হল, “সম্পদ” বা, “বিষয়সম্পত্তি।” এই সম্পত্তি সম্ভবতঃ জমি, গবাদিপশু, আর টাকা পয়সাকেও অন্তর্ভুক্ত করে।

translationWords

- ছেলে, পুত্র
- উত্তারিধিকারী, উত্তারাধিকার, ঐতিহ্য, বংশ

35:04



“ছোট ছেলেটি শীঘ্রই তার সম্পত্তি একত্র করল আর দুর দেশে চলে গেল আর তার সকল সম্পত্তি **পাপময় পথে খরচ করল**।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

খরচ করল

তা হল, “তার সকল টাকাকড়ির বিনিময়ে কোনো জিনিস না কিনেই খরচ করে দিল।” কোনো কোনো ভাষায় এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “জলে ফেলে দিল” বা, “সব টাকা খেয়ে ফেলল।”

পাপময় পথে

তা হল, “পাপ করে।”

translationWords

- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

35:05

“এর পর, সেই দেশে এক ভয়ঙ্কর দুর্ভিক্ষ হল যেখানে ছোট ছেলেটি ছিল, আর তার কাছে খাবার কেনার কোনো টাকা ছিল না। তাই সে যা **কাজ** পেল তা করল আর তা হল **শুয়োর চড়ানোর কাজ**।তার পরিস্থিতি খুব শোচনীয় হল যে সে শুয়োরের খাবারও খেতে চাইল।

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

এক ভীষণ দুর্ভিক্ষ হল

তা হল, “সেখানে খাওয়ার জন্য খুবই অল্প খাদ্য ছিল।” কিছু কিছু ভাষায় এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সেখানে খুবই ভয়ানক দুর্ভিক্ষ হয়েছিল।”

খাওয়ার কেনার কোনো টাকা ছিল না

দুর্ভিক্ষের কারণ, খাদ্যের দাম খুবই বেশি হয়েছিল আর সে তার সকল টাকাপয়সা আগেই খরচ করে ফেলেছিল।

কাজ

এটি হল সেই কাজ যা কেউ টাকার বিনিময়ে করে থাকে। যদি এটি স্পষ্ট না হয়ে থাকে তাহলে এই বাক্যটি এভাবে আরম্ভ করতে হবে, “কিছু টাকা রোজগার করার জন্য, সে সেই কাজটি করল।”

শুয়োর চড়ানোর কাজ

তা হল, “শুয়োরদের খাদ্য দেওয়ার কাজ।” সেই সমাজে তখনকার সময়ে এই কাজটি সবচাইতে নিচুমানের কাজ বলে গন্য করা হত। যদি আপনার ভাষায় এই কাজটির জন্য কোনো নির্দিষ্ট শব্দ থেকে থাকে তা হলে তা ব্যবহার করুন।

35:06

“অন্তিমে, ছোট ছেলেটি নিজেকে বলল, “**আমি এ কি করছি?**আমার পিতার সকল চাকরেরা কতই না খাবার খায় আর তথাপি আমি ক্ষুদায় কষ্ট পাচ্ছি।আমি আমার পিতার বাড়িতে ফিরে যাব আর তার একজন চাকর হওয়ার জন্য অনুরোধ করব।”’

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

আমি এ কি করছি?

তা হল, “কেন আমি এধরনের জীবন বাঁচছি?” বা, “আমার এধরনের জীবন বাঁচা উচিত নয়!” বা, “এভাবে বাঁচার কোনো অর্থ হয় না।” ছেলেটি আসলে কোনো বাস্তবিক প্রশ্ন জিজ্ঞেসা করছিল না, তাই কোনো কোনো ভাষায় এটিকে একটি উক্তিরূপে অনুবাদ করতে হবে।

translationWords

- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা

35:07

“তাই ছোট ছেলেটি তার বাবার বাড়ির দিকে যাওয়া শুরু করল।যখন সে বেশ দুরেই ছিল, তার বাবা তাকে দেখলেন আর তার জন্য **করুনায় ভরে গেলেন**। সে তার ছেলের দিকে দৌড়ালেন আর তাকে জড়িয়ে ধরলেন আর চুম্বন করলেন।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

কিছু দূরেই ছিল

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “পিতার গৃহের দৃষ্টির মধ্যেই কিন্তু কিছুটা দূরেই।” ছেলেটি তার পিতার গৃহের কাছাকাছি আসছিল কিন্তু যথেষ্ট দূরেই ছিল কেননা বাড়ির অন্যান্যরা তাকে দেখতে পায়নি। নিশ্চিত হন যেন এটি এমন না শোনায় যে সে এখনও অন্যদেশে ছিল।

করুনায় ভরে গেলেন

তা হল, “গভীর স্নেহ আর প্রীতির অনুভব করা।”

translationWords

- ছেলে, পুত্র

35:08



“ছেলেটি বলল, “বাবা, **আমি ঈশ্বরের বিরুদ্ধে আর আপনার বিরুদ্ধে পাপ করেছি**। আমি আপনার ছেলে হওয়ার যোগ্য নই।”’

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

আমি ঈশ্বরের বিরুদ্ধে আর আপনার বিরুদ্ধে পাপ করেছি

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বরের বিরুদ্ধে পাপ করেছি আর আমি আপনার বিরুদ্ধেও পাপ করেছি।”

আমি আপনার পুত্র হওয়ার যোগ্য নই

এটি বলাও সম্ভব

translationWords

- ছেলে, পুত্র
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- ঈশ্বর

35:09

“কিন্তু তার বাবা তার এক চাকরকে আদেশ দিলেন, ‘তারাতারি যাও আর সবচাইতে ভালো কাপড় নিয়ে এসো আর একে পরিয়ে দাও!তার আঙ্গুলে একটি অঙ্গটি আর পায়েতে জুতো পরাও।তারপর সবচাইতে **ভালো পশু**টি মেরে ভোজ প্রস্তুত কর আর উৎসব মানাও, কেননা আমার ছেলে মারা গিয়েছিল, কিন্তু এখন সে জীবিত হয়েছে!**সে হারিয়ে গিয়েছিল, কিন্তু এখন তাকে পেয়েছি!**’”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

ভালো পশু

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সবচাইতে স্বাস্থ্যবান পশু।” স্বাস্থ্যবান পশুটিকে রান্না করলে সেটি ভালো স্বাদ হবে।

কেননা আমার পুত্র মারা গিয়েছিল, কিন্তু এখন সে জীবিত হয়েছে!

তা হল, ‘এটি হল এমন যে আমার পুত্র যেন মারা গিয়েছিল আর পুনরায় জীবিত হয়েছে” বা, “আমি শোকার্ত হয়েছিলাম যেন আমার পুত্র মারা গিয়েছিল, কিন্তু এখন আমি আনন্দ করব কেননা এটি এমন হয়েছে যেন আমার পুত্র পুনরায় জীবিত হয়েছে।” পিতাটি এভাবে এই অভিব্যাক্তিটির ব্যবহার করছেন এটি দেখাতে যে তার পুত্রের গৃহে ফেরাতে তিনি খুবই আনন্দিত।

সে হারিয়ে গিয়েছিল, কিন্তু এখন তাকে পেয়েছি!

তা হল, “এটি এমন যে তাকে আমি হারিয়ে ফেলেছিলাম কিন্তু এখন আমি তাকে ফিরে পেয়েছি।” এই অভিব্যাক্তিটি দেখাচ্ছে যে তার পুত্রের গৃহে ফেরাতে তিনি খুবই আনন্দিত।।

translationWords

- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- ছেলে, পুত্র
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত

35:10



“তাই লোকেরা আনন্দ করতে শুরু করল।কিছু সময় পরে, বড় ছেলেটি খেত থেকে কাজ করে ফিরে এলো।সে নাচ গান শুনতে পেল আর অবাক হল যে কি হচ্ছে।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

কিছু সময় পরে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “শীঘ্রই” বা, “অল্প সময় পর।”

35:11

“যখন বড় ছেলেটি জানতে পারল যে তারা আনন্দ করছে কারণ তার ভাই বাড়িতে ফিরেছে, তখন সে খুব রেগে গেল আর বাড়ির ভিতর যেতে চাইল না।তার পিতা বেরিয়ে এলেন আর অনুরোধ করলেন ভিতরে যাওয়ার জন্য আর তাদের সাথে আনন্দ করতে, কিন্তু সে মানলো না।”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

translationWords

- ছেলে, পুত্র
- প্রার্থনা করা, ভিক্ষা, ভিক্ষা করা, ভিক্ষারী

35:12

“বড় ছেলেটি তার পিতাকে বলল, “এই সকল বছর আমি আপনার জন্য বিশ্বাস যোগ্য হয়ে কাজ করেছি!আমি আপনার অবাধ্য হইনি, আর তবুও আপনি আমার জন্য **একটি ছোট পশুও** দেননি যেন বন্ধুদের সাথে আনন্দ করি। কিন্তু যখন **আপনার এই ছেলেটি** যে আপনার **সম্পত্তি পাপময় পথে উড়িয়ে দিয়ে** বাড়ি ফিরেছে, তখন আপনি **সবচাইতে ভালো পশুটি** মেরে আনন্দ করছেন!”

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

একটি ছোট পশুও

স্বাস্থ্যবান একটি বড় পশুর তুলনায় একটি ছোট পশু অল্প লোকেদের খাওয়াবে, আর তার মূল্যও তেমন নয়। বড় ভাইটি নালিশ করছিল যে তার পিতা তার তুলনায় তার পাপী ভাইটির সাথে আরো ভালো ব্যবহার করছিলেন।

আপনার এই ছেলেটি

এই অভিব্যক্তিটি দেখাচ্ছে যে বড় ছেলেটি ক্রুদ্ধ ছিল। এটি দেখাচ্ছে যে সে তার ছোট ভাইটিকে তিরস্কার করেছে আর তার পিতার প্রতি অভিমান করেছে যেহেতু তিনি তার এই স্বেচ্ছাচারী ছেলেটিকে স্বাগত করেছেন। অন্যান্য ভাষাগুলিতে হয়ত এই বিষয়টিকে একটি অপ্রতক্ষ্যভাবে বলা হয়ে থাকতে পারে।

সম্পত্তি পাপময় পথে উড়িয়ে দিয়ে

তা হল, “টাকাকড়ির অপব্যয় করেছে যা আপনি তাকে দিয়েছিলেন” বা, আপনার সম্পত্তি গ্রাস করেছে।” যদি সম্ভব হয়, এমন একটি অভিব্যক্তির প্রয়োগ করুন যেন এমন দেখায় যে বড় ভাইটি রেগে ছিল।

সবচাইতে ভালো পশুটি

তা হল, “ভোজে খাওয়ার জন্য সবচাইতে ভালো পশুটিকে মেরেছেন।”

translationWords

- বিশ্বস্ত, বিশ্বস্ততা, অবিশ্বস্ত, অবিশ্বস্ততা

- অবাধ্য, অমান্য, অবাধ্য, অবাধ্যতা, অমান্যকারী
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

35:13



“পিতা উত্তর দিলেন, ‘হে আমার পুত্র, তুমি সব সময়ই আমার সাথে আছ, আর যা কিছু আমার তা সকলই তো তোমার।কিন্তু **আনন্দ করাটা আমাদের প্রয়োজন**, কেননা **তোমার ভাই** মরে গিয়েছিল, কিন্তু সে এখন জীবিত।সে হারিয়ে গিয়েছিল, কিন্তু এখন তাকে আমরা পেয়েছি!”’

(যীশু কাহিনী বলা বহাল রাখলেন।)

আনন্দ করাটা আমাদের প্রয়োজন

তা হল, “এটি করাটা আমাদের পক্ষে সঠিক” বা, “আমাদের জন্য এমন করাটাই ঠিক।”

তোমার ভাই

বড় ছেলেটিকে তার ছোট ছেলেটির সাথের সম্পর্কটিকে আর তাকে তার ছোট ভাইকে কিভাবে স্নেহ করা দরকার তা স্বরণ করিয়ে দিতে পিতাটি তার ছোট ছেলেটিকে “তোমার ভাই” সংবোধন করে উল্লেখ করেছেন। ভাই মরে গিয়েছিল, কিন্তু সে এখন জীবিত- আপনি 35-09তে এটিকে কিভাবে অনুবাদ করেছেন তা দেখুন। সে হারিয়ে গিয়েছিল, কিন্তু এখন তাকে আমরা পেয়েছি!- আপনি 35-09তে এটিকে কিভাবে অনুবাদ করেছেন তা দেখুন।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-লুক ১৫:১১-৩২

translationWords

- ছেলে, পুত্র
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত

যীশুর উজ্জ্বল রূপ ধারণ

36:01



একদিন, যীশু তার তিন শিষ্যদের, পিতর, যাকোব, আর যোহনকে সাথে নিলেন।(এই শিষ্য **যোহন** আর বাপ্তিষ্ম দাতা যোহন এক ব্যক্তি নন।)তারা প্রার্থনার জন্য পর্বতের দিকে গেলেন।

একদিন

এই বাক্যাংশটি একটি ঘটনার পরিচয় দেয় যা অতীতে ঘটেছিল, কিন্তু যার নির্দিষ্ট সময় বলা হয়নি। কিছু কিছু ভাষায় একই রকম মাধ্যম প্রয়োগ করা হয় একটি সত্য কাহিনী আরম্ভ করার জন্য।

যোহন

এই যোহন বাইবেলে যোহনের লেখা পত্র এটিকে স্পষ্ট করতে, কিছু কিছু ভাষায় হয়ত দুটি অল্প ভিন্ন নামের প্রয়োগ করা হয়ে থাকতে পারে বা তদের বানান ভিন্ন হতে পারে।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- পিতর, শিমোন পিতর, কৈফা
- যোহন (প্রেরিত)
- বাপ্তিষ্ম দেওয়া, বাপ্তাইজিত, বাপ্তিস্ম

36:02

যখন যীশু প্রার্থনা করছিলেন, তার চেহারা সূর্যের মত উজ্জল হয়ে গেল আর তার কাপড় দীপ্তির মত উজ্জ্বল হল, এতটাই উজ্জ্বল যে পৃথিবীর কেউই তেমন করতে পারে না।

শুভ্র

তা হল, “প্রচুর পরিমানে সাদা।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত

36:03



তারপর মোশি আর এলিয় আভির্ভূত হলেন।এই ব্যক্তিরা পৃথিবীতে যীশুর প্রায় হাজার হাজার বছর আগে ছিলেন।তারা যীশুর সাথে **তার মৃত্যুর বিষয়ে কথা বললেন, যা শীঘ্রই যেরুশালেমে হতে চলেছিল**।

আবির্ভূত হলেন

এটা বলাও সম্ভব, "অদৃশ্যতা থেকে হঠাৎ দৃশ্যমান হলেন।" তারা আকস্মিক সেখানে আবির্ভাব হলেন।

তার মৃত্যুর বিষয়ে কথা বললেন, যা শীঘ্রই যেরুশালেমে হতে চলেছিল

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "কিভাবে তিনি শীঘ্রই মারা যাবেন" বা, "কিভাবে তাঁকে শীঘ্রই হত্যা করা হবে।"

যেরুশালেমে

কিছু কিছু ভাষায় বলা হয়ে থাকতে পারে যে, "যেরুশালেমের নগরে।"

translationWords

- মোশি
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- এলিয়
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- যিরূশালেম

36:04



যখন মোশি আর এলিয় যীশুর সাথে কথা বলছিলেন তখন পিতর যীশুকে বললেন, “আমাদের জন্য এখানে থাকাটা ভালো। আমরা এখানে তিনটি **ছাউনি** বানাবো, একটা আপনার জন্য, একটি মোশির আর একটি এলিয়ের জন্য।”পিতর **জানতেন না যে তিনি কি বলছেন**।

ছাউনি

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “চালাঘর” বা, “বাগান রক্ষা করার গৃহ” বা, “তাম্বু” বা “শিবির।” এটি ছোট, ব্যক্তিগত, অস্থায়ী ছাউনির উল্লেখ করে, যেমন ইহুদিরা তাদের একটি উৎসবের সময় গাছের ডালপালা দিয়ে আস্থানা বানাত।

জানতেন না যে তিনি কি বলছেন

তা হল, “কি ঘটছে সে বিষয়ে কোনো জ্ঞান ছাড়াই বলছিলেন” বা, “স্পষ্টভাবে না চিন্তা করেই বলছিলেন কেননা তিনি খুবই উত্তেজিত হয়ে পরেছিলেন।”

translationWords

- মোশি
- এলিয়
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- পিতর, শিমোন পিতর, কৈফা
- ভালো, সততা

36:05

যখন পিতর বলছিলেন তখন এক উজ্জ্বল মেঘ নেমে এলো আর তাদের ঘিরে ধরল আর সেই **মেঘ থেকে একটি বাণী হল**, "এ হল আমার পুত্র যাকে আমি ভালবাসি।আমি তার প্রতি সন্তুষ্ট।তার কথা মান্য কর।"সেই তিন শিষ্য **আতঙ্কিত হল** আর ভূমিতে পড়ল।

মেঘ থেকে একটি বাণী হল

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "মেঘ থেকে একটি বাণী বলে উঠল" বা, "ঈশ্বর মেঘ থেকে বললেন।"

তার কথা মান্য কর

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "তিনিই হলেন সেই ব্যক্তি যার কথা তোমরা পালন করো।"

আতঙ্কিত হল

তা হল, "ভীষণভাবে ভয় পেল।"

ভূমিতে পরল

তা হল, "তাড়াতাড়ি ভূমিতে নত হল" বা, তক্ষনাৎ ভূমিষ্ঠ হল।" নিশ্চিত হন যে "পরল" শব্দটি এমন না শোনায় যে দুরঘটনা হয়ে পরে যাওয়া। তারা সম্ভবতঃ এটি করেছিল সন্মান ও আদর জ্ঞাপন করার জন্য।

translationWords

- পিতর, শিমোন পিতর, কৈফা
- ইশ্বরের পুত্র, পুত্র
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা
- শিষ্য, শিষ্যরা

36:06



তখন যীশু **তাদের ছুঁলেন** আর বললেন, "**ভয় পেয় না**।"**উঠে দাঁড়াও**।"যখন তারা চারিদিকে তাকালো, **তারা কেবল যীশুকেই একা দাঁড়ানো দেখল**।

তাদের ছুঁলেন

তা হল, "তাঁর হাত তাদের উপর রাখলেন।" কিছু কিছু ভাষায় নির্দিষ্ট করার জন্য বলা হতে পারে যে কোথায় তিনি তাদের ছুঁয়েছিলেন। যদি তাই হয়ে থাকে, তাহলে এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "তিনি তাদের কাঁধে ছুঁলেন" বা, "তিনি প্রত্যেকের কাঁধে তাঁর হাত রাখলেন।"

ভয় পেয় না

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "ভয় পাওয়া বন্ধ কর।"

উঠে দাঁড়াও

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "দন্ডায়মান হও" বা, অনুগ্রহ করে দাঁড়াও।" নিশ্চিত হন যেন এটি এমন শোনায় যে প্রভু যীশু দয়ার সাথে বলেছিলেন।"

তারা কেবল যীশুকেই একা দাঁড়ানো দেখল

এটি যোগ করাও সম্ভব যে, "মোশি ও এলীয় সেখান থেকে চলে গিয়েছিলেন।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

36:07



যীশু আর তিন শিষ্যেরা পর্বত থেকে নেমে গেলেন।তারপর যীশু তাদের বললেন, “যা এখানে ঘটেছে সেসব কাউকে কিছু বল না ।আমি শীঘ্রই মারা যাব আর আবার জীবিত হব।তার পর, তোমরা না হয় লোকেদের বল।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ১৭:১-৯; মার্ক ৯:২-৮; লুক ৯:২৮-৩৬

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত

যীশু লাসারকে মৃত্যু থেকে জীবিত করেন

37:01



একদিন, যীশু এক সংবাদ পান যে লাসার খুবিই অসুস্থ। লাসার ও তার দুই বোন **মরিয়ম** আর মার্থা ছিলেন যীশুর নিকট বন্ধু। যখন যীশু সংবাদ পান, তিনি বলেন, "এই আসুক তাকে মৃত্যুতে নিয়ে যাবে না, কিন্তু **এটা হবে ঈশ্বরের মহিমা**।" যীশু তার বন্ধুদের ভালোবাসতেন, **কিন্তু তিনি যেখানে ছিলেন সেখানে আরো দু দিন থাকলেন**।

একদিন

এই বাক্যাংশটি একটি ঘটনার পরিচয় দেয় যা অতীতে ঘটেছিল, কিন্তু যার নির্দিষ্ট সময় বলা হয়নি। কিছু কিছু ভাষায় একই রকম মাধ্যম প্রয়োগ করা হয় একটি সত্য কাহিনী আরম্ভ করার জন্য।

মরিয়ম

প্রভু যীশুর মাতার নামও মরিয়ম ছিল। ইনি একজন অন্য মহিলা ছিলেন।

এই অসুক তাকে মৃত্যুতে নিয়ে যাবে না

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "এই অসুস্থতার অন্তিম পরিনাম মৃত্যু হবে না" বা, "লাসার অসুস্থ, কিন্তু মৃত্যুই এই রোগের পরিনাম নয়।" যীশুর শিষ্যেরা সম্ভবতঃ হয়ত ভেবেছিল এর অর্থ হল যে লাসার মরবেন না। কিন্তু প্রভু যীশু জানতেন যে, যদিও লাসার তার অসুখের জন্য মারা যাবে, তবুও অন্তিমে সে আবার জীবিত হবে।

এটা হবে ঈশ্বরের মহিমা

তা হল, "এর জন্য লোকেরা ঈশ্বরের প্রশংসা করবে যে তিনি কত মহান।"

কিন্তু তিনি যেখানে ছিলেন সেখানে আরো দু দিন থাকলেন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "কিন্তু তিনি যেখানে ছিলেন সেখানে আরো দু দিন থাকলেন, যদিও তারা চাইত যেন তিনি যান আর লাসারকে সুস্থ করেন।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- লাসার
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- মহিমা, মহিমান্বিত, মহিমা দেওয়া, মহিমান্বিত করা
- ঈশ্বর
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা

37:02

দুই দিন পর, যীশু শিষ্যদের বললেন, “চল **যিহুদা**তে যাই।” “কিন্তু গুরু,” শিষ্যেরা উত্তর দিল, “কিছু কাল পূর্বেই সেখানকার লোকেরা আপনাকে হত্যা করতে চেষ্টা করেছিল যে!” যীশু বললেন, “আমাদের বন্ধু লাসার ঘুমিয়ে পড়েছে, আর **আমাকে যে তাকে জাগাতে যেতে হবে**।”

যিহুদা

এটি উল্লেখ করে ইস্রায়েলের দক্ষিন এলাকাকে, যেটিতে যিহুদার গোত্রের লোকেরা থাকত। কিছু কিছু ভাষাতে এটি বলা যেতে পারে, “যিহুদার অঞ্চল।”

আমাকে যে তাকে জাগাতে যেতে হবে

“ঘুমিয়ে পড়েছে” আর “জাগাতে” শব্দটির জন্য আপনার ভাষাতে সাধারণ শব্দেরই ব্যবহার করুন। যদিও প্রভু যীশু একটি ভিন্ন অর্থে এই শব্দগুলির প্রয়োগ করেছেন, তবুও শিষ্যেরা তা তখনও বুঝতে পারে নি।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- শিক্ষক, শিক্ষকরা, শিক্ষক
- লাসার

37:03

যীশুর শিষ্যেরা বললেন, “প্রভু, যদি লাসার ঘুমিয়ে পড়েছে, তবে **সে ভালো হয়ে উঠবে**।” তারপর যীশু স্পষ্টভাবে তাদের বললেন, “লাসার মারা গিয়েছে। **আমি আনন্দিত যে** সেখানে তখন আমি ছিলাম না, যেন তোমরা আমার উপর বিশ্বাস কর।”

সে ভালো হয়ে উঠবে

শিষ্যেরা এই ইঙ্গিতটিকে এই অর্থে বুঝেছিল যে, “আমাদের সেখানে যাওয়ার এখন তেমন কোনো প্রয়োজন নেই, যেহেতু সে ভালো হয়ে যাবে।”

আমি আনন্দিত যে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “আমি আনন্দিত” বা, “এটি ভালো যে।” এর অর্থ এ নয় যে তিনি আনন্দিত ছিলেন যে লাসার মারা গিয়েছেন, কিন্তু তিনি আনন্দিত ছিলেন যেহেতু ঈশ্বর দেখাতে চলেছিলেন যে তিনি কতই না মহান।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- লাসার
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস

37:04

যখন যীশু লাসারের এলাকায় পৌছালেন, তখন লাসার চারদিন হয়েছে মারা গিয়েছে। **মার্থা** বেরিয়ে এলেন তার সাথে দেখা করার জন্য আর বললেন, “প্রভু, যদি আপনি এখানে হতেন, **তবে আমার ভাই মরত না**। কিন্তু আমি বিশ্বাস করি যে **আপনি ঈশ্বরের কাছে যা চাইবেন তিনি তা আপনাকে দেবেন**।”

মার্থা

মার্থা লাসার ও মরিয়মের বোন ছিলেন। 37-01-তে দেখুন।

মার্থা বেরিয়ে এলেন তাঁর সাথে দেখা করার জন্য

তা হল, “যীশুর সাথে দেখা করতে গেলেন যখন তিনি শহরের ভিতরে আসছিলেন।”

তবে আমার ভাই মরত না

তা হল, “আপনি আমার ভাইকে ঠিক করে দিতেন হয়ত আর সে মরত না” বা, “আমার ভাইকে মরার থেকে বাঁচাতেন হয়ত।”

আপনি ঈশ্বরের কাছে যা চাইবেন তিনি তা আপনাকে দেবেন

তা হল, “তিনি করবেন যা কিছু আপনি তাকে করতে অনুরোধ করবেন।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- লাসার
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- ঈশ্বর

37:05

যীশু উত্তর দিলেন, "**আমিই পুনুরুত্থান ও জীবন**। যে কেউ আমার উপর বিশ্বাস করবে সে **যদি সে মারা গিয়েও থাকে তবুও বাঁচবে**। প্রত্যেকে যারা আমার উপর বিশ্বাস করে **সে কখনও মরবে না**। তুমি কি তা বিশ্বাস কর?" **মার্থা** উত্তর দিলেন, "হ্যাঁ, প্রভু! আমি বিশ্বাস করি যে আপনি খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র।"

আমিই পুনুরুত্থান ও জীবন

এটি হল অনেকগুলো শক্তিশালী "আমিই হলাম" শব্দের একটি, যেখানে প্রভু যীশু তাঁর বাস্তবিক প্রকৃতির বিষয়ে কিছু বলছেন। এখানে, "যীশু ইঙ্গিত করছেন যে তিনিই হলেন পুনরুত্থান আর জীবনের "প্রদানকারী বা দাতা" বা, "উৎস।" যদি সম্ভব হয়, এই বাক্যাংশটিকে এমনভাবে অনুবাদ করুন যেন তার প্রাকৃতিক চরিত্রটি প্রকাশ পায়। এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "আমিই হলাম সে যিনি লোকেদের পুনরুত্থিত করে আর জীবন দান করে।"

যদি সে মারা গিয়েও থাকে তবুও বাঁচবে

তা হল, "চিরকাল বাঁচবে, যদিও সে মারা গিয়ে থেকে থাকো।" ইংরেজিতে "হি" বা "সে" পুং শব্দটি এখানে কেবল পুরুষদেরই উল্লেখ করে এমন নয়। মহিলারাও যারা প্রভু যীশুর উপর বিশ্বাস করে তারাও অনন্তকাল পর্যন্ত বাঁচবে।

মার্থা

মার্থা লাসার ও মরিয়মের বোন ছিলেন। 37-01-এ দেখুন।

সে কখনও মরবে না

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "চিরকাল বাঁচবে।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- পুনরুত্থান

- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- খ্রীষ্ট, অভিষিক্ত
- ইশ্বরের পুত্র, পুত্র

37:06



তারপর **মরিয়ম** এলেন। তিনি **যীশুর পায়ে পড়লেন** আর বললেন, “প্রভু, যদি আপনি এখানে থতেন তবে, **আমার ভাই মরত না**।” যীশু তাদের জিজ্ঞাসা করলেন, “তোমরা লাসারকে কোথায় রেখেছ?” তারা বললেন, “কবরে। আসুন আর দেখুন।” তারপর যীশু কাঁদলেন।

মরিয়ম

মরিয়ম হলেন 37-01-এর একই মহিলা ইনি প্রভু যীশুর মাতা মরিয়ম নন।

যীশুর পায়ে পড়লেন

তা হল, “যীশুর পায়ে নত হলেন” সন্মান জ্ঞাপনের চিহ্নরূপে।

আমার ভাই মরত না

তা হল, ““আপনি আমার ভাইকে ঠিক করে দিতেন হয়ত আর সে মরত না” বা, “আমার ভাইকে মরার থেকে বাঁচাতেন হয়ত” বা, “আমার ভাই এখনও জীবিত থাকত।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- লাসার
- কবর, কবর খোদাইকারী, কবর, সমাধি, সমাধি, কবরস্থান

37:07



কবরটি একটি গুহার মত ছিল যার প্রবেশ পথে পাথরের ঢাকনা ছিল। যখন যীশু কবরে পৌছালেন, **তিনি তাদের বললেন, পাথরের ঢাকনাটি সরিয়ে দাও**।” কিন্তু **মার্থা** বললেন, “**সে যে চারদিনের কবর প্রাপ্ত**। সেটিতে যে দুর্গন্ধ হয়েছে।”

তিনি তাদের বললেন

তা হল, “তিনি সেখানে দাঁড়ানো পুরুষদের বললেন।” তিনি সম্ভবত মার্থা ও মরিয়মকে বলছিলেন না পাথরের দরজাটিকে গড়িয়ে খুলে দিতে।

পাথরের ঢাকনাটি সরিয়ে দাও

কিছু কিছু ভাষায় এটা বলা যায় যে, “কবরের দরজার মুখ থেকে পাথরটিকে দুরে সরিয়ে দাও।”

মার্থা

মার্থা লাসার ও মরিয়মের বোন ছিলেন। 37-01-এ দেখুন।

সে যে চারদিনের কবর প্রাপ্ত

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সে চার দিন আগে মারা গিয়েছে আর তার দেহ সেখানে রাখা হয়েছে।”

translationWords

- কবর, কবর খোদাইকারী, কবর, সমাধি, সমাধি, কবরস্থান
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর

37:08

যীশু উত্তর দিলেন, “আমি কি তোমাদের বলি নি যে তোমরা **ঈশ্বরের মহিমা দেখবে** যদি তোমরা আমার উপর বিশ্বাস কর?” তাই তারা **পাথরটিকে সরিয়ে দিল**।

আমি কি তোমাদের বলি নি?

তা হল, “স্মরণ কর যে আমি তোমাকে বলেছিলাম।” প্রভু যীশু উত্তর পাওয়ার জন্য প্রশ্ন করছেন না, তাই কিছু কিছু ভাষায় এটিকে একটি আদেশ রূপে অনুবাদ করা হয়ে থাকতে পারে।

ঈশ্বরের মহিমা দেখবে

তা হল, “ঈশ্বরের মহিমা প্রদর্শিত হতে দেখবে” বা, “দেখবে যে ঈশ্বর প্রকাশ করছেন যে কত মহান তিনি।”

পাথরটিকে সরিয়ে দিল

কিছু কিছু ভাষাতে বলা হয়ে থাকতে পারে যে, “কবরের দরজার মুখটি থেকে পাথরটিকে দূরে সরানো হল।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বর
- মহিমা, মহিমান্বিত, মহিমা দেওয়া, মহিমান্বিত করা
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস

37:09



তারপর যীশু স্বর্গের দিকে তাকালেন আর বললেন, “হে পিতা, ধন্যবাদ **আমাকে শোনার জন্য**। আমি জানি যে আপনি আমায় সবসময়ই শোনেন, কিন্তু আমি এই সকল লোকেদের জন্য বলছি, যেন তারা বিশ্বাস করে যে আপনি আমায় পাঠিয়েছেন।” তারপর যীশু জোরে বলে উঠলেন, “লাসার, কবর থেকে **বেরিয়ে এসো**!”

আমাকে শোনার জন্য

তা হল, “আমার কথা শোনার জন্য।” এতে আরো যোগ দিলে সাহায্যকারী হতে পারে, “যখন আমি প্রার্থনা করি” বা, “যখন আমি তোমার সাথে কথা বলি।”

বেরিয়ে এসো

কিছু কিছু ভাষায় বলা হয়ে থাকতে পারে যে, “কবর থেকে বেরিয়ে এসো।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয়
- পিতা ঈশ্বর, সর্গস্থ পিতা, পিতা
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- লাসার

37:10

তাই **লাসার জীবিত হয়ে বেরিয়ে এলো!** সে এখনো **কবরের কাপড়ে** জড়ানো ছিল। যীশু তাদের বললেন, “সেই কাপড় খুলতে তাকে সাহায্য কর আর তাকে মুক্ত কর!” বহু ইহুদিরা যীশুর **এই চমৎকারের জন্য** তার উপর বিশ্বাস করল।

লাসার জীবিত হয়ে বেরিয়ে এলো!

কিছু কিছু ভাষায় বলা হয়ে থাকতে পারে যে, “কবর থেকে বেরিয়ে এলো।”

কবরের কাপড়ে

তা হল, “কবরের সময়ে পরিহিত বস্ত্র।” এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “কবরের বস্ত্র” বা, “ফিতে জাতীয় কাপড়।”

এই চমৎকারের জন্য

তা হল, “যেহেতু ঈশ্বর এই মহান চমৎকারটি করেছিলেন” বা “কারণ প্রভু যীশু লাসারকে পুনরায় জীবিত করেছিলেন।”

translationWords

- লাসার
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- অলৌকিক ঘটনা, অলৌকিক ঘটনাগুলো, আশ্চর্য, আশ্চর্যের, চিহ্ন, চিহ্নের

37:11



কিন্তু ইহুদি ধর্মিক নেতারা বা গুরুরা **হিংসা** করল, তাই তারা **একত্র হয়ে** যোজনা করল যীশু ও লাসারকে হত্যা করার।

হিংসা

তা হল, "প্রভু যীশুর ক্ষমতা আর খ্যাতির প্রতি হিংসে" বা, " হিংসে করল যে বহু ইহুদিরা যীশুর উপর বিশ্বাস করল।"

একত্র হয়ে

তা হল, " একত্র মিলে" বা, একসাথে যুক্ত হয়ে।" এটি কোনো নৈমিত্তিক সভা ছিল না, বরং, একটি নির্দিষ্ট উদ্দেশ্যের সাথে একটি বিশেষ মিটিং ছিল যেন পরিকল্পনা করা যায় যে কিভাবে যীশুকে হত্যা করা যেতে পারে।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে- যোহন ১১:১-৪৬

translationWords

- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- লাসার

যীশুর সাথে বিশ্বাসঘাতকতা করা হয়

38:01



প্রত্যেক বছর, ইহুদিরা নিস্তারপর্ব পালন করে।শতাব্দী পূর্বে ঈশ্বর তাদের পূর্বপুরুষদের মিশরের দাসত্ব থেকে মুক্তি দিয়েছিলেন এটা হল সেই উৎসব৷ প্রায় তিন বছর হল যীশু তার প্রচার ও শিক্ষা কার্য আরম্ভ করেছেন, যীশু তার শিষ্যদের বললেন যে তিনি যেরুশালেমে তাদের সাথে এই নিস্তারপর্ব পালন করতে চান, আর বললেন যে তাকে সেখানে হত্যা করা হবে৷

শতাব্দী পূর্বে

তা হল, “শত শত বছর পূর্বে” বা, “বহু সময় পূর্বে৷”

translationWords

- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়
- যিহুদিরে বাত্সরিক পর্ব বিশেষ (নিস্তার পর্ব)
- ঈশ্বর
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- মিশর, মিশরীয়, মিশরীয়
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- প্রচার, প্রচার করা, প্রচার করা, প্রচারক, ঘোষণা করা, প্রচারিত করা, ঘোষণা, বিজ্ঞাপিত, ঘোষণা, ইস্তাহার
- শিষ্য, শিষ্যরা
- যিরূশালেম

38:02



যীশুর একজন শিষ্যের নাম ছিল যিহুদা৷ **প্রেরিতদের টাকার থলি রাখার দায়িত্বে** যিহুদা ছিল, কিন্তু তার **টাকাপয়সার প্রতি লোভ ছিল** আর সে থলির থেকে প্রায়ই চুরি করত৷ যীশু আর শিষ্যদের যেরুশালেমে পৌছাবার পর, যিহুদা ইহুদি নেতাদের কাছে গেল আর টাকার পরিবর্তে যীশুর সাথে প্রতারণা করার প্রস্তাব দিল৷সে জানত যে ইহুদি নেতারা যীশুকে খ্রীষ্ট মানত না আর তারা যীশুকে হত্যা করার ষড়যন্ত্র করছে৷

প্রেরিতদের টাকার থলি রাখার দায়িত্বে

তা হল, “প্রেরিতদের টাকা রাখার দ্বায়িত্বধীন ব্যক্তি” বা, “ব্যাগ বা থলি রাখার দায়িত্বে যেটিতে প্রেরিতদের টাকা রাখা হত আর সেখান থেকে বিতরণ করা হত৷”

টাকাপয়সার প্রতি লোভ ছিল

তা হল, “টাকাকে খুব মূল্য দিত” বা “টাকা প্রাপ্ত করতে চাইত৷” কিছু কিছু ভাষায় এই একই শব্দের প্রয়োগ নাও হয়ে থাকতে পারে, সেখানে “লোকেদের প্রেম করত” এমন লেখা হয়ে থাকতে পারে৷

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- ঈস্কারিয়োতীয় যিহুদা
- প্রেরিত, প্রেরিতরা, প্রেরিতত্ব
- যিরূশালেম
- যিহূদীয় অধিকার, যিহুদীয় নেতা
- বিশ্বাসঘাতকতা করা, বিশ্বাসঘাতকতা , বিশ্বাসঘাতকতা, বিশ্বাসঘাতকতা করা , বিশ্বাসঘাতক, বিশ্বাসঘাতকদের
- খ্রীষ্ট, অভিষিক্ত

38:03



ইহুদি নেতারা, যারা মহাযাজকের দ্বারা প্ররোচিত হয়েছিল, তারা যীশুকে প্রতারণা করার জন্য যিহুদাকে **তিরিশটি রুপার মুদ্রা** দিল। এসব ঘটল যেমনটি ভাববাদীরা বলেছিল।যিহুদা রাজি হল, মুদ্রা গুলো নিল আর চলে গেল।সে সুযোগ খুঁজতে থাকলো যীশুকে তাদের কাছে ধরিয়ে দিতে।

তিরিশটি রুপার মুদ্রা

এক একটি মুদ্রার মূল্য ছিল চার দিনের মজুরি।

translationWords

- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- মহা যাজক
- ঈস্করিয়োতীয় যিহুদা
- বিশ্বাসঘাতকতা করা, বিশ্বাসঘাতকতা , বিশ্বাসঘাতকতা, বিশ্বাসঘাতকতা করা , বিশ্বাসঘাতক, বিশ্বাসঘাতকদের
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী

38:04



যেরুশালেমে, যীশু নিস্তারপর্ব তার শিষ্যদের সাথে **পালন করলেন**। নিস্তারপর্বের ভোজের সময়, যীশু **কিছু রুটি নিলেন** আর **তা ভাঙ্গলেন**।তিনি বললেন, "এটি নাও ও তা খাও।এ হল আমার শরীর, যা **তোমাদের জন্য দেওয়া হয়েছে**।এমনটি কর আমাকে স্মরণ করার জন্য।"এই ভাবে, যীশু বললেন যে তার শরীর তাদের জন্য বলি করা হবে।

পালন করলেন

তা হল "পালন করছিলেন।"

কিছু রুটি নিলেন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "রুটির এক টুকরো নিলেন" বা, "একটি চ্যাপ্টা রুটি নিলেন।"

তা ভাঙ্গলেন

কিছু কিছু ভাষায় বলা হয়ে থাকতে পারে যে, "টুকরো টুকরো করে ছিড়লেন" বা, "অর্ধেক করে ছিড়লেন" বা তার কিছুটা অংশ ছিড়লেন।"

তোমাদের জন্য দেওয়া হয়েছে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "যা আমি তোমাদেরকে দিই।"

এমনটি কর আমাকে স্মরণ করার জন্য

তা হল, "এমনটি কর নিজেদের স্মরণ করাতে যে আমি তোমাদের জন্য কি করছি।" যীশু তাঁর মৃত্যুকে উল্লেখ করছিলেন যা শীঘ্রই ঘটতে চলেছিল।

translationWords

- যিরূশালেম
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- যিহুদিরে বাত্সরিক পর্ব বিশেষ (নিস্তার পর্ব)
- শিষ্য, শিষ্যরা
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ

38:05



তারপর যীশু **একটি কাপ** তুললেন আর বললেন, "**এটির থেকে পান কর**।এটি হল আমার রক্ত নতুন নিয়মের যা তোমাদের পাপের জন্য **ঢালা হয়েছে**। প্রতিবার তোমরা এর থেকে পান করে **আমাকে স্মরণ কর**।"

একটি কাপ

তা হল, "দাক্ষা রসের একটি পাত্র" বা, "আঙ্গুরের রসের বানানো পানীয় দ্বারা ভরা একটি কাপ।"

এটির থেকে পান কর

তা হল, "পান কর যা এই কাপটিতে রয়েছে" বা, "এই কাপটি থেকে পান কর।" এই পানীয়টি আঙ্গুরের রস দিয়ে তৈরী করা হয় তাই এটি গভীর বা গাঢ় লাল রঙের হয়।

এটি হল আমার রক্ত নতুন নিয়মের

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "রক্ত যা নতুন নিয়মকে সম্ভব করে" বা, "রক্ত যা নতুন নিয়মের ভিত্তি।"

ঢালা হয়েছে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "আমার দেহ থেকে প্রবাহিত হয়ে ঝরবে" বা, "আমি রক্তাক্ত হব।"

পাপের ক্ষমাপ্রাপ্তির জন্য

তা হল, "তাই যেন ঈশ্বর লোকেদের করা সকল পাপগুলোকে ক্ষমা করে দেন।"

আমাকে স্মরণ কর

তা হল, “আমাকে পালন কর” বা, “আমাকে স্মরণীয় করে রেখো।” এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “বিশেষ করে আমাকে লক্ষ্য কর” বা, “আমার বিষয়ে নিজেকে স্মরণ করিয়ে দিও।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- রক্ত
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

38:06



তারপর যীশু তার শিষ্যদের বললেন, “তোমাদের মধ্যে একজন আমাকে প্রতারণা করবে।”শিষ্যরা অবাক হল, আর জিজ্ঞেসা করল কে এমন করবে।যীশু বললেন, “যে ব্যক্তিকে **আমি এই রুটি দিব সেই হল আমার প্রতারক**।” তারপর তিনি সেই রুটি যিহুদাকে দিলেন।

আমি এই রুটি দিব

তা হল, “রুটির টুকরো যাকে দিব।”

সেই হল আমার প্রতারক

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আমাকে ছলনা করবে” বা, “সেই হল সেইজন যে আমাকে প্রতারণা করবে।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- বিশ্বাসঘাতকতা করা, বিশ্বাসঘাতকতা , বিশ্বাসঘাতকতা, বিশ্বাসঘাতকতা করা , বিশ্বাসঘাতক, বিশ্বাসঘাতকদের
- ঈস্করিয়োতীয় যিহুদা

38:07



যিহুদা রুটি নেওয়ার পর, **শয়তান তার ভিতর প্রবেশ করল**।যিহুদা চলে গেল আর ইহুদি নেতাদের সাহায্য করল যীশুকে ধরতে।এটি ছিল রাতের বেলা।

শয়তান তার ভিতর প্রবেশ করল

তা হল, “শয়তান তার ভিতরে এলো” বা, “শয়তান তাকে তার নিয়ন্ত্রণ নিয়ে নিল।

যিহুদা চলে গেল

কিছু কিছু ভাষাতে বলা হয়ে থাকতে পারে যে, “যিহুদা খাবার ছেড়ে চলে গেল” বা, “যিহুদা ঘরটি ছেড়ে বাইরে চলে গেল।”

translationWords

- ঈস্করিয়োতীয় যিহুদা
- শয়তান, অপদেবতা,খারাপ এক
- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়

38:08



খাবারের পর, যীশু ও তার শিষ্যেরা **জৈতুন পর্বতের** দিকে গেলেন।যীশু বললেন, “তোমরা সকলে আজ রাতে **আমাকে ছেড়ে চলে যাবে**।এ লেখা রয়েছে, ‘“আমি মেষপালককে **আঘাত করব** আর সকল মেষরা **ছিন্নভিন্ন হবে**।”’

জৈতুন পর্বতের

এটি হল একটি পাহাড়ের নাম যা জলপাই বৃক্ষ দ্বারা আচ্ছাদিত ছিল, আর যেরুশালেম নগরের প্রাচীরের ঠিক কাছাকাছিতেই এটি অবস্থিত ছিল। এটিকে “অলিভ ট্রি হিল বা জলপাই গাছের পাহাড়” রূপে অনুবাদ করা যেতে পারে।

আমাকে ছেড়ে চলে যাবে

তা হল, “পরিত্যাগ করবে” বা “ছেড়ে দেবে।”

এ লেখা রয়েছে

তা হল, “এটি ঈশ্বরের শাস্ত্র বাক্যে লেখা রয়েছে” বা, “এটি বাক্যে লেখা রয়েছে” বা, “ঈশ্বরের এক ভাববাদী লিখেছেন।” এটি বলাও সম্ভব যে, “যা লেখা হয়েছে তা ঘটবেই” বা, “এমনটাই হবে যা লিখিত হয়েছে।” এই ভাববাণীটি প্রভু যীশুর মৃত্যু ও তাঁর শিষ্যদের পলায়ন করাকে উল্লেখ করে।

আঘাত করব

তা হল, “আমি মেরে ফেলবো।”

মেষপালক ও মেষ

এই উল্লেখটিতে প্রভু যীশুর নাম প্রয়োগ করবেন না কেননা যে ভাববাদী এটি প্রথমে লিখেছিলেন তিনি মেষপালকের নামটি হয়ত জানতেন না। আরো, যে শিষ্যদের মেষ রূপে উল্লেখ করবেন না। সঠিক হবে যদি আপনি আপনার অনুবাদে কেবল “মেষপালক” ও “মেষ” লেখেন।

ছিন্নভিন্ন হবে

তা হল, “বিভিন্ন দিকে চলে যাবে।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- পালক, মেষপালক, পালক, পালকৃত্ত করা
- ভেড়ি, ভেড়িপাল, মেষ, মেষ, ভেড়া, ভেড়ার খোঁয়াড়, ভেড়ার খোঁয়াড়, ভেড়ার লোম, ভেড়ার চামড়া

38:09



পিতর বললেন, “যদিও সকলে **ছেড়ে পালাবে** কিন্তু আমি তা করবই না!”তারপর যীশু পিতরকে বললেন, “শয়তান **তোমাদের সকলকে চায়**, কিন্তু আমি তোমাদের জন্য প্রার্থনা করেছি, পিতর, যেন **তোমার বিশ্বাস শেষ না হয়**।যদিও, আজ রাতে, **মোরগ ডাকবার পূর্বেই**, তুমি তিনবার অস্বীকার করবে যে তুমি আমায় জানো না।

ছেড়ে পালাবে

38-08-এ দেখুন আপনি কিভাবে এটিকে অনুবাদ করেছেন।

তোমাদের সকলকে চায়

তা হল, “তোমাদের উপর সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণ করতে চায়” বা, “তোমাদেরকে সম্পূর্ণভাবে তার নিজ সেবার্থে চায়।” এখানে “ইউ” বা “you” শব্দটি বহুবচন। সকল “ইউ” বা “you” শব্দগুলোকে নিরীক্ষণ করুন তা একবচন না কি বহুবচন।

তোমার বিশ্বাস শেষ না হয়

তা হল, “যেন তুমি আমার উপর বিশ্বাস করা বন্ধ না করে দেও।”

মোরগ ডাকবার পূর্বেই

মোরগ সাধারণত নতুন দিনের ভোরবেলায় বান দেয়। যদি তা স্পষ্ট না হয়ে থাকে, এটা বলা সাহায্যকারী হবে, “আগামীকালের ভোরবেলায় মোরগ ডাক দেওয়ার পূর্বে” বা, “কালকের সকালে মোরগ ডাক দেওয়ার আগে।”

translationWords

- পিতর, শিমোন পিতর, কৈফা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শয়তান, অপদেবতা,খারাপ এক
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত

- বিশ্বাস

38:10

পিতর তারপর যীশুকে বললেন, “আমি মরে গেলেও, আপনাকে আমি **অস্বীকার করব না**!”অন্য সকল শিষ্যেরাও তেমনটাই বলল৷

অস্বীকার করব না

তা হল, “অস্বীকার করা যে আমি আপনাকে চিনি” বা, “অস্বীকার করা যে আমি আপনার শিষ্য” বা, “মানতে অস্বীকার করা৷”

translationWords

- পিতর, শিমোন পিতর, কৈফা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- শিষ্য, শিষ্যরা

38:11



তারপর যীশু তার শিষ্যদের সাথে **গেৎশিমানী নামক এক জায়গায়** গেলেন। যীশু তার শিষ্যদের প্রার্থনা করতে বললেন যেন তারা **প্রলোভনে না পরে**। তারপর যীশু **একা** প্রার্থনা করতে গেলেন।

গেৎশিমানী নামক এক জায়গায়

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “কাছাকাছির একটি জায়গা যাকে গেৎশিমানী বলা হত” বা, “একটি জায়গা যাকে গেৎশিমানী বলা হত যা জৈতুন পর্বতের পাদদেশে অবস্থিত।

প্রলোভনে না পরে

তা হল, “পাপ না করে যখন তারা প্রলোভনে পরবে” বা, “সেই প্রলোভনে যেটিতে তারা পরবে তা থেকে উত্তীর্ণ হবে।”

একা

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “একাকী।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত
- প্রলোভন, প্রলোভন

38:12

যীশু তিনবার প্রার্থনা করলেন, "হে আমার পিতা, যদি সম্ভব হয়, তবে অনুগ্রহ করে আমাকে এই **কষ্টের কাপ থেকে পান করতে দেবেন না**।কিন্তু লোকেদের পাপ থেকে উদ্ধারের যদি অন্য কোনো পথ যদি না থেকে থাকে, তবে **আপনারই ইচ্ছে পূর্ণ হোক**।"যীশু খুবিই কষ্টে ছিলেন আর তার ঘাম রক্তের ফোঁটার মত ঝরছিল।ঈশ্বর এক দূতকে পাঠিয়েছিলেন তাকে সাহস দিতে।

কষ্টের কাপ থেকে পান করতে দেবেন না

তা হল, "এই কষ্টের মধ্যে দিয়ে যেতে দেবেন না" বা, "কষ্ট যা হতে চলেছে" বা, "এই কষ্টকে বহন করতে দেবেন না।"

আপনারই ইচ্ছে পূর্ণ হোক

এই অভিব্যাক্তিটির অর্থ হল, "তাই করুন যা আপনি পরিকল্পনা করেছেন" বা, "তাই করুন যা করা প্রয়োজন।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত
- পিতা ঈশ্বর, সর্গস্থ পিতা, পিতা
- কষ্ট, কষ্টভোগ, সহ্য, ক্লেশিত, পীড়া
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা
- রক্ত
- ঈশ্বর
- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত

38:13



প্রত্যেকবার প্রার্থনার পর, যীশু তার শিষ্যদের কাছে ফিরে আসতেন, কিন্তু তারা প্রতি বার ঘুমিয়ে পরত। যখন তিনি তৃতীয়বার ফিরে এলেন, যীশু বললেন, “উঠ!আমার প্রতারক এখানে এসেছে।”

প্রত্যেকবার প্রার্থনার পর

তা হল, “প্রত্যেকবার যীশুর সেই প্রার্থনাটি প্রার্থনা করার পর।” এটি উল্লেখ করে সেই তিন বার প্রার্থনা করাকে, যা 38-12-এ উল্লেখ করা হয়েছে।

translationWords

- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- বিশ্বাসঘাতকতা করা, বিশ্বাসঘাতকতা , বিশ্বাসঘাতকতা, বিশ্বাসঘাতকতা করা , বিশ্বাসঘাতক, বিশ্বাসঘাতকদের

38:14



যিহুদা ইহুদি নেতাদের, সৈন্যদের আর এক বিরাট ভিড়ের সাথে এলো। তারা তলোয়ার আর হাতিয়ার সঙ্গে এনেছিল।যিহুদা যীশুর **কাছে এলো** আর বলল, "**মঙ্গলবাদ** হে গুরু," আর তাকে চুম্বন করলো।এটি ছিল **সংকেত** ইহুদি নেতাদের জন্য যে কাকে ধরতে হবে।তখন যীশু বললেন, "জিহুদা, **চুম্বন দিয়ে তুমি আমায় বিশ্বাসঘাতকতা করলে?**"

কাছে এলো

কিছু কিছু ভাষায় উল্লেখ করা হতে পারে, "কাছে গেল।"

মঙ্গলবাদ

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "হ্যালো" বা, "শান্তি হোক" বা, "শুভ সন্ধ্যা।"

সংকেত

তা হল, "সিগন্যাল।"

চুম্বন দিয়ে তুমি আমায় বিশ্বাসঘাতকতা করলে?

তা হল, "তুমি সত্যি সত্যিই আমাকে চুম্বন দিয়ে প্রতারণা করলে?" প্রভু যীশু এই প্রশ্নের কোনো উত্তর খুঁজছিলেন না। কিছু কিছু ভাষায় এটিকে একটি উক্তি রূপে অনুবাদ করা হয়ে থাকতে পারে, যেমন, "তুমি আমাকে চুম্বনের দ্বারা প্রতারণা করলে!" বা, 'তুমি তোমার প্রতারণাকে আরও দুষ্টতাপূর্ণ করলে চুম্বনের দ্বারা।"

translationWords

- ঈস্করিয়োতীয় যিহুদা
- যিহুদীয় অধিকার, যিহুদীয় নেতা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিক্ষক, শিক্ষকরা, শিক্ষক

- বিশ্বাসঘাতকতা করা, বিশ্বাসঘাতকতা , বিশ্বাসঘাতকতা, বিশ্বাসঘাতকতা করা , বিশ্বাসঘাতক, বিশ্বাসঘাতকদের

38:15

যখন সৈন্যরা যীশুকে ধরল, তখন পিতর **তার তলোয়ার বের করল** আর মহাযাজকের এক চাকরের কান কেঁটে দিল।যীশু বললেন, “তলোয়ার দুরে রাখো!আমি আমার পিতার কাছে স্বর্গদূতেদের সৈন্য চাইতে পারি আমার রক্ষার্থে।কিন্তু আমাকে যে **আমার পিতার আজ্ঞা পালন করতে হবে**।”তারপর যীশু চাকরটির কান পুনরায় জুড়ে দেন।যীশুর গ্রেফতারের পর, সকল শিষ্যরা পালিয়ে গেল।

যখন সৈন্যরা যীশুকে ধরল

তা হল, “যে সময় সৈন্যরা যীশুকে গ্রেফতার করল।”

তার তলোয়ার বের করল

তা হল, “সেখান থেকে তলোয়ার বের করল যেখানে তিনি তা রাখতেন।”

আমার পিতার আজ্ঞা পালন করতে হবে

তা হল, “আমি তা করব না যেহেতু আমাকে আমার পিতার ইচ্ছে পূর্ণ করতে হবে আর নিজেকে গ্রেফতার করাতে হবে।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ২৬:১৪-৫৬; মার্ক ১৪:১০-৫০; লুক ২২:১-৫৩; যোহন ১২:৬; ক৮:১-১১

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- পিতর, শিমোন পিতর, কৈফা
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- মহা যাজক
- পিতা ঈশ্বর, সর্গস্থ পিতা, পিতা

- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- নিরাময়, নিরাময় হওয়া, সুস্থ হওয়া, সুস্থকরা, সুস্থ, সুস্থ করা, সুস্থ করা, নিরাময়কারী, স্বাস্থ্য, স্বাস্থ্যকর, অস্বাস্থ্যকর
- শিষ্য, শিষ্যরা

যীশুকে যাঁচাই করা হয়

39:01

এ ছিল মধ্যরাত। সৈন্যরা যীশুকে মহাযাজকের ঘরে নিয়ে গেল যেন মহাযাজক তাকে **প্রশ্ন করতে** পারেন।পিতর দুরে থেকে তাদের পিছন নিল। যখন যীশুকে ঘরের মধ্যে নিয়ে যাওয়া হল, তখন পিতর বাইরেই থাকলো আর আগুনের পাশে বসে নিজেকে গরম করছিলেন।

মধ্যরাত

এই অভিব্যাক্তিতির অর্থ হল, “রাতের অর্ধেক হয়েছিল” বা, “খুব রাত হয়েছিল।”

প্রশ্ন করতে

তা হল, “যীশুকে প্রশ্ন করতে যেন তারা যীশুকে যে মিথ্যে দোষ আরোপ করা হয়েছিল তার কিছু অনুসন্ধান করতে পারে।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- মহা যাজক
- পিতর, শিমোন পিতর, কৈফা

39:02

ঘরের মধ্যে, ইহুদি নেতারা **যীশুর বিচার করছিলেন**।তারা বহু মিথ্যেবাদী সাক্ষী যোগার করেছিল যারা **তার সম্বন্ধে মিথ্যে অপবাদ দিল**।যাইহোক, তাদের বলা কথা গুলো একেঅপরের সাথে মিল খায়নি, তাই ইহুদি নেতারা **তাকে দোষী প্রমান করতে পারল না**।যীশু কিছুই বললেন না।

যীশুর বিচার করছিলেন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “একটি আচারনিষ্ঠ সভা করা হয়েছিল যীশুর উপর মিথ্যে আরোপ প্রমান করতে।” সাধারণত একটি বিচার করা হয় কোনো একজনকে কোনো একটি নির্দিষ্ট অপরাধের জন্য দোষী কি নির্দোষ প্রমান করার জন্য। এই ক্ষেত্রে, নেতারা আগে থেকেই নিশ্চিত হয়ে তৈরী ছিল যেন যীশুকে দোষী প্রমান করে।

তার সম্বন্ধে মিথ্যে অপবাদ দিল

তা হল, “তার বিষয়ে মিথ্যে বলল” বা, “মিথ্যে দোষারোপ করল কিছু অপরাধ করেছেন বলে।”

তাদের বলা কথা গুলো একেঅপরের সাথে মেল খায়নি

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “তারা যীশুর বিষয়ে এমন কিছু কথা বলল যে সেগুলো একেঅপরের সাথে ভিন্ন ছিল” বা, “সাক্ষীগুলো এমন সাক্ষী দিল যা একেঅপরের সাথে বিপরীত।”

তাকে দোষী প্রমান করতে পারল না

তা হল, “যে তিনি কিছু অপরাধ করেছেন।”

translationWords

- যিহুদীয় অধিকার, যিহুদীয় নেতা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- সাক্ষ্য, সাক্ষী, সাক্ষী, সাক্ষী, প্রত্যক্ষদর্শী, প্রত্যক্ষদর্শী

- অপরাধ, দোষী

39:03

অন্তিমে, মহাযাজক যীশুর দিকে সরাসরি দেখলেন আর বললেন, “আমাদের বল, তুমিই কি খ্রীষ্ট, জীবিত ঈশ্বরের পুত্র?”

অন্তিমে

তা হল, “তার বিরুদ্ধে কোনো অপরাধের প্রমান না পাওয়ার পর” বা, “তিনি যে দোষী তা প্রমানে বিফল হওয়ার পর।”

translationWords

- মহা যাজক
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- খ্রীষ্ট, অভিষিক্ত
- ইশ্বরের পুত্র, পুত্র

39:04



যীশু বললেন, “আমিই সে, আর তোমরা **আমাকে** **ঈশ্বরের সাথে বসে থাকতে** **আর স্বর্গ থেকে আসতে দেখবে**।” মহাযাজক **রেগে নিজের কাপড় ছিড়লেন** আর অন্য ধার্মিক নেতাদের চিৎকার করে বললেন, “আমাদের আর কোনো সাক্ষীর প্রয়োজন নেই!তোমরা সকলে শুনেছ তাকে বলতে যে সে হল ঈশ্বরের পুত্র।তোমাদের বিচার কি?”

আমিই হলাম- তা হল, “আমিই সেই যার বিষয়ে আপনি বললেন” বা, “আমিই খ্রীষ্ট আর ঈশ্বরের পুত্র।” “আমি হলাম” এটি ঈশ্বরের নাম (09-14)-তে দেখুন)। “আমি হলাম / বা আমি হই” এটি সাধারনভাবে বলার দ্বারা প্রভু যীশু সয়ং বলছেন যে তিনিই হলেন সর্বশক্তিমান যীহোবা ঈশ্বর। যদি সম্ভব হয়, তবে এটিকে এভাবেই অনুবাদ করুন যেন লোকেরা প্রভু যীশুর উত্তরে ও ঈশ্বরের নামের মধ্যের একটি সমানতা দেখতে পায়।

আমাকে ঈশ্বরের সাথে বসে থাকতে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বরের সাথে রাজত্ব করতে।” যেহেতু ঈশ্বর সকলের উপর শাসক, তাই লোকেরা তার বিষয়ে বলে যে তিনি স্বর্গের সিংহাসনে বিরাজমান। এটি বলার দ্বারা যে তিনি ঈশ্বরের সাথে বসবেন, প্রভু যীশু দাবি করছেন যে তার অধিকার আছে পিতার সাথে রাজত্ব করার।

ঈশ্বরের সাথে বসে থাকতে আর স্বর্গ থেকে আসতে দেখবে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বরের পাশে বসবেন আর তারপর স্বর্গ থেকে নেমে আসবেন।”

রেগে নিজের কাপড় ছিড়লেন

ইহুদিরা তাদের শোক বা ক্রোধকে প্রদর্শন করার জন্য তাদের কাপড় ছিড়ত। কাপড় ছেড়ার অর্থ যদি আপনার ভাষায় ভিন্ন হয়, তবে আপনাকে একটি বিকল্প এর সাথে জুড়ে দিতে হবে যেমন, “তিনি অত্যাধিক রেগে গেলেন।”

তোমাদের বিচার কি?

তা হল, “তোমাদের নির্ণয় বা ফলাফলটি কি?” বা, “আপনারা কি বিচার করেছেন তা আমাদের বলুন: তিনি নির্দোষ না দোষী?” প্রধান পুরোহিত চাইতেন যেন ধার্মিক নেতারা যীশুকে আরোপিত করে নিজেকে ঈশ্বরের সমান করার জন্য।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বর
- স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয়
- মহা যাজক
- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- সাক্ষ্য, সাক্ষী, সাক্ষী, সাক্ষী, প্রত্যক্ষদর্শী, প্রত্যক্ষদর্শী
- ইশ্বরের পুত্র, পুত্র
- বিচারক, বিচারকগণ, দন্ড, দন্ড

39:05



ইহুদি নেতা সকল মহাযাজককে উত্তর দিল, “সে মৃত্যুর যোগ্য!”তারপর **তারা যীশুর চোখ বেঁধে দিল**, তাকে আঘাত করল, **তার উপর থুথু ফেলল** আর তার ঠাট্টা করল।

তারা যীশুর চোখ বেঁধে দিল

তা হল, “তারা যীশুর চোখ বেঁধে দিল যেন তিনি আর দেখতে না পান।”

তার উপর থুথু ফেলল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তাকে অসন্মান করার জন্য থুথু ফেলল” বা, “তার উপর থুথু ফেলল যেন তাকে তারা বুঝিয়ে দেয় যে তিনি কিছুই নন।” এটি ছিল কারো প্রতি ঘৃণা প্রদর্শন করার একটি মাধ্যম।

translationWords

- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- মহা যাজক
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- উপহাস, উপহাসের, উপহসিত, বিদ্রূপ করা, ব্যঙ্গকারী, ব্যঙ্গকারীরা, বিদ্রুপ, টিটকারি, অবক্ষিপ্ত, উপহাসের পাত্র, উপহাস করতে থাকা

39:06

পিতর যখন ঘরের বাইরে অপেক্ষা করছিল, তখন একটি চাকর মেয়ে তাকে দেখল আর তাকে বলল, “তুমিও তো যীশুর সাথে ছিলে!”পিতর **অস্বীকার করলেন**।পরে, আর একটি মেয়ে একই কথা বলল, আর **পিতর আবার তা অস্বীকার করলেন**।অন্তিমে, লোকেরা বলল, “আমরা জানি যে তুমি যীশুর সাথে ছিলে কেননা তোমরা দুজনেই **গালীল প্রদেশের**।”

অস্বীকার করলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “বললেন যে এ মিথ্যে কথা” বা, “বললেন যে তিনি যীশুর সাথে ছিলেন না” বা “বললেন, না। এ সত্য নয়।”

পিতর আবার তা অস্বীকার করলেন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “পিতর যীশুকে জানা সত্যেও অস্বীকার করলেন” বা, “পুনরায় পিতর বললেন যে তিনি যীশুর সাথে ছিলেন না।”

গালীল প্রদেশের

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “গালীলীয়।” লোকেরা হয়ত তা বলতে পারত যীশু ও পিতরের কথা বলার ভঙ্গিমা দেখে যে তারা গালীল প্রদেশের লোকজন।

translationWords

- পিতর, শিমোন পিতর, কৈফা
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- গালীল, গালিলীয়, গালিলীয়রা

39:07

তখন পিতর ভূমিতে বসে পড়লেন আর বললেন, “**ঈশ্বর আমাকে অভিশপ্ত করুক যদি আমি সেই লোকটিকে চিনে থাকি**!” তক্ষনাৎ, **একটি মোরগ ডেকে উঠল**, আর যীশু ঘুরে দাড়ালেন আর পিতরের দিকে তাকালেন।

শপথগ্রহণ করলেন

তা হল, “জোরালোভাবে বললেন” বা, “খুব শক্ত হয়ে বললেন।”

ঈশ্বর আমাকে অভিশপ্ত করুক যদি আমি সেই লোকটিকে চিনে থাকি

এটি হল একটি অভিশাপ যার অর্থ হল, “ঈশ্বর আমার ক্ষতি করুক যদি তুমি যা বলছ তা সত্য হয়ে থাকে” বা, “ঈশ্বর আমাকে দণ্ড দিক যদি আমি তোমাকে মিথ্যে বলে থাকি!” এইভাবে পিতর শক্তভাবে বলছিলেন যে তিনি যীশুকে জানতেন না। তিনি যীশুর বিষয়ে আরও উল্লেখ করলেন যে, “এই লোকটিকে” আর তার মাধ্যমে তিনি বলতে চাইলেন যে তিনি তাকে চেনেন না।

একটি মোরগ ডেকে উঠল

“ডেকে উঠল” বা বান দেওয়া হল একটি উচ্চ স্বরে ডাকা। 38-09-এর সাথে তুলনা করুন যে আপনি কিভাবে অনুবাদ করেছেন সেখানে।

translationWords

- পিতর, শিমোন পিতর, কৈফা
- ঈশ্বর
- অভিশাপ, অভিশপ্ত, অভিশাপগুলি, অভিশাপ দেওয়া
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

39:08

পিতর দুরে চলে গেলেন আর **খুব কাঁদলেন**।সে সময়ই, **প্রতারক** যিহুদা, দেখল যে ইহুদি নেতারা যীশুর **মৃত্যুর আদেশ দিয়েছে**। যিহুদা দুঃখিত হল আর দুরে চলে গেল আর নিজেকে মেরে ফেলল।

খুব কাঁদলেন

তা হল, “খুব গভীর মনদুঃখে কাঁদল” বা, “খুব অনুশোচনার দরুন কাঁদল।”

প্রতারক

তা হল, “যে যীশুকে প্রতারণা করেছিল” বা, “যে যীশুকে গ্রেফতার করতে নেতাদের সাহায্য করেছিল।”

মৃত্যুর আদেশ দিয়েছে

তা হল, “বলেছে যে যীশু দোষী আর তাকে মরতেই হবে।”

translationWords

- পিতর, শিমোন পিতর, কৈফা
- ঈস্করিয়োতীয় যিহুদা
- বিশ্বাসঘাতকতা করা, বিশ্বাসঘাতকতা , বিশ্বাসঘাতকতা, বিশ্বাসঘাতকতা করা , বিশ্বাসঘাতক, বিশ্বাসঘাতকদের
- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

39:09



আগামী দিনের খুব ভোরে, ইহুদি নেতারা যীশুকে **রোমান রাজ্যপাল**, পীলাতের কাছে নিয়ে এলো। তারা আশা করেছিল যে পীলাত যীশুকে দোষী সাব্যস্ত করবে আর **তাকে মৃত্যু দন্ড দেবেন**।পীলাত যীশুকে জিজ্ঞাসা করলেন, “আপনি কি ইহুদিদের রাজা?”

রোমান রাজ্যপাল

তা হল, “রোমান সরকারের অধিকারী।” রোমান সরকার পীলাতকে ইস্রায়েলের যিহুদা অঞ্চলের উপর শাসন করতে নিযুক্ত করেছিলেন।

তাকে মৃত্যু দন্ড দেবেন

রাজ্যপালরূপে, যীশুকে মৃত্যু দণ্ড দেওয়ার আর তাকে ক্রুশে চরানোর জন্য, অথবা স্বতন্ত্র করে ছেড়ে দেওয়ার অধিকার পীলাতের কাছে ছিল। ইহুদি নেতাদের কাছে কোনো অধিকার ছিল না কাউকে হত্যা করার বা মৃত্যু দণ্ড দেওয়ার।

translationWords

- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- পিলাত
- রোম ,রোমের লোক
- যিহুদিদের রাজা, যিহুদিদের রাজা

39:10



যীশু উত্তর দিলেন, “**আপনিই বললেন**, কিন্তু **আমার রাজ্য পৃথিবীর সাম্রাজ্যের মত নয়**। যদি তেমন হত, তাহলে **আমার চাকরেরা আমার হয়ে লড়ত**। আমি পৃথিবীতে ঈশ্বরের সত্য প্রকাশ করতে এসেছি।প্রত্যেকে যারা সত্যকে ভালবাসে সে **আমার কথা শুনবে**।পীলাত প্রশ্ন করলেন, “**সত্য কি?**”

আপনিই বললেন

তা হল, “আপনি সঠিক বলেছেন।”

আমার রাজ্য পৃথিবীর সাম্রাজ্যের মত নয়

তা হল, “আমার রাজ্য পৃথিবীর রাজ্যগুলোর মত নয়।”

আমার চাকরেরা আমার হয়ে লড়ত

তা হল, “আমার শিষ্যেরা আমার হয়ে লড়ত” যেন আমি আমার রাজ্য স্থাপন করতে পারি।

আমার কথা শুনবে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “আমার শিক্ষা শুনত আর আমার আজ্ঞাকারী হত। এটি কেবল যীশুর কথা শোনাই নয় বরং তা পালন করাকেও অন্তর্ভুক্ত করে।

সত্য কি?

তা হল, “কেউ কি জানে যে সত্যটি কি?”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য
- রাজ্য, রাজ্যবর্গ
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- সত্য, সত্য, সত্যগুলি
- ঈশ্বর
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা
- পিলাত

39:11



যীশুর সাথে কথা বলার পর, পীলাত ভিড়ের কাছে গেলেন আর বললেন, “**আমি এই ব্যক্তির মধ্যে কোনও দোষ পাইনি**।”কিন্তু যিহুদি নেতারা আর লোকের ভিড় চিৎকার করল, “ওকে ক্রুশে দাও!”পীলাত উত্তর দিলেন, “কিন্তু **ও যে নির্দোষ**।”কিন্তু তারা আরও জোরে চিৎকার করল।তারপর পীলাত তৃতীয়বার বললেন, “ও নির্দোষ!”

আমি এই ব্যক্তির মধ্যে কোনও দোষ পাইনি

“আমি এই লোকটির মধ্যে কোনো দোষ পাইনি” বা, “আমি এই লোকটিকে নিরীক্ষণ করেছি আর আমি দেখতে পাইনি যে সে কিছু অপরাধ করেছে।”

ও যে নির্দোষ

তা হল, “সে কিছুই অপরাধের করে নি!”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- পিলাত
- অপরাধ, দোষী
- যিহূদীয় অধিকার, যিহুদীয় নেতা
- ক্রুশবিদ্ধ, ক্রুশবিদ্ধ করা

39:12

পীলাত ভয় পেলেন যে লোকের ভিড় কোনো **বিদ্রোহ** না করে বসে, তাই তিনি তার সৈন্যদের যীশুকে ক্রুশে দিতে বললেন।রোমান সৈন্যরা যীশুকে চাবুক মারল আর তাকে **একটি রাজকীয় পোশাক** আর কাটার তৈরী একটি মুকুট পরাল।তারপর তারা এই বলে তার ঠাট্টা করল, "**দেখো**, ইহুদের রাজাকে!"

বিদ্রোহ

তা হল, "তারা রাগের মাথায় কোনো হিংস্রতা করে বসে।"

তাই তিনি রাজি হলেন

পীলাত যীশুকে মারতে চান নি কেননা তিনি বিশ্বাস করতেন যে তিনি নির্দোষ ছিলেন। কিন্তু তাকে জোর করা হয়েছিল তার সৈন্যদের বলতে, যে যীশুকে ক্রুশে দাও কেননা তিনি ভিড়ের দরুন ভয়ভীত হয়েছিলেন। যদি সম্ভব হয়, এই বাক্যাংশটিকে এমনভাবে অনুবাদ করুন যেটি তার অনিচ্ছুকতাকে প্রকাশ করে।

একটি রাজকীয় পোশাক

তা হল, "রাজার বস্ত্রের অনুরূপ একটি বস্ত্র।" এই পোশাকটির উজ্জল রং ছিল, তাই এটি এমন একটি বস্ত্রের মত দেখাচ্ছিল যা একজন রাজা পরিধান করে।

কাঁটার তৈরী একটি মুকুট

এর অর্থ হল যে তারা কাঁটার ডালপালা গোল করে বেঁধে দিল একটি মুকুটের অনুরূপ করে। একটি মুকুট হল একটি আভূষণ যা একজন রাজা তার ক্ষমতা প্রদর্শন করার জন্য পরিধান করে। কিন্তু সেই মুকুটটি যা যীশুকে পরানো হয়েছিল তাতে ধাঁরালো ও ভয়ংকর কাঁটা ছিল।

দেখো

তা হল, "তার দিকে তাকাও" বা, "শোন।"

ইহুদিদের রাজা

যেহেতু সেই সৈন্যরা যীশুকে উপহাস করছিল, তাই এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "নামেই ইহুদিদের রাজা।"

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ২৬:৫৭-২৭:২৬; মার্ক ১৪:৫৩-১৫:১৫; লুক ২২:৫৪-২৩:২৫; যোহন ১৮:১২-১৯:১৬

translationWords

- পিলাত
- ক্রুশবিদ্ধ, ক্রুশবিদ্ধ করা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- রোম ,রোমের লোক
- উপহাস, উপহাসের, উপহসিত, বিদ্রূপ করা, ব্যঙ্গকারী, ব্যঙ্গকারীরা, বিদ্রূপ, টিটকারি, অবক্ষিপ্ত, উপহাসের পাত্র, উপহাস করতে থাকা
- যিহুদিদের রাজা, যিহুদিদের রাজা

যীশুকে ক্রুশে চড়ানো হয়

40:01

সৈন্যরা যীশুকে ঠাট্টা করার পর, তারা তাকে **ক্রুশে চড়ানোর** জন্য **নিয়ে গেল**।তারা তাকে ক্রুশ বহন করতে বাধ্য করল যার উপর তাকে মরতে হবে।

নিয়ে গেল

তা হল, “তাকে তাদের সাথে যেতে বাধ্য করল।” এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তাকে দূরে নিয়ে গেল।”

ক্রুশে চড়ানোর

তা হল, “ক্রুশে তাকে হত্যা করতে।”

translationWords

- উপহাস, উপহাসের, উপহসিত, বিদ্রূপ করা, ব্যঙ্গকারী, ব্যঙ্গকারীরা, বিদ্রুপ, টিটকারি, অবক্ষিপ্ত, উপহাসের পাত্র, উপহাস করতে থাকা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ক্রুশবিদ্ধ, ক্রুশবিদ্ধ করা
- ক্রুশ

40:02

সৈন্যরা তাকে "**মাথার খুলি**" নামক এক জায়গায় নিয়ে এলো আর কাঠের ক্রুশের সাথে তার পায়ে ও হাতে পেরেক মারল। কিন্তু যীশু বললেন, "**হে পিতা, এদের ক্ষমা কর, কেননা এরা জানে না যে এরা কি করছে**।"পীলাত আদেশ দিলেন যেন একটি চিহ্নে তারা যেন লেখে, "ইহুদিদের রাজা" আর তা যীশুর মাথার উপর ক্রুশে টাঙ্গিয়ে দেয়।

মাথার খুলি

যেরুশালেমের কাছের একটি পাহাড় যেটি রং সাদা ও তার চূড়া সমতল আকারের ছিল আর যা দেখতে মাথার খুলির মত ছিল।

হে পিতা, এদের ক্ষমা কর, কেননা এরা জানে না যে এরা কি করছে

তা হল, "তারা কি করছিল তার অর্থ তারা বুঝতে পারে নি, তাই অনুগ্রহ করে তাদের ক্ষমা করে দিন।" সৈন্যরা কেবল ভেবেছিল যে যীশু একজন অপরাধী যে মৃত্যুর যোগ্য। তারা বুঝতে পারে নি যে তিনি হলেন ঈশ্বরের পুত্র।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ক্রুশ
- পিতা ঈশ্বর, সর্গস্থ পিতা, পিতা
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা
- পিলাত
- যিহুদিদের রাজা, যিহুদিদের রাজা

40:03

সৈন্যরা যীশুর কাপড়ের জন্য জুয়া খেললো।যখন তারা তা করল, **তখন একটি ভাববাণী পূর্ণ হল যেটিতে বলা হয়েছিল**, “তারা আমার কাপড় নিজেদের মধ্যে ভাগ করবে, আর আমার পোশাকের জন্য জুয়া খেলবে।”

যীশুর কাপড়ের জন্য গুলিবাঁট কোরল

তা হল, “যীশুর কাপড় জেতার জন্য লটারির মতন একটি খেলা খেললো।” আমরা জানি না যে তারা তা কি করে করেছিল, কিন্তু কিছু কিছু সংস্কৃতিতে এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “পাথরগুলোকে ভূমিতে ফেলল যীশুর পোশাক জেতার জন্য” বা, “কাঠির নির্বাচন করল নির্ণয় করতে যে কে যীশুর পোশাক নেবে।”

তখন একটি ভাববাণী পূর্ণ হল যেটিতে বলা হয়েছিল

তা হল, “তারা তাই করল যা বহু সময় পূর্বে শাস্ত্রে লেখা হয়েছিল , যে খ্রীষ্টের সাথে কি কি ঘটবে” বা, “তারা তাই করল যা একটি ভাববাদী বহু সময় পূর্বে লিখেছিলেন।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- পরিপূর্ণ, পরিপূর্ণ করা
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী

40:04



যীশুকে **দুটি ডাকাতের** ক্রুশের মধ্যের জায়গায় ক্রুশে চড়ানো হয়। তাদের একজন যীশুর ঠাট্টা করে, কিন্তু অন্যজন বলে, “**তোমার কি কোনো ঈশ্বর ভয় নেই?আমরা দোষী, কিন্তু** এই ব্যক্তি **নির্দোষ**।”তারপর সে যীশুকে বলল, “অনুগ্রহ করে আপনি **আপনার রাজ্যে আমাকে স্মরণ করবেন**।”যীশু তাকে উত্তর দিলেন, “আজই, **স্বর্গে** তুমি আমার সাথে যাবে।”

দুটি ডাকাতের

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “দুটি দস্যু।” এটি সেই অপরাধীদের উল্লেখ করে যারা জোর করে আর হিংসাত্মক উপায়ে চুরি করে।

তোমার কি কোনো ঈশ্বর ভয় নেই?

ডাকাতটি এই প্রশ্নের উত্তরের প্রত্যাশা করছিলেন না; কিছু কিছু ভাষায়, একটি শক্ত উক্তি করার জন্য এটি হল একটি অভিব্যক্তি। যদি আপনার ভাষায় এমন পদ্ধতিতে প্রশ্নের ব্যবহার না হয়ে থাকে, তাহলে এটিকে এভাবে অনুবাদ করুন, “তোমার ঈশ্বরের প্রতি ভয় রাখা দরকার।”

আমরা দোষী, কিন্তু এই ব্যক্তি নির্দোষ

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “তুমি আর আমি দুষ্টতার কাজ করেছি আর মৃত্যুর যোগ্য, কিন্তু এই লোকটি, যীশু, অপরাধের কিছুই করেন নি আর মৃত্যুরও যোগ্য নন।” “আমরা” এখানে দুটো ডাকাতকেই অন্তর্ভুক্ত করে, যীশুকে অন্তর্ভুক্ত করেনা।

এই ব্যক্তি

এই বাক্যাংশটি যীশুকে উল্লেখ করে।

আমাকে স্মরণ করবেন

তা হল, “অনুগ্রহ করে আমাকে গ্রহণ করুন” বা, “অনুগ্রহ করে আমাকেও স্বাগত করবেন” বা, “অনুগ্রহ করে আমাকে আপনার সাথে থাকতে অনুমতি দেন।” “স্মরণ” এখানে কিছু ভোলার পর মনে করাকে উল্লেখ করছে না। এটিকে এমনভাবে অনুবাদ করুন যেন তা একটি নম্রতার সাথে করা অনুরোধের মত শোনায়।

আপনার রাজ্যে

তা হল, “যখন আপনি আপনার রাজ্য স্থাপিত করবেন” বা, “যখন আপনি রাজা হয়ে রাজত্ব করবেন।”

স্বর্গে

এটি হল স্বর্গপুরী।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ক্রুশবিদ্ধ, ক্রুশবিদ্ধ করা
- উপহাস, উপহাসের, উপহসিত, বিদ্রূপ করা, ব্যঙ্গকারী, ব্যঙ্গকারীরা, বিদ্রুপ, টিটকারি, অবক্ষিপ্ত, উপহাসের পাত্র, উপহাস করতে থাকা
- ঈশ্বর
- অপরাধ, দোষী
- নির্দোষ
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য

40:05

ইহুদি নেতারা আর ভিড়ের অন্য লোকেরা যীশুর ঠাট্টা করল। তারা তাকে বলল, “যদি তুমি ঈশ্বরের পুত্র হও, ক্রুশ থেকে নিচে নেমে এসো আর নিজেকে বাঁচাও!তাহলেই আমরা তোমার উপর **বিশ্বাস করব**।”

বিশ্বাস করব

তা হল, “তোমার উপর বিশ্বাস করব” বা, “বিশ্বাস করব যে আপনিই খ্রীষ্ট।”

translationWords

- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- উপহাস, উপহাসের, উপহসিত, বিদ্রূপ করা, ব্যঙ্গকারী, ব্যঙ্গকারীরা, বিদ্রুপ, টিটকারি, অবক্ষিপ্ত, উপহাসের পাত্র, উপহাস করতে থাকা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ইশ্বরের পুত্র, পুত্র
- ক্রুশ
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস

40:06

তারপর সেই এলাকার আকাশ সম্পূর্ণ অন্ধকার হলে গেল, যদিও তখন দুপুরই ছিল।দুপুর থেকে সন্ধার বেলা ৩টে পর্যন্ত অন্ধকার থাকল।

(এই ফ্রেমটির জন্য কোনো টীকা নেই।)

40:07



তারপর যীশু বলে উঠলেন, “**এসব শেষ হল**!হে পিতা, আমি আমার আত্মা **তোমার হাতে** সমর্পণ করছি।”তারপর তিনি তার **মাথা নামালেন** আর তার **আত্মা ছেড়ে দিলেন**।যখন তিনি মারা গেলেন, তখন সেখানে ভূমিকম্প হয় আর মন্দিরের সেই **বিরাট পর্দা** যা ঈশ্বরের উপস্থিতি থেকে লোকেদের আলাদা করত দুভাগে ছিড়ে গেল, উপর থেকে নিচ পর্যন্ত।

এসব শেষ হল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “এটি সপূর্ণ হল” বা, “আমি সম্পূর্ণ করলাম” বা, “আমি কাজটিকে সম্পূর্ণ করলাম।” এর অর্থ হল যে প্রভু যীশুর উদ্ধারের কার্য সম্পূর্ণ হল।

তোমার হাতে

তা হল, “আপনার রক্ষণাবেক্ষণে।”

মাথা নামালেন

তা হল, “তার মাথা নত করলেন।”

আত্মা ছেড়ে দিলেন

তা হল, “তার আত্মা ঈশ্বরকে দিলেন” বা, “তার আত্মাকে ঈশ্বরের কাছে দিলেন আর মরে গেলেন।”

বিরাট পর্দা

এটি ছিল একটি বড় মজবুত পর্দা যা মন্দিরে ঝুলানো ছিল। এটি একটি প্রাচীরের মত ছিল যা একটি কক্ষ থেকে অন্য কক্ষটিকে পৃথক করত। এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “মোটা পর্দা” বা, “ঝুলানো পর্দা” বা, “স্ক্রিন।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- পিতা ঈশ্বর, সর্গস্থ পিতা, পিতা
- আত্মা, প্রফুল্লতা, আধ্যাত্মিক
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- ঈশ্বর
- মন্দির

40:08

তার মৃত্যুর দ্বারা, যীশু লোকেদের **ঈশ্বরের কাছে আসার একটি পথ খুলে দিলেন**। যখন যীশুর পাহারায় দাড়ানো সৈন্যটি যা কিছু ঘটল তা দেখল, সে বলল, “নিশ্চই, এ ব্যক্তি নির্দোষ ছিল।তিনি ঈশ্বরের পুত্র ছিলেন।”

তার মৃত্যুর দ্বারা

তা হল, “মৃত্যুর মাধ্যমে” বা “মরার দ্বারা।”

একটি পথ খুলে দিলেন

তা হল, “তা সম্ভব করলেন।”

ঈশ্বরের কাছে আসার

তা হল, “ঈশ্বরের নিকটে আসার” বা, “ঈশ্বরের কাছে যাওয়ার” বা, “ঈশ্বরের নিকট যাওয়া” বা, “ব্যক্তিগতভাবে ঈশ্বরকে জানা।” পর্দা ছিড়ে যাওয়াটা প্রদর্শন করে যে ঈশ্বরের ও লোকেদের মধ্যেকার বাঁধাটি সরিয়ে নেওয়া হয়েছে।

translationWords

- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বর
- নির্দোষ
- ইশ্বরের পুত্র, পুত্র

40:09



তখন দুটি ইহুদি নেতা **যোষেফ** আর নীকদীম, যারা বিশ্বাস করতেন যে যীশু হলেন খ্রীষ্ট, তারা **পীলাতের কাছে যীশুর মৃত দেহ চাইলেন**। তারা তার দেহ কাপড়ে জড়ালেন আর পাথর কেটে বানানো এক কবরে তাকে রাখলেন।তারপর তারা এক বিরাট পাথর দিয়ে কবরের প্রবেশ দুয়ার বন্ধ করে দিল।

যোষেফ

এ যোষেফ মরিয়মের স্বামী যোষেফ নন। এটি অন্য একটি পুরুষ যার নাম যোষেফ ছিল।

পীলাতের কাছে যীশুর মৃত দেহ চাইলেন

তা হল, "পীলাতের কাছে যীশুর মৃত দেহ ক্রুশ থেকে নামানোর অনুমতি চাইলেন।

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ২৭:২৭-৬১; মার্ক ১৫:১৬-৪৭; লুক ২৩:২৬-৫৬; যোহন ১৯:১৭-৪২

translationWords

- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- খ্রীষ্ট, অভিষিক্ত
- পিলাত
- কবর, কবর খোদাইকারী, কবর, সমাধি, সমাধি, কবরস্থান

ঈশ্বর যীশুকে মৃত্যু থেকে জীবিত করেন

41:01



যীশুকে সৈন্যরা ক্রুশে চড়ানোর পর, অবিশ্বাসী ইহুদিরা পীলাতকে বলল, “**মিথ্যেবাদী যীশু বলেছিল**, সে তিনদিন পর মৃত্যু থেকে জীবিত হবে৷কাউকে নিশ্চই কবরে পাহারা দিতে হবে যেন তার শিষ্যরা তার দেহকে চরি না করে নিয়ে যায় আর তারপর বলবে যে সে মৃত্যু থেকে জীবিত হয়েছে৷

অবিশ্বাসী ইহুদি নেতারা

তা হল, “ইহুদি নেতারা যারা যীশুর উপর বিশ্বাস করত না৷”

মিথ্যেবাদী যীশু বলেছিল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সেই লোকটি, যীশু, মিথ্যে বলেছিল৷” তারা বিশ্বাস করতে চাইল না যে যীশু ঈশ্বরের পুত্র হওয়ার বিষয়ে সত্য বলেছিল৷

মৃত্যু থেকে উঠে জীবিত হয়েছে

তা হল, “জীবনে ফিরে এসেছে” বা, “পুনরায় জীবিত হয়েছে৷”

translationWords

- ক্রুশবিদ্ধ, ক্রুশবিদ্ধ করা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- যিহূদীয় অধিকার, যিহূদীয় নেতা
- পিলাত
- বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- কবর, কবর খোদাইকারী, কবর, সমাধি, সমাধি, কবরস্থান

- শিষ্য, শিষ্যরা

41:02

পীলাত বলল, “কিছু সৈন্যদের নাও আর কবরে পাহারা দাও।”তাই **তারা কবরের মুখের** **পাথরের উপর মোহর লাগলো** আর যেন দেহ চুরি না হয় তাই সৈন্যদের পাহারা বসালো।

তারা কবরের মুখের পাথরের উপর মোহর লাগলো

তা হল, “ধার্মিক নেতারা আর সৈন্যরা লাগলো।”

পাথরের উপর মোহর লাগলো

তারা কিছু নরম পদার্থ যেমন কাঁদা বা মোম পাথরের ফাঁকে ফাঁকে লাগালো আর তার উপর সরকারী সীলমোহর লাগলো। যদি কেউ পাথরটিকে সরায়, তাহলে সেই পদার্থ ভেঙ্গে যাবে আর দেখাবে যে কেউ কবরে প্রবেশ করেছিল। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “লোকেদের সেটিকে সরাতে বাধা দেওয়ার জন্য পাথরের উপর একটি চিহ্ন ছিল।”

translationWords

- পিলাত
- কবর, কবর খোদাইকারী, কবর, সমাধি, সমাধি, কবরস্থান

41:03



যেদিন যীশুর শরীর কবর দেওয়া হল তার আগামী দিন ছিল বিশ্রামবার, আর **ইহুদিদের সে দিন কবরে যাওয়া মানা ছিল**।তাই বিশ্রামবারের পর দিন খুব সকালে, কিছু মহিলারা যীশুর দেহে আরো কিছু ঔষধি লাগানোর জন্য যীশুর কবরে যাওয়ার জন্য প্রস্তুত হলেন।

ইহুদিদের সে দিন কবরে যাওয়া মানা ছিল

বিশ্রামবারের নিয়ম একটি ইহুদি ব্যক্তিকে খুব দূরে যেতে বা অন্য কোনো কাজ করতে অনুমতি দিত না।

মশলা লাগানোর

এটি উল্লেখ করে সুগন্ধিত মসলার যা মৃত দেহে লাগানো হত দুর্গন্ধ ঢাকতে। এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, মিষ্টি গন্ধবিশিষ্ট মসলা" বা, "সুমিষ্ট গন্ধ বিশিষ্ট তেল" বা, "মিষ্টি গন্ধ বিশিষ্ট জড়িবুটি বা গাছপালা।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- বিশ্রাম দিন
- যিহূদী, যিহুদীয়রা, যিহূদীয়
- কবর, কবর খোদাইকারী, কবর, সমাধি, সমাধি, কবরস্থান

41:04



হঠাৎ, সেখানে এক **ভয়ংকর ভূমিকম্প হল**।এক **উজ্জল জ্যোতির ন্যায়** স্বর্গ থেকে এক স্বর্গদূত আবির্ভাব হলেন। তিনি পাথরটিকে সরিয়ে দিলেন যা কবরের মুখে রাখা ছিল আর তার উপর বসলেন। যে সৈন্যরা কবরের পাহারা দিচ্ছিল তারা ভয় পেল আর **মরার মত হয়ে মাটিতে পরে গেল**।

ভয়ংকর ভূমিকম্প হল

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "হিংস্রক ভূমিকম্প" বা, "স্বজরে ভূমি নড়লো।" কিছু কিছু ভাষায় এটিকে এভাবেও বলা হতে পারে, "ভূমি হিংস্রক ভাবে নড়া আরম্ভ করল।"

উজ্জল জ্যোতির ন্যায়

তা হল, "যার আবির্ভাবটি বিদ্যুৎ আলোকের মত উজ্জল ছিল।"

মরার মত হয়ে মাটিতে পরে গেল

তারা মরল না, কিন্তু তারা নড়াচড়া করতে পারল না, বা, মৃত ব্যক্তিদের মত নড়াচড়া করতে পারল না। সম্ভবত তারা ভয়ে অজ্ঞান হয়ে পরেছিল। এটিকে স্পষ্ট করতে, এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "হঠাৎ ভূমিতে পরে গেল আর নড়াচড়া করতে পারল না।"

translationWords

- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয়
- কবর, কবর খোদাইকারী, কবর, সমাধি, সমাধি, কবরস্থান
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর

41:05

যখন মহিলারা কবরের স্থানে এলো, স্বর্গদূত তাদের বললেন, "**ভয় পেও না**।"যীশু এখানে নেই।তিনি মৃতদের মধ্যে থেকে উঠেছেন, যেমনটি তিনি বলেছিলেন।কবরের ভিতরে গিয়ে দেখো।"মহিলারা ভিতরে গিয়ে দেখল আর যেখানে যীশুর দেহ রাখা ছিল সেখানে দেখল।তার শরীর সেখানে ছিল না!

ভয় পেও না

তা হল, ভয় পাওয়া বন্ধ কর।" একটি স্বর্গদূতের বিদুত্যের মত আলোটি ছিল একটি ভয়ানক দৃশ্য!

তিনি মৃতদের মধ্যে থেকে উঠে জীবিত হয়েছেন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "তিনি পুনরায় জীবনে ফিরে এলেন।"

translationWords

- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- কবর, কবর খোদাইকারী, কবর, সমাধি, সমাধি, কবরস্থান

41:06

তারপর স্বর্গদূত মহিলাদের বললেন, “যাও আর তার শিষ্যদের গিয়ে বল, ‘যীশু মৃত্যু থেকে পুনরুত্থিত হয়েছেন আর **তোমাদের আগে তিনি গালীল প্রদেশে যাবেন**।”’

তোমাদের আগে তিনি গালীল প্রদেশে যাবেন

তা হল, “তিনি তোমাদের সাথে গালীলে সাক্ষাৎকার করবেন” বা, “তিনি গালীলে থাকবেন তখন তোমরা তার দেখা পাবে।” “ইংরেজিতে you/ইউ এখানে বহুবচন, প্রেরিতদের ও অন্যান্য শিষ্যদেরও তা অন্তর্ভুক্ত করে।

translationWords

- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- শিষ্য, শিষ্যরা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- গালীল, গালিলীয়, গালিলীয়রা

41:07

মহিলারা **খুব ভয় পেল আর আনন্দিতও হল**।তারা শিষ্যদের **সুখবর** দিতে দৌড়ালো।

খুব ভয় পেল আর আনন্দিতও হল

তা হল, "ভয়ের আবেগ আর অত্যন্ত আনন্দের অনুভব তারা করছিল।"

সুখবর

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "সুখবরটি হল যে যীশু পুনরুত্থিত হয়েছেন।" এই সুখবরটি উল্লেখ করে সেই সত্যটিকে যে প্রভু যীশু মৃত্যু থেকে পুনরুত্থিত হয়েছেন।

translationWords

- আনন্দ, আনন্দদায়ক, আনন্দ, আনন্দ পাওয়া, আনন্দ করা, আনন্দ করে যাওয়া, আমোদপ্রমোদ, আনন্দ করা, আনন্দ করা, আনন্দিত হওয়া, আনন্দোত্সব
- শিষ্য, শিষ্যরা

41:08

যখন তারা শিষ্যদের সুসমাচার শুনাতে দৌড়ালো, তখন যীশু তাদের কাছে আভির্ভূত হন আর তারা তার আরাধনা করেন৷ যীশু বললেন, “ভয় পেও না৷যাও আর আমার শিষ্যদের গালীল প্রদেশে যেতে বল৷তারা **সেখানে আমার দেখা পাবে**৷”

সেখানে আমার দেখা পাবে

তা হল, “আমার সাক্ষাৎ পাবে” বা, “আমার সাথে দেখা করতে পারবে৷”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে৷

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ২৭:৬২-২৮:১৫; মার্ক ১৬:১-১১; লুক ২৪:১-১২; যোহন ২০:১-১৮

translationWords

- শিষ্য, শিষ্যরা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- আরাধনা
- গালীল, গালিলীয়, গালিলীয়রা

যীশু স্বর্গে আরোহন করেন

42:01

যীশুর মৃত্যু থেকে জীবিত হওয়ার সেই দিনে, দুজন শিষ্যেরা কাছের এক নগরে যাচ্ছিল।যখন তারা হাঁটছিল, তারা একেঅপরের সাথে কথা বলছিল যে যীশুর সাথে কি কি ঘটেছে।তারা আশা করেছিল যে তিনিই খ্রীষ্ট, কিন্তু তাকে যে হত্যা করা হয়েছে।এখন সেই মহিলারা বলছে যে তিনি জীবিত হয়েছেন।তারা জানত না যে কি বিশ্বাস করবে।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা
- শিষ্য, শিষ্যরা
- খ্রীষ্ট, অভিষিক্ত
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস

42:02

যীশু তাদের কাছে গেলেন আর তাদের সাথে সাথে হাঁটা শুরু করলেন, কিন্তু তারা **তাকে চিনতে পারল না**।তিনি তাদের জিজ্ঞাসা করলেন তারা কি বিষয়ে কথা বলছে, আর তারা **সকল কথা যা কিছুদিন ধরে যীশুর সাথে ঘটেছে** তা বলল। তারা ভাবলো যে তারা এক পথিকের সাথে কথা বলছে যে জানে না যে যেরুশালেমে কি ঘটেছে।

তাকে চিনতে পারল না

তা হল, "জানত না যে ইনি ছিলেন যীশু।"

সকল কথা যা কিছুদিন ধরে যীশুর সাথে ঘটেছে

এটি উল্লেখ করে যীশুর শিক্ষা ও চমৎকার সকলের, তার মৃত্যুর আর তার পুনরুত্থানের খবর।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- যিরূশালেম

42:03

তারপর যীশু তাদের বর্ণনা দিলেন যে ঈশ্বরের বাক্য খ্রীষ্ট সম্বন্ধে কি বলে।তিনি তাদের মনে করিয়ে দেন যে ভাববাদীরা খ্রীষ্ট সম্বন্ধে বলেছে যে তাকে কষ্ট সইতে হবে আর মরতে হবে, কিন্তু তাকে **তিনদিন পর** জীবিত করা হবে। যখন তারা নগরে পৌছালো যেখানে সেই দুই ব্যক্তি থাকার পরিকল্পনা করেছিল, **তখন একেবারে সন্ধ্যা ঘনিয়েছিল**।

তিনদিন পর

কিছু কিছু ভাষায় এমন বলা হয়ে থাকতে পারে, “তার মৃত্যুর তৃতীয় দিন পর।”

তখন একেবারে সন্ধ্যা ঘনিয়েছিল

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “দিন শেষ হচ্ছিল” বা, “সূর্য অস্ত যাচ্ছিল” বা, “রাত্রি হওয়া আরম্ভ হচ্ছিল।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- খ্রীষ্ট, অভিষিক্ত
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- কষ্ট, কষ্টভোগ, সহ্য, ক্লেশিত, পীড়া
- বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা

42:04

দুই ব্যক্তি যীশুকে তাদের সাথে থাকার অনুরোধ করল, আর তিনি তাদের অনুরোধ রাখলেন।যখন তারা রাতের খাবার খাওয়ার জন্য প্রস্তুত হল, যীশু একটি রুটি নিলেন, ঈশ্বরকে ধন্যবাদ করলেন আর তারপর তা ভাঙ্গলেন। হঠাৎ, তারা যীশুকে চিনতে পারল।কিন্তু সেই মুহূর্তে, **তাদের দৃষ্টি থেকে তিনি উধাও হলেন**।

তাদের দৃষ্টি থেকে তিনি উধাও হলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তিনি চলে গিয়েছিলেন” বা, “তিনি সেখানে আর ছিলেন না।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বর

42:05



দুজন একেঅপরকে বলল, “তিনি যীশু ছিলেন!সেইজন্যই যখন তিনি আমাদের সাথে ঈশ্বরের বাক্য বলছিলেন **আমাদের হৃদয় জ্বলছিল**।তক্ষনাৎ, তারা যেরুশালেমে ফিরে গেল।যখন তারা পৌছালো, তারা শিষ্যদের বলল, “যীশু জীবিত!আমরা তাকে দেখেছি!”

আমাদের হৃদয় জ্বলছিল

তা হল, “আমরা উত্তেজিত হয়ে পরেছিলাম” বা, “আমাদের আশা হওয়া শুরু হয়েছিল” বা, “আমাদের আনন্দের অনুভূতি হয়েছিল।” কিছু কিছু ভাষায় এটিকে ব্যক্ত করার জন্য কিছু পদ্ধতি রয়েছে, যেমন, “আমাদের হৃদয় জোরে জোরে কম্পিত হচ্ছিল” বা, “আমাদের হৃদয় প্রজ্বলিত হচ্ছিল।”

যদি আপনি এমন একটি অভিব্যক্তির প্রয়োগ করে থাকেন যা উল্লেখ করে হৃদয় জ্বলা

কে তাহলে নিশ্চিত হন যে তা রেগে বা ক্রোধে জ্বলছিল না।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- যিরূশালেম
- শিষ্য, শিষ্যরা
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত

42:06



যখন শিষ্যরা কথা বলছিল, যীশু হঠাৎ ঘরের মধ্যে আবির্ভাব হলেন আর বললেন, "**তোমাদের শান্তি হোক**!"শিষ্যরা ভাবলো যে তিনি একটি **ভূত**, কিন্তু যীশু বললেন, "তোমরা ভয়ভীত কেন আর **সন্দেহ কেন করছ**?আমার হাত ও পা দেখো।ভূতেদের আমার মত দেহ হয় না।তিনি যে ভূত নন তা **প্রমান করতে** তিনি কিছু খেতে চাইলেন।তারা তাকে একটি রান্না করা মাছ দিল আর তিনি তা খেলেন।

তোমাদের শান্তি হোক

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "তোমাদের উপর শান্তি আসুক" বা, "শান্তিতে থাকো।"

ভূত

এটি উল্লেখ করে একটি মৃত ব্যক্তির আত্মাকে।

সন্দেহ কেন করছ

তা হল, "আমি জীবিত ও তোমাদের সাথে এখানে রয়েছি সে বিষয়ে কেন সন্দেহ করছ।"

প্রমান করতে

তা হল, "তা প্রতক্ষ্যভাবে তাদের বোঝাতে।"

translationWords

- শিষ্য, শিষ্যরা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা

42:07



যীশু বললেন, “আমি তোমাদের বলেছি যে ঈশ্বরের বাক্যে যাকিছু আমার বিষয়ে লেখা আছে **তা পূর্ণ হবে**।তারপর তিনি **তাদের বুদ্ধি খুলে দিলেন যেন তারা ঈশ্বরের বাক্য বুঝতে পারে**। তিনি বললেন, “বহু আগে এ লেখা হয়েছে যে খ্রীষ্টকে দুঃখ ভোগ করতে হবে, মরতে হবে আর **তৃতীয় দিনে** মৃতদের মধ্যে থেকে জীবিত হয়ে উঠতে হবে।”

তা পূর্ণ হবে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তা ঘটবেই।”

তাদের বুদ্ধি খুলে দিলেন যেন তারা ঈশ্বরের বাক্য বুঝতে পারে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তাদের বুঝতে ক্ষমতা দিলেন” বা, “তাদের বুঝতে সক্ষম করলেন।

তৃতীয় দিনে

তা হল, “তিন দিন পর” বা, “তিন দিনের পরে।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- পরিপূর্ণ, পরিপূর্ণ করা
- খ্রীষ্ট, অভিষিক্ত
- কষ্ট, কষ্টভোগ, সহ্য, ক্লেশিত, পীড়া
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা

42:08



“শাস্ত্রে লেখা আছে যে আমার শিষ্যেরা সবাইকে **ঘোষণা করবে** যে প্রত্যেককে তাদের পাপের ক্ষমা পেতে অনুশোচনা করতে হবে। **তারা যেরুশালেম থেকে তা আরম্ভ করবে**, আর তারপর পৃথিবীর সকল জাতির কাছে যাবে।তোমরা এসকলের সাক্ষী।

ঘোষণা করবে

তা হল, “অঙ্গীকার করবে” বা, “প্রচার করবে।”

তারা যেরুশালেম থেকে তা আরম্ভ করবে

তা হল, “তারা এমনটি করা আরম্ভ করবে যেরুশালেম থেকে” বা, “তারা এমনটি প্রচার করা যেরুশালেম থেকে আরম্ভ করবে।”

তোমরা এসকলের সাক্ষী

তা হল, “তোমরা এসকল ঘটতে দেখেছ” বা, “তোমরা অন্য লোকেদের সেসব বলবে যা তোমরা ঘটতে দেখেছ।”

translationWords

- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- শিষ্য, শিষ্যরা
- অনুতাপ,অনুশোচনা, অনুতপ্ত,খেদ
- গ্রহন করা,লত্তয়া, গৃহীত, গ্রহণকাররী
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- যিরুশালেম
- মানুষ গোষ্ঠী, মানুষগণ, মানুষ, একটি মানুষ
- সাক্ষ্য, সাক্ষী, সাক্ষী, সাক্ষী, প্রত্যক্ষদর্শী, প্রত্যক্ষদর্শী

42:09



আগামী চল্লিশদিনে, যীশু তার শিষ্যদের কাছে বহুবার দেখা দেন। একবার, তিনি ৫০০জন লোকেদের সামনে একই সময়ে দেখা দেন! তিনি বিভিন্ন ভাবে তার শিষ্যদের প্রমান করেন যে তিনি জীবিত, আর তিনি তাদের ঈশ্বরের রাজ্যের বিষয়ে শিক্ষা দেন।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য

42:10



যীশু তার শিষ্যদের বললেন, “**স্বর্গের আর পৃথিবীর সকল অধিকার আমাকে দেওয়া হয়েছে**। অতএব যাও, সকল লোকেদের পিতা, পুত্র ও প্রবিত্র আত্মার **নামে** বাপ্তিষ্ম দিয়ে আর তোমাদের দেওয়া আমার সকল আদেশ মানতে শিক্ষা দিয়ে **শিষ্য বানাও**।মনে রেখো, আমি তোমাদের সাথে সব সময় আছি।”

- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- ঈশ্বর

48:04

ঈশ্বর হবাকে প্রতিজ্ঞা করলেন যে তার বংশ **শয়তানের মাথা বিনষ্ট করবে** আর শয়তান **তার গোড়ালি বিনষ্ট করবে**।এর অর্থ হল শয়তান খ্রীষ্টকে হত্যা করবে কিন্তু ঈশ্বর তাকে পুনরায় জীবিত করবেন আর তারপর খ্রীষ্ট শয়তানের শক্তিকে চিরকালের জন্য চূর্ণবিচূর্ণ করবেন। বহু বছর পর, ঈশ্বর প্রকাশিত করলেন যে যীশুই সেই খ্রীষ্ট।

শয়তানের মাথা বিনষ্ট করবে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “শয়তানের মাথায় পা রাখবেন আর তা থেতলে দেবেন” বা, “শয়তানের মাথাটিকে পা দিয়ে ছিন্নভিন্ন করবেন।” এই চিত্রটি ঠিক তেমন হবে যেমন একটি ব্যক্তি তার পা দিয়ে সাপের মাথা থেঁতলে দেয়। যদি মাথাটি নষ্ট হয়ে যায় তাহলে সাপটি মারা যায় এবং তখন আর ক্ষতিকারক থাকে না।

তার গোড়ালি বিনষ্ট করবে

এটি হল তেমন একটি চিত্র, একটি সাপ একটি ব্যক্তির পায়ে কামড় দেয়। এই ক্ষেত্রে, শয়তান খ্রীষ্টকে কষ্ট দেবে কিন্তু তাকে ধ্বংস করতে পারবে না।

তাকে পুনরায় পুনরুত্থিত করবেন

তা হল, “তাকে পুনরায় জীবিত করবেন।”

translationWords

- ঈশ্বর
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- হবা
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- শয়তান, অপদেবতা,খারাপ এক
- খ্রীষ্ট, অভিষিক্ত
- বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

48:05

যখন ঈশ্বর সারা পৃথিবী বন্যায় নষ্ট করেছিলেন, তখন তিনি তার উপর বিশ্বাসকারীদের রক্ষার্তে নৌকা দিয়েছিলেন।ঠিক তেমনই, **সকলেই তাদের পাপের জন্য নষ্ট হওয়ার** যোগ্য, কিন্তু ঈশ্বর তাদের সকলকে যারা তার উপর বিশ্বাস করে তাদের বাঁচাতে যীশুকে দিলেন।

সকলেই তাদের পাপের জন্য নষ্ট হওয়ার

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “প্রত্যেকেরই ঈশ্বরের দ্বারা অনন্তকাল পর্যন্ত দণ্ড পাওয়া উচিত যেহেতু তারা পাপ করেছে।

translationWords

- ঈশ্বর
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

48:06

শত শত বছর, যাজকেরা ঈশ্বরের কাছে লোকেদের পাপের জন্য পশু বলি উৎসর্গ করে আসছিল। কিন্তু পশু বলি তাদের পাপ মেটাত পারত না। যীশু হলেন মহান মহাযাজক।অন্য যাজকদের সমান না করে **তিনি নিজেকে একমাত্র বলি রূপে উৎসর্গ করলেন** যেন পৃথিবীর সকল লোকেদের পাপ মেটাতে পারেন।যীশু হলেন সর্বোত্তম মহাযাজক কেননা তিনি পাপের **সকল দন্ড নিজের উপর নিয়ে নিলেন** যা কেউ কখনও করেনি।

তিনি নিজেকে একমাত্র বলি রূপে উৎসর্গ করলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যীশু অনুমতি দিলেন নিজেকে হত্যা করতে দিতে।”

সকল দন্ড নিজের উপর নিয়ে নিলেন

তা হল, “দণ্ড নিজ শরীরের উপর নিলেন।”

translationWords

- যাজক, যাজকগণ, যাজকবর্গ
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- ঈশ্বর
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- মহা যাজক
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি

48:07



ঈশ্বর অব্রাহামকে বলেছিলেন, “**পৃথিবীর সকল জাতি** তোমার দ্বারা অর্শিবাদিত হবে।”যীশু ছিলেন অব্রাহামের বংশের একজন।

পৃথিবীর সকল জাতি

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “পৃথিবীর বিভিন্ন প্রান্তের সকল লোক।”

অব্রাহামের এক আত্মিক বংশ হয়েছে

তা হল, “আত্মিকরূপে অব্রাহামের সাথে সম্পর্ক হয়েছে আর ঈশ্বরের লোকেদের একজন হয়েছে।”

translationWords

- ঈশ্বর
- আব্রাহাম, আব্রাম
- মানুষ গোষ্ঠী, মানুষগণ, মানুষ, একটি মানুষ
- অর্শিবাদ করা, ধন্য, আর্শিবাদ
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- আত্মা, প্রফুল্লতা, আধ্যাত্মিক

48:08

তার দ্বারা সকল জাতি অর্শিবাদ প্রাপ্ত হবে, কেননা যে কেও যীশুর উপর বিশ্বাস করে সে পাপ থেকে উদ্ধার পেয়েছে, আর অব্রাহামের এক আত্মিক বংশ হয়েছে।যখন ঈশ্বর অব্রাহামকে বলেছিলেন তার পুত্র ইসহাককে বলি দিতে, তখন ঈশ্বর **তার পুত্র ইসহাকের জায়গায়** একটি ভেড়ার প্রবন্ধ করেছিলেন।আমরা সকলে আমাদের পাপের জন্য **মৃত্যুর যোগ্য**! কিন্তু ঈশ্বর, ঈশ্বরের ভেড়া, যীশুকে দিলেন, **আমাদের জায়গায় একটি বলি রূপে**।

তার পুত্র ইসহাকের জায়গায়

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “সেই জায়গার পরিবর্তে যা তার পুত্র ইসহাকের ছিল” বা, “তার পুত্র ইসহাকের পরিবর্তে” বা, “যেন তাকে তার পুত্র ইসহাককে বলি না দিতে হয়।”

মৃত্যুর যোগ্য

তা হল, “মরা উচিত।”

আমাদের জায়গায় একটি বলি রূপে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “আমাদের প্রত্যেকের জায়গায় মরতে” বা, “যেন তাকে আমাদেরকে মারতে না হয়।”

translationWords

- ঈশ্বর
- আব্রাহাম, আব্রাম
- ছেলে, পুত্র
- ইসাহাক
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- মেষশাবক, ঈশ্বরের মেষশাবক
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

48:09



যখন **মিশরে ঈশ্বর শেষ আঘাত করেন** তখন প্রত্যেক ইস্রায়লীয়দের বলেছিলেন **একটি ভেড়া** নিতে আর **তার রক্ত দরজার চারধারে** লাগিয়ে দিতে।যখন ঈশ্বর সেই রক্ত দেখতেন তখন তাদের প্রথম পুত্রকে মেরে ফেলতেন না আর তিনি অন্য ঘরের দিকে **এগিয়ে যেতেন**। সেই ঘটনাটিকে নিস্তার পর্ব বলা হয়।

মিশরে ঈশ্বর শেষ আঘাত করেন

তা হল, "মিশরে অন্তিম আঘাতটিকে ঘটতে অনুমতি দিলেন।" এটি ছিল দশম আঘাত যখন ঈশ্বর মিশরবাসীদের প্রথম জাত পুত্র সন্তানদের নিহনন করেছিলেন।

একটি ভেড়া

তা হল, "একটি ভেড়া যার কোনো খুঁত নেই।"

তার রক্ত

তা হল, "ভেড়াটির রক্ত।"

দরজার চারধারে

যদি দরজার চৌকাঠ জানা না থাকে, তাহলে এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, "দরজায়"।

এগিয়ে যেতেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "চলে যেতেন" বা, "সরে যেতেন।"

কিভাবে “এগিয়ে যাওয়া”

অনুবাদ “নিস্তার” শব্দটির সাথে সম্পর্কিত তা হয়ত আপনি সমন্বয় করতে চাইতে পারেন।

translationWords

- ঈশ্বর
- মিশর, মিশরীয়, মিশরীয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- মেষশাবক, ঈশ্বরের মেষশাবক
- রক্ত
- যিহুদিরে বাত্সরিক পর্ব বিশেষ (নিস্তার পর্ব)

48:10

যীশু হলেন আমদের নিস্তার পর্বের ভেড়া।তিনি সর্বোত্তম ও **পাপহীন** ছিলেন আর নিস্তার পর্বের সময় তাকে হত্যা করা হয়।যখন কেউ যীশুর উপর বিশ্বাস করে, তখন **যীশুর রক্ত** সেই ব্যক্তির পাপের মূল্য চুকিয়ে দেয় আর **ঈশ্বরের দন্ড তার উপর হয় না**।

আমাদের নিস্তার পর্বের মেষ

তা হল, “সেই নিস্তারপর্বের ভেড়া যা আমাদের জন্য মারা গিয়েছে” বা, “ভেড়াটিকে হত্যা করা হয়েছে যেন ঈশ্বর আমাদের পাশ দিয়ে এগিয়ে যান’ বা, “সেই ভেড়াটি যাকে হত্যা করা হয়েছে যেন ঈশ্বর আমাদের ছেড়ে দেন।”

পাপহীন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “কখনও পাপ করেন নি।”

যীশুর রক্ত

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “সেই বলিদান যা যীশু তার নিজের রক্তের দ্বারা করেছিলেন যখন তিনি পাপীদের জন্য মরেছিলেন।” “রক্ত” শব্দটির অর্থ এখানে হল “মৃত্যু।”

ঈশ্বরের দন্ড তার উপর হয় না

এই উক্তিটির অর্থ হল, “ঈশ্বর সেই ব্যক্তিটিকে দণ্ড দেন না।” একটি বাক্যাংশের প্রয়োগে এটিকে অনুবাদ করুন যা “নিস্তারপর্ব” আর “নিস্তারপর্বের ভেড়া” শব্দগুলোর মধ্যে সম্পর্ক স্থাপন করো। যদি “ছেড়ে দেওয়া” শব্দটি নিস্তারপর্বের জন্য ব্যবহার হয়ে থাকে, তাহলে এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “দণ্ড পাওয়ার থেকে ঈশ্বর সেই ব্যক্তিটিকে নিস্তার দেবেন।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- যিহুদিরে বাত্সরিক পর্ব বিশেষ (নিস্তার পর্ব)
- মেষশাবক, ঈশ্বরের মেষশাবক

- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- রক্ত
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- ঈশ্বর
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি

48:11

ঈশ্বর ইস্রায়লীয়দের সাথে যারা নির্বাচিত লোক ছিল, একটি নিয়ম স্থাপন করেছিলেন।কিন্তু ঈশ্বর এখন একটি নতুন নিয়ম স্থাপন করেছেন যা সকল লোকেদের জন্য সুসমাচার।এই নতুন নিয়মের কারণে, যেকোনো জাতির কেউও যীশুর উপর বিশ্বাস করে ঈশ্বরের লোকেদের একটি অংশ হতে পারে।

ইস্রায়লীয়দের সাথে, যারা নির্বাচিত লোক ছিল

তা হল, "ইস্রায়লীয়রা যাদের নির্বাচিত করা হয়েছিল" বা, "তার নির্বাচিত লোকজন, ইস্রায়লীয়রা।"

translationWords

- ঈশ্বর
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- চুক্তি, চুক্তি, নতুন চুক্তি
- মানুষ গোষ্ঠী, মানুষগণ, মানুষ, একটি মানুষ
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস

48:12

মোশি একজন মহান ভাববাদী ছিলেন যিনি ঈশ্বরের বাক্য ঘোষণা করেছিলেন।কিন্তু যীশু সকল ভাববাদীদের মধ্যে মহান।তিনিই স্বয়ং ঈশ্বর, তাই যাকিছু তিনি করেছেন আর বলেছেন তা ছিল যীহোবা ঈশ্বরের কার্য ও বাক্য। এই কারণে যীশুকে ঈশ্বরের বাক্য বলা হয়।

আমি শ্লোক 46

এ কাজ করছি, আর লিজ্জ 69 তুমি কিভাবে 59 শ্লোকটিতে টপকে পৌঁছালে?

translationWords

- মোশি
- ভাববাদী, ভাববাদীরা, ভাববাণী, ভাববাণী, দর্শনকারী, ভাববাদী
- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বর

48:13



ঈশ্বর রাজা দায়ূদকে প্রতিজ্ঞা করেছিলেন যে তার এক বংশ ঈশ্বরের প্রজাদের উপর চিরকাল রাজত্ব করবেন।কারণ যীশু হলেন ঈশ্বরের পুত্র আর খ্রীষ্ট, তিনিই হলেন দায়ূদের সেই বংশ যিনি চিরকাল রাজত্ব করবেন।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- ঈশ্বর
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- দাউদ
- ইশ্বরের পুত্র, পুত্র
- খ্রীষ্ট, অভিষিক্ত
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

48:14

দায়ূদ ছিলেন ইসরাইলের রাজা, কিন্তু যীশু হলেন **সম্পূর্ণ বিশ্বের রাজা**!তিনি পুনরায় আসবেন আর তার প্রজাদের উপর ন্যায়পরায়ণতায় আর শান্তিতে চিরকাল রাজত্ব করবেন৷

সম্পূর্ণ বিশ্বের রাজা

তা হল, “সকল জায়গার সকলের উপর আর সকলকিছুর উপর তিনি হলেন রাজা৷”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে৷

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-আদিপুস্তক ১-৩, ৬, ১৪, ২২; যাত্রাপুস্তক ১২, ২০; ২ শমুয়েল ৭; ইব্রীয় ৩:১-৬, ৪:১৪-৫:১০, ৭:১-৮:১৩, ৯:১১-১০:১৮; প্রকাশিত বাক্য ২১

translationWords

- দাউদ
- রাজা, রাজাবলি, রাজ্য, রাজ্য, রাজপদ, রাজকীয়
- ইসরায়েল, ইস্রায়েলীয়রা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য
- ন্যায়, বিচারক, অন্যায়, অযথা, অবিচার, ন্যায্যভাবে, ন্যায়সঙ্গত, আত্মপক্ষ সমর্থন
- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা

ঈশ্বরের নতুন নিয়ম

49:01

এক স্বর্গদূত এক মরিয়ম নামক কুমারীকে বলেছিলেন যে তিনি ঈশ্বরের পুত্রকে জন্ম দেবেন।তাই যখন তিনি কুমারীই ছিলেন, তিনি এক পুত্রের জন্ম দেন আর নাম হল যীশু।তাই, যীশু হলেন ঈশ্বর আর তার সাথে মানুষও।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- কুমারী, কুমারী, কুমারীত্ব
- মরিয়ম, যীশুর মা
- ইশ্বরের পুত্র, পুত্র
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

49:02

যীশু বহু চমৎকার করেছেন যা প্রমান করে যে তিনি ঈশ্বর।তিনি জলের উপর হেঁটে ছিলেন, ঝড় থামিয়েছিলেন, বহু রোগীদের সুস্থ করেছিলেন, **ভূত তাড়িয়েছিলেন**, **মৃতদের জীবিত করেছিলেন**, আর পাঁচটি রুটি আর দুটি ছোট মাছ দিয়ে ৫০০০জনেরও বেশি লোকেদের যথেষ্ট রূপে খাইয়েছিলেন।

ভূত তাড়িয়েছিলেন

তা হল, “লোকেদের ভিতর থেকে ভূতেদের তাড়িয়েছিলেন।”

মৃতদের জীবিত করেছিলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “মৃত ব্যক্তিদের পুনরায় জীবনে ফিরিয়ে এনেছিলেন।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- অলৌকিক ঘটনা, অলৌকিক ঘটনাগুলো, আশ্চর্য, আশ্চর্যের, চিহ্ন, চিহ্নের
- ঈশ্বর
- নিরাময়, নিরাময় হওয়া, সুস্থ হওয়া, সুস্থকরা, সুস্থ, সুস্থ করা, সুস্থ করা, নিরাময়কারী, স্বাস্থ্য, স্বাস্থ্যকর, অস্বাস্থ্যকর
- দৈত্য, মন্দ আত্মা, অশুচি আত্মা
- বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর

49:03



যীশু **উত্তম শিক্ষকও ছিলেন**, আর তিনি অধিকারের সাথে কথা বলতেন কেননা তিনি ঈশ্বরের পুত্র ছিলেন।তিনি শিখিয়েছেন যে তোমাদের অন্য লোকেদেরও **নিজেদের সমান** প্রেম করা উচিত।

উত্তম শিক্ষকও ছিলেন

তা হল, "একজন খুবিই গুরুত্বপূর্ণ শিক্ষক" বা, "একজন উৎকৃষ্ট গুরু।"

নিজেদের সমান

তা হল, "বেশি থেকে আরো বেশি" বা, "সমান পরিমানে" বা, "সমান মাপে।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বরের পুত্র, পুত্র
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা

49:04



তিনি আরও শিখিয়েছেন যে তোমাদের পৃথিবীর অন্য **সকল কিছুর চেয়ে** বেশি ঈশ্বরকে প্রেম করতে হবে৷

সকল কিছুর চেয়ে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আপনার ধনসম্পত্তি” বা, “আপনার প্রতিপত্তি।”

translationWords

- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা
- ঈশ্বর

49:05

যীশু বলেছেন যে পৃথিবীর কোনো কিছুর চেয়ে ঈশ্বরের রাজ্য বেশি মূল্যবান।কারোর জন্য সবচাইতে বেশি মুখ্য বিষয় হল ঈশ্বরের রাজ্যের অংশ হওয়া।এই রাজ্যে প্রবেশ করতে, **আপনাকে নিজের পাপ থেকে উদ্ধার পেতে হবে**।

আপনাকে নিজের পাপ থেকে উদ্ধার পেতে হবে

তা হল, "নিজের পাপের দণ্ড থেকে রক্ষা পেতে" বা, "যেন ঈশ্বর আপনাকে আপনার পাপ থেকে বাঁচান" বা, "আপনার পাপ থেকে উদ্ধার পেতে।"

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

49:06

যীশু শিখিয়েছেন যে কিছু লোক তাকে গ্রহণ করবে আর উদ্ধার পাবে **কিন্তু কিছু লোকেরা বিশ্বাস করবে না**।তিনি বলেছেন যে কিছু লোকেরা হল উত্তম ভূমির মত।তারা যীশুর সুসমাচার গ্রহণ করবে আর উদ্ধার পাবে।অন্য লোকেরা রাস্তার ধারের শক্ত মাটির মত, যেখানে ঈশ্বরের বাক্য প্রবেশ করতে পারে না আর কোনো ফসল উৎপন্নও করতে পারে না। তারা যীশুর সমাচার তিরষ্কার করে আর তারা তার রাজ্যে প্রবেশ করতে পারবে না।

কিন্তু কিছু লোকেরা বিশ্বাস করবে না

তা হল, "অন্য লোকেরা তাকে গ্রহণ করবে না আর তাই তারা উদ্ধার পাবে না।"

ঈশ্বরের বাক্যের বীজ প্রবেশ

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "বীজ, যা ঈশ্বরের বাক্যের সাথে তুলনা করা যেতে পারে।" এই বাক্যাংশটি "বীজ" ও "ঈশ্বরের বাক্যের" সাথে তুলনায় রয়েছে।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- গ্রহন করা,লত্তয়া, গৃহীত, গ্রহণকাররী
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- ভাল খবর, সুসমাচার
- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য

49:07

যীশু শিখিয়েছেন যে ঈশ্বর পাপীদের ভালবাসেন।তিনি তাদের ক্ষমা করতে চান আর তাদের তার সন্তান করতে চান।

(এই কাঠামোটির জন্য কোনো টীকা নেই।)

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বর
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা

49:08

যীশু আমাদের আরও বলেছেন যে ঈশ্বর পাপকে ঘৃণা করেন৷যখন আদম ও হবা পাপ করেন, তা তাদের সকল বংশধরদের প্রভাবিত করেছিল৷পরিনামে, পৃথিবীর প্রত্যেকজন পাপ করে থাকে আর **ঈশ্বরের থেকে আলাদা হয়ে পরে**৷ তাই, সকল লোক ঈশ্বরের শত্রু৷

ঈশ্বরের থেকে আলাদা হয়ে পরে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বরের সাথে থাকতে পারে না” বা, “ঈশ্বরের কাছে থাকতে পারে না” বা, “ঈশ্বরের সাথে সম্পর্ক রাখতে পারে না৷”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বর
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- আদম
- হবা
- অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি

49:09

কিন্তু ঈশ্বর পৃথিবীর সকলকে এত বেশি ভালবাসেন যে তিনি **তার একমাত্র পুত্রকে দিয়ে দিলেন** যেন **যে কেউ** যীশুর উপর বিশ্বাস করে সে তার পাপের জন্য দন্ডিত না হয়, কিন্তু ঈশ্বরের সাথে চিরকাল বেঁচে থাকে।

তার একমাত্র পুত্রকে দিয়ে দিলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “পাপের বলির জন্য জগৎকে তার একমাত্র পুত্রকে দিয়ে দিলেন” বা, “আমাদেরকে আমাদের পাপের বলির জন্য তার একমাত্র পুত্র দিয়ে দিলেন।”

যে কেউ

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যে কেউ বিশ্বাস করে।”

যে কেউ যীশুর উপর বিশ্বাস করে সে তার পাপের জন্য দণ্ডিত হয় না, কিন্তু ঈশ্বরের সাথে চিরকাল বেঁচে থাকে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যখন কেউ যীশুর উপর বিশ্বাস করে, ঈশ্বর সেই ব্যক্তিকে তার পাপের দণ্ড দেবেন না, কিন্তু ঈশ্বরের সাথে অনন্তকাল থাকতে অনুমতি দেবেন।”

translationWords

- ঈশ্বর
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা
- ইশ্বরের পুত্র, পুত্র
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত

49:10

আপনার পাপের কারণে, আপনি দোষী আর মৃত্যুর যোগ্য। আপনার প্রতি **ঈশ্বরের ক্রোধ হওয়া উচিত**, কিন্তু তিনি আপনার উপর ক্রোধ না করে **তিনি তার ক্রোধ যীশুর উপর করলেন**। যখন যীশু ক্রুশের উপর মারা গিয়েছিলেন, তখন তিনি আপনাদের সকল দন্ড নিজের উপর নিয়ে নিয়েছিলেন।

আপনার পাপের কারণে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “কেননা আপনি পাপ করেছেন।” এটিকে স্পষ্ট করতে, যে এটি সকল লোকেদের বলা হচ্ছে, তাই কিছু কিছু ভাষায় এটি আরও স্পষ্ট ভাবে অনুবাদ করা যেতে পারে, “যেহেতু সকল লোকেরা পাপ করেছে, তাই তারা দোষী। তারা মৃত্যুর যোগ্য।”

ঈশ্বরের ক্রোধ হওয়া উচিত

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বরের পক্ষে ক্রোধ করাটা ন্যায্য।”

তিনি তার ক্রোধ যীশুর উপর করলেন

তা হল, “তার দিকে” বা, “সকল ক্রোধ তার উপর রাখলেন” বা, “তার সাথে ক্রোধ করলেন।”

আপনাদের সকল দণ্ড নিজের উপর নিয়ে নিয়েছিলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আপনার জায়গায় দণ্ডিত হলেন” বা, “আপনার পাপের জন্য দণ্ডিত হলেন।” এটা স্পষ্ট করতে যে এটি সকলের প্রতি প্রযোজ্য, তাই এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “প্রত্যেকের পাপের জন্য দণ্ডিত হলেন।”

translationWords

- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- অপরাধ, দোষী
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর

- ঈশ্বর
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ক্রুশ
- গ্রহন করা,লওয়া, গৃহীত, গ্রহণকাররী
- শাস্তি, দণ্ড দেওয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি

49:11



যীশু কখনও পাপ করেননি, কিন্তু তিনি দন্ডিত হওয়া বেছে নিলেন আর আপনাদের **পাপ মেটাতে**, সেই উৎকৃষ্ট বলি হলেন। কেননা যীশু নিজেকে বলি দিয়েছিলেন তাই ঈশ্বর যে কোনও পাপ ক্ষমা করেন।

পাপ মেটাতে

তা হল, "দণ্ড সরাতে" বা, "দোষ মেটাতে।" যীশুর বলিদান ঈশ্বরকে আমাদের পাপ এমনভাবে দেখায়, যে তা কখনো অস্তিত্বেই ছিল না।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- উৎসর্গ, বলিদান, বলিদান, বলিদান, নৈবেদ্য, উৎসর্গ
- ঈশ্বর
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা

49:12



ভালো কর্ম আপনাকে উদ্ধার দিতে পারবে না।ঈশ্বরের সাথে সম্পর্ক গড়তে আপনি কিছুই করতে পারেন না। শুধু যীশুই **আপনার পাপ ধুতে পারেন**।আপনাকে বিশ্বাস করতেই হবে যে যীশু হলেন ঈশ্বরের পুত্র যিনি **আপনার বদলে** ক্রুশে মরেছেন আর ঈশ্বর তাকে মৃত্যু থেকে জীবিত করেছেন।

ভালো কর্ম আপনাকে উদ্ধার দিতে পারবে না

তা হল, “ভালো কর্ম আপনাকে আপনার পাপ থেকে উদ্ধার দিতে পারবে না” বা, “আপনি এমন কোনো ভালো কাজ করতে পারেন না যা আপনাকে আপনার পাপের দোষ থেকে বাঁচাতে পারে।”

আপনার পাপ ধুতে পারেন

তা হল, “সম্পূর্ণরূপে আপনার পাপ সরাতে পারেন” বা, “আপনার পাপ নিতে পারেন আর আপনাকে শুদ্ধ করতে পারেন। এটি উল্লেখ করছে যে ঈশ্বর লোকেদের আত্মা থেকে তাদের পাপ সম্পূর্ণ রূপে সরিয়ে শুদ্ধ করছেন। এটি শারীরিক শুদ্ধিকরণকে বোঝাচ্ছে না।

আপনার বদলে

তা হল, “আপনার জায়গায়।”

তাকে মৃত্যু থেকে পুনরুত্থিত করেছেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “পুনরায় জীবিত করেছেন।”

translationWords

- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- ঈশ্বর
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা

- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- ইশ্বরের পুত্র, পুত্র
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- ক্রুশ
- বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত

49:13

ঈশ্বর সেই সকলকে উদ্ধার করবেন যারা যীশুর উপর বিশ্বাস করে আর তাকে প্রভু রূপে গ্রহণ করে৷কিন্তু যে তার উপর বিশ্বাস করে না তিনি তার উদ্ধার করবেন না৷এটা কোনো ব্যাপার নয় যে আপনি ধনী বা গরিব, পুরুষ বা নারী, অল্প বয়স্ক বা বৃদ্ধ, অথবা আপনি কোথায় বাস করেন৷ঈশ্বর আপনাকে ভালবাসেন আর চান যেন আপনি যীশুর উপর বিশ্বাস করেন আর **তার আপনার সাথে অন্তরঙ্গ সম্পর্ক হয়**৷

তার আপনার সাথে অন্তরঙ্গ সম্পর্ক হয়

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “যেন আপনি তার সন্তান হন” বা, “যেন আপনি তার হতে পারেন৷”

translationWords

- ঈশ্বর
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- গ্রহন করা,লত্তয়া, গৃহীত, গ্রহণকাররী
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- ভালবাসা, ভালবাসার, প্রেমের, ভালবাসা

49:14

যীশু আপনাকে আমন্ত্রণ জানাচ্ছেন **তার উপর বিশ্বাস করার জন্য** আর বাপ্তিষ্ম নেওয়ার জন্য।আপনি কি **বিশ্বাস করেন** যে যীশু হলেন খ্রীষ্ট আর ঈশ্বরের পুত্র? আপনি কি বিশ্বাস করেন যে আপনি একজন পাপী আর আপনি ঈশ্বরের কাছ থেকে সেই সকল পাপের জন্য শাস্তি পাওয়ার যোগ্য?আপনি বিশ্বাস করেন যে যীশু আপনার পাপ মেটাতে ক্রুশে বিদ্ধ হয়ে মরেছিলেন?

তার উপর বিশ্বাস করার জন্য

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “ভরসা করা” বা “আপনাকে উদ্ধার করার জন্য তার উপর ভরসা করা” বা, “নিজের সম্পূর্ণ জীবন তার উপর অর্পণ করা।”

বাপ্তিষ্মনেওয়ার জন্য

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “কেউ আপনাকে যেন বাপ্তিষ্ম দেয়” বা, “তারা আপনাকে বাপ্তিষ্ম দিক।”

বিশ্বাস করেন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “মান্য করেন” বা “সহমত হন যে।” পাপ মেটাতে- 49-11-এর টীকাটিকে দেখুন।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- বাপ্তিষ্ম দেওয়া, বাপ্তাইজিত, বাপ্তিস্ম
- খ্রীষ্ট, অভিষিক্ত
- ইশ্বরের পুত্র, পুত্র
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- ঈশ্বর
- শাস্তি, দণ্ড দেত্তয়া,দন্ডিত,শাস্তি দেওয়া,শাস্তি,অশাস্তি
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- ক্রুশ

49:15



যদি আপনি যীশুর উপর আর যা তিনি আপনার জন্য করেছেন তা বিশ্বাস করেন তাহলে আপনি একজন খ্রীষ্টানঈশ্বর আপনাকে **শয়তানের অন্ধকারের রাজ্য** থেকে নিয়ে নিয়েছেন আর আপনাকে **ঈশ্বরের আলোর রাজ্যে** রেখে দিয়েছেন। ঈশ্বর আপনার পুরনো পাপময় পথ সকল নিয়ে নিয়েছেন আর আপনাকে নতুন আর ধার্মিক পথ দিয়েছেন।

শয়তানের অন্ধকারের রাজ্য

“অন্ধকার” এখানে পাপ আর সকল দুষ্টতাকে উল্লেখ করছে। এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “লোকেদের উপর শয়তানের দুষ্টতাময় রাজত্ব, যা অন্ধকারের ন্যায়।

ঈশ্বরের আলোর রাজ্যে

“আলো” এখানে ঈশ্বরের পবিত্রতা আর সদগুণকে উল্লেখ করছে। এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “লোকেদের উপর ঈশ্বরের ধার্মিকতায় রাজত্ব, যা আলোর ন্যায়।” কতিপয়, বাইবেল দুষ্টতাকে অন্ধকারের সাথে আর সদগুণকে আলোর সাথে তুলনা করেছে।

translationWords

- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- খ্রীষ্টান
- ঈশ্বর
- শয়তান, অপদেবতা,খারাপ এক
- রাজ্য, রাজ্যবর্গ
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য

49:16



যদি আপনি একজন খ্রীষ্টান হন, ঈশ্বর আপনার পাপ ক্ষমা করেছেন কারণ যীশু আপনার হয়ে শাস্তি পেয়েছেন।এখন, ঈশ্বর আপনাকে শত্রু নয় বরং বন্ধু রূপে গন্য করেন।

আপনাকে গন্য করেন

তা হল, “আপনাকে ভাবেন” বা, “আপনাকে ধারণা করেন” বা, “আপনাকে ডাকেন।”

translationWords

- খ্রীষ্টান
- ঈশ্বর
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

49:17



যদি আপনি ঈশ্বরের একজন বন্ধু হন আর প্রভু যীশুর একজন ভক্ত হন, তাহলে আপনি যীশুর দেওয়া আদেশ পালন করতে চাইবেন।যদিও আপনি একজন খ্রীষ্টান হন তবুও **আপনি প্রলোভনে পরবেন**।কিন্তু ঈশ্বর **বিশ্বাসযোগ্য**, আপনি যদি **আপনার পাপ স্বীকার করেন** তবে তিনি আপনাকে ক্ষমা করে দেবেন। **তিনি আপনাকে পাপের সাথে লড়তে সাহায্য করবেন**।

আপনি প্রলোভনে পরবেন

তা হল, “পাপ করতে প্রলোভনে পরবেন যদিও আপনি জানেন যে পাপ করা মন্দ।”

বিশ্বাসযোগ্য

এই প্রসঙ্গে এর অর্থ হল যে ঈশ্বর, “তার প্রতিজ্ঞা পূর্ণ করেন।”

আপনার পাপ স্বীকার করেন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “ঈশ্বরের কাছে মেনে নেন যেসব পাপ আপনি করেছেন।”

তিনি আপনাকে পাপের সাথে লড়তে সাহায্য করবেন

তা হল, “তিনি আপনাকে আত্মিক শক্তি দেবেন পাপ থেকে রক্ষা পেতে।”

translationWords

- ঈশ্বর
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- খ্রীষ্টান

- প্রলোভন, প্রলোভন
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- বিশ্বস্ত, বিশ্বস্ততা, অবিশ্বস্ত, অবিশ্বস্ততা
- ক্ষমা,ক্ষমা করা,ক্ষমা করে দিয়েছি,ক্ষমা,মার্জনা,মার্জনা করা

49:18

ঈশ্বর আপনাকে প্রার্থনা করতে বলেন, তার বাক্য পড়তে বলেন, অন্যান্য খ্রীষ্টানদের সাথে মিলে আরাধনা করতে বলেন আর অন্যদের বলতে বলেন যা তিনি আপনার জন্য করেছেন। এসকল **আপনাকে তার সাথে একটি গভীর সম্পর্ক গড়তে সাহায্য করবে**।

আপনাকে তার সাথে একটি গভীর সম্পর্ক গড়তে সাহায্য করবে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তাকে আরো ভালবাসতে” বা, “তাকে আরো ভালো করে জানতে” বা, “তার সম্মুক্ষে আরো বিশ্বাসযোগ্য হতে।”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে।

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-রোমীয় ৩:২১-২৬, ৫:১-১১; যোহন ৩:১৬; মার্ক ১৬-১৬; কলসীয় ১:১৩-১৪; ২ করিন্থীয় ৫:১৭-২১; ১ যোহন ১:৫-১০

translationWords

- ঈশ্বর
- প্রার্থনা, প্রার্থনা করা, প্রার্থনা, প্রার্থিত
- ঈশ্বরের বাক্য, ঈশ্বরের বাক্য, প্রভুর বাক্য, প্রভুর বাক্য, সত্যের বাক্য, শাস্ত্র, শাস্ত্র
- আরাধনা
- খ্রীষ্টান

যীশুর পুনরাগমন

50:01

প্রায় ২০০০ বছর ধরে, পৃথিবীর চারদিকের বহু লোকেরা খ্রীষ্ট যীশুর বিষয়ে শুনেছে। চার্চ বৃদ্ধি পাচ্ছে।যীশু প্রতিজ্ঞা করেছেন যে তিনি **পৃথিবী শেষ হওয়ার পূর্বে** ফিরে আসবেন।যদিও তিনি এখন পর্যন্ত ফিরে আসেননি কিন্তু তিনি নিশ্চই আসবেন।

চার্চ বৃদ্ধি হয়ে চলেছে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, "পৃথিবীর চারিদিকের চার্চগুলোর সদস্য সংখ্যা বৃদ্ধি পাচ্ছে" বা, "যীশুর উপর বিশ্বাসকারীদের সংখ্যা বৃদ্ধি হয়ে চলেছে।"

পৃথিবী শেষ হওয়ার পূর্বে

এই বাক্যাংশটির অর্থ হল, "বর্তমানের পৃথিবী শেষ হবার ঠিক পূর্বে" বা, "পৃথিবীর অন্তিম দিনগুলোতে।"

translationWords

- ভাল খবর, সুসমাচার
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- খ্রীষ্ট, অভিষিক্ত
- মন্ডলী, মন্ডলীগুলি, মন্ডলী
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি

50:02



যখন আমরা যীশুর ফিরে আসার জন্য অপেক্ষা করছি, তখন ঈশ্বর আমাদের কাছ থেকে প্রত্যাশা করেন যেন আমরা পবিত্র ও তাকে সন্মান দেয় এমন জীবনযাপন করি। তিনি আরও চান যেন আমরা তার রাজ্যের বিষয়ে অন্যদের বলি।যখন যীশু এই পৃথিবীতে ছিলেন তখন তিনি বলেছিলেন, “আমার শিষ্যরা স্বর্গ রাজ্যের বিষয়ে পৃথিবীর চারিদিকের লোকেদের প্রচার করবে আর **তারপর সব শেষ হবে**।”

তারপর সব শেষ হবে

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “এই জগতের সমাপ্তি হবে” বা, “এই সংসারের শেষ হবেই” বা, “বর্তমানের পৃথিবী শেষ হবে।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ঈশ্বর
- পবিত্র, পবিত্রতা, অপবিত্র, শুদ্ধ
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য
- শিষ্য, শিষ্যরা
- প্রচার, প্রচার করা, প্রচার করা, প্রচারক, ঘোষণা করা, প্রচারিত করা, ঘোষণা, বিজ্ঞাপিত, ঘোষণা, ইস্তাহার
- ভাল খবর, সুসমাচার

50:03

বহু লোক এখনও যীশুর বিষয়ে শোনেনি৷ স্বর্গে যাওয়ার পূর্বে, যীশু খ্রীষ্টানদের বলেছিলেন যারা সুসমাচার শোনেনি তাদের তা ঘোষণা করতে৷তিনি বলেছিলেন, “যাও আর সকল জাতিকে **শিষ্য বানাও**!” আর, “**ফসল কাটার জন্য প্রস্তুত**!”

শিষ্য বানাও

এর অর্থ এই যে, “আমার শিষ্য হতে লোকেদের সাহায্য কর৷”

ফসল কাটার জন্য প্রস্তুত

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, তাদের ঈশ্বরের কাছে আনার জন্য তারা মাঠের পাকা ফসলের মত প্রস্তুত” বা, “তাদের একত্র করার জন্য আর ঈশ্বরের কাছে তাদেরকে আনার জন্য তারা মাঠের ফসলের মত পেকে প্রস্তুত৷”

চাষের জমি

এই অভিব্যক্তিটিতে, “চাষের জমি” প্রতিনিধিত্ব করে পৃথিবীর লোকজনদের৷

পেকে

“পাকা” শব্দটি এখানে উল্লেখ করছে যীশুর উপর বিশ্বাস করতে তৈরী৷

ফসল

“ফসল” এখানে ঈশ্বরের কাছে লোকেদের যীশুর বিষয়ে শিক্ষা দিয়ে নিয়ে আসার কাজটিকে নির্দেশ দিচ্ছে৷

translationWords

- মানুষ গোষ্ঠী, মানুষগণ, মানুষ, একটি মানুষ

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয়
- খ্রীষ্টান
- ভাল খবর, সুসমাচার
- শিষ্য, শিষ্যরা

50:04



যীশু আরও বলেছেন, “এক দাস তার **মালিকের চেয়ে মহান নয়**।যেমন এই পৃথিবীর আধিকারী সকল আমাকে ঘৃণা করেছে, ঠিক তেমনই তারা তোমাদের **আমার নামের জন্য** অত্যাচার করবে আর মেরে ফেলবে।যদিও তোমরা **এই জগতে** অত্যাচারিত হবে, তবুও সাহস কর কেননা আমি শয়তানকে পরাজিত করেছি যেন এই জগতের উপরে আমার রাজ্য করি। যদি **অন্তিম পর্যন্ত** তোমরা **আমার প্রতি বিশ্বাসযোগ্য থাক**, তাহলে **তোমরা উদ্ধার পাবে**!”

মালিকের চেয়ে মহান নয়

তা হল, “বেশি গুরুত্বপূর্ণ নয়” বা, এই ক্ষেত্রে, “তাকে আরো বেশি মূল্য দেওয়া নয়।”

আমার নামের জন্য

তা হল, “যেহেতু তোমরা আমার আজ্ঞাকারী” বা, “যেহেতু তোমরা লোকেদের আমার বিষয়ে শিক্ষা দাও” বা, “কেননা তোমরা আমার।”

এই জগতে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “এই জীবনকালে।”

আমার প্রতি বিশ্বাসযোগ্য থাক

তা হল, “আমার আজ্ঞাকারী থেকো।”

অন্তিম পর্যন্ত

তা হল, “তোমার জীবনের শেষ সময় পর্যন্ত।”

তোমরা উদ্ধার পাবে

এটি আত্মিক উদ্ধারকে উল্লেখ করছে শারীরিক উদ্ধারের বিষয়ে বলছে না। এটি প্রথমেই বলা হয়েছে যে বহু বিশ্বাসীদের উৎপীড়ন করা হবে বা হত্যা করা হবে।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- কষ্ট, কষ্টভোগ, সহ্য, ক্লেশিত, পীড়া
- শয়তান, অপদেবতা,খারাপ এক
- বিশ্বস্ত, বিশ্বস্ততা, অবিশ্বস্ত, অবিশ্বস্ততা
- সংরক্ষণ, সংরক্ষণ, সংরক্ষিত, নিরাপদ, পরিত্রাণ

50:05

যীশু তার শিষ্যদের একটি কাহিনী বললেন যে কিসব ঘটবে যখন অন্তিম কাল আসবে৷তিনি বললেন, “এক ব্যক্তি তার খেতে **ভালো বীজ** বপন করল৷যখন তিনি ঘুমালেন, তখন তার শত্রুরা আসলো আর তারা **গম**ের সাথে সাথে **শ্যামা ঘাস** বপন করল আর তারপর চলে গেল৷”

ভালো বীজ

এই বীজটি ছিল গম৷ যদি এই ধরনের বীজ আপনার ভাষায় না জানা থাকে তাহলে এমন একটি বীজ নির্বাচন করুন যাকে সাধারনত “বীজ” বলা হয়৷ যদি কোনো সাধারণ শব্দ না থেকে থাকে, তাহলে কোনো ধরনের শস্য বীজ নির্বাচন করতে পারেন, যেমন, “ধানের মত ভালো বীজ৷”

শ্যামা ঘাস

শ্যামা ঘাস যা লাগানো হয়েছিল তা বড় বড় ঘাসের মত হয় কিন্তু খাওয়া যায় না৷ সেগুলো হল আগাছা৷

গম

তা হল, “গমের দানা৷” গমের গাছও বড় বড় ঘাসের আকৃতির হয়৷ এর দানা হয় যা লোকেরা খাদ্য হিসেবে ব্যবহার করে৷

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শিষ্য, শিষ্যরা
- ভালো, সততা

50:06

“যখন সেই চারাগাছ অঙ্কুরিত হল, তখন চাকরেরা এসে সেই লোকটিকে বলল, ‘মালিক মালিক, আপনি তো ভালো বীজ বপন করেছিলেন।তাহলে সেখানে আগাছা কিভাবে জন্মায়?’মালিকটি উত্তর দিল, ‘**একটি শত্রু নিশ্চই তা বপন করেছে**।’”

(যীশু কাহিনীটি বলা বহাল রাখলেন।)

একটি শত্রু নিশ্চই তা বপন করেছে

যদি সম্ভব হয়, “এটিকে এমনভাবে অনুবাদ করুন যা দেখাবে যে বক্তা এমনটি হতে দেখেন নি।”

translationWords

- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের
- ভালো, সততা

50:07

“চাকরগুলো সেই মালিককে উত্তর দিল, “আমরা কি সেই শ্যামা ঘাস তুলে ফেলবো?’ মালিকটি বলল, “না।যদি তোমরা তা কর, **কি জানি তোমরা ভালো গমের চারাও তুলে ফেলবে**।ফসল কাটা পর্যন্ত অপেক্ষা কর আর তারপর তোমরা শ্যামা ঘাস জ্বালিয়ে দিও আর গম ঘরে নিয়ে এসো।’’’

(যীশু কাহিনীটি বলা বহাল রাখলেন।)

কি জানি তোমরা ভালো গমের চারাও তুলে ফেলবে

তা হল, “তোমরা না জেনে ভালো গমের চারাও তুলে ফেলবে।” গমের চারা ও শ্যামা ঘাসের চারার মধ্যে পার্থক্য করাটা খুবিই কঠিন, আর গমের একটিও চারা না তুলে শ্যামা ঘাসের চারা তুলেফেলে দেওয়া একটি অসম্ভব ব্যাপার।

ফসল পাকা পর্যন্ত

তা হল, “সে সময় পর্যন্ত যখন ফসল কাটার জন্য প্রস্তুত না হয়” বা, “যতক্ষণ না গমের চারা পেকে কাটার জন্য বৃদ্ধি না পায়।”

গম

তা হল, “গমের দানা।”

সঞ্চয় ঘরে

এটি সেই গৃহকে উল্লেখ করে যেখানে গমের দানাগুলোকে মজুত আর সঞ্চয় করা হয়। এটাকে “সঞ্চয়গৃহ”ও বলা যেতে পারে।

translationWords

- দাসী, দাসী, দাসী, চাকর, চাকর, ক্রীতদাস, ক্রীতদাস, দাসী, দাসত্ব, দাসী, সেবা, সেবা, পরিসেবা, সেবা, সেবা, সেবা, চোখ সেবা
- মালিক, মালিকের, প্রভু, মনিব, মনিবের, মহাশয়, মহাশয়ের

50:08

শিষ্যেরা কাহিনীটি বুঝতে পারল না তাই তারা যীশুকে তা বর্ণনা করতে অনুরোধ করল৷যীশু বললেন, “বীজ বপক ব্যক্তিটি খ্রীষ্টের প্রতিনিধিত্ব করে৷খেত হল এই জগৎ৷ভলো বীজ হল **স্বর্গ রাজ্যের লোকজন**৷”

স্বর্গ রাজ্যের লোকজন

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “সেই লোকজন যারা ঈশ্বরের অধিকারের নিচে বসবাস করে” বা, “লোকজন যারা ঈশ্বরের শাসনকে মেনে নিয়েছে” বা, “লোকজন যারা ঈশ্বরের সাথে তার রাজ্যে বসবাস করবে৷”

translationWords

- শিষ্য, শিষ্যরা
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- ভালো, সততা
- খ্রীষ্ট, অভিষিক্ত
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য

50:09



“শ্যামা ঘাস বা আগাছা হল **সেই লোকজন যারা শয়তানের লোক**।যে শত্রু আগাছা বপন করেছে সে হল শয়তান।ফসল কাটার সময় হল **পৃথিবীর অন্তিম কাল** আর কর্মচারী হল স্বর্গদূত।”

সেই লোকজন যারা শয়তানের লোক

তা হল, “যারা শয়তানকে মান্য করে” বা, “যারা শয়তানের দ্বারা শাসিত হয়।”

শয়তান

এটি হল দুষ্টের নাম। এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “দুষ্ট” কিন্তু “দুষ্ট” নামটি তার চরিত্রকে বর্ণনা দেয়।

শয়তান

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “দুষ্ট”।

পৃথিবীর অন্তিম কাল

তা হল, “যা প্রতিনিধিত্ব করে যে সে সময়ে লোকেদের সাথে কি ঘটবে।”

চাকরগুলো

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সেই লোকজন যারা ফসল কাটার কাজ করে” বা, “সেই শ্রমিকগন যারা গম একত্র করে।”

translationWords

- মন্দ, দুষ্ট, দুষ্টতা
- শয়তান, অপদেবতা,খারাপ এক

- ঈশ্বর
- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত

50:10



“যখন পৃথিবী শেষ হবে, তখন স্বর্গদূতরা সকল লোকজনদের একত্র করবে আর **যারা শয়তানের লোকজন** তাদের **এক ভীষন উতপ্ত অগ্নিতে** নিক্ষেপ করবে, যেখানে তারা কাঁদবে আর তাদের কঠিন উৎপীড়নে দাঁত ঘষা হবে। তারপর **ধার্মিক লোকজন** তাদের পিতা ঈশ্বরের রাজ্যে **সূর্যের ন্যায় দীপ্তিতে আলোকিত হবে**।

যারা শয়তানের লোকজন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “যারা শয়তানের আজ্ঞাকারী হয়েছিল” বা, “যারা দুষ্টের দ্বারা শাসিত হয়েছিল।” এটি উল্লেখ করে সেই লোকেদের যারা প্রভু যীশুর উপর বিশ্বাস করেনি কিন্তু দুষ্টতার পথ শয়তানের অনুগামী হয়েছিল।

এক ভীষন উতপ্ত অগ্নিতে

তা হল, “খুব উত্তপ্ত, জ্বলন্ত আগুন” বা, “খুব বড় অগ্নি।”

ধার্মিক লোকজন

এটি সেই লোকজনদের উল্লেখ করে যারা খ্রীষ্টের উপর বিশ্বাস করেছিল। 50-08-তে দেখুন।

সূর্যের ন্যায় দীপ্তিতে আলোকিত হবে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “সূর্যের মত মহিমান্বিত হবে” বা, “যেমন সূর্য তার উজ্জ্বল আলো দেখায় তেমনি তারা তাদের সদগুণ প্রদর্শিত করবে।”

translationWords

- স্বর্গদূত, স্বর্গ দূতেরা, প্রধান স্বর্গদূত
- শয়তান, অপদেবতা,খারাপ এক
- কষ্ট, কষ্টভোগ, সহ্য, ক্লেশিত, পীড়া
- ধার্মিক, ধার্মিকতা, অধার্মিক, অধার্মিকতা, ন্যায়পরায়ণতা, ন্যায়পরায়ণতা

- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য
- পিতা ঈশ্বর, সর্গস্থ পিতা, পিতা

50:11

যীশু বলেছেন যে তিনি পৃথিবী শেষ হওয়ার পূর্বেই ফিরে আসবেন।তিনি ঠিক একইভাবে ফিরে আসবেন ঠিক যেমন ভাবে **তিনি গিয়েছিলেন**, তা হল যে তার শারীরিক দেহ হবে আর **আকাশের মেঘের মধ্যে দিয়ে তিনি আসবেন**।যখন যীশু ফিরে আসবেন, তখন প্রত্যেক খ্রীষ্টানরা যারা মারা গিয়েছিল তারা মৃতদের মধ্যে থেকে জীবিত হবে আর **আকাশে তার সাথে মিলিত হবে**।

তিনি গিয়েছিলেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “তিনি পৃথিবী থেকে চলে গিয়েছিলেন” বা, “তিনি স্বর্গে গিয়েছিলেন।”

আকাশের মেঘের মধ্যে দিয়ে তিনি আসবেন

তা হল, “আকাশের মেঘ তাকে ঘিরে রাখবে যখন তিনি আগমন করবেন” বা, “আকাশের মেঘ তাকে বহন করে নিয়ে আসবেন।”

যখন যীশু ফিরে আসবেন

তা হল, “যখন যীশু পৃথিবীতে ফিরে আসবেন।”

আকাশে তার সাথে মিলিত হবে

তা হল, “আকাশে তার সাথে একত্র হবে।” যারা যীশুর উপর বিশ্বাস করেছিল তারা যখন যীশুকে আকাশে দেখবেন, তখন তার কাছে সাক্ষাৎ করতে যাবে।

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- খ্রীষ্টান
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা

50:12

আর যে খ্রীষ্টানরা **জীবিতই থাকবে** তাদের আকাশে তুলে নেওয়া হবে আর তারা অন্য খ্রীষ্টানদের সাথে মিলিত হবে যারা মৃতদের মধ্যে থেকে জীবিত হয়েছিল।তারা সকলে যীশুর সাথে থাকবে।তারপর, যীশু তার লোকেদের সাথে এক সিদ্ধ শান্তিতে আর একতায় চিরকাল বসবাস করবেন।

জীবিতই থাকবে

তা হল, “যখন যীশু ফিরবেন তখনও জীবিত থাকেবন।”

translationWords

- খ্রীষ্টান
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত
- বৃদ্ধি, উত্থাপন, উত্থাপিত, ওঠা, উদিত, উঠা, উত্থান করা
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু

50:13



যীশু প্রতিজ্ঞা করেছেন যে তিনি তাদের যারা তার উপর বিশ্বাস করেছিল, একটি **মুকুট** দেবেন।তারা বাঁচবে আর ঈশ্বরের সাথে এক **সিদ্ধ** শান্তিতে রাজত্ব করবে।

মুকুট

এই মুকুটটি আমাদের যীশুর উপর বিশ্বাস করার আর তাকে আমাদের জীবনে সেবা করার পুরুস্কার রূপে দেওয়া হবে তা উল্লেখ করে।

সিদ্ধ

তা হল, “সম্পূর্ণভাবে” বা, “পরিপূর্ণভাবে।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- প্রতিশ্রুতি, প্রতিশ্রুতিগুলি, প্রতিশ্রুতি
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- জীবন, জীবিত, জীবিত থাকা, জীবন, জীবন্ত, জীবিত
- ঈশ্বর
- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা

50:14

কিন্তু ঈশ্বর সেই সকলের ন্যায় করবেন যারা যীশুর উপর বিশ্বাস করেনি।তিনি তাদের নরকে ফেলে দেবেন, যেখানে ভীষণ উৎপীড়নে তারা কাঁদবে আর তারা দাঁত ঘষবে। একটি আগুন যা নিভবে না নিরন্তর তাদের জ্বালাতে থাকবে আর পোকা যা তাদের খেতেই থাকবে কিন্তু থামবে না।

যেখানে ভীষণ উৎপীড়নে তারা কাঁদবে আর তাদের দাঁত ঘষা হব

50-10-এর টীকাটিকে দেখুন।

translationWords

- ঈশ্বর
- বিচারক, বিচারকগণ, দন্ড, দন্ড
- বিশ্বাস করা, বিশ্বাস, বিশ্বাস করা, বিশ্বাসী, বিশ্বাস, অবিশ্বাসী, অবিশ্বাসীরা, অবিশ্বাস
- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- নরক, আগুনের হ্রদ

50:15

যখন যীশু ফিরে আসবেন, তখন তিনি সম্পূর্ণভাবে শয়তানকে আর **তার রাজ্যকে** শেষ করবেন।তিনি শয়তানকে নরকে ফেলবেন যেখানে সে চিরকালের জন্য জ্বলতে থাকবে, সেসকলের সাথে যারা ঈশ্বরের আজ্ঞাকারী **হওয়ার চেয়ে** শয়তানকে অনুসরণ করাটা বেছেছিল।

তার রাজ্যকে

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “লোকেদের উপর শয়তানের দুষ্টতা পূর্ণ রাজত্ব” বা, “সে সকল দুষ্টতা যা সে করে আর যে দুষ্ট লোকেদের সে নিয়ন্ত্রণ করে।”

হওয়ার চেয়ে

তা হল, “বরং।”

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- শয়তান, অপদেবতা,খারাপ এক
- রাজ্য, রাজ্যবর্গ
- নরক, আগুনের হ্রদ
- আজ্ঞাপালন করা, আজ্ঞাপালন,আনুগত্য,আজ্ঞাকারী,আজ্ঞাকারী, বাধ্যতা, অমান্য করা, অমান্য,অবাধ্য,অনাজ্ঞাকারী,অনাজ্ঞাকারী
- ঈশ্বর

50:16

কারণ আদম আর হবা ঈশ্বরের অনাজ্ঞাকারী হয়েছিল আর এই পৃথিবীতে **পাপ নিয়ে এসেছিল**, কিন্তু ঈশ্বর সেটিকে শাপ দিয়েছিলেন আর নির্ণয় নিয়েছিলেন তা নষ্ট করবেন।কিন্তু একদিন ঈশ্বর **এক নতুন আকাশ** আর পৃথিবী সৃষ্টি করবেন যা হবে উৎকৃষ্ট।

পাপ নিয়ে এসেছিল

এটিকে এভাবেও অনুবাদ করা যেতে পারে, “পাপকে ঢুকতে দিয়েছিল।”

এক নতুন আকাশ

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “এক নতুন স্বর্গ” বা, “একটি নতুন ব্রহ্মাণ্ড।” এটি উল্লেখ করে একটি নতুন তারামন্ডল আর আকাশের সকল কিছুকে।

এক নতুন পৃথিবী

এই বর্তমানের পৃথিবী যেখানে আমরা বসবাস করি তা বদলানো হবে একটি নতুন ও আরো উন্নত পৃথিবীর দ্বারা।

translationWords

- আদম
- হবা
- অবাধ্য, অমান্য, অবাধ্য, অবাধ্যতা, অমান্যকারী
- ঈশ্বর
- পাপ,অপরাধ,অধর্ম করা, পাপিষ্ঠ, পাপী, পাপ করা
- অভিশাপ, অভিশপ্ত, অভিশাপগুলি, অভিশাপ দেওয়া
- স্বর্গ, আকাশ, আকাশ, আকাশ মণ্ডল, স্বর্গীয়

50:17

যীশু আর তার লোকজনেরা সেই নতুন পৃথিবীতে বসবাস করবে আর তিনি সকল কিছুর উপর রাজত্ব করবেন৷তিনি **সকলের চোখের জল মুছে দেবেন** আর কোনো কষ্ট, দুঃখ, কান্না, দুষ্টতা, যন্ত্রণা, বা মৃত্যু হবে না৷যীশু **তার রাজ্যটিতে শান্তিতে আর ন্যায়ে রাজত্ব করবেন** আর তিনি তার প্রজাদের সাথে চিরকাল থাকবেন৷

সকলের চোখের জল মুছে দেবেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “আমাদের সকল দুঃখের সমাপ্তি করবেন” বা, “সমস্যার অন্ত করবেন” বা, “কোমল ভাবে লোকেদের সকল দুঃখ সরিয়ে দেবেন৷”

কোনোও কষ্ট, দুঃখ, কান্না, দুষ্টতা, যন্ত্রণা, বা মৃত্যু হবে না

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “লোকেরা আর কষ্ট পাবে না, দুঃখিত হবে না, কাঁদবে না, দুষ্ট কাজ করবে না, যন্ত্রণার অনুভূতি পাবে না, বা মরবে না৷

তার রাজ্যটিতে শান্তিতে আর ন্যায়ে রাজত্ব করবেন

এটিকে এভাবে অনুবাদ করা যেতে পারে, “ন্যায়সঙ্গতভাবে তাঁর প্রজাদের উপর শাসন করবেন, যা শান্তি বজায় রাখবে৷”

একটি বাইবেল কাহিনী

এইসব উল্লেখগুলো কিছু কিছু বাইবেল অনুবাদে সামান্য ভিন্ন হতে পারে৷

একটি বাইবেল কাহিনী: নেওয়া হয়েছে-মথি ২৪:১৪; ২৮:১৮; যোহন ১৫:২০, ১৬:৩৩; প্রকাশিত বাক্য ২:১০; মথি ১৩:২৪-৩০, ৩৬-৪২; ১ থিষলনীকীয় ৪:১৩-৫:১১; যাকোব ১:১২; মথি ২২:১৩; প্রকাশিত বাক্য ২০:১০, ২১:১-২২:২১

translationWords

- যীশু, যীশু খ্রিষ্ট, খ্রিষ্ট যীশু
- কষ্ট, কষ্টভোগ, সহ্য, ক্লেশিত, পীড়া

- মন্দ, দুষ্ট, দুষ্টতা
- মৃত, মরে যাওয়া, মরা, মৃতকভাবে, মারাত্মক, মৃত্যু, মৃত্যু, মৃত্যুর, মৃত্যুর
- ঐশ্বরিক রাজ্য, স্বর্গরাজ্য
- শান্তি, শান্তিপূর্ণ, শান্তিপূর্ণভাবে, শান্তিপূর্ণ, শান্তিরক্ষীরা
- ন্যায়, বিচারক, অন্যায়, অযথা, অবিচার, ন্যায্যভাবে, ন্যায়সঙ্গত, আত্মপক্ষ সমর্থন

translationWords

সংস্করণ 8.4

অত্যাচার, নিপীড়ন হওয়া, নিপীড়ন করা, নিপীড়ন, নিপীড়ন, অত্যাচারী, অত্যাচারী

সংজ্ঞা:

শব্দ "নিপীড়ন" এবং "অত্যাচার" ক্রমাগত একটি ব্যক্তি বা একটি নির্দিষ্ট গোষ্ঠির মানুষকে তাদের যাতনা দেওয়া যার ফলে ওটা তাদের কাছে একটা ক্ষতির কারণ হয়ে ওঠে.

- নিপীড়ন এক ব্যক্তির বা অনেক মানুষের বিরুদ্ধে হতে পারে এবং সাধারণত পুনরাবৃত্তিতে হয়, ক্রমাগত আক্রমণ জড়িত হতে পারে.
- ইস্রায়েলীয়রা অনেক গোষ্ঠী সমূহের দ্বারা অত্যাচারিত হয়েছিল যারা তাদের আক্রমন করেছিল, তাদের বন্দী করে, এবং তাদের কাছ থেকে জিনিসগুলি চুরি করে নিয়ে যায়.
- মানুষ প্রায়ই বিভিন্ন লোকেদের অত্যাচার করে যারা অন্য ধর্মে বিশ্বাস করে বা যারা দুর্বল হয়.
- যিহুদী ধর্মীয় নেতারা যীশুকে নির্য়াতন করেছিলেন কারণ তিনি যা শিক্ষা দিয়েছিলেন তা তাহারা পছন্দ করতেন না.
- যীশু স্বর্গে ফিরে যাওয়ার পরে, যিহুদী ধর্মীয় নেতারা এবং রোমীয় সরকার তার অনুসারীদের/অনুগামীদের অত্যাচার করেছিল.
- "অত্যাচার" শব্দটিকে "নিপীড়ন" বা "কঠোরভাবে আচরণ" বা "ক্রমাগত খারাপ আচরণ হিসাবে অনুবাদ করা যেতে পারে."
- "নিপীড়ন" অনুবাদ করার উপায়গুলি অন্তর্ভুক্ত হতে পারে, "কঠোর দুর্ভোগ" বা "নির্যাতন" বা "ক্রমাগত ক্ষতিকারক চিকিত্স."

(আরো দেখুন: খ্রিস্টান, গির্জা, নির্যাতন, রোম)

বাইবেল তথ্য:

- প্রেরিতদের কার্যাবলী 07:51-53
- প্রেরিতদের কার্যাবলী 13:50-52
- গালাতীয় 01:13-14
- যোহন 05:16-18
- মার্ক 10:29-31
- মথি 05:9-10
- মথি 05:43-45
- মথি10:21-23
- মথি 13:20-21
- ফিলিপীয় 03:6-7

উদাহরণ বাইবেলের গল্প থেকে:

- **33:07** " পাথুরে জমি হল একজন ব্যক্তি যিনি ঈশ্বরের বাক্য শোনে এবং আনন্দে তা গ্রহণ করেন. কিন্তু যখন তিনি কষ্ট ভোগ করেন বা _ নির্যাতিত_ হন,তখন সে পড়ে যায়.”
- **45:06** সেই দিন জেরুজালেমে অনেক লোক যিশু খ্রিস্টের অনুসারীদের**নির্যাতিত** করতে শুরু করেছিল, তাই বিশ্বাসীরা অন্যান্য স্থানে পালিয়ে গিয়েছিল.
- **46:02** সৌল শুনেছিল কে যেন বললো, "সৌল! সৌল! কেন তুমি আমাকে **নির্যাতন**করছো?" শৌল জিজ্ঞাসা করলেন, "আপনি কে, মনিব/মালিক?" যিশু উত্তর দিলেন, "আমি হই যিশু খ্রিস্ট. তুমি আমাকে **নির্যাতন**করছো!"
- **46:04** কিন্তু অননিয় বললেন, "মাস্টার, আমি শুনেছি যে এই লোকটি কিভাবে বিশ্বাসীদের**নির্যাতন**করতো."

শব্দ তথ্য:

- Strong's: H1814, H4783, H7291, H7852, G1375, G1376, G1377, G1559, G2347

(**ফিরে যান:** 33:07; 45:06; 45:07; 46:01; 46:02; 46:04; 46:09)

অনন্তকাল, অনন্ত, চিরস্থায়ী, চিরকাল

বর্ণনা:

“অনন্ত” এবং “চিরস্থায়ী” শব্দগুলি প্রায়ই একই ও কোনো কিছুকে বোঝায় যার অস্তিত্ব সর্বদা থাকবে বা যা চিরকাল চলে|

- “অনন্তকাল” শব্দটি বোঝায় যে রাজ্যের অস্তিত্ব যার কোনো শুরু বা শেষ নেই| এছাড়াও এটা জীবনকেও বোঝায় যা কখনো শেষ হয়না|
- পৃথিবীতে বর্তমান জীবন কাটানোর পরে, মানুষেরা অনন্তকাল ব্যয় করবে স্বর্গে ঈশ্বরের সাথে বা নরকে ঈশ্বরের থেকে দূরে|
- “অনন্তকালীন জীবন” ও “চিরস্থায়ী জীবন” এই শব্দগুলি ঈশ্বরের সাথে চিরকাল স্বর্গে বাস করাকে উল্লেখ করে নতুন নিয়মে ব্যবহৃত হয়েছে|
- “চিরদিনের ও সবসময়” বাক্যটিতে সময়ের ধারণা আছে যার কখনো শেষ নেই এবং প্রকাশ যা অনন্তকাল বা অনন্ত জীবনের মত|

“চিরকাল” শব্দটি বলতে বোঝায় কখনো সময়ের শেষ নয়| কখনো এটা রুপকগতভাবে ব্যবহারের ক্ষেত্রে এর অর্থ হল “এক দীর্ঘ সময়”|

- “চিরদিনের ও সবসময়” শব্দটি জোর দেয় যে কোনো কিছু সর্বদা হবে বা থাকবে|
- “চিরদিনের ও সবসময়” বাক্যটি প্রকাশের পথ যেটা অনন্তকাল বা চিরস্থায়ী জীবন হয়| এছাড়া এটার সময়ের ধারণা আছে যা কখনো শেষ হয়না|
- ঈশ্বর বলেছিলেন যে দায়ূদের সিংহাসন “চিরকাল” থাকবে| এটা তথ্য উল্লেখ করে যে দায়ূদের বংশধর যীশু রাজা হিসাবে চিরকাল রাজত্ব করবে|

অনুবাদের পরামর্শ:

- “চিরস্থায়ী” বা “অনন্ত” অনুবাদের ক্ষেত্রে “অশেষ” বা “কখনো থামার নয়” বা “সর্বদা চলবে” এগুলি যুক্ত হতে পারে|
- “চিরস্থায়ী জীবন” বা “অনন্ত জীবন” শব্দগুলি “জীবন যার কোনো শেষ নেই” বা “জীবন যেটা না থেমে চলবে” বা “আমাদের শরীর পুনরুত্থিত হবে চিরকাল বাস করার জন্য” এই হিসাবে অনুবাদিত হতে পারে|
- মূলবস্তুর ওপর নির্ভর করে, “অনন্তকাল” শব্দটি ভিন্ন পদ্ধতিতে অনুবাদ করার ক্ষেত্রে “সময়ের বাইরে অস্তিত্ব” বা “অশেষ জীবন” বা “স্বর্গে জীবন” এগুলি যুক্ত হতে পারে|
- এছাড়া কিভাবে এই শব্দটি স্থানীয় বা জাতীয় ভাষার বাইবেল অনুবাদে অনুবাদ করা যেতে পারে তার বিবেচনা| (আরো দেখো: কিভাবে অজানাগুলি অনুবাদিত হবে)
- “চিরকাল” শব্দটি “সর্বদা” বা “কখনো শেষ নয়” এর দ্বারা অনুবাদিত হতেও পারে|
- “চিরকাল থাকবে” বাক্যটি “সর্বদা অস্তিত্ব” বা “কখনো থামবে না” বা “সর্বদা চলবে” এই হিসাবে অনুবাদিত হতে পারে|
- “চিরদিনের ও সবসময়” সতেজ বাক্যটি “সবসময় ও সর্বদার জন্য” বা “কখনো শেষ নয়” বা “কখনো চিরতরে শেষ নয়” এই হিসাবেও অনুবাদিত হতে পারে|
- দায়ূদের সিংহাসন চিরকাল থাকবে “দায়ূদের বংশধররা চিরকাল রাজত্ব করবে” বা “দায়ূদের এক বংশধর সর্বদা রাজত্ব করবে” এই হিসাবে অনুবাদিত হতে পারে|

(আরো দেখো: দায়ূদ, রাজত্ব, জীবন)

বাইবেলের উল্লেখগুলি:

- আদিপুস্তক 17:7-8
- আদিপুস্তক 48:3-4
- যাত্রাপুস্তক 15:17-18
- 2 শমূয়েল 03:28-30
- 1 রাজাবলি 02:32-33
- ইয়োব 04:20-21
- গীতসংহিতা 021:3-4
- যিশাইয় 09:6-7
- যিশাইয় 40:27-28
- দানিয়েল 07:17-18
- লূক 18:18-21
- প্রেরিত 13:46-47
- রোমীয় 05:20-21

- ইব্রীয় 06:19-20
- ইব্রীয় 10:11-14
- 1 যোহন 01:1-2
- 1 যোহন 05:11-12
- প্রকাশিত বাক্য 01:4-6
- প্রকাশিত বাক্য 22:3-5

বাইবেলের গল্পগুলির থেকে উদাহরণ:

- 27:01 একদিন, যিহূদী আইনের একজন দক্ষ লোক যীশুর কাছে এসে তাকে পরীক্ষা করল, বলল, "গুরু, আমার কি করা আবশ্যক অনন্ত জীবন এর অধিকারী হওয়ার জন্য?"
- 28:01 একদিন, এক ধনী তরুণ শাসক যীশুর কাছে এসেছিল এবং তাঁকে জিজ্ঞাসা করেছিল, "ভালো গুরু, আমার কি করা আবশ্যক আছে অনন্ত জীবন এর জন্য?" যীশু তাকে বললেন, "কেন তুমি আমাকে জিজ্ঞাসা করছ যে ভালো কি?" সেখানে শুধু একজন যে ভালো ও তিনি হলেন ঈশ্বর| কিন্তু যদি তুমি অনন্ত জীবন পেতে চাও, ঈশ্বরের নিয়মের বাধ্য হও|
- 28:10 যীশু উত্তর দিলেন, "প্রত্যেকে যারা বাড়ি, ভাই, বোন, বাবা, মা, সন্তান বা সম্পত্তি আমার নামের জন্য ছেড়ে দেয়, তারা একশো বারেরও 100 বেশি পাবে ও এছাড়া অনন্ত জীবন পাবে|"

শব্দ তথ্য:

- Strong's: H3117, H4481, H5331, H5703, H5705, H5769, H5865, H5957, H6924, G126, G165, G166, G1336

(**ফিরে যান:** 27:01; 28:01; 28:10)

অনুতাপ,অনুশোচনা, অনুতপ্ত,খেদ

সংজ্ঞা:

"অনুতাপ" এবং "অনুশোচনা" বলতে পাপ থেকে মন ফিরানো এবং ঈশ্বরের দিকে আসা.

- "অনুতাপ" করার অর্থ আক্ষরিকভাবে "মন পরিবর্তন করা"।
- বাইবেলের মধ্যে, "অনুতপ্ত হওয়া" এর অর্থ পাপ থেকে মন ফিরানো, এবং মানবিক চিন্তাধারা এবং অভিনয় থেকে দূরে থেকে ঈশ্বরের প্রতি চিন্তাভাবনা ও ইশ্বরীয় কাজ করা।
- যখন লোকেরা প্রকৃতপক্ষে তাদের পাপের প্রতি অনুতপ্ত হয়, তখন ঈশ্বর তাদের ক্ষমা করেন এবং তাঁকে তাঁর আদেশ মেনে চলতে সাহায্য করেন।

অনুবাদ পরামর্শ:

- শব্দ "অনুতপ্ত" শব্দ বা শব্দগুচ্ছের মাধ্যমে অনুবাদ করা যেতে পারে যার মানে "ফিরে আসা (ঈশ্বরের দিকে)" বা "পাপ থেকে দূরে সরে যাওয়া এবং ঈশ্বরের দিকে আসা" বা "ঈশ্বরের দিকে ফিরে আসা, পাপ থেকে দূরে সরে যাওয়া"।
- প্রায়ই শব্দ "অনুতাপ" ক্রিয়া ব্যবহার করে অনুবাদ করা যেতে পারে যেমন "অনুতাপ।" উদাহরণস্বরূপ, "ঈশ্বর ইস্রায়েলের প্রতি অনুতপ্ত করেছেন" এই অনুবাদ করা যেতে পারে "ঈশ্বর ইস্রায়েলকে অনুতাপ করার সুযোগ করেছেন।"
- অন্যরকম ভাবেও অনুবাদ করে অনুতপ্ত" হইতে পারে "পাপ হইতে মন ফিরানো" বা "ঈশ্বরের দিকে মন ফিরানো পাপ হইতে".

(আরো দেখুন: ক্ষমা, পাপ, ফিরে/ঘুরে বসা)

বাইবেল সম্পর্কিত তথ্য:

- প্রেরিতদের কার্যাবলী 03:19-20
- লুক 03:3
- লুক 03:8
- লুক 05:29-32
- লুক 24:45-47
- মার্ক 01:14-15
- মথি 03:1-3
- মথি 03:10-12
- মথি 04:17
- রোমীয় 02:3-4

উদাহরণ বাইবেলের গল্প থেকে:

- **16:02** অনেক বছর ধরে ঈশ্বরকে অমান্য করার পর এবং শত্রুদের দ্বারা অত্যাচারিত হওয়ার পর, ইস্রায়েলীয়রা **অনুতাপ করেছিল** এবং ঈশ্বরের কাছে চেয়েছিল তাদের উদ্ধার করার জন্য.
- **17:13** দাউদ **অনুতাপ করেছিল** তার পাপ হইতে এবং ইশ্বর ক্ষমা করেছিল.
- **19:18** তারা (ভবিষ্যবার্তারা) মানুষকে সাবধান করেছিল যে, ঈশ্বর তাদের ধ্বংস করবেন যদি তারা **অনুতাপ** না করে।
- **24:02** অনেক লোক মরুভূমিতে এসে উপস্থিত হলো যোহনের কথা সোনার জন্য। তিনি তাদের কাছে প্রচার করেছিলেন, "**অনুতাপ করো**, কারণ ঈশ্বরের রাজ্য নিকটবর্তী!"
- **42:08** "" ইহা শাস্ত্রের মধ্যে লিখিত আছে যে, আমার শিষ্যরা ঘোষণা করবে যে, প্রত্যেকেরই অনুতাপ করুক**গ্রহন করুক** _ক্ষমা তাদের পাপ হইতে। "
- **44:05** " তাই এখন, **অনুতাপ করো** এবং ঈশ্বরের কাছে মন ফিরান যাতে আপনার পাপ ধুয়ে যায়।

শব্দ তথ্য:

- Strong's: H5150, H5162, H5164, G278, G3338, G3340, G3341

(**ফিরে যান:** 16:02; 16:17; 17:13; 19:18; 20:01; 24:02; 24:03; 24:04; 42:08; 43:11; 44:05)

অপরাধ, দোষী

সংজ্ঞা:

"অপরাধবোধ" শব্দটি পাপ করার বা অপরাধ সংঘটিত করার বিষয়টিকে বোঝায়।

- "অপরাধী হওয়া” অর্থাত্ নৈতিকভাবে কিছু ভুল কাজ করা, যার মানে হল, ঈশ্বরকে অমান্য করা।
- "দোষীর" বিপরীত "নির্দোষ।"

অনুবাদ পরামর্শ:

- কিছু ভাষায় “অপরাধবোধ” শব্দটিকে “পাপের ভার” বা “পাপের গণনা” হিসাবে অনুবাদ করতে পারে।
- "দোষী হওয়া” শব্দটিকে অনুবাদ করার উপায়গুলি হল, যা এমন একটি শব্দ বা বাক্য যুক্ত করতে পারে যার অর্থ “দোষ করা” বা “নৈতিকভাবে ভুল কিছু করা” বা “পাপ করা।”

(একই সঙ্গে দেখুন: নির্দোষ, অপরাধ, শাস্তি, পাপ

বাইবেলের পদসমূহ:

- যাত্রাপুস্তক 28:36-38
- যিশাইয় 06:6-7
- যাকোব 02:10-11
- যোহন 19:4-6
- যোনা 01:14-16

বাইবেলের কাহিনী থেকে উদাহরণ:

- **39:02** তারা অনেক সাক্ষী নিয়ে এল যারা তাঁর (যীশু) সম্পর্কে মিথ্যা কথা বলল। যাইহোক, তাদের বিবৃতি একে অপরের সাথে একমত হয়নি, তাই যিহূদী নেতারা প্রমাণ করতে পারে নি যে তিনি কোনো বিষয়ে দোষী ছিলেন।
- **39:11** যীশুর সাথে কথা বলার পর, পীলাত ভিড় থেকে বেরিয়ে গেলেন এবং বললেন, "এই লোকটির মধ্য আমি কোন **দোষ** দেখতে পাইনি।” কিন্তু যিহুদী নেতারা ও লোকেরা চিৎকার করে বলল, "ওকে ক্রুশে দাও!” পিলাত উত্তর দিলেন, "তিনি **দোষী** নন।” কিন্তু তারা আরো জোরে জোরে চিত্কার করতে লাগল। তারপর পিলাত তৃতীয় বার বললেন, "তিনি **দোষী** নন!"
- **40:04** যীশুকে দুইটি ডাকাতদের মধ্যে ক্রুশবিদ্ধ করা হল। তাদের মধ্যে একজন যীশুকে উপহাস করছিল, কিন্তু অন্যজন বলল, “তুমি কি ঈশ্বরকে ভয় কর না? আমরা **দোষী**, কিন্তু এই মানুষটি নির্দোষ।
- **49:10** তোমার পাপের কারণে, তুমি **দোষী** এবং মৃত্যুর যোগ্য।

শব্দ তথ্য:

- Strong's: H816, H817, H818, H5352, H5355, G338, G1777, G3784, G5267

(**ফিরে যান:** 19:16; 39:02; 39:11; 40:04; 49:10)

অবতরণ করা, নামিয়া আসা, অবতীর্ণ, সাজানো, বংশধর, বংশধরগুলি

সংজ্ঞা:

একজন "বংশধর" এমন একজন, যিনি ইতিহাসের অন্য কোনও ব্যক্তির সাথে সরাসরি রক্তের সম্পর্ক বলে মনে করেন.

- উদাহরণস্বরূপ, আব্রাহাম নোহের বংশধর ছিলেন.
- একজন ব্যক্তির বংশধর তার সন্তান, নাতি-নাতনী, মহান-বড়-নাতি-নাতনি, ইত্যাদি. যাকোবের বংশধরেরা ইস্রায়েলের বারোটি গোষ্ঠী ছিল।
- বাক্য "বংশধর থেকে" অন্য আরেকটি শব্দ অনুসারে "একটি বংশধর থেকে” বলার অন্য উপায় হল "অব্রাহামের নোহর বংশধর থেকে." এই হিসাবেও অনুবাদ করা যেতে পারে "পরিবারের লাইন থেকে."

(আরো দেখুন: আব্রাহাম, পূর্বপুরুষ, যাকোব, নোহ, ইস্রায়েলের বারো গোষ্ঠী)

বাইবেল তথ্য:

- 1 রাজাবলী 09:4-5
- প্রেরিতদের কার্যাবলী 13:23-25
- দিতীয়বিবরণ 02:20-22
- আদিপুস্তক 10:1
- আদিপুস্তক 28:12-13

উদাহরণ বাইবেলের গল্প থেকে:

- **02:09** "মহিলার **বংশধর** তোমার মাথা চূর্ণ করবে, এবং তার গোড়ালি দ্বারা ক্ষত হবে."
- **04:09** "আমি তোমার **বংশধরদের** কনান দেশ দেব."
- **05:10** "তোমার**বংশধরেরা** আকাশের তারার ন্যায় অসংখ্য হবে."
- **17:07** "তোমার পরিবার থেকে কেউ সবসময় ইস্রায়েলের রাজা হিসাবে ইস্রায়েল রাজ্য শাসন করবে, এবং উদ্ধারকর্তা/মশীহ তোমার **বংশধর**হইতে হবে__!"
- **18:13** যিহূদার রাজারা দায়ূদের **বংশধর** ছিলেন।
- **21:04** ঈশ্বর রাজা দায়ূদকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, মশীহ দায়ূদের নিজের **বংশধর**হইতে হবে.
- **48:13** ঈশ্বর দুদকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, মশীহ তাঁর**বংশধরের**একজন হবে. যীশু, মশীহ, দাউদের বিশেষ **বংশধর** ছিলেন.

শব্দ তথ্য:

- Strong's: H319, H1004, H1121, H1323, H1755, H2232, H2233, H3205, H3211, H3318, H3409, H4294, H5220, H6849, H7611, H8435, G1074, G1085, G4690

(**ফিরে যান:** 02:09; 04:06; 04:08; 04:09; 05:03; 05:10; 06:04; 08:15; 09:01; 13:09; 14:02; 17:07; 18:13; 20:04; 21:01; 21:04; 48:04; 48:07; 48:13; 49:08)

অবাধ্য, অমান্য, অবাধ্য, অবাধ্যতা, অমান্যকারী

বর্ণনা

